CENTRAL LIBRARY UNIVERSITY

সাপ্তাহিক বসুমতী

দেওয়ালী সংখ্যা

১৩৭৭



আমলা ব্রো

ঘরে ঘরে আজ শিশুরা
নতুন বেবী সোপ নিয়ে কানাকানি
করছে আর তা হল

বেঙ্গল কেমিক্যালের

বেবী সোপ

প্রত্যেক মায়েরা চান এমন একটী বেবী-সোপ যার ব্যবহারে শিশুদের গাত্রত্বক কোমল, মোলায়েম ও স্নিগ্ধ রাখে। বেঙ্গল কেমিক্যালের বেবী সোপে এই সমস্ত গুণই বর্তমান—ঘরে ঘরে তাই এই সাবানের এত কদর।

কসমেটিক ডিভিসন

বেঙ্গল কেমিক্যাল

কলিকাতা, বোম্বাই, কানপুর, দিল্লী, মাদ্রাজ, পাটনা।

মহাকালের বুকে নৃত্যরতা দক্ষিণাকালী

(নয়াদিল্লী ন্যাশনাল মিউজিয়ামে রক্ষিত একটি প্রাচীন চিত্রের অনুসরণে)

CALCUTTA CENTRAL LIBRARY UNIVERSITY

সূচীপত্র

বিষয়	লেখক	পৃষ্ঠা
[illegible]		১৬৩
উপন্যাস		
লক্ষ্মী	— জ্যোতিরিন্দ্র নন্দী	১৬৯
অতীন্দ্রিয় উপন্যাস		
প্রেতের দৃষ্টি	— নারায়ণ গঙ্গোপাধ্যায়	১৮৩
মিত্র সাহানা	— দেবব্রত মুখোপাধ্যায়	১৯৩৭
বিশেষ নিবন্ধ		
মন্থে সবা কালিকাম্	— শ্রীগিরীন্দ্রশেখর সেন	১৯১
দীপান্বিতা উৎসব ও কালী পূজো	— ডঃ নরেন আচার্য	১৯৯১
ঃ জানাসি ভগং সর্বং	— রণজিৎকুমার সেন	১৯২৩
ভূতসেবে দীপান্বিতা	— বুদ্ধদেব গুহ	১৯৩৫
[illegible]		
আনন্দ সুন্দর		
একটি বালকের বিদ্যারম্ভ	— শঙ্করীপ্রসাদ বসু	
গল্প		
ফড়িং	— অচিন্ত্যকুমার সেনগুপ্ত	
ধূলিভূমি	— অতীন বন্দ্যোপাধ্যায়	
গল্পগাছা		
আমি কামড়ুয়াণ্ট লিখি	— সুবোধ সরকার	

যে কোন
গয়না
আর
আসল
গ্রহরত্ন
কেনার
দক্ষিণ কোলকাতায়
নামকরা প্রতিষ্ঠান

ফোন : ৪৬-৬২৫৮

সব অ্যাণ্ড গ্র্যাণ্ডসন্স অব লেট
এম. বি. সরকার

এস.সরকার
এণ্ড সন্স

সূচীপত্র

বিষয়	লেখক	পৃষ্ঠা
ঐতিহাসিক জাতীয়-কাহিনী		
মুক্তা-সাহেব	— প্রদীপ চক্রবর্তী	
বিদেশী সাহিত্য ও সাহিত্যিক		
ক্রাইস্ট	— চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়	
প্রবন্ধ		
জনশিক্ষার সমষ্টিমূলক ও স্বামী বিবেকানন্দ	— সত্যেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	১৭১
স্ত্রী-শিক্ষার প্রথম যুগে	— আশা দেবী	১০২২
অন্নদাদের বুদ্ধিজীবী মহলের সংকট ও জিজ্ঞাসা	— মনোরঞ্জন হাজরা	১০৮১
সংঘের নির্বাচন ও পাকিস্তানের ভবিষ্যৎ	— অসীম মুখোপাধ্যায়	
ঔপনিবেশিক লোকের অন্তিমকাল	— সন্তোষ ভট্টাচার্য	
রাজা ও রাজনীতি		
বিদ্রূপ ও বিদ্রূপী বুলির চুলকানি	— কৃত্তিবাস ওঝা	
সঙ্গীত-সমালোচনা		
বাজারে-গীতির উৎস ও তার পরিণতি	— নিতাই ঘটক	১০১৪
ক্লাসিক ও সঙ্গীত	— নীহারবিন্দু চৌধুরী	১০৪৭

With Compliments
from

K. L. (P) LTD.

H. O. : 8, Moore Avenue, Calcutta-40
71, CHITTARANJAN AVENUE (3rd Floor),
CALCUTTA-13
Phone : 23-6817

সূচীপত্র

বিষয়	লেখক	পৃষ্ঠা
ছোট-গল্পগুচ্ছ		
ইন্দ্রের সেই ছাত্রের গল্পটা দিনপঞ্জি	— আরবি	
কবিতা		
ধূলিপটে	— হেমেন্দ্র মিত্র	
একটি আলোর বিন্দু	— দিনেশ দাস	
একটি দিনের স্মৃতি	— পরমানন্দ সরস্বতী	
একটি চেনামনের স্মরণে	— সাবির শর্মা	
অন্ধকার	— শঙ্করনাথ ভট্টাচার্য	
অন্তর্মুখী	— হরেন্দ্রনাথ মল্লিক	
সেই-রাতি, আর	— অনিলকুমার মোদক	
হৃদয় আজ বন্দী	— সুশীল ভট্টাচার্য	
অধীর	— সান্ত্বনা মুখোপাধ্যায়	
তিনটি দিনের মধ্যে	— শিবেন চট্টোপাধ্যায়	
এ মাটির বুকে	— কার্তিকচন্দ্র মিত্র	
মুহূর্তের	— গোবিন্দ মুখোপাধ্যায়	
বন্ধুদের জন্য	— সামসুল হক	

বিদ্যোদয়ের বই

হেমেন্দ্র মিত্রের উপন্যাস ও গল্প

ময়ূরপঙ্খী ৬·০০

মকরমুখী ৬·০০
শুকে যারা শিরোমণি ৩·০০
ডাগনের নিঃশ্বাস ২·২৫
গল্প আর গল্প ২·২৫

শিবরাম চক্রবর্তীর গল্প-সংকলন

চোরের পাল্লায় চক্রবর্তি ৩·০০

আমার ভালুক শিকার ৩·০০

স্বপনবুড়োর গল্প-সংকলন

স্বপনবুড়োর কৌতুক-কাহিনী ২·৮০

শৈলেনকুমার মুখোপাধ্যায়ের উপন্যাস

কঙ্কাবতী ৩·৫০

নীলেন্দ্রলাল চট্টোপাধ্যায়ের বিজ্ঞান-বিচিত্রা

ভয়ংকরের জীবন-কথা ২·২৫

সত্যেন্দ্রকিশোর বসুর উপন্যাস

ভয়ংকর সেই মানুষটি ৩·২৫

কিশোর ভারতী

শারদীয়া ১৩৭৫ ৫·০০

সুকুমার রায়ের

ভারতের বৈপ্লবিক সংগ্রামের ইতিহাস ঃ

প্রথম খণ্ড ২০·০০
ভারতের কৃষক-বিদ্রোহ ও গণতান্ত্রিক সংগ্রাম ঃ ১ম ১৬·০০

হরেন্দ্রনাথ মিত্রের

শতাব্দীর শিশু-সাহিত্য ১০·০০

ড. সাধনকুমার ভট্টাচার্যের

নাট্যতত্ত্বমীমাংসা ১০·০০

নৃসিংহলাল বসুমল্লিকের

কবি শ্রীমধুসূদন ১০·৫০
বঙ্কিম-বরণ ৬·৫০
সাহিত্য-বিচার ৮·৫০
সাহিত্য-বিতান ১·৫০
বাংলার নবযুগ ৮·০০

কিশোর ভারতী

নববর্ষ ১৩৭৬ ২·৫০
শারদীয়া ১৩৭৬ ৫·০০

হেমেন্দ্র মিত্রের উপন্যাস

গোয়েন্দা হলেন পরাশর বর্মা ৪·৫০

সরোজকুমার রায়চৌধুরীর উপন্যাস

মরুরাক্ষী ৪·০০
মৃত্যুকপোতী ৩·০০
সোমলতা ৪·০০
মধুমিতা ৬·০০
জীবনে প্রথম প্রেম ৪·৫০

সুশীল জানার উপন্যাস

বেলাভূমির গান ৬·০০

সূর্যস্নান ৩·৭৫

মণীশ ঘটকের উপন্যাস

কমলকল ৭·০০

প্রমথ মিত্রের স্মৃতি-চিত্র

অগ্নিগর্ভ চট্টগ্রাম ঃ ১ম ১১·০০

অরুন্ধতী দেবীর উপন্যাস

নাগমণী মন্ত্রা ৩·৫০

কিশোর ভারতী

শারদীয়া ১৩৭৭ ৬·০০

বিদ্যোদয় লাইব্রেরী প্রাইভেট লিমিটেড ৭২ মহাত্মা গান্ধী রোড ঃ কলিকাতা ৯ ফোন ঃ ৩৯-৩১৩৭

সূচীপত্র

বিষয়	লেখক	পৃষ্ঠা
কাছে বা দূরে	— সুকুমার রায়	১০৮৪
ছেঁড়া দায়	— সুরেশরঞ্জন দত্ত	১০৮৪
ভালোলাগা ভাঁতি	— তপেশ্বর হাজরা	১০৮৫
দুষ মেরে কেমন নবনী	— শান্তনু দাস	১০৮৫
অগুনেই ফুল, ফলেই আগুন	— বুদ্ধদেব সরকার	১০৮৫
অস্থির হাওয়ায় কাঁপছে	— বাসবীবালা দাস	১০৮৫
একটি উজ্জ্বল তারা	— বরুণ চক্রবর্তী	১০৮৫
অসুখ	— অমিয়কুমার হাটি	১০৮৫
নিয়মিত বিভাগ		
বলাবলি	—	১৭৫
জরেপেলিন	—	১৭৫
অন্তর্জাতিক	—	১৭৭
শহর কলকাতা	— বিজন	১০০০
ক্রীড়াবেলা	—	১০০৬
ছলচাত্র—এদেশে এবং ওদেশে	— শিলালি	১০৫০
বুলবুলং	—	১০৫২
খেলাখেলা		১০৬৭
খেলার রাজার রাজা	— শান্তিলতা বন্দ্যোপাধ্যায়	১০৭৪
আমার ডায়েরী থেকে:		
মারিয়ম গোর্কী	— অনুবাদ : সুশীল রায়	১০৯০
চলচ্চিত্র	— অরুণকুমার গঙ্গোপাধ্যায়	
অলঙ্করণ	— সুব্রত ত্রিপাঠী, মলয়শঙ্কর ধাবেগুপ্ত, সজল	





দেওয়ালী উৎসব

আজ দেওয়ালী উৎসব। এই উৎসব বিশেষ এক তাৎপর্য বহন করে নিয়ে এসেছে। কৃষ্ণপক্ষের অমাবস্যার ঘনান্ধকার রজনীতে ঘরে ঘরে আলোকসজ্জার জ্বেলে রোশনাই ও নৈঋতকোণে মহা শঙ্খধ্বনি করে নতুন আলো যে-উৎসবে আনা হয় সেই দেওয়ালী উৎসব।

কালীমূর্তির উপাসনার মধ্যেও রয়েছে সেই শক্তির সাধনা, যিনি মুণ্ডমালিনী এবং খড়্গ যাঁর হাতে বিনাশপ্রাপ্ত হয়, কিন্তু অপরপক্ষে তিনিই আবার অন্নপূর্ণা—বুকে যাঁর ক্ষীরসমুদ্র। কালীমূর্তির রূপ-কল্পনা ভবিষ্যৎ কল্পনাকেও দান করেছে। তবে বাঙালী-চিত্ত তার মননশক্তির সাহায্যে যে পরিপ্রেক্ষিতে এতদা কালীমূর্তির উপাসনা সুরু করেছে, তাও বর্তমানকালে বিশেষভাবে স্মরণীয়। তাই কল্পনা করি, কালী-সাধনার আদিমের চিত্তশক্তি আজ নব বলে বলীয়ান হোক, দেওয়ালী উৎসবে পুনরুজ্জীবিত হউক আনন্দের আলো-আকাঙ্ক্ষায়।

দেওয়ালী উৎসব উপলক্ষে এই বর্ষিষ্ণু বিশেষ সংখ্যাটি প্রকাশের আনন্দে আমরা আমাদের পৃষ্ঠপোষক, শুভার্থী, গ্রাহক, অনুগ্রাহক, পাঠক ও বিজ্ঞাপনদাতাদের যে আগ্রহ লাভ করেছি এবং আন্তরিক সহযোগিতা পেয়েছি, তার জন্যে তাঁদের জানাই অকুণ্ঠ অভিনন্দন ও শুভেচ্ছা।

দু পিঠে

মেঘের ছিঁ

সব মেঘ সরে যায়
সব বৃষ্টি একদিন থামে।
প্রচণ্ড দিনের ঘাম
ভুলিয়ে দিতে অনিবার্য এক রাত্রি আসে।
জীবন তা বলে শুধু
এই নিত্য খেলা-ধুলোয়
জন্ম মার নয়।
জীর্ণ ঘরে শুধু
কোন দুটি তীরে বাঁধা
ঘর না সমুদ্র।

যা দেখি যা জানি তার নিচে
প্রাণের খোরাই চলে
মহাসৃষ্টি মস্ত খোঁজা
সংগোপন সন্তাদের বাঁচায়।
জানি তাই ক্ষতীর গহনে
সময় প্রবাহ নয় শুধু,
আলো ছায়া দুঃখ সুখ
হৃদয়ের মেদ, আর মজ্জা—
শুধু অনুভূতি নয়
জীবনের লাভ আর ক্ষতির হিসাবে।
এক পিঠে এ সত্তার সমর বাহিত
উন্নাসন্ত ইতিহাস চলে,
অন্য পিঠে থেকে তিনি
নিজেতেই নিজের অতলে।

একটি দিনের স্মৃতি

পরমানন্দ মজুমদার

ঘুমের ছবি ভাসে মনে, লাগে ছিন্ন সুর
একটি দিনের স্মৃতি তুমি চিরকালের দূর।
এক আষাঢ়ে বরষা শুরু, তিন আষাঢ় গেলো,
কালো আঁকে কালের চোখে সবল এলোমেলো।
তোমার চুল চিকন কালো একরাশি মেঘকূল,
তারা দিনের ঘনঘটায় মনে জাগায় ভুল।
মেঘ-ভাঙা চাঁদ তোমার মুখ, রাত্রি-আঁকা চোখ
প্রতিবারে কাঁপিয়ে রাখে নতুন সম্ভাবনাক।
বারে বারে দিনের ধুলো কালের মুখ ঢাকে,
অতুল রূপ-তুলি তোমার হাজার ছবি আঁকে।
তিন আষাঢ়ের গানের পালা এই আষাঢ় শেষ,
রৌদ্র এলো আকাশ ভরে নেই তোমার উদ্দেশ।
নিজের ছায়ায় ঘুমোয় একা দুপুরে রোদ্দুরে
একটি দিনের স্মৃতি তুমি চিরদিনের দূরে॥

একটি আলোর বিন্দু

বিনয় বসু

অতীত দাঁড়িয়ে আছে বিস্ময়ের পিরামিডের মত।
ভবিষ্যৎ যেন ধূসর-নীহারিকার একখণ্ডিত বাড়ি।
এদের পাঁচিলের ছায়ে
আমি কোনোদিন প্রবেশ করতে পারব না,
আমার আলো কোনোখানেই মোলায়েম হয়ে ফুটবে না।

আমি দাঁড়িয়ে আছি অনিশ্চিত বর্তমানের মাঝখানে
যে-বর্তমান দুলছে ঘড়ির পেণ্ডুলামের মত।
আর আকাশ অজগরের মত কঠিন চোয়ালে
হরিণ-সূর্যকে ধরে রেখেছে।
কে তাকে মুক্ত করবে?

আমি দাঁড়িয়ে আছি
অথবা হাঁটছি অন্ধকারী প্রেতের মত
যার ছায়া মাটির এ-পিঠে পড়ে না,
হয় তো অন্য কোথাও, অন্য গ্রহে পড়বে।
আমার শূন্যতা মিশিয়ে যায় বেদনাহীন অন্ধকারে।

আমার দেহকোষের উজ্জ্বল রশ্মিরেখাগুলি
একটি একটি করে নিভছে
পেণ্ডুলামকে জ্বালাবার সামর্থ্য আমার নেই।

আমার অবয়বগুলি বিশ্লেষ করে:
আমার চোখ মনে করে, তারা হাত
আমার হাত্‌ড় ভাবে, তারা মুখ
আঙুলগুলি জানে, তারা ঠোঁট:
সকলেই তাদের ইচ্ছেমত চলতে চায়।
আমার মন তাই দেহ থেকে বিচ্ছিন্ন—
অন্ধকারে আলোর বিন্দুর মত
আকাশে হেমন্তরাত্রির মত স্থির॥

জনৈক চেনম্যানের স্বরে

শরিফ শর্মা

নমস্কার ওভারসিয়রবাবু, কত পথ মেপে দেখেছেন
এ-জীবনে? রোদে-জলে ঘাটে-মাঠে উঁচু-নিচু জমিতে জঙ্গলে
রাজপথ খাল-ঘুঁজি বস্তি শহরতলী ইস্টিশান গ্রাম...
অনেক তো করলেন ঘাম—জীবনের কত বাকি, বলেছেন?
সবারই তো রাস্তা বানালেন: কত গাড়ি হুস্ করে যেন চলে,
কেউ কি রেখেছে মনে আপনার আমার বিদ্যা কুলীদের নাম।

তবে কি জানেন সার, আমরা যা করি না বলে করা—
এই একফোঁটা ফিতে চেনে বাঁধা নয়া পয়সার সমান দেনা!

মধুরাণী

অচিন্ত্যকুমার সেনগুপ্ত

মধু! মধু! উপর থেকে উল্লাসিত ডাক এসে পৌঁছুল।

রমলা চৌকাঠের থেকে মুখ তুলে বললে, 'তোমার বাবা বোধহয় ডাকছেন।'

অন্যে হলে লাফিয়ে উঠত মধুরা, তবে হয়ে বললে, 'বাবা ডাকছেন! কিন্তু কেন বলুন তো?'

রমলা আসন্নপ্রসবা হিচারে—সে কী করে বলবে? তবু অনুমান করতে বাধা নেই বেশে সংক্ষেপে বললে, 'আওয়াজ শুনে মনে হয় নিশ্চয়ই কোনো ভালো খবর।'

'ভালো খবর!' বড়-বড় চোখ মেলে এপাশ-ওপাশ তাকাল মধুরা। তার পক্ষে কী এমন ভালো খবর হতে পারে ভেবে-কিনারা করতে পারল না।

'কে এসেছে কেউ এসেছে। উঠে দেখেন গে যান।'

রমলা যেদিকে মুখ করে বললে সেদিক থেকে মিষ্টিমিষ্টি গেলে যায়। মধুরা কয়েক বিপরীত মুখে, নাচের ঘরের। তাই সন্দিগ্ধতে জিজ্ঞেস করলে। 'কে এল? কোনো ভদ্রলোক?'

'না' একজন মহিলা।'

মহিলা? মধুরার বুকের ভিতরটা আনচান করে উঠল—তবে কি মা ফিরে এল? মাকে তো কলকাতায় চেনবার কথা নয়—কলকাতার চাকরির অনেক আগে থেকেই মা বাড়িছাড়া, তাই স্বাভাবিক কৌতূহলে মধুরা জিজ্ঞেস করলে। 'মহিলা? কেমন দেখতে? লম্বা, না বেঁটে?'

রমলা মুচকে হেসে সংক্ষেপে শুধু বললে, 'সুন্দর।'

সুন্দর? তবে মা না হয়ে যায় না! মধুরা চেয়ার ছেড়ে উঠে দাঁড়াল।

'মধু! মধু!' আবার ডেকে উঠলেন জয়দেব।

স্যান্ডেল পায়ে একলম্বা মেয়েটি একছুটে চলে এসেছে বাবার কাছে। কই মা নয় তো। এ আরেকজন।

একটা রঙিন ঘুড়ি, হাতের কাছে উড়ে এলে সাধ নেই তুমি না ধরো। বন্ধুটি তাই স্থির করল না, হাত বাড়িয়ে ধরল মধুরাকে একটু বুঝি বা চেনে নিল ভোলের কাছে।

'এই আমার মেয়ে।' বললেন জয়দেব।

দশ-এগারো বছরের পাতলা ছিপছিপে মেয়ে, চোখ দুটি মেলে উঠেছে, মুখখানি তেমনি নরম ভরা। দেখলেই স্নেহ করতে সাধ যায়। মনে হয় কেমন যেন নিঃসঙ্গ, পরিত্রাণ।

'তোমার নাম বুঝি মধুরালা?'

মধুরা খিলখিল করে হেসে উঠল। 'ও মা, কী বিচ্ছিরি, মধুরালা কেন হতে যাবে?'

'তোমার বাবা যে তোমাকে ডাকছিলেন

হবে তো' মধু কি তাহলে আসল নাম? জানতে চাইল।

'মেয়েদের বুঝি মধু-মধু কখনো নাম হয়?' খুশিতে ভরপুর অন্তরঙ্গ হল মধুরা, বলল, 'মধু আমার কোনো আসল নাম নয়। আমার নামের ছবোই মধু আছে।'

'তাহলে তুমি মধুমতী।'

'উহু, হল না। মধুমতী তো কোন এক নদীর নাম।'

'তবে, তুমি আমার ছোট্ট বন্ধু কিনা, তুমি মধুশ্রী। আমি বনশ্রী, আর তুমি মধুশ্রী।'

বনশ্রী আর মধুরার এই ঘনিষ্ঠ আলাপে চিন্তা পাচ্ছে জয়দেব। মধুরা ওদের অপরিচয়ের ব্যবধানের দেয়াল আস্তে-আস্তে একটা স্নেহের সেতু গড়ে ওঠে তাই তখনি বনশ্রীকে আজ সে একেবারে গভীর অন্তঃপুরের দোলনায় দোলার ঘরেতে নিশ্চিন্তে নিয়ে এসেছে।

কিন্তু মধুশ্রী নামটাও উজাড় হাসিতে প্রত্যাখ্যান করল মধুরা। বললে, 'ওটাও হল না। আপনি ছেয়ে ফেলেন।'

'সত্যি? তবে তোমার নাম কী?'

'আমার নাম? বলব? আমার নাম মধুরা।'

'সত্যিই তো, খুব সুন্দর নাম। মধুরার মধ্যেই তো মধু আছে।' মধুরার মুখখানি ধরে একটু আদর করল বনশ্রী। বললে, 'আশ্চর্য কিন্তু, এত সহজ নামটাই মনে এল না। অতদিনে কত তো মেয়েদের নাম দেখি, কিন্তু এমন সহজ-সুন্দর নাম মধুরা তো চোখে পড়ে না। মাধুরী অনেক দেখি কিন্তু মধুরা নেই?'

'আমিই মধুরা।'

'একশোবার মধুরা।' অন্তরের থেকে সায় দিল বনশ্রী। জিজ্ঞেস করল, 'এ নাম তোমার কে রেখেছে?'

মা রেখেছে। মা ছাড়া এমন নাম আর কে রাখবে? কিন্তু সে কথাটা যে এখানে বলা শোভন হবে না তা বুঝতে আর বাকি নেই মধুরার। তাই প্রসঙ্গকে সে গম্ভীর মুখ তরল করে ফেলল। বললে, 'আমার নাম বাবা রেখেছেন।'

বেশ একটা গর্বের ভঙ্গিতে কৃতিত্বের হাসি হাসল জয়দেব।

মধুরার কাছ থেকে বনশ্রী আরো কিছু সংবাদ সংগ্রহ করল। কোন্ ক্লাসে পড়ে, তার স্কুলের নাম কী, সপ্তাহে রবিবার ছাড়া আর কোনদিন তার বাড়ির ছুটি? কি করে স্কুলে যায়, কখন ছুটি হয়, কোথায় কি খেলাধুলো করে, তার সঙ্গী-সাথীই বা কে কে? কতক্ষণ পরে হঠাৎ সচেতন হয়ে বলল, 'যাও পড়ো গে, তোমার মাস্টারনি বসে আছেন।'

'মাস্টারনি না, মিস। আমাদের টিচারকে আমরা মিস বলি।'

'বিয়ে করলেও মিস থাকে?'

'আই কিউ কমুক না, সব মেয়েই মিস।' হাসতে-হাসতে ভাসতে-ভাসতে নিচে নেমে গেল মধুরা।

জয়দেব জিজ্ঞেস করল, 'কেমন দেখলে মেয়েটাকে?'

'ভালো। যেমন দেখতে সুন্দর তেমনি কথায়-বার্তায়।' বনশ্রী উদার-স্বরে বলল, 'ওকে যে দেখবে সেই স্নেহ করবে।'

খুব তৃপ্তি পেল জয়দেব। বলল, 'ওকে প্রথম আটকাতে চেয়েছিল কিন্তু মেয়েই এখানে থাকতে রাজী হল না। ও ওর বাবাকেই বেশি আঁকড়ালে।'

'তাই তো আঁকড়াবে। বাবাই তো ওকে লেখাপড়া শিখিয়ে মানুষ করবে, বোদ্ধা ঘরে-বরে বিয়ে দেবে, চাই কি বিদেশে পাঠাবে, মায়ের অনুরোধ কী। না আছে টাকাকড়ি, না আছে প্রতিষ্ঠা। কোথে ছেলেও বাবাকেই আঁকড়াত কিন্তু—মেয়ে তো আর বুকের মেয়ে মন বে, মা নেবে। মেয়ে বেশ বুদ্ধিমতী—'

'হ্যাঁ, প্রায় দেড় বছর হতে চলল মেয়ে মায়ের আঁচলছাড়া, দিব্যি মানিয়ে নিয়েছে কিন্তু। এখন তুমি যদি এসে ওকে আপনার করে নিতে পারো তাহলেই শান্তি।'

'ও তো এক মুহূর্তেই আপনার হয়ে উঠেছে।'

'বেশ নয় ও বাবা মেয়ে।' জয়দেব নিজেই সার্টিফিকেট দিল।

ছেলেমেয়ে যে অবাধ্য হয় সব অভিভাবকের মেয়ে, তুমি দেখবে আমার কথার ও কখনো অবাধ্যতা করবে না।'

'আসল সম্পর্ক যেটা দরকার সেটা গড়ে ভালোবাসা।'

'আর অবাধ্যতা করলে তাকে কী ভয়ে বশীভূত করতে হয় সে কৌশলও আমার জানা আছে।'

'সে কৌশলও যে ভালোবাসা।' নিজের ব্যাখ্যায় নিজেই পরিপূর্ণ সন্তোষে হেসে উঠল জয়দেব।

জয়দেবের সংসারে বনশ্রীর এই প্রথম প্রবেশ। যদিও একেবারে বৈধ স্ত্রী হয়ে নয়, তবে প্রায় সে পক্ষের পক্ষিক হয়ে। কলকাতা বড়মা মনোমালিন্যের ফলে প্রথম স্ত্রী সুরেখা বাড়ি ছেড়ে চলে যাবার পর স্ত্রী-দফতরে জমেলা করে ডিভি পায় জয়দেব। সে ডিভির পর দেড় বছর কেটে গেছে। আর ছমাসের মেয়াদ আছে, তার মধ্যে সুরেখা ফিরে না এলে আর সঙ্গে জয়দেবের বিয়ে ছিন্ন হয়ে যাবে। আর বিয়ে একবার ছিন্ন হয়ে গেলেই বনশ্রী সর্ব সাধারণের প্রত্যক্ষ অধীশ্বরী।

সেই আধিপত্যই একটু আগ বাড়িয়ে প্রয়োগ করতে চায় বনশ্রী। তাই সে রবিবারের সকালটা বেছে নিয়ে এসেছে সরেজমিন তদন্তে। ঘরে-ঘরে ঘুরছে, দেখছে, জানছে, অনুমান করছে। এটা এখানে কেন, ওটা কেন ওখানে—ঠিক জবাবদিহি না চাইলেও খুঁজে দেখছে শিল্পসম্মত কোনো উন্নত ব্যবস্থা আছে কিনা। এখন ঠিক হুকুম করছে না, ফাঁকি খুঁজে ইশারা দিচ্ছে—তাইতেই চাকর-বাকররা জিনিসপত্র নিয়ে নড়ে-চড়ে।

'ওপরের ঐ ভদ্রমহিলাটি কে?' নিচে, পড়ার ঘরে মধুরাকে জিজ্ঞেস করল।

'আমি কী করে বলব?'

'বা, তুমি তো দেখে এলে, আলাপ করে এলে—তাই না?'

'বাবার যেমন কাণ্ড—খুব একচোট আলাপ করিয়ে দিলেন। আমাকে দেখিয়ে বললেন, ইনি আমার মেয়ে। কিন্তু উনি যে কার কে সেকথা একদম চেপে গেলেন। এতে করে কি প্রাণ খুলে আলাপ করা চলে?'

'আচমকা-অনুমানে কিছু বুঝলে না, কে?'

'খুব বুঝেছি। এ সেই মহিলা যাকে নিয়ে ঝামেলা-মতেতে ঘুলে কলকাতা ছাড়তে হত, যাকে আগলে রাখতে মা বাড়ি ছেড়ে চলে গেলেন শেষ পর্যন্ত। নামটা বললে বনশ্রী। যদিও দেখি নি আগে, তবুও মধুরা নামটা শুনেছি।'

'যাক্ গে, এ নিয়ে আমাদের মাথা ঘামাবার দরকার নেই।' রমলা বইয়ে চোখ ডোবাল।

'কেন, দরকার নেই কেন?' আমি মেয়ে, আমার তো নিতান্তই বোঝা দরকার। আপনি আমার শিক্ষিকা, ঠিক উপদেশ তো আপনাকেই দিতে হবে।'

'কী দেখতে হবে শুনি?'

এমন উত্তর শুনবে আশা করে নি রমলা। মধুরা গম্ভীর মুখে বললে, 'দেখতে হবে বাবা যেন তার জীবন অঙ্কের নতুন করে ঘড়ে তুলতে পারেন। একটা জীবন নাকে নিয়ে তাঁর কী ঘোর অশান্তিতে কাটল!'

রমলা হঠাৎ তিরস্কার করে উঠল: 'পাকামো কোরো না। ছোট মেয়ে ছোট মেয়ের মতই থাকো। বুড়ো মেয়ের মত কথা বোলো না।'

'বুড়ো মেয়ে—বা, আমি তো বুড়োই!' নির্মল নয়নে হেসে উঠল মধুরা।

'তুমি বুড়ো, কী বলছ তুমি?'

যার অত বড়ো ছেলে, সে বুড়ো নয়?'

'ছেলে—তোমার আবার ছেলে কে?'

'বা, বাবা আমার ছেলে নয়? বাবার বয়েস বিয়াল্লিশ-তেতাল্লিশ হবে। আপনি তাকে বুড়ো বলবেন না?'

'একশ বুড়ো।'

'তবে তাকে রক্ষণাবেক্ষণ করতে গিয়ে আমার বুড়ো না হয়ে উপায় কী।'

মহুয়া যে বালিকা এই মুহূর্তে রুমলাও যেন কেমন ভুলে গেল। ধীরে, প্রায় নিজের মনে বলল, 'চাঁদের থেকে পঞ্চাশ বছর বয়েসটাই পুরুষদের পক্ষে মারাত্মক।'

'তবেই বুঝুন আমাকে কত যত্ন নিতে হয়।' ভারিক্কি চালে কথাটা বলেই স্বভাবতাড়নায় উজ্জ্বল হল মহুয়া। 'এই যে উনি আসছেন—'

ওপরটা একরকম দেখা হয়েছে, নিচেটা দেখতে এসেছে বনশ্রী। অন্তত মহুয়ার পড়ার ঘরটা দেখে যাই, দেখে যাই তার নিমকে।

মহুয়াই পরিচয় করিয়ে দিল। 'এই আমার মিস-দি, আর ইনি—'

অরুণদেবের মত মহুয়াও জানে না কি বলে বনশ্রীর পরিচয় দেবে।

রুমলাকে দেখে মোটেই আকৃষ্ট হল না বনশ্রী। বনশ্রীকে দেখেও যেমন ছিল তেমনি বিনা নিচ্ছল রইল। কাণ্ড একটা নমস্কারের বাইরে গদগদ একটু হাসল না পর্যন্ত। অবশ্য বলতে যে রুপে বোঝায় তা রুমলার নেই বটে, কিন্তু বনশ্রীর মনে হল বিদ্যেও বুঝি একটা রুপ, সেই রুপে রুমলা স্বতন্ত্র।

কিন্তু ইংলিশ মিডিয়ম স্কুলের ছাত্রীর জন্যে জরুরের বাঙালী মাস্টারনি কেন? এ্যাংলো-ইণ্ডিয়ান পাওয়া যায় না? অন্তত কোনো খ্রীষ্টান ভারতীয়?

দাঁড়াও, আস্তে আস্তে সব ব্যবস্থা করছি।

'আপনি বুঝি রবিবার সকালে পড়ান?' কী রকম চিবিয়ে-চিবিয়ে প্রশ্ন করল বনশ্রী।

'সকালে দুদিন রবিবার আর বেস্পতিবার, বিকেলে দুদিন, মঙ্গলবার আর শুক্কুরবার।'

'কি পড়ান?'

প্রশ্নটা মহুয়াকেই কেমন বেখাপ্পা লাগল। সে তাড়াতাড়ি বলল, 'সব টুকটাক—ইংরিজি, বাংলা, অঙ্ক—'

'খুব ভালো কথা। পারতপক্ষে মিডিয়মটা ইংরিজি তো?'

একদিন কাছে বসে পড়ে দেখেই পারেন—রুমলার ইচ্ছে হল বলে। কিন্তু মহুয়ার মুখের দিকে চেয়ে চুপ করে রইল।

'আপনি এখন চলে যাচ্ছেন?' মহুয়াই আরো সব প্রশ্ন থেকে বনশ্রীকে নিরস্ত করল। প্রশ্ন কাছ ঘেঁষে দাঁড়িয়ে মুখখানি বাড়িয়ে বলল।

'এখন যাই মা, আবার আসব।' বনশ্রী মহুয়ার চিবুকে ধরে আদর করল।

ঘরে ফিরে এসে মহুয়া হাসতে-হাসতে বলল, 'আমার আবার এক বুড়ো মেয়ে হল। আমাকে তো এখন সাত বুড়ির এক বুড়ি হতেই হবে।'

বেস্পতিবার দুপুরের নিরিবিলিতে বনশ্রী উপস্থিত হল। যে সময়টায় রুমলা অফ-ডিউটি, জরুরের অফিসে, চাকর-বাকররা সংসার-ছুট্টে। মোট কথা যে সময়টায় মহুয়া একা।

জরুরের শোবার ঘরের পাশের ঘরে খাটের ওপর একগাদা জামার ম্যাগাজিন নিয়ে শুয়ে আছে মহুয়া।

'ওমা, আপনি? কী ব্যাপার!' ধড়-মড় করে উঠে খাট থেকে নেমে পড়ল মহুয়া।

'তোমার সঙ্গে গল্প করতে এলাম।' পাশে একটা লম্বা সোফার এক প্রান্তে বসল বনশ্রী।

'আপনি কি ভালো। আমি খুব গল্প শুনতে ভালোবাসি। বাবা বলেন আপনি বিলেত ফিরেছিলেন, আমাকে সেখানকার গল্প বলুন না।'

গল্প শুনতে এসেছে বনশ্রী, শোনাতে আসে নি। বলল, 'তুমি তোমার ছুটির দিনে বাড়িতে একেবারে একা থাকো?'

'একা থাকব কেন? আয়া-দি থাকে।'

'আয়া-দি! সে আবার কে?'

আয়া-দিকে ডেকে দেখাল মহুয়া। বনশ্রী নিশ্চিন্ত হল, আয়া-দি নির্বিঘ্ন-সুখে বৃদ্ধা। মহুয়ার জন্মের থেকে আছে, নানা কার্যকারণে আর চলে যেতে পারে নি।

'শোও কোথায়?'

'আগে বাবার ঘরে শুতাম—নইলে একা-একা ভয় করত। কিন্তু বাবার ঘরে আরো ভয়—ভীষণ ভয়।'

মুহূর্তে বনশ্রীর মুখ পাংশু হয়ে গেল। অস্বাভাবিক গলায় বলল, 'ভয়—কিসের ভয়?'

'বাবা যে ভীষণ নাক ডাকান।' মুখ লুকিয়ে হেসে উঠল মহুয়া।

কিন্তু বনশ্রীর মুখভোড়া আতঙ্কের ছাপ। 'সত্যি?'

'মনে হবে যেন দুটো ট্রেন-ইঞ্জিন একসঙ্গে সিটি মারছে।'

'বলো কী?' লঘুতার পৌঁছবার চেষ্টা করেও পৌঁছতে পারল না বনশ্রী।

'তার ওপর আরো বিপদ, ঘুম ভাঙবার পর জিজ্ঞেস করবেন, আমি কি নাক ডাকিয়েছিলাম? যদি বলি ডাকিয়েছিলে, তাহলে খুব খুশি হবেন, তার মানে, বুঝতে হবে তাঁর তবে সাউন্ড স্লিপ হয়েছিল। যদি সোনাটা কোনদিন মিস হয়ে যায়, যদি বলি শুনি নি বা জানতে দি, তাহলে বিরক্ত হবেন, তার মানে, বুঝতে হবে তাঁর ভালো ঘুম হয় নি। তাই বাবার ঘরে শোয়া মানে সমস্ত রাত প্রায় জেগে কাটানো। প্রথমত নাকের গর্জনে, দ্বিতীয়ত রিপোর্ট করতে।'

মেয়েটা প্রগল্ভতায় হাসালেও বনশ্রীর মুখের আদল। তরল না একটুও। বিরসমুখে বলল, 'তার পর থেকে বুঝি এই ঘরে শোও?'

'আমি খাটের ওপর শুই, আয়া-দি মেঝেতে শোয়।' মহুয়া চেখে-মুখে সংযোগ রস মিশিয়ে বলল, 'এখনো যে আমার ভয় করে না তা নয়, কিন্তু ভূতের ভয়ের চেয়ে বাবের ভয় বোধ হয় স্বাভাবিক। ভূতের ভয়ে তো ঘুমোনো চলে, কিন্তু বাঘের ভয়ে তাকে এক-বিন্দু ঘুম নেই।'

মেয়েটা কিন্তু না ভয় বাড়িয়ে বলছে কিন্তু একেবারে বানিয়ে বলছে এ বিশ্বাস করতে পারল না বনশ্রী। একবার নিজে অবজেক্টিভলি পরীক্ষা করে দেখলে হয়। কিন্তু এখন যা অবস্থা, ঘরে-মুখো একসঙ্গে শোয়া গেলেও একসঙ্গে ঘুমুনো যাবে না। নিদ্রা ছাড়া নাসিকার পরীক্ষা হবে কী করে?

'তুমি তো ওপরে এই ঘরেই পড়লে পারো? প্রকাণ্ড ঘর। বই আলমারি টেবল-চেয়ার সব কিছুর জায়গা হবে। নিচে যাও কেন?'

ওরে বাবা, এ ঘরে পড়বে কে? অঙ্কটা তো এইখানে পড়ান, কিন্তু বাকিদিন কথায়-কথায় বাবা-মার ঝগড়া হয়—ঝগড়ায় মন দেবে কে? সে ঝগড়া নয়, সে আমার মিস বলত, যাকোর বিকৃবিরস।'

মিস কি বলত, তাতে বনশ্রীর আগ্রহ নেই, জিজ্ঞেস করল, 'কি নিয়ে ঝগড়া হত?'

'কি নিয়ে নয় তাই বলুন। পাশের

Collection Information
• বিশ্বী ব্যাঙার
JANTA SALES (S)
Shakti Nagar, Delhi 7

'ঘরে নিল অমনকে পড়াচ্ছে তা জেনেও ওরা নিরস্ত হচ্ছেন না—বুঝলে তবে সে কী বড়!'

'মেজাজ কার বেশি ছিল?'

'কার আবার? জানি।' মহুয়া অনুভব করল ঘরে বসে থাকাকে দোষী করা ঠিক হবে না। তাই অত্যন্ত মৃদু স্বরে মৃদু ভাষায় বলল, 'না তো। শুধু ভালোবাসাই নিতে না, কিনিস চাইত। চলে যাবার দিন যাবার রিস্টওয়াচটা টেবিল থেকে তুলিয়ে নিয়ে জানলা দিয়ে ছুড়ে ফেলে দিল বাইরে। আচ্ছা এটার কোনো মানে হয়?'

'তোমার বাবা কি বললেন?'

'শুনতে অনতে রাস্তায় চলে গেলেন না। যা গেছে তা গেছে, তার জন্যে কোনো আফসোস নেই। বাবার মেজাজ খুব ঠান্ডা। তিনি খুব শিক্ষিত, তাই ওকে নিষ্ঠুর দেখায়। আসলে তিনি খুব সময়ের মূল্য, আর মেয়েরা যে কতো জানেন তাঁকে আনাড়িজনেরা।'

'এ বুঝি তোমাকে তোমার বিল ধরেছে?'

'না, কলকাতার সঙ্গে বাবার মুখে শুনেছি। কিন্তু আর ছোট-মা হন, আমার মা যে আনাড়িজনেরা তাতে সন্দেহ নেই। নইলে বলো, ছেলে-বাড়ি ছেড়ে কেউ? ছেলেমানুষের একটা আছে?'

'ছেলের মা আর থাকতে না?'

'আর আসবে? মেয়েদের না জানো বলো, ডিভি হল, সন্তান চলে আসে, তবু মায়ের মন যেই।'

'তুমি যাও না ওদের কাছে?'

'আমি যাব? মায়ের স্নেহ আছে, স্নেহের কেন থাকতে পারে না? উনি তো ওঁর স্বামীর জন্যে ঝগড়া করে বাড়ি ছেড়ে চলে গেলেন। কিন্তু আমি কি করলাম, আমাকে যা তাড়ন কেন? আমার আবার তবে ঠেকা কি?'

'যেতে ইচ্ছে করে না?'

'অনেক করত না, এখন তো আরও করে না।'

'কেন করে না?'

সাহসে বুক বাঁধল মহুয়া। বলল, 'আমি এখন আমার মা পেয়ে গেছি, সতিকার মা।'

অন্যমনস্কই মহুয়াকে চুমুখতে টেনে নিতে পারল বন্দী। বলল, 'আমি তোমার নতুন-মা।'

'নতুন-মা তোমাকে কীভি করে খাওয়াই।'

বন্দীর কপাল তার বুকোতাকে আরো সম্বোধন করে তুলল মহুয়া। আরো কাছে এগোল।

'আমো তোকে এ একটা প্যান্টের পাসি, এটার মানেটা বুঝিয়ে দিন না।'

'কি প্যান্টের? পড়ো।'

মহুয়া পড়তে লাগল। 'চিরন্তন কখনো পুরাতন হয় না। চিরন্তন কখনো নূতনও হয় না। চিরন্তন চিরন্তনই থাকে।'

সাধারণ ব্যাখ্যা করল বন্দনা। পরে বলল, 'তোমাকে একটা উদাহরণ দিই। যেমন মা। মা কখনো পুরোনো হয় না, কখনো বুড়ো হয় না। মা কখনো নতুনও হয় না। মা মা-ই থাকে।'

'সুন্দর উদাহরণ। আমার চির-দিন মনে থাকবে।' বলে বলা নেই কওয়া নেই হাসিতে ফেটে পড়ল মহুয়া: 'বলে কিনা নতুন-মা।'

'কে বলে?'

'কে আবার বলবে। যা হয় মা তা আবার কারু বলা সহজে নাকি? আপনিই বলুন, কোথাও হয় শুনেছেন?'

'তাহলে তো ধরিত্রীর অনেকের হত। মরীচিকার নাম করা যেত।'

এলো ওই উদাহরণ মেয়ে-মহুয়া তত হাসে। এর বুঝি হাসিরও শেষ নেই, মানুষেরও শেষ নেই।

ছুটি নেই, ছুটি নেই, সমস্ত-সময়ের প্রহরী আসলাল এসে খবর দেবে। এখানে-ওখানে নাক ঢোকায়। তার প্রভুর পাঠানোর চেষ্টা করে।

কিন্তু সময়ই আসুক, মহুয়া বাড়ি যাবার সর্বপ্রথম তাকেই সে খোঁজ নেয়। ছেলেটা-এর নতুন-মা নতুন-মা করে যে, সহাসা সম্ভাষণে তাকে প্রথমে এনেই, আদর করে-না নিলে তার অন্ন-প্রাণ ওজা-করা এসে না।

'কই গো আমার বন্ধুমাতা কই?'

বন্দীর চেহারা মহুয়া পাকা গিন্নির মত খাটির এলাকারের সঙ্গে পাশ্চাত্যের সুরে কথা বলেছে। নাগড়ে তিনমিনিট হয়ে সে আসছে না—তার মানে কী? তোমাদের কি কোনো ওপরওয়ালা নেই? ওরা কি খাস জমিতে আর চোরাবালি ঘুমোও?

আসলাল কাজল এ বাড়ির আনাচে-কানাচ তিনমিনিট ঘুরে আসছে, তাই আজ তাকে বর্ষীয়ান পাঠিয়ে দিয়েছে। তার চেহারা চেনা নেই।

পিছনে নতুন-মাকে দেখে আসলাল ছুটে চলে মহুয়া। মজা করে বলল, 'অসুখ বলে আর দোষ কি। যাও ওদের কাছে যাও।' বলে ওপরে যাবার সিঁড়ি তাকে দেখিয়ে দিল।

ওপরে সিঁড়ির মুখে সবলা ঘর-চেহারা ফাটে যেন ফালবেলোঁদির মত ফেটে উঠল। 'নোরো ঝুলালি আর ফাটা হতে করে তুই এ সিঁড়ি দিয়ে উঠলি কেন? হারামজাদা উল্লুক!'

আসলাল বলল, 'আমি কি জানি, আমাকে মিনি-মা এই সিঁড়ি দিয়ে উঠতে বললেন।'

'মিনি-মা! এই বাড়িতে আবার মিনি-মা কে? নিচে যে-কেউ একটা মেয়েছেলে থাকলেই সে মিনি-মা হয়ে গেল?' বলে আরো পলকা গালাগাল বর্ষণ করলে।

ছুটে ওপরে চলে গেল মহুয়া। বারান্দায় নিজের বাক্সা করে শান্ত করল তাকে। আসলালকে নিম্ন-স্বরে বললে, 'ঐ যে দোতলার বাঁকানো সিঁড়ি দেখছ ওটাই সম্ভবতের সিঁড়ি। তা এতদিন ভুল হচ্ছে তো ভুল হচ্ছে। কিন্তু মনে তোরো না।'

তারপর হাসির লহর তুলে নিয়ে পড়ার ঘরে এসে ঢুকল মহুয়া—যেখানে বন্দী এসে আশ্রয় নিয়েছে।

'কী মজা হল নতুন-মা, তুমি তখন আমার শিয়রে দাঁড়িয়েছিলে বলে ফালি-জবার আমার কথাটাকেই তোমার হুকুম বলে মনে করেছে। আর বাবা তো ওপর থেকে তোমায় দেখতে পান নি, তাই বললেন এখানে একটি মিনি-মা কোথায়? স্বাভাবিক আর কিছু ভুল নেই, শুধু কিচেনার চৌকাঠ মেয়েটি ঢুকে ঘরে গেছে।'

মেয়েটার হাসি সংক্রামক, না হেসে থাকতে পারল না বন্দী। কিন্তু এ কী মেজাজ! ছেলেটা নতুন, না হয় ভুল করেছে, তাই বলে এমনি গালাগাল করতে হবে! লোহার সিঁড়িটা ভেঙে দিলেই হত! প্রথম দিনের ভুলে একটা ওয়ার্নিংই যথেষ্ট ছিল। তা ছাড়া মিনি-মা বলতে কাকে বোঝাচ্ছে, তার হুকুমের কথা বলছে, সেটা একবার যাচাই করে দেখবে না? যাচাই না করে চড়াও হলে যেটে পড়বে? সেটা খুব 'রিজনেবল' হবে?

কিন্তু এ নিয়ে তর্ক জমবে তার সঙ্গে? শুধু যা দেখবার দেখে যাচ্ছে।

সেদিন সকালে মহুয়ার পড়ার ঘরে ঢুকতেই মহুয়া বললে, 'জিন যে সেই বাবার কাছে মাইনের পাকেটই আনতে ভেঙে ফেরবার নাম নেই। কী যে ঘটে বলা তা কে জানে!'

বন্দীই শোন তোমাকে করতে।

ছেলেটা সামনের বারান্দার একটা ছোট টেবিলের মুখোমুখি বসেছে—জন্মদের আর রমলা দু চেয়ারে বসে আছে। রমলার হাতে একটা খাম—তার মানে তার মাইনে দেওয়া হয়ে গিয়েছে। তবু কথা চলছে। ভদ্রিল চেয়ে অন্য কিছু, আজকাজা নিয়ে কথা নয়, অন্য কথা।

বনশ্রীকে দেখেই রমলা দুই ঘরে ওর পড়ল ও আশে-পাশে না তাকিয়েই মুখ নেবে গেল।

বনশ্রী গম্ভীর মুখে বললে, মাস্টারনির সে সার্কেটো মধুর হাতে দিয়ে পাঠালেই হয়। ওকে একেবারে ভিতরে ডেকে আনবার দরকার কী।'

'না, আজকাল বেশ কামাই করছে, তাই বলছিলাম—'

'এর আবার বলাবলি কী! যে কদিন কামাই করবে মাইনে কেটে নেবে। কাজ হবে মাইনে তার।'

'না, মাইনে কাটি নি। প্রথম বার তো ওয়ার্নিং দিলাম।'

'কেন, ওর বেলায় খাটির কেন?'

অরুণদেব চুপ করে গেল। আর এখানটা যে শুধু ওয়ার্নিং নয় কোনো গোপন পরামর্শ সেটা বুঝতে পেরে বনশ্রীও আর কথা বাড়াল না।

এ রহস্যেরও উদ্ভেদ মধুরাই করলে।

'কী ওদের অত পরামর্শ হলো তো?' মধুরা যেন বনশ্রীর অন্তরঙ্গ সখী এমনিভাবে এক নির্জন মুহূর্তে খুঁজে নিয়ে বনশ্রী এসে জিজ্ঞেস করল।

'একটা নাম নিয়ে মতভেদ।' হাসল মধুরা।

'নাম নিয়ে? তার মানে?'

'আবার ইচ্ছে মিস-দি আমার গার্ডিয়ান টিউটর হয়ে এ বাড়িতে থাকেন।'

বনশ্রীর মুখ পলকে ঘোরালো হয়ে উঠল। বিরক্ত মুখে জিজ্ঞেস করলে, 'আর তোমার মিস-দির কী ইচ্ছে?'

'তিনি বাড়িতে থাকতে অরাজি নন, তবে তিনি বলছেন, আপনি—আপনারা থাকতে আমি গার্ডিয়ান হই কী করে? আমি বরং সেক্রিটেরেস্ট হয়ে থাকি আর সকালে-সন্ধ্যায় যখন যেমন দরকার মধুরাকে পড়াই। সেস্ট না গার্ডিয়ান এই দুটো কথা নিয়ে এখন মতের অমিল হচ্ছে।'

কথা দুটোতে কী সূক্ষ্ম বৈষম্য আছে, মাইনে না মর্যাদা, এ প্রশ্নে যেন না বনশ্রী। তার প্রথম যে প্রতিক্রিয়া হল তা হল ও এ বাড়ির স্থায়ী বাসিন্দে হবে কেন, কোন্ সাহসে, কিসের কোন্ অধিকারিতে?

'ও এখানে রাতদিন থাকতে চায় না কি?' প্রায় গর্জে উঠল বনশ্রী।

বাবা ভাবছেন আমার একজন উপযুক্ত কম্পানিয়ন দরকার। তোমরা এদিক-সেদিক বেরিয়ে গেলে কাকা বাড়িতে আমি কী করি, আমাকে কে দেখে।' বেশ সন্তর্পিত মুখে বলতে লাগল মধুরা। গার্ডিয়ান টিউটর গেলে তার উপর সমস্ত ভার ছেড়ে দিয়ে বাবা নিশ্চিন্ত হতে পারেন। মিস-দি নিজে-পড়ে মধুমনি মাসির নিতে চান না, তিনি বলেন, আত্মীয়ার মত থাকতে পারি সেক্রেটারির মত মেপাশোনাও করতে পারি কিন্তু অমরো তো আউটিং আর ড্রাইভার আছে—'

বনশ্রী কামটা দিয়ে উঠল : 'কম্পানিয়ন হিসেবে ওকে কী দরকার? আমিই তো এখন কম্পানিয়ন হতে পারব।'

মধুরা আনন্দে হাততালি দিয়ে উঠল। 'কী মজা! নতুন মা-ই এখন আবার কম্পানিয়ন! মিস-দি যেমন চায় দিন আসে তেমনি আসুক।'

মাস্টারনি তো, শুধু অধিকার বিস্তার করবার চেষ্টা!' প্রায় নিজের মনেই বললে বনশ্রী 'আত্মীয়া সেজে কাছ ঘেঁসে থাকা, পরে মাইনে বাড়িয়ে নেবার জন্যে হাত বাড়ানো।'

'অফিস থেকে ফিরলেই বাবাকে বলব। বাবা কী ভীষণ খুশি হবেন!'

'যা চলনের আসে, সালউদ্দিনের জন্যে অরুণদেব আমাকে বলে না কেন?'

পরদিন অরুণদেব আর বনশ্রী গাড়ি করে বেড়াতে বেরুবে, দেখা গেল পিছনের সিটে এক কোণে চুপ করে বসে আছে মধুরা।

'এ কী, তুই কোথায় যাবি?' অরুণদেব থমকে গেল।

'জানি না।' অমল মুখে সুন্দর হেসে মধুরা বললে, 'নতুন-মা বলেছেন সঙ্গে যেতে।'

'সে কী?' অরুণদেব অবাক হল, তাকাল বনশ্রীর দিকে : 'ও যাবে?'

মেয়েটা সমস্ত প্ল্যান ভেস্তে দিল। কিন্তু ওর সারল্যের বিরুদ্ধে কোনো স্লোগান বা শাসন টিকবে বলে মনে হল না। বনশ্রী ঘলা মাখিয়ে বললে, 'আজ ক্লাব থাক, মেয়েটাকে নিয়ে এমনি চলো কোথাও ঘুরে আসি।'

আবার আরেক দিন গাড়িতে ফিরে আসছে মধুরা।

'তুই আজ আবার কোথায় যাবি?' অরুণদেব বিরক্ত হল।

'নতুন মা জানেন। তিনি আমার কম্পানিয়ন, কিংবা আমি তাঁর, তিনি জানেন কোথায় আমাকে নিয়ে যাবেন। আমি কী করে বলব বলো?'

পরের কণ্ঠস্বরের ছত্র সব সময়েই লেগে আছে মেয়েটা, প্রশ্নে-জোগানে কোথাও কোনো সুখ নেই। স্বস্তি না থাকলে সুখ কোথায়? মেয়েটাই যত অস্বস্তির বিপাক।

বেদিন বেন মুক্ত ঘরেই সেক্রেটারি করল অরুণদেব।

'না, তুমি আজ যাবে না। তুমি নেমে এস।'

মধুরা বনশ্রীর মুখের দিকে তাকাল। সে মুখে আজ প্রসন্নের আয়াটুকুও খুঁজে পেল না। মধুরা দুখানা করুণ করে নেমে পড়ল গাড়ি থেকে।

একটু আদরের সুড়া না দোঁচিয়ে পারল না বনশ্রী। বুঝিয়ে বলার মত করে বললে, 'আজ একটা জরুরি নিমন্ত্রণে আমাদের এক সঙ্গে যেতে হচ্ছে কি না, তুমি তাই যাবে না। তোমাকে আরেক দিন নিয়ে যাব।'

দু চোখে সরল আলো ঠিক তেমনি এনেছে মধুরা। তবু যেতে-যেতে বনশ্রীর দিকে তাকিয়ে একটু হাসল।

সামান্যতম কথার কত হাসি দিয়ে সারিয়ে দেয় মানুষে। কিন্তু মধুরার কথা যেমন বোঝে, হাসিও তেমনি বোঝে।

গাড়িতে অরুণ হয়ে বনশ্রী বললে, মেয়েটার সম্পর্কে এবার কঠিন হতে হবে।'

আর কী কঠিন হওয়া যায় অরুণদেব ভেবে পায় না।

রিকশা থেকে নামতে গিয়ে ডান পায়ের গোড়ালির উপরে চোট খেয়েছে রমলা। রমলা চেয়ারের সামনে মেঝেতে বসে, মধুরা রমলার আহত পায়ে কি একটা মলম মেলাবেশ করে মাখিয়ে দিচ্ছে।

এমন সময় বনশ্রীর প্রবেশ।

'কী হল?'

'রিকশা থেকে নামতে গিয়ে পড়ে গিয়েছেন।' রমলার হয়ে মধুরা বললে।

'মানুষে মানুষে টানে এমন গাড়িতে চড়া কেন?'

এবার রমলা বললে। বললে, 'না চড়লেই ভালো ছিল। রিকশাওলার রোজগার হত না, আমারও জখম হত না।' তারপর নির্লিপ্ত রেখায় হাসল: সব অবস্থায়ই মানুষে মানুষকে টানবে। কখনো মানুষের উপরে গাড়ি, কখনো গাড়ির উপরে না।'

'কিন্তু ওটা মানুষ কী?' বনশ্রী এবার মধুরাকে লক্ষ্য করলে।

'বাবার হাতের মলমটা মালিশ করে দিচ্ছি মধুরা চোখ নিচু করল।

'তা তুমি দিচ্ছ কেন? না কি ওটাও মাস্টারির অঙ্গ?'

হাঁপানিতে অব্যর্থ মহৌষধ
রোগীর বয়স ও কতদিনের রোগ জানালে চির-আরোগ্যের গ্যারান্টি।
শ্রীকমলা দেবী
কবিরাজপাড়া, চন্দননগর, হুগলী।
(সি ২৩০৮)

মধুসূদনের মেজ মেয়ে তো তাহলে। তাদের নতুন-মা?' মধুমালিতে আবার এক সম্পর্কের হিসাব নিয়ে তাকাল মধুরা : 'আমি তো কতদিন পূর্ণিমা-অমাবস্যাতে যাবার পথে এ ওষুধ রাখিয়ে দিই, যদি কত আরাম পান—'

ধুম ধুম করে পা ফেলে উপরে উঠে গেল বনশ্রী।

মধুরা বললে, 'আমার খুব ইচ্ছে করে—'

'কী ইচ্ছে করে?'

'ইচ্ছে করে আমার সাংঘাতিক অসুখ হোক, আমার যখ-মর অবস্থা হয়—'

'এ কী সাংঘাতিক ইচ্ছে!'

'যা হলে হাসপাতাল সকালবেলা নড়ে-চড়ে ওঠে, ডাক্তারদের আসা-যাওয়া শুরু হয়, যন্ত্রপাতি মেজেঘষে দেখবার জন্যে টানা হয়ে।'

'সে অবস্থা মোটেও আসবে না।'

'আসবে না?'

'কখনো না। তোমার অসুখ বাড়া-বাড়ির দিকে গেলেই তোমাকে ওরা হাসপাতালে বিদেয় করবে।'

'হাসপাতালে বিদেয় করবে! তবে আমার অসুখের কাজ নেই।' মধুরা বেঞ্চের উপর উঠে দাঁড়াল। 'আমি কিছুতেই বাড়ি ছাড়ব না। মা তো বাড়ি ছেড়েই গেছে। আমি কিছুতেই যাব না। আঁকড়ে থাকব।'

'কিন্তু দু বছরের আর বাকি কত?'

'এখনো মাসদুয়েক আছে বোধহয়। হিসেব নেই। দু বছর পার হয়ে গেলেও আমি যাচ্ছি না।'

সমস্যার একমাত্র সমাধান মধুরাকে কোনো একটা অন্যে হস্টেলে রেখে আসা।

অভয়দেবকে রাজি করাল বনশ্রী।

'তুমি মধুরাকে আনো।' অভয়দেব বলল।

'আমি বললে যাবে কেন? তোমার মেয়ে তুমি বলবে। তাহলে সব শালীন ও শ্রদ্ধেয় দেখাবে তুমি বিচার করবে। আমি বলবার কে? আমার শাসন করবার এক্তিয়ার কী?'

অভয়দেবই বললে মধুরাকে।

ভালো স্কুল, ভালো হস্টেল, ভাল-কাছার উপরে—কাছে-কলমে অপত্তি করবার কিছু নেই।

মধুরা চুপ করে রইল।

আরাই সব বন্দোবস্ত করে দিল। ঠিক হল সোমবার সকালেই অভয়ের নিজে মধুরাকে নিয়ে গিয়ে হস্টেলে পৌঁছে দেবে।

কত সহজ ব্যবস্থা। কত আয়াসসহ। কত নিরাময়।

সবকিছু সব ঠিক, গাড়ি প্রস্তুত, সোমবার সকালে আর মধুরার দেখা নেই। কোথায় মধুরা? বাড়িতে-সিঁড়িতে কাছে বারান্দায় বাথরুমে বাগানে কোথাও মধুরাকে পাওয়া যাচ্ছে না। মধু! মধু! কোথায় মধু! অভয়দেব পাগলের মত ছুটোছুটি করতে লাগল, কিন্তু কোথাও কেনো সাড়া নেই উদ্দেশ নেই। মধুরা নিরুদ্দেশ। মধুরা পলাতক।

তখন অভয়দেব গাড়ি নিয়ে ছুটল। স্কুলে বনশ্রী পুরোনো স্কুল নতুন স্কুল সমস্ত-পড়শী জানা বন্ধু সবার কাছে খোঁজ করতে লেগে—মধুরা এসেছে? সবাই অস্থির উঠোন হল, জানায় হাত দিয়ে বলল—কোথায় মধুরা?

স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠল, সে তার মায়ের কাছে চলে যায় নি তো? যার সঙ্গে এত দীর্ঘ দিনের ছাড়াছাড়ি, যার উপর এত তার অভিমান, সেখানে সে সহজে ফিরে যাবে বিশ্বাস হয় না। তবু অভয়দেব সেখানেও ফোন করল; ফোন বাজল, সেখানে যায় নি।

থানায় খবর দিল, হাসপাতাল খোঁজতে লাগল—সমস্ত অনর্থক।

মধুরা বাড়ির ত্রিসীমানা ছাড়ে নি এটা যখন পাকা পাতা পর্যন্ত নড়ল না।

কেউ-কেউ বললে, সুজয়াই মধুরাকে লুকিয়েছে।

তখন অভয়দেব নিজে গেল সুজয়ার কাছে। মেয়ের শোকে উন্মাদিনী সুজয়া—মধুরাকে লুকিয়ে রেখেছে এ অপবাদেরও অবকাশ। বিধি বিপাকেতে ছিল এখন পড়ল এসে অভয়দেব আদুনে।

কিরোল রাতের কিনারায় এসে ঠেকল।

সবাই যখন ক্লান্ত অবসন্ন, নৈরাশ্যে নিমজ্জিত, বনশ্রীর ফ্ল্যাটে এসে দেখা দিল মধুরা। ডাকলে, 'নতুন-মা।'

'কে মধুরা?' বনশ্রী প্রাণ পেয়ে উঠে দাঁড়াল।

'হ্যাঁ, আমি। আমি শুধু জানতে এসেছি তুমি থাকতে আমি কেন অনাথ হয়ে গিয়ে হস্টেলে থাকব? আমি কি তোমার ভালোবাসা পাই নি? তুমি কি আমাকে দু চোখ দেখতে পার না?' বলে মধুরা ফুঁপিয়ে কাঁদতে লাগল।

মধুরাকে বুকের মধ্যে টেনে নিল বনশ্রী। আকুল হয়ে বললে, 'না, না, তুমি আমার কেন, তুমি জগৎশুদ্ধ সকলের ভালোবাসা পেয়েছ। তুমি হস্টেলে থাকতে যাবে কেন, তুমি তোমার বাড়িতেই থাকবে। চলো তোমাকে তোমার বাড়িতে পৌঁছে দিয়ে আসি। কিন্তু দুষ্টু মেয়ে, একলা তুমি কোথায় ছিলে?'

'সে পরে বলব।'

অভয়দেবের বাড়িতে অনেক লোকের ভিড়, মধুরাকে বনশ্রীর সঙ্গে ট্যাক্সি থেকে নামতে দেখে সবাই সমস্বরে আনন্দধ্বনি করে উঠল—মধু এসেছে, মধু এসেছে।

তার চেয়েও বড় খবর—সিঁড়ি দিয়ে উপরে উঠে মধুরা আবিষ্কার করল অন্য আবিষ্কার করেই আনন্দধ্বনির সঙ্গে সুর মেলাল। 'মা এসেছে, মা এসেছে।'

উৎসব বাধতে সুজয়ার বুকে ঝাঁপিয়ে পড়ল মধুরা।

সুজয়ার আজ নিরাময়ের স্নান শেষ করবার দিন নয় সত্ত্বেও এসে সজ্ঞানে স্নানঘর করবার নিলজ্জ।

'কিন্তু দুষ্টু মেয়ে, সারাদিন তুই কোথায় ছিলি?' জিজ্ঞেস করল মধুরা।

'মিস-বি কোথায়? মিস-বি জানে।'

রমলাকে খোঁজ করল মধুরা। রমলা আসে নি।

মধুরা একজনকে খোঁজ করল। সেও থাকতে চেয়েছিল একদিন মধুরা কোথায় ছিল। তখন বিরোধিতা পরে ডেকে বলবে।

সেদিন বনশ্রীও নেই। বনশ্রী চলে গিয়েছে।

— সদ্য প্রকাশিত হইল ॥
ছোটদের জন্যে একটি অপূর্ব গ্রন্থ
রায় বাহাদুর অরুণকুমার সাধু
র চি ত
॥ উপেক্ষিতের উপকারিতা ॥
অন্যান্য বহু উপাদেয় পুস্তকের প্রকাশক
বসুমতী প্রাঃ লিঃ
কলিকাতা-৭৩

বঙ্গদর্শন

পশ্চিমবঙ্গের রাজনৈতিক দলগুলির মধ্যে একটা কূটনৈতিক পরিবর্তন অত্যাসন্ন। বিভিন্ন গোষ্ঠীগুলির মধ্যে যে বন্ধনের শিথিলতা ছিল, দ্রুত তার সমাধান হতে চলেছে। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকারের পতনের পর পশ্চিমবঙ্গের রাজনৈতিক দলগুলি মূলত দুটি শাখা ভেঙে বিভক্ত হয়ে গিয়েছিল, প্রথমটি হচ্ছে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে বর পার্টি জোট আর দ্বিতীয়টি হচ্ছে অবশ্যের কমিউনিস্ট পার্টির নেতৃত্বে আট পার্টি জোট। আর এস- পি এই দুই জোটের বাইরে অবস্থানই ছিল এবং এখনও আছে। আট পার্টি জোট গোড়া থেকে ভেবে নেওয়াছিল যে, বাংলা কংগ্রেস তাদের সঙ্গেই থাকবে। এটা স্বাভাবিক প্রত্যাশাই ছিল, কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেল যে, সেই প্রত্যাশার পূরণ ঘটল না. বাংলা কংগ্রেস বহুদিন পর্যন্তসি করল, কিন্তু শেষ পর্যন্ত সাফ জানিয়ে দিল যে, তার পক্ষে আট পার্টি জোটে আসা সম্ভবপর নয় এবং তাদের সাম্প্রতিকতম সিদ্ধান্ত অনুসারে তারা আট পার্টির জোট বলে কোন সত্তাকে স্বীকার করতে নারাজ। এর কারণটা আমরা পরে আলোচনা করেছি, কেন না ইতিমধ্যেই এমন কতকগুলি ঘটনা ঘটে গেছে, যার পরিপ্রেক্ষিতে আট পার্টির পরিক দলগুলির পারস্পরিক সম্পর্কে গোলযোগ ঘটেছে এবং সেই গোলা জলে মাছ শিকার করার চেষ্টা করছে একদিকে বাংলা কংগ্রেস, অপরদিকে মার্কসবাদী কমিউনিস্ট পার্টি। উভয়ের প্রচেষ্টার অনেকগুলি ঘনাক্ষর ঘটতে পারে। সেগুলির কথাতেই পরে আসছি।

যে দুটি ঘটনা পশ্চিমবঙ্গের ভবিষ্যৎ রাজনীতির স্বরূপ নির্ধারণ করার পক্ষে সবচেয়ে গুরুত্বপূর্ণ, তা হচ্ছে কংগ্রেসের ভাগ হয়ে যাওয়া ও কেরলের নির্বাচন। যখন তখন কংগ্রেস ভাঙলো, তখন থেকেই বাংলা কংগ্রেসের মধ্যে এক বিচিত্র চঞ্চলতা সুরু হল। তার কারণ হচ্ছে, একবার কংগ্রেস বিরোধিতার ভিত্তিভূমিতেই বাংলা কংগ্রেস যুক্তফ্রন্টের সামিল হয়েছিল, কিন্তু যুক্তফ্রন্টের ব্যবসন্ধী দলগুলির আদর্শ ও কর্মসূচীর সঙ্গে তাদের হৃদয়ের যোগাযোগ স্থাপিত হয় নি। ফলত বাংলা কংগ্রেসের সংগঠন ব্যাপকভাবে এবং যুক্তফ্রন্টের কৃষিনীতি বাংলা কংগ্রেসকে অত্যন্ত অস্বস্তিকর অবস্থার মধ্যে ঠিরে ফেলেছিল। শরিকী সম্বন্ধে বাংলা কংগ্রেসের কোনই ক্ষতি হয় নি, তবুও যুক্তফ্রন্টের কৃষিনীতি তাদের আশঙ্কিত করে তুলেছিল। বাঘিও ফ্রন্ট থেকে বেরিয়ে যাবার পর তারা খুব পাচ্ছিল না। দেবতার অশীর্বাদের মতই কংগ্রেস ভেঙে তাদের সামনে একটা সুযোগ এসে গেল এবং সম মতাবলম্বী একটি দলকে তারা এতদিনে খুঁজে পেল। যে অনুকূল-চক্রের চক্রের উপর বাংলা কংগ্রেসের সমস্তের বড় ভোর ছিল, সেই চক্রের পতনে তারা খুশি হল এবং নব কংগ্রেসের সঙ্গে সহযোগিতার জন্য তখন থেকেই সুরু হল তৎপরতা। আট পার্টি বাংলা কংগ্রেসকে সাধাসাধি সুরু করল, যাতে বাংলা কংগ্রেস তাদের জোটে যোগ দেয়, কিন্তু গত কয়েক মাস বাংলা কংগ্রেস তাদের কোন স্পষ্ট কথা দিল না, শুধু পরিস্থিতির প্রতি তীক্ষ্ণ নজর রেখে চলল।

ইতিমধ্যে দ্বিতীয় ঘটনাটি ঘটে গেল, সেটি হচ্ছে কেরলের নির্বাচন। কেরলের নির্বাচনে তাদের কমিউনিস্ট পার্টি সাফ কংগ্রেসের সঙ্গে সহযোগিতা করল, একেবারে গোড়া থেকেই পাকাপাকি সহযোগিতা, পুরোদস্তুর নির্বাচনী জোট। আর তখনই আট পার্টির মধ্যে চঞ্চলতা ঘটল, কমিউনিস্ট পার্টিকে প্রশ্ন করা হল তোমরা সাফ কংগ্রেসের সঙ্গে আঁতাত করে আমাদের পথের কাঁটা সরাচ্ছো কেন? কমিউনিস্ট পার্টি প্রত্যুত্তরে আট পার্টির শরিকদের এই বলে আশ্বস্ত করল যে, কেরল ও পশ্চিমবঙ্গের পরিস্থিতি এক নয়; কাজেই কেরলে যা করা হচ্ছে পশ্চিমবঙ্গে তা করা হবে না, এখানে কোন অবস্থাতেই কোন কংগ্রেসের সঙ্গে সহযোগিতা নয় এবং সেই সঙ্গে আরও একটি তত্ত্ব প্রচারিত হল যে, পশ্চিমবঙ্গের বাইরে আর সকল রাজ্যে নব কংগ্রেস প্রগতিশীল, তাদের সঙ্গে জোট বাঁধলে কোন অসুবিধা নেই, শুধু পশ্চিমবঙ্গেই তারা প্রতিক্রিয়াশীল। অতঃপর কেরলের নির্বাচন ফলের তালিকা বিশ্লেষণ করলে দেখা যায় যে, সেখানে কমিউনিস্ট প্রভাবিত মন্ত্রিসভা সুনিশ্চিতই কংগ্রেসের সমর্থনে গঠিত হল। এই ঘটনায় নব কংগ্রেস ও কমিউনিস্ট পার্টি উভয় পক্ষই বল পেল। কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদ প্রস্তাব নিয়ে কেরল যে, অতঃপর আসন্ন নির্বাচনে সর্বভারতীয় পরিসরে কমিউনিস্ট পার্টি সাফ ভিত্তিতে কংগ্রেসের সঙ্গে সমঝোতা করবে। আর পশ্চিমবঙ্গ কংগ্রেস আঁতাতে সরকারী-ভাবে না হলেও বেসরকারীভাবে এই সিদ্ধান্তই বহাল হল।

আট পার্টির অন্যতম দলগুলি মাথায় হাত দিয়ে বসল, তাদের মধ্যে বিক্ষোভ করে কয়েকটি ফ্রন্ট ও এস-ইউ-সি'র মতবা—কোন অবস্থাতেই কংগ্রেসের সঙ্গে কোন সমঝোতা নয়। কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদের প্রস্তাব নিয়ে এরা তুলকালাম কাণ্ড বাধাল। যদি কমিউনিস্ট পার্টি এরকম সিদ্ধান্ত নেয়, তাহলে আট পার্টির সংহতি থাকবে না, কেন না আট পার্টির অন্তত পক্ষে ছয়খানি সি-পি-এর বিরোধী, ঠিক ততখানি কংগ্রেস বিরোধী। তারা কমিউনিস্ট পার্টির কাছে সুস্পষ্ট দাবি করল, তোমাদের জাতীয় পরিষদের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে যদি কংগ্রেসের সঙ্গে সমঝোতায় যাও, তাহলে তার প্রতিক্রিয়াটা আট পার্টির উপর কি রকমের হবে, সেটা সহজেই বুঝতে পারছ। তোমরা স্পষ্ট করে বল, জাতীয় পরিষদের সিদ্ধান্তের স্বপক্ষে তোমরা থাকবে, না তার বিপক্ষে যাবে? কমিউনিস্ট পার্টি আমতা আমতা করে জানালো যে, আসলে জাতীয় পরিষদ সিদ্ধান্তটা রেখেছে প্রস্তাবের আকারে, এক্ষেত্রে পাকাপাকি কোন ব্যবস্থাই হয় নি, কাজেই তোমাদের চিন্তার কোন কারণ নেই। আমরা আট পার্টি আছি আট পার্টিই থাকবো, আর তা ছাড়া আমাদের পথের বিসিসটা ভুলে যাচ্ছ কেন? নব কংগ্রেস অবশ্য প্রগতিশীল হলেও পশ্চিমবঙ্গে ঘোরতর প্রতি-ক্রিয়াশীল, আর তাছাড়া আমাদের জাতীয় পরিষদ এমন কোন বাধি করে নি, যাতে তাদের প্রস্তাব আমাদের গ্রহণ করতেই হবে। কাজেই নিশ্চিন্ত থাক, এ ছাড়া বাংলা কংগ্রেস এসে আমাদের আরও শক্তি বৃদ্ধি করবে।

কিন্তু বাংলা কংগ্রেস ঘটনাচক্রের দিকে ঠিক লক্ষ্য রেখে যাচ্ছিল। তারা দেখল যে, এখনই তাদের মাহেন্দ্রক্ষণ উপস্থিত হয়েছে। তারা সোজাসুজি বুঝে নিল যে, কমিউনিস্ট পার্টির পশ্চিমবঙ্গ শাখা যতই চোক গিলুক না কেন, জাতীয় পরিষদের সিদ্ধান্ত তাদের মানতেই হবে। আর তা ছাড়া, কমিউনিস্ট পার্টির রাজনৈতিক তত্ত্বই হচ্ছে—যারা তুলনামূলকভাবে প্রগতি-শীল, তাদের সঙ্গে সমঝোতায় আসা। যে জাতীয় দলতন্ত্রের দোহাগান তারা এতাবকাল দিয়ে আসছে, এখন তাকে কার্যে পরিণত করার সুযোগ তাদের এসে গেছে। এখন কমিউনিস্ট পার্টির পশ্চিমবঙ্গ শাখা এখানে যতই কংগ্রেস বিরোধিতা করুক না কেন, আখেরে তারা কিন্তু তাদের কেন্দ্রীয় সংস্থারই নির্দেশ মেনে চলবে। কাজেই কালবিলম্ব না করে অতঃপর অজয়-বাবু ও সুশীলবাবু নয়াদিল্লীতে গিয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করলেন এবং

আসন্ন নির্বাচনে নব কংগ্রেস-বাংলা কংগ্রেস সমঝোতার ব্যবস্থা করে এলেন। তাঁদের মনে হচ্ছে, পশ্চিমবঙ্গে একটি তৃতীয় রাজনৈতিক শক্তি গঠন—যেখানে থাকবে নব কংগ্রেস, বাংলা কংগ্রেস ও কমিউনিস্ট পার্টি। আট পার্টি জেতার হলে পরিবর্তে ছয়েই বাংলা কংগ্রেস টেনে নিয়ে। তাদের কমিউনিস্ট পার্টির পশ্চিমবঙ্গ শাখাকে তাঁরা খোলাখুলি জানিয়ে দিয়েছেন যে, তোমরা তোমাদের জাতীয় পরিষদের সিদ্ধান্ত এবং তোমাদের বহু প্রচারিত জাতীয় গণতন্ত্রের তত্ত্ব অন্ধকারে কবর দাও এবং তা হচ্ছে তোমরা আমাদের জোটে এস। শুধু তাই নয়, আরও এক ধাপ এগিয়ে বাংলা কংগ্রেস বলল যে, আট পার্টি জোট বলে কোন সংস্থাকে আমরা স্বীকার করি না, তবে এই জোটের কথা বলে যেই সকল দলের সঙ্গে একতরফা আলোচনার বাংলা কংগ্রেসের আপত্তি নেই। অর্থাৎ বাংলা কংগ্রেস তার লক্ষ্যকে আর এক ধাপ বাড়াল। শুধু কমিউনিস্ট পার্টিকে নিয়ে নব কংগ্রেসের সঙ্গে জোট বাঁধা নয়, সম্ভব হলে আরও দু-একটি দলকে নিজেদের পকেটে নিয়ে আসা।

তাহলেই আট পার্টির নিজের ঘরই বেসামাল হবার যোগাড় এবং মার্কসবাদী কমিউনিস্ট পার্টিও এই সংযোগে আট পার্টি জোট থেকে, বিশেষ করে ফরোয়ার্ড ব্লক ও এস-ইউ-সিকে সেতে চাইছে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কাছেও কমিউনিস্ট পার্টির জাতীয় পরিষদের সিদ্ধান্ত একটা সুযোগ এনে দিয়েছে। ফরোয়ার্ড ব্লক ও এস-ইউ-সির অবস্থান দ্বিধাবিভক্ত এবং এদের দীর্ঘকালীন রাজনৈতিক আচরণ মার্কসবাদী কমিউনিস্ট পার্টির থেকে তেমন কিছু পৃথক নয়। কিন্তু সেই সঙ্গে গত যুক্তফ্রন্ট সরকারের আমল থেকে এদের সঙ্গে স্থানীয় ব্যাপারে কিছুদিনের জন্যে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির তফাৎ সম্পর্ক চলছে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টির আশা, এদের পক্ষে একটি সুযোগ কংগ্রেস এবং সি-পি-এর দ্বিধাবিভক্তা করা সম্ভব হবে না, কাজেই চেষ্টা করলে তাদের এদিকে টেনে আনা সম্ভবপর হবে, পক্ষান্তরে এই দলগুলিরও একই সমস্যা—কংগ্রেস দ্বিধাবিভক্তা করার ব্যাপারে তারা কি সি-পি-এর পক্ষ ভিড়বে, না সি-পি-এর বিরোধিতা করার ব্যাপারে তারা অন্যদিকে যাবে, অথবা নিজেরা বিভিন্ন ভেঙে একতরফা দুই অংশের সঙ্গে মিশে যাবে? আর-এস-পির সামনেও ঠিক সমস্যা। কেরলে তারা নব কংগ্রেস ও কমিউনিস্ট পার্টির সাথে রয়েছে, অথচ পশ্চিমবঙ্গ শাখার তাতে ঘোরতর আপত্তি। তারা কি কেরলের ব্যাপারে অনুসরণ করবে, না কংগ্রেস বিরোধিতার জন্য সি-পি-এম কোটে আসবে, না আট পার্টির বিরুদ্ধে কংগ্রেস-সি পি-এর বিরোধী বলয়টির সঙ্গে একটি তৃতীয় ফ্রন্ট গঠন করবে?

সে যাই হোক অন্যান্যত সুবিধাজনক স্থানে আছে বাংলা কংগ্রেস ও মার্কসবাদী কমিউনিস্ট পার্টি। বাকি দলগুলি প্রত্যেকেই যথেষ্ট সমস্যার সম্মুখীন হয়েছে। তাইকে বলে না গেলে বাংলা কংগ্রেসের ক্ষতি নেই, কেন না তার সঙ্গে নব কংগ্রেসের পূর্বোবস্থার সমঝোতা হয়ে গেছে। মার্কসবাদী কমিউনিস্ট পার্টিও মোটামুটি একটা জোট গঠন করে ফেলে আছে। সমস্যা কমিউনিস্ট পার্টির, কেন না তাদের জাতীয় পরিষদের সিদ্ধান্ত মানতে গেলে আট পার্টির জোট থাকে না। আট পার্টি জোটেরও সমস্যা, কেন না কমিউনিস্ট পার্টি ছিটকে গেলে তাদেরও বেকায়দায় পড়তে হবে, সমস্যা আর-এস-পিরও। ঘটনাচক্র কোন্ দিকে মোড় নেবে, তা এখনই আমরা বলতে পারছি না, তবে রাজনীতি ক্ষেত্রে কোন কিছুই চিরন্তন নয়, কোন স্থবিরতাই চূড়ান্ত নয়। আশা করা যায়, অল্প কয়েকদিনের মধ্যেই ছবিটা আমাদের সামনে আরও একটু বেশি পরিষ্কার হবে।

কলকাতা বন্দরের সম্ভাবিকী ও ফরাক্কা

কলকাতা বন্দরের শতবার্ষিকী এমন একটা সময়ে পালিত হচ্ছে যখন ঐতিহ্যসম্পন্ন এই বন্দর অস্তের মুখোমুখি এসে দাঁড়িয়েছে। মুর্তাদাবাদে কলকাতা বন্দরের প্রতি সর্বভারতীয় সহানুভূতি আজ নেই। কাজেই বিদেশের পর দিন এই বন্দর মৃত্যুর দিকে এগিয়ে এলেও তা নিয়ে কারো মাথাব্যথা নেই। হুগলী নদীর গর্ভ ক্রমশ ভরাট হয়ে যাচ্ছে, কারণ জলের যোগান কম। বড় জাহাজ হুগলী নদীতে এখন প্রবেশই করতে পারে না, এখন বর্ষার সময় জোয়ারের স্রোতে নদীর জল কিছুটা ফুলে উঠলে তখনই মাত্র ২৬ ফুট গভীরতাসম্পন্ন জাহাজগুলি বন্দরে মাত্র পনের দিন কলকাতা বন্দরে আসতে পারে। দীর্ঘকাল ধরেই অনাদরে নদীর গর্ভ ভরাট হয়ে যাচ্ছে। এবং সেক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের উদাসীনতাই বেশ জানা যায়। উত্তরপ্রদেশ এবং বিহার সরকার নদীর বিভিন্ন উপনদীগুলির উপর বাঁধ দিয়ে জল আটকাবার ব্যবস্থা করার পর নদীগর্ভে জলস্রোতের প্রখরতাও কমে গেছে, জলের যোগানও অনেক কমেছে। এখন কলকাতা বন্দরকে সচল রাখতে গেলে ফরাক্কা বাঁধ থেকে হুগলী নদীতে কমপক্ষে কম চল্লিশ হাজার কিউসেক জল না ছাড়লে বর্তমান ব্যবস্থাটুকু বোধ হয় চালু রাখা যাবে না। আশা করা হয়েছিল যে, ১৭ কোটি টাকা ব্যয়ে নির্মিত ফরাক্কা বাঁধ প্রকল্পটি ১৯৭১ সালের মার্চমাসে সম্পূর্ণ হবে এবং গঙ্গা থেকে পদ্মাতে জলপ্রবাহ মেপ করে দীর্ঘ একটি খিতার কালনেলখোলে জলস্রোতকে আবার হুগলী নদীতে ফিরিয়ে আনা যাবে। কিন্তু ফরাক্কা এখন যত দূর জানা, ওই সময়ের মধ্যে ফরাক্কা প্রকল্প যে শেষ হবে, তারও কোন নিশ্চয়তা নেই। যেভাবে সেখানে কাজকর্ম হচ্ছে এবং কেন্দ্রীয় সরকারের যা দৃষ্টিভঙ্গী, তাতে আশার চেয়ে আশঙ্কারই কারণটাই বেশি। আর সমস্যা হচ্ছে, ফরাক্কা থেকে চল্লিশ হাজার কিউসেক জল কেন্দ্রীয় সরকার মঞ্জুর করবেন কি না, তাতেও সন্দেহ আছে। কলকাতা পোর্ট কমিশনার্সের শতবার্ষিকী উপলক্ষে স্বয়ং কর্তৃপক্ষ ফরাক্কা থেকে চল্লিশ হাজার কিউসেক জল ছাড়ার বাধ্যবাধকতা স্বীকার করে নেবার যে আবেদন করেছেন, কেন্দ্রের তরফ থেকে এ বিষয়ে কোন সাড়া পাওয়া যায় নি। তা ছাড়া গঙ্গা থেকে পর্যাপ্ত জল আদৌ পাওয়া যাবে কি না, তা নিয়েও সন্দেহ আছে। বিহার ও উত্তরপ্রদেশের উপনদীগুলি গঙ্গায় আগে যে জল চালত, সেগুলিতে বাঁধ দিয়ে উত্তরপ্রদেশ ও বিহার সরকার ইতিমধ্যেই গঙ্গায় জলের যোগান কমিয়ে দিয়েছেন। উত্তরপ্রদেশ সরকার, সরযূ নদীর উপর বাঁধ দিয়ে গঙ্গায় ছয় হাজার কিউসেক জল আসা বন্ধ করেছেন। অন্যদিকে পাকিস্তান সরকারও ফরাক্কার জন্য দাবি করেছে। সব মিলিয়ে শুধু ফরাক্কার উপর নির্ভর করেই কলকাতা বন্দরের সমস্যা মিটবে না, আরও কিছু ব্যবস্থা অবলম্বন করা দরকার। পশ্চিমবঙ্গের যে সব নদী একদা গঙ্গার জলের জল চালত, সেগুলি আজ মজতায় ভরে গেছে। এইসব নদীতেও জলের প্রবাহ যাতে বাড়ে, সে চেষ্টা একটা সঙ্গে করা দরকার। মনে রাখতে হবে যে, কলকাতা বন্দর, তার সব অসুবিধা থাকলেও, তুলনায় হলেও ভারতের সবচেয়ে গুরুত্বপূর্ণ বন্দর এবং প্রকৃতপক্ষে ভারতের সকল অংশের সমষ্টি হলেও কলকাতা বন্দরের উপর বহুলাংশে নির্ভরশীল।

ব্যাপারের প্রতি আমেরিকার অযৌক্তিক প্রকাশ

ভারতের লোকসভা নির্বাচনে সাম্প্রতিক পররাষ্ট্রনীতি আমেরিকা কোনমিনই পছন্দ করে না। ইন্দোচীন এবং মধ্যপ্রাচ্য সম্পর্কে ভারত যে নীতি গ্রহণ করেছে (যেমন প্রাচ্যে ইসরায়েল গঠনের ফলে ফিলিস্তিনের যে অংশ দখল করে আছে, সেই অংশ থেকে হটে যাবার আহ্বান জানিয়ে নিরাপত্তা পরিষদ গত বছর নভেম্বর মাসে যে প্রস্তাব গ্রহণ করেছিল, তার প্রতি ভারত পূর্ণ সমর্থন জানিয়েছে। ইন্দোচীনে মার্কিন ফৌজ এবং সমস্ত বিদেশী ফৌজের অবিলম্বে অপসারণ দাবি করে সুইজারল্যান্ডে যে প্রস্তাব গ্রহণ করা হয়েছে, ভারত সেই প্রস্তাবেরও পূর্ণ সমর্থন জানিয়েছে), সেটাও আমেরিকা বরদাস্ত করতে পারছে না। তাই ভারতের বিরুদ্ধে আমেরিকার ঠাণ্ডা লড়াই সুরু হয়ে গিয়েছে। পাকিস্তানকে ভারত সরকারের নিন্দাও তার মূল কারণ। প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রতি ভারতস্থ মার্কিন রাষ্ট্রদূত চেস্টার বাউলস কিসিঞ্জার-এর অনেকদিন প্রকাশ্যে তার একটি নির্মম ভাষায় ওয়াশিংটনের ধাক্কা।

গত বছর অক্টোবর শেষ হবে প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী রাষ্ট্রসংঘের বক্তৃতা দেবার উদ্দেশ্যে যোগদানের জন্য দিল্লী থেকে নিউ ইয়র্কে যাত্রা করেন। আন্তর্জাতিক সৌজন্য অনুযায়ী প্রথম-বিশ্বের সদস্যরাষ্ট্রসমূহের (আমেরিকা) রাষ্ট্রদূতের উচিত ছিল বিমানবন্দরে গিয়ে প্রধানমন্ত্রীকে বিদায় সম্বর্ধনা জ্ঞাপন করা। কিন্তু ইন্দিরা গান্ধীর বিদায় গ্রহণের সময় বিমান ঘাঁটির ত্রিসীমানায় কিসিঞ্জারকে দেখা যায় নি। ব্যাপারটা সকলের কাছেই খুব দৃষ্টি-কটু হয়ে ওঠে। ভারত সরকারের পক্ষ থেকে অবশ্যই কিসিঞ্জার এই সৌজন্যবোধ দেখে বিস্ময়ে হতবাক হয়ে যান। ব্যাপারটা নিয়ে চারি-দিকে যখন ছা-ছা সুরু হয়ে যায় তখন মার্কিন দূতাবাসের মুখপাত্র বলেন যে, মার্কিন সরকারের অতিথি হয়ে যখন আমেরিকায় যাচ্ছেন না, তখন তাঁর আমেরিকা-মাটির প্রথমদিনে বিমান ঘাঁটিতে মার্কিন রাষ্ট্রদূতের হাজির থাকবার কোন প্রয়োজন হয় না। মজার কথা আরও বলা হয় যে, কিসিঞ্জি বিমান-বন্দরে যাবেন বলে প্রস্তুত হয়েছিলেন, কিন্তু অবসরের নিষ্ক্রিয়তা না হওয়ায় তিনি যেতে পারেন নি। তাঁর মুখ অবশ্য পাল্টির ঘরের ওস্তাদ কেলো হয়েছিল, তাঁরা তাঁকে সময়মত জানিয়ে দিতে না পারায় এই অঘটন ঘটে গেছে। কিসিঞ্জি নাকি এজন্য দুঃখপ্রকাশ করে ইন্দিরা গান্ধীর কাছে একটা ব্যক্তিগত চিঠি পাঠিয়েছেন।

বিমান বন্দরে কিসিঞ্জার অনুপস্থিতি মার্কিন দূতাবাস যুক্তরাষ্ট্র-ভাবে ব্যাখ্যা করায় মানুষের মনে সন্দেহ জাগা স্বাভাবিক যে, আসলটার মধ্যে কোন পাঁচ আছে। প্রধানমন্ত্রী আমেরিকার সরকারী অতিথি নন বলে যদি মার্কিন রাষ্ট্রদূতের বিমান বন্দরে হাজির থাকার প্রয়োজন না বোধ হয়, তাহলে কিসিঞ্জি সেখানে হাজির থাকার জন্য 'প্রস্তুত' হয়েছিলেন কেন? আর নিদ্রা যদি 'কপট' হয়, তাহলে সে নিদ্রা ভঙ্গ করা যে শিবেরও অসাধ্য, তা কারও অজানা আছে কি? ব্যাপার কিসিঞ্জি যা হয়ে ঘুমিয়ে পড়েছিলেন। মার্কিন পররাষ্ট্র দপ্তর নিশ্চয়ই নিদ্রাচ্ছন্ন ছিলেন না। তাঁরা নিউ ইয়র্কে শ্রীমতী গান্ধীকে স্বাগত জানাতে আসেন নি কেন?

ওদিকে ওয়াশিংটনের সরকারী মহল থেকে খবর এসেছে যে, আগামী প্রেসিডেন্ট ভ্যা কেন্সল কাউন্সার সঙ্গে প্রেসিডেন্ট নিক্সনের একটা সাক্ষাৎকারের পূর্ব নির্দিষ্ট ব্যবস্থা নিক্সন ঘোষিত করে দিয়েছেন। ব্যাপারটা যে খুবই অপ্রত্যাশিত, সেকথা বলাই বাহুল্য।

সম্প্রতি মার্কিন কর্তৃপক্ষের এই সমস্ত অযাচিত আচরণে অসন্তুষ্ট হয়েই প্রধানমন্ত্রী শ্রীমতী গান্ধী প্রেসিডেন্ট নিক্সনের এক ভোজসভায় আমন্ত্রণ প্রত্যাখ্যান করেছেন।

রাষ্ট্রসংঘের বক্তৃতা অনুষ্ঠানের শেষ দিনের উৎসবের রাতেই (২৪শে অক্টোবর) প্রেসিডেন্ট নিক্সন একটা পাল্টা অনুষ্ঠানের হিসাবে উৎসবে আগত বিশিষ্টজনদের এক ভোজসভার আয়োজন করেন। শ্রীমতী গান্ধী সেই ভোজসভায় যোগ দিতে রাজী হন নি।

ভারতের প্রতি আমেরিকার অযাচিত আচরণের প্রতিবাদে শ্রীমতী গান্ধী যা করেছেন, তা আন্তর্জাতিক-সম্মত প্রতিটি ভারতবাসীর সমর্থন লাভ করবে। আমেরিকার ভারত-বিদ্বেষী স্বরূপ দিনের পর দিন বেআব্রু হয়ে উঠছে, তাতে দুই দেশের সম্পর্কের ওপর তার প্রভাব পড়া অসম্ভব নয়।

ভারতের অতীব মর্যাদা রক্ষার জন্য ইন্দিরা গান্ধী বিদেশের আমন্ত্রণ প্রত্যা-খ্যান করে যে সৎ সাহসের পরিচয় দিয়েছেন, সেটা ভারতের প্রতিক্রিয়াশীল মহলের মনঃপূত হয় নি। সিন্ডিকেটী কংগ্রেসের জেনারেল সেক্রেটারী এস-কি-সিন্হা প্রধানমন্ত্রীর এই কাজের নিন্দা করেছেন। তাতে একটা বেশ ঘোলা মাছে যে, জাতীয় মর্যাদাবোধের প্রতি তাঁর কোন শ্রদ্ধা নেই তাতে সন্দেহ নেই।

বিহারে রাষ্ট্রপতি শাসনের সম্ভাবনা

আটটি দলের সমর্থনপুষ্ট বিহারের মহামায়া প্রসাদ (কংগ্রেস) মন্ত্রিসভা গভীর সংকটের সম্মুখীন। কোয়ালিশনের চারটি ছোট ছোট দল (যথা ইণ্ডিয়ান জাড়খণ্ড পার্টি, বি-কে-ডি, হাল জাড়-খণ্ড এবং পাঞ্জাবী সি-এল-পি) এদের ছোট সদস্য সংখ্যা ৩২) স্থির করেছেন যে, বিধান সভার স্পীকার পদ থেকে কৃষ্ণ সিংকে কাজ করবেন। কংগ্রেসের বিদ্রোহী সোশালীস্ট দলের হাত মিলিয়ে তাঁরা সরোজা প্রসাদ মন্ত্রিসভার প্রতি অনাস্থা প্রকাশ করেছেন এবং রাজ্যপাল নিত্যানন্দ কানুনগোর কাছে অধিবেশন বিধানসভার অধিবেশন আহ্বানের দাবি জানিয়েছেন। তাঁরা মনে করেন যে, সরোজা প্রসাদ আর বিধানসভা সংখ্যা কোয়ালিশনের আস্থাভাজন নন।

উপরোক্ত চার পার্টির বৈঠকে গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত সাংবাদিকদের কাছে প্রকাশ করেন বনমন্ত্রী রাঘুনন্দন সাম্বুই। তিনি বলেন যে, মহামায়া প্রসাদ যদি সঠিক পথে না চলেন, তাহলে বিহার উত্তরপ্রদেশের পথেই এগিয়ে যাবে।

বিহার বিধানসভার মোট আসন সংখ্যা ৩১৮ জন। তার মধ্যে কোয়া

[illegible] ১৯২ [illegible] সংখ্যা ২১৩, মত ৭১ জন। উৎপলের ছবি ৮৫ ঘটি প্রথম হয়ে গত হলো, এইবার দেবকীবিজয়ের [illegible] তাঁর বিখ্যাত [illegible] পরিচালনা করছেন। এই ছবি পরিচালনা প্রসঙ্গে [illegible] বলেন, [illegible] পরিচিতির [illegible] পারবেন।

[illegible] এবারও নিজে অভিনয় করবেন [illegible] ছবি পরিচালনা করবেন। [illegible] এ-আই-সি-সি অধিবেশনের [illegible] ছবিতে অভিনয় করবেন বিহারে কংগ্রেসের [illegible] ছবিতে [illegible] বলে এবং [illegible] পরিচালনা করবেন [illegible] ছবিতে অভিনয় করবেন [illegible] ছবিতে [illegible] ছবিতে [illegible] ছবিতে

আন্তর্জাতিক

ভারত ও রাষ্ট্রপুঞ্জ

রাষ্ট্রপুঞ্জের রজত-জয়ন্তী। পঁচিশ বর্ষপূর্তি উপলক্ষে অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। ভারতের প্রধানমন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধীও উক্ত সভায় উপস্থিত হয়েছেন। এতেদ্বারা প্রমাণিত হয় যে, ভারত রাষ্ট্রপুঞ্জ সম্পর্কে বিশেষ উৎসাহী এবং রাষ্ট্রপুঞ্জের জীবনে ভারতের বিশিষ্ট স্থান রয়েছে।

দুশোবছর পৃথিবী হিংসার উন্মত্ততা থেকে মুক্তি পেতে হাঁফ ছেড়ে বাঁচতে চাইলো। যেন ক্লান্তক মানুষ; নিশ্চিন্তায় হয়ে চাইলো শান্তিতে থাকতে। চাইলো পৃথিবীতে শান্তি পুনঃপ্রতিষ্ঠিত করতে। চাইলো সাম্যবাদ। চাইলো অসাম, অত্যাচার, বুভুক্ষা ও অত্যাচারমুক্ত পৃথিবী। লীগের দুঃস্বপ্নজর্জর মানুষ যদিও আশাহত ছিল, তবু নেতৃত্বের ব্যর্থতায় ধ্বংস হয়েছে। তবুও নতুন আশা নিয়ে সেই মানুষ জন্ম দিল রাষ্ট্রপুঞ্জের। ভারত তখন পরাধীন ছিল, কিন্তু নিপীড়িত জনগণের সঙ্গে একাত্মতা ভারতও কামনা করলো, অতীতের রাষ্ট্রসংঘের দোষগুলি এই বর্তমানের রাষ্ট্রপুঞ্জে যেন না ঘটে। পঁচিশ বছর পূর্ণ হলো। যে উদ্দেশ্যে রাষ্ট্রপুঞ্জের জন্ম হলো তা-কি পালিত হয়েছে এবং হচ্ছে? চার্টার-এর প্রতিটি নীতি কি প্রযুক্ত পরিবর্তন যেন চলেছে? তারই বিশ্লেষণ-নিকাশের সময় এসেছে।

'তুই এখন কোথায় থাকিস—মানে, ইয়ে, কোন্ কলনালে—' প্রায় থমকে ছাড়ার মতন করে প্রশ্নটা শেষ পর্যন্ত বাবলার দিকে সে না ছুড়ে পারল না।

বাবলা ঘাবপথে দাঁড়িয়ে পড়ল। সিগারেটটা মুখে পুরে কোমরে দু' হাত রেখে চোখ টেপার মতন চাউনিটা করে

হচ্ছে হাসতে লাগল। এত আগে এরকম দেখে। এবার ফেরার সে চাই দেখা। নিশ্চয় বলবে তোমার ভাল লাগে সেরে গেছে। তা না হলে এমন চমকে ছুল? কী চিন্তা নিয়েছে? মুখে এমন ছন্নছাড়া হাসি?

'তোর কি মনে হয়?' বলতে বলতে বাবলা আবার এক পা এগিয়ে এল।

মনে হয় তুইও আমাই আছিস? স্মৃতিও' শব্দটায় ওপর জোর ছিল সে। অর্থাৎ সে বলতে চাইছিল—চায়ের বাবসা শুরু আমি যেমন ভাল আছি, তেমনি তুইও সিদ্ধেশ্বর মেটাল ওয়ার্কস-এর চাকরি নিয়ে বারাপ কিছু নেই। আর একটা কিছু বাধিয়ে বিরেছিস।

'ধুকলি?' বাবলা জোরে মাথা ঝাঁকাল। আমার মাকে বলে কিনা শাপে বর হয়েছে —সিদ্ধেশ্বর মেটাল ওয়ার্কস লক-আউট হয়ে গিয়ে আমার পুনর্জন্ম হল।'

'কি করবি?' তার হতশ্রীটা বড়ুস্ বড়ুস্ করছিল।

'আমার বিধিরপুরের মামা একটা ছেলে কিনেছে। বলল, বাবলা মিত্তের ছেলে ছাড়া এ জিনিস চালাতে পারব না —তুই যখন বলে আছিস একটা লাখ— আমার তো আরো কাজ-কারবার আছে।'

'ও, তাহলে তুই তোর মামার ছেলে হয়েছিস?'

'হয়েছি মানে কি—আমার ওপর ছেলের সব দায়িত্ব। চায়ের্লী প্রিন্টিং ওয়ার্কস-এর ম্যানেজার আমি।' ধুকলী টান করে বাবলা কথাটা শেষ করল।

চুপ করে রইল সে। সে কেন সিধা-সোজা ছাই কাড়ছে এমন একটা বাস্তবতা নিয়ে আসুলের দিকে তাকাল।

'চলি—দেখা হবে—'

চোখ তুলতে সে দেখল ঘাড় কাত করে বাঁ হাতের ঝোলাটা দুলো নাচাতে নাচাতে বাবলা তার পিসতুতো বোনের কাছে সরে যাচ্ছে। এক কাপ চা চেয়ে নিয়ে খরচ পরচ সেটা গলায় ঢেলে কোনোরকমে দাম মিটিয়ে সে তাড়াতাড়ি দোকান থেকে বেরিয়ে পড়ল। কেন ঘাম দিয়ে তার জ্বর ছাড়ল। অসময়েও সে ঘামছে ঘামছিল।

আমার নাম ফটিক—ফটিকচাঁদ, তুমি শালা যদি গাছের ডালে ডালে চরে বেড়াও, আমি চলি পাতায় পাতায়। তোমার চেয়ে আমি কম তালেবর না। কম বুদ্ধু না। তুমি শালা মামার ছেলে বেঘোরে। মামার ছেলের তালেবারি। লম্বা বাত বাড়াবার আর জায়গা পেলে না। বিধিরপুরে কোথায় কোন লম্বর লোহার এমন সোনার ডিম-পাড়ামামা ছিল আগে কোন-দিন শুনেছিলাম কি? বেশ কিছু একটা ডিগ্রা ভেবে ফটিক তাতে হেলান বসল। মনে মনে বাবলার বাপান্ত করে ছাড়ল। কোথায় মৌজ করে বসে চা খাওয়া হচ্ছে— তেনা বুদ্ধুর মাথায়ই তা-ও আবার সিদ্ধেশ্বর মেটাল ওয়ার্কস-এর একটা মুখ এভাবে সামনে পড়ে যাবে, বিশেষ করে এই সময়ে, সে ভাবতেই পারে নি।

উঁহু, মোটেই তার দুঃখ হতে না যদি সে দেখত গোলাপ সিদ্ধেশ্বর মেটাল কারখানার আর পাঁচ শ' ছেলের মতন বাবলাও অথৈ জলে ভাসছে। বস্তুত পাঁচ শ' কর্মচারীর কে কোন্‌দিকে যে ছেলে গেল, এত বড় কলকাতা শহরে চোখে পড়ার কথা নয়। তা হলেও হাঁড়ির একটা ভাত টিপলে হাঁড়িসুদ্ধ ভাতের খবর পাওয়া যায়, পরশু খগেনের সঙ্গে দেখা হয়েছিল না রাজাবাজারে? কী চেহারা হয়েছে! খগেনের কোন্ এক দোস্ত রাজাবাজারের হামিদ মিঞা। হামিদের দোকান থেকে লুঙ্গি, গামছা নিতে যাচ্ছে বেলেঘাটা বাজারে। খগেন এসব ফেরি করে বেচবে। হাড়গিলের মতন হয়ে গেছে গলাটা, চোখ দুটোই ঠেলে ঢুকে পড়ে ভয়ানক জ্বলজ্বল করছিল, তাকাতে ভয় করছিল তার, গলায় স্বরটা একেবারে ভেঙে গেছে খগেনের। ভগবান্‌দিল প্রায় বোঝাই যাচ্ছিল না।

'ফটিক না?'

'হুঁ,' ফটিক ঘাড় কাত করেছিল, 'খগেন না?'

'হুঁ।'

'কেমন আছিস?'

কাঁধ থেকে লুঙ্গি, গামছার পুটলিটা নামিয়ে রেখে খগেন কেমন যেন ধুকছিল। দুবার কাশল।

'থাকার কথা বলছিস ভাই, থাকা আর আমাদের হল না, একেবারে মরে আছি।'

'লুঙ্গি, গামছা এনে হচ্ছে?' পুটলিটার দিকে চোখ রেখেছিল ফটিক।

'হুঁ, কিন্তু সুবিধে হচ্ছে কোথায়— এর মধ্যেই বার-দেনা হয়ে গেছে, পুঁজি না থাকলে কোনো ব্যবসাই চলে না। তোর কোনোরকম সুবিধে হল?'

ফটিক মাথা নেড়েছিল। চায়ের ব্যবসার কথা শুনিয়ে খগেনকে খাপ্পা দিতে পারে নি সে, দরকারও ছিল না। ঐ তো চেহারা দেখাচ্ছিল খগেনের, আর তার বেশভূষা, পায়ের চটিটা অনেকদিন আগেই ফেলে দেওয়া উচিত ছিল। এমন চটি কেউ পায়ে রাখে?

'না রে ভাই, কোনো সুবিধেই হচ্ছে না,' ফটিক অকপটে স্বীকার করেছিল, 'আমারও ঐ একই অবস্থা, এমন পুঁজি নেই যে, একটা পান-বিড়ির দোকান দেব।'

'আমার তো এখন এই ব্যবসাটা ভাবনা ছেড়ে দিয়ে দেখে নিজে চালাব ভাবছি।' ঘাড় তুলে ফটিক খগেনের গলায় হেসেছিল। কিন্তু তা-ও করার জো নেই। খগেন যাচ্ছে, ঘুরে ঘুরে বেচছে, গামছা চলছে দিয়ে বুকের অসুখ বাধিয়ে ফেলেছে।'

'বুকের অসুখ!' ফটিক চমকে উঠেছিল। চোখ দুটো ডুলো করে আর একবার ভাল করে খগেনের আকাশে মুখটা দেখছিল। খগেন কাশছিল। কুঁকছিল। ঐ অবস্থায় সে মাথা ঝাঁকাল।

টি-বি সন্দেহ করছে ডাক্তার। একবার বুকের ফটো তোলা হয়েছে। দেখে ওষুধ খেতে দিয়ে ডাক্তার বলছে, আবার তিন মাস পর ফটো নিতে হবে। রোজ ঠাণ্ডা, ভাত খেতে পাই না, মাসে তিরিশ-চল্লিশ টাকার ওষুধ, পনেরো টাকা খরচ করে তিন মাস পর আবার ফটো।'

জলহাওয়াটা ভয়ানক গুমসে হয়ে-উঠেছিল। চৈত্র মাসের দুপুর। বোধ চেনান করছিল। ঠিক তিন মাস আগে রাজাবাজারের মোড়ে ছিন্নর দুপুরে খগেন সমাদ্দারের সঙ্গে দেখা হয়েছিল না? তারও সাত মাস আগে সিদ্ধেশ্বর মেটাল কারখানার মালিক কারখানার দরজায় তালা ঝুলিয়ে দিয়েছিল। কাজেই হিসেব মতন ফটিক এক বছর বেকার হয়ে ঘরে বসা। হুঁ, চলতি কথায় ঘরে বসা। কিন্তু বসে থাকলে তার চলত কি? তিন-তিনটে পেট বেকথা শুনত? ব্যারাম হয়ে খগেনও কি ঘরে বসে থাকতে পেরেছিল? থাক সে। কথা হচ্ছে, গত শুক্রবার শেয়ালদা স্টেশনে হারানের সঙ্গে দেখা। বেলঘরিয়ার ছেলে। সিদ্ধেশ্বর মেটাল কারখানার আর এক হতভাগা। হারানের মুখেই শুনেছিল সে, তিন বছর-বারো আগে খগেন মারা গেছে। টি-বি হয়েছিল। খগেনও বেলঘরিয়ার মানুষ ছিল কি না, কাজেই হারান সকলের আগে খবরটা জেনে গিয়েছিল।

'তুই, তোর খবর কি?' যেন খগেন নেই—গেছে, তার কথা ভেবে শোক করার আর লাভ নেই, এখন যে কজন বেঁচে আছে, তাদের নিয়েই ভাবনা, এমন একটা চেহারা করে ফটিক গম্ভীর মুখে হারানের চোখ দুটো দেখছিল। 'কোথাও সুবিধে করতে পারলি?'

'না', হারান মাথা নেড়েছিল। ফটিকের কানের কাছে মুখ এনে ফিসফিসিয়ে বলছিল, 'একটা কথা বললে বিশ্বাস করবি?'

'হুঁ, হুঁ, কেন করব না, এ-বাজারে অবিশ্বাস করার কিছু নেই।' অতঃ

[সেবারণ ১০২৩ পৃষ্ঠায়]

আনন্দসাগর

শঙ্করীপ্রসাদ বসু

একটি বালকের বিদ্যাসাগর

১১১

বিদ্যাসাগরের সঙ্গে প্রথম পরিচয় আনন্দের ছিল না। প্রথমেই 'প্রথম ভাগ' বইখানার চেহারাতেই অপছন্দ করেছিলুম। অন্যান্য স্কুলে তখন ভালো আকারের ঝর্ঝরে-ছাপার বই চালু হয়ে গেছে, তাতে ছবির বাহার ছত্র, আর আমাদের পাঠশালায় (আমার বিদ্যারম্ভ পাঠশালাতেই হয়েছিল; পটলের আকারে খড়ি দিয়ে 'অ-আ-ক-খ' লেখা, তারপরে কিছু উন্নতি হলে লাল কালির কাগজে কলম-কাটা খাগের টানা-লেখা; সত্যই আমরা একেবারে হরফের থেকে একাদে অবতীর্ণ হয়েছি!) পুরোনোপন্থী গুরুমশায় কি না বিনাপয়সে পাওয়া লাল মলাটের খাটো আকারের প্রথম ভাগ হাতে রাখলেন। বইটার নির্বাচনে পিতৃদেব মিশ্চয় খুশি হয়েছিলেন, কারণ তার দাম, যতদূর মনে পড়ে, পাঁচ পয়সা ছিল, কিন্তু আমরা তখনো 'ঘোড়া পুরোনো ঘোড়া' হইনি, তাই ও-হেন অশ্লেষের চেহারার কোনো বই পেয়ে সুখী হওয়া সম্ভব ছিল না। বইটার উপরে একটা বুড়ো মানুষের ছবি ছিল, ভয়ানক কড়া চেহারার, চোখে-মুখে অসহ্য লিখনের কঠোর নীরসতা—সেই বোধ হয়, উনিই বইটির লেখক। গুরুমশায় বইটি নিজের মাথায় ঠেকিয়ে, আমাদের সকলের মাথায় ঠেকাবার নির্দেশ জারি করে 'অজ' আরম্ভ করেছিলেন, যে-কাজটা আমার খুবই খারাপ লেগেছিল, কারণ সরস্বতীর অষ্টম গর্ভের সন্তান ছিলাম না।

বিদ্যাসাগরকে তাঁর কীর্তি (যিনি কি না ছোট ছেলেদের লেখাপড়ার ধারা করেন) এবং চেহারা কোনো দিক দিয়েই ভালবাসতে পারি নি। অপছন্দ ক্রমেই বেড়েছিল। 'প্রথম ভাগের শেষে 'জল পড় পাতা নড়' নামক কবিতা মহাকবি রবীন্দ্রনাথের জীবনের আদি কথা, এ কথা পরে জেনেছি, কিন্তু ঐ অংশও আমার নিজের পড়া-মনে কোনো দোলা লাগাতে পারে নি। ছোট বয়সে দোড়া থেকে ঘোড়ায় রূপান্তর করতে তার ভাল লাগে, কিশোরও প্রায় সুরুতেই যদি 'ঐরাবত, পারলৌকিক, সুশীল, অকস্মাৎ' এসে যায়। বানানের চেনা কায়দাবার পরে যেই-না লাল ফুল, ছোট পাতা, শীতল জল-এ এসে একটু জুড়িয়েছি, অমনি উপদেশ—উপদেশের পর উপদেশ—জীবনে যা কাজে লাগবে না।

কখনো মিছা কথা কহিও না;
কাহারও সহিত কলহ করিও না;
কাহাকেও গালি দিও না;
ঘরে গিয়া উৎপাত করিও না;
রোদের সময় দৌড়াদৌড়ি করিও না;
পড়িবার সময় গোল করিও না;
সারাদিন খেলা করিও না।

যা রে, ঐ সব উচিত কাজ যদি না করব তো করব কি? বাড়িতে যে-সব কথা শুনে শুনে কান পচে গেছে, পাঠশালায় গিয়ে সেই কথা আবার আওড়াতে হল।

"দেখ রাম, কাল তুমি পড়িবার সময় বড় গোল করিয়াছিলে। পড়িবার সময় গোল করিলে ভাল পড়া হয় না; কেহ শুনিতে পায় না। তোমাকে বারণ করিতেছি, আর কখনও পড়িবার সময় গোল করিও না।"

"লক্ষ্মীন, কাল তুমি বাড়ি যাইবার সময় পথে হরকে গালি দিয়াছিলে। তুমি ছেলেমানুষ, জানো না, কাহাকেও গালি দেওয়া ভাল নয়। আর যদি তুমি কাহাকেও গালি দাও, আমি সকলকে বলিয়া দিব, কেহ তোমার সহিত কথা কহিবে না।"

"যদিলাল, কাল তুমি পড়িতে এস নাই কেন? শুনিলাম, তোমার কাজ ছিল না, মিছামিছি কামাই করিয়াছ; সারা দিন খেলা করিয়াছ; রোদে দৌড়াদৌড়ি করিয়াছ; বাড়িতে অনেক উৎপাত করিয়াছ। আজ তোমাকে কিছু বলিলাম না। দেখিও, আর যেন কখনও এরূপ না হয়।"

এর পরেই 'প্রথম ভাগের সুবিখ্যাত উপসংহার—গোপাল ও রাখালের চরিতকথা। "গোপাল বড় সুবোধ। তার বাপ যা বলেন, যা বলেন, সে তাই করে। যা পায় তাই

বলে।" অর্থে "গোপাল বেশ সুবোধ, রাখাল তেমন নয়, সে বাপ মার কথা শুনে না; তা খুশী তাই করু; সারাদিন ইস্কুলে যায়।" ছেলের রাখালের সঙ্গেই আমার আচরণের তুলনা; এবং তা আমার পরিবারের সকলে মনে মনে মেনে নিয়েছিলেন। তাঁরা কবীন্দ্রমাধবের 'বিদ্যাসাগর-চরিত' পড়েন নি, রাখাল-গোপালের মধ্যে গভীর ভালো কিছু থাকতে পারে, একথা জানবার সুযোগ তাঁদের ঘটে নি, স্বয়ং বিদ্যাসাগর রাখাল-জাতীয় বালক ছিলেন—এই জ্ঞানের শিকারেও তাঁরা বঞ্চিত ছিলেন; অপরপক্ষে সবাই আমার বাবার নয়ন গোপাল, সবাই তিনি লেখাপড়ায় ও আচার-আচরণে প্রথম হোক এই আশা করতেন—সুতরাং আমি যে ইস্কুলের বিদ্যাসাগরের আখ্যান—এ তিনিও সহজেই আমার পুতুলখেলা অভিলাষের কারণ মেনে নিয়েছিলেন, ও সেই অজুহাতে আত্মীয়-স্বজন বা পাড়া-প্রতিবেশীদের কাছে আমার দুষ্টপনার পরিচয় দিতে দিতে আমার জন্মাবধি অভ্যাসের কথা জানতে তাঁরা ভুলতেন না। বাংলার সাহিত্য-গগনের প্রবাদ মহাপুরুষ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর সকল বাঙালীর অজ্ঞাতসারে 'প্রথম ভাগ' দ্বারে আমারই চরিত্রকথা লিপিবদ্ধ করে গেছেন, এই বোধহয় অবাধ হবার পক্ষপাতে বাপে আমার দাঁত কিড়মিড় করত এবং সাহিত্য-গুরু বিদ্যাসাগর এই অজ্ঞ লেখকের কাছ থেকে দন্ত কিড়মিড় করা নয়ও একটি শব্দলিখিত বাস্তবচিত্র পুতুল-বাঁধনসূত্রে পেয়ে গিয়েছিলেন।

প্রথম ভাগের বিড়ম্বনা বিস্মৃতে পরিণত হলে দ্বিতীয় ভাগ এল। উঃ, সেদিনটা মনে পড়ে, যেখানে পড়া নেই, ভাষা নেই, ভেদ নেই, শুধু দ্বিতীয় ভাগ আর বিয়োগ। আমার জীবনের প্রথম বিয়োগবেদনার সঙ্গে দ্বিতীয় ভাগের ভাঙাচোরা, ছিঁড়েখোঁড়া, ঝাঁঝিকা, নিরেট-র বিশ্রীভাবে জড়িয়ে গিয়েছিল। ভাঙাচোরা গল্প ছিল—সবগুলিই কিন্তু চোখ-ভাসানো দুঃখমোহনকারী। বাঘব নামক বালকটির লেখাপড়ায় মন ছিল না, বিদ্যালয়ে না গিয়ে পথে খেলা করে বেড়াত এবং সেই সব কাজে অন্যান্য বালকদের দুঃখমোহনে চেষ্টা করত; সচ্চরিত্র অভিভাবিত বালকগুলি সেই দুষ্ট বালকের দ্বারা দুঃখমোহনের কাছে কান ধরে দিয়েছিল" ফলে বাঘবের পাঠশালায় বা বাড়িতে দুর্ভোগের শেষ ছিল না: বাঘবের পিতা শুনিয়া অতিশয় ক্রোধ করিলেন, তাহাকে অনেক ভর্ৎসনা করিলেন, বই ভাঙিয়া যাহা কিছু দিয়াছিলেন, সব কাড়িয়া লইলেন। সেই অবধি তিনি বাঘবকে ভালবাসিতেন না, কাছে আসিতে দিতেন না, সম্মুখে আসিলে দূর দূর করিয়া তাড়াইয়া দিতেন।"

নবীনও বাঘবের পথের পথিক, সেও খেলার ছলে ভাঙবার চেষ্টা করত অন্যান্য বালকদের। কিন্তু সেই সকল দুর্বৃত্ত অসমর্থবান বালকেরা আমা থেকে নবীনকে নানা-প্রকার সদুপদেশে শাসিত করে সরকারে চলে গিয়েছিল, ফলে নবীনের চৈতন্য হয়েছিল। সে লেখাপড়ায় মন দিয়ে আমাকে বিদ্যা শিখিয়েছিল।

এহেন সৌভাগ্য বাঘবের হয় নি। ফোঁপার অভ্যন্তর ছিল তার পরিণত আত্মা দুঃখ পাওয়া। পরিণতিতে সে পাকে চোরে মতো বাঁড়িয়েছিল, আমাকে আড়ি ডেকে তাড়িয়ে দেওয়া হয়েছিল। "আমাদের দুঃখের সীমা ছিল না। সে যাইতে না পাইয়া, পেয়ারার অন্বেষণায় ব্যাকুল হইয়া, সমস্ত সারা কাঁদিয়া বেড়াইত।"

একমাত্র পক্ষে এই অবিশ্বাস্য কাহিনী—চুরি করলে আমি পড়তে হয়ই সেই সূত্রে ছিল গ্রাম নামক একটি নিষ্পাপ ছেলের অকালকথা। গ্রাম শিশুমাত্রার কথার অবোধ হয় না, সে বড় ভাইবোনদের কথা শোনে, ছোট ভাই-বোনদের ভালবাসে, বন্ধুদের সঙ্গে-প্রাণভরা শোষণ করে, শিক্ষকদের ভক্তি করে, জানাকে কানা, খোঁড়াকে খোঁড়া বলে না ইত্যাদি। স্বাভাবিকী আমার কথার মতো একমাত্র হাসি কাহিনী ছিল ভুবনের—কাহিনীটা অবশ্যে ভুবনের ফাঁসির আদেশ হয়েছে (একেবারে ভাজির বিচার)—সর্দার মেয়ের ফুল মাস্টার জানে ভুবন তার বিদ্যাবাণী শোনাচ্ছে, ঠিক তখনি—কট্টাস্—আহা অসুখে—ভুবন মাস্টার কান ধোরে কাঁচের বাঁশ দিয়ে কেটে নিয়েছে। আমার স্মৃতিতে সাঁচা ছিল না। উদাসীন ভুবনমোহনকে প্রথম পর্যন্ত করে-ছিলুম—মোটা কানটা কি ভুবনের দুঃখের মধ্যে থেকে গিয়েছিল? মাসী, তুমিই আমার ফাঁসির বারণ—এই কবিতার কলকারে মন-প্রাণ ভরে গিয়েছিল। মাসী ও ভুবনে মশায় আমার চেতনায় তখন একাকার। দ্বিতীয় ভাগের এই অংশটা ক্লাসিক, কিন্তু তার আগে—বাপরে—'ফুলকপিকা', 'মশকের', 'মুখটী', 'মুখোকেল', 'আঘাত', 'ফুটোমিত', 'উপায়ন'। আচার্যের কথায় ও কাজে তফাতও বেশবাস। এই সব কথা বালকদের শোনাবার পরেও তিনি লিখেছেন: "কখনও কাহাকেও ভুবাকা কহিও না।"

এই দ্বিতীয় ভাগ—তার উপর বিভীষিকা—ফার্স্ট বুক। শোনা যেত, ফার্স্ট বুকের ঘোড়ার পাহার পরে অনেকের পক্ষেই এগোনো সম্ভব হয় নি। সম্ভব হবে কি করে—যা ঘোড়ার চেহারা। দুষ্টু ঘোড়ার চেয়ে দুষ্ট আন্তাবল ভাল। ফার্স্ট বুকের মালিক জনকয়ার প্যারটিকল সরকার নাকি বিদ্যাসাগরের বন্ধু। হতে হবেই। না হয়ে পারে।

এও অবশ্য মত—অন্য। অন্যের আতঙ্ক নিয়েই বোধ হয় জন্মেছিলুম। অন্য ঈপ্সিত অন্য করে ফেলার মত বন্ধুর প্রতিভা পাঠশালায় ছিল না। তাদের কৃতিত্বে ঈর্ষা করে আমি আর কিছুই উপহার দিতে পারি নি। মাস্টার পণ্ডিত, আত্মীয়ের গাঁটে ঈসপ্ ঈসপ্ কাঁচি-ফেডের ঠোকর এবং অবিরত অনুযোগের জ্ঞানীয়ের উপদেশ হতে হতে এক-এক সময় বড় বৈরাগ্য এসে যেত। তেমনি মানসিক অবস্থায় একবার একটি বন্ধুর নিমন্ত্রিত-সভায় পাঠশালায় যাওয়া ছেড়ে দিয়েছিলুম (এখনকার সাধ না পূরিল, আশা না মিটিল ধারায়)—সেটি কম দেওয়া অনুযোগিল কৌশল—অসুখ, ফুল-এর সাজি-দোয়াত—এই অন্তে তখনকার দাদিম আবিষ্কারিত অনুযোগের কারণ—আমি নাকি বাড়ির সব চেয়ে ভাল ছেলের চরিত্রের বাজার করে দিয়েছি।

একটা অসামাজিক ভয় থেকে আমাকে চিরতরে নিষ্কৃতি দিয়ে ফেলবার জন্য দুর্ঘটনার কোন্ সংশোধনী শাস্ত্রীয়শিক্ষক বিশ্বোদ্ভাবন, তার ইতিহাসে আর নাই দেখলুম।

এই পরিপ্রেক্ষিতে—আজ না পাবার জন্য যখন অসীম সাধনা হচ্ছে—তখন হঠাৎ বিদ্যাসাগরকে ভালবাসার সুযোগ পেয়ে গেলুম। দুর্ঘটনার হাত আমার শরীর থেকে সরিয়ে, সেই হাত নিজেদের ভাগ্যিতে উঁচু করে তুলে, ছেলেদের মধ্যে আমার সাড়ম্বরে যে অসম্মানকর উঠে-ছিল তাকে থামালেন; তাদের গল্পটা বললেন। দ্বিতীয় ভাগের প্রথমভাগের লেখকের বাল্যদুর্গতির অদ্ভুত কাহিনী আমরা শুনলুম। সে কাহিনী বাঙালী দেশের প্রায় সকলেই জানেন। বীরসিংহ গ্রাম থেকে হাঁটা-পথে কলকাতায় আসার সময়ে পথপার্শ্ববর্তী ইশ্বরচন্দ্র পথের ধারে মাইল স্টোনের উপরে ইংরেজী সংখ্যা দেখতে দেখতে ইংরেজী সংখ্যা-গুলো আয়ত্ত করে ফেলেছিলেন। খুব মজা হয়ে গিয়েছিলুম। সেই তন্ময়তার অবসরে দুর্ঘটনার পাশ কাটিয়ে আমার দিকে সকলের দৃষ্টি আকর্ষণ করে আনলেন—সেই বিদ্যাসাগর আর আমাদের এই বিদ্যাসাগর! তারপরেই আমার মুটি ধরে মাতা দিয়ে (মাথা কলে অবশ্যে টাক পড়ে গেছে), দাঁতে দাঁত পিষে বললেন—পথ হাঁটতে হাঁটতে একটা মুখের ছেলে ইংরেজী অঙ্ক শিখে ফেললে, আর এই বুড়ো ধেড়ে খোকা (মোটা নয়, মোটেই তখন বুড়ো ছিলুম না।)—লজ্জা হয় না বাঁদর!"

বলাই বাহুল্য, বিদ্যাসাগর সম্বন্ধে মনে আমার বাল্যাবিদ্বেষ জন্মেছিল। বিদ্যাসাগর-পুরাণের মধ্যে প্রবেশ না করে আমাদের উপায় ছিল না। সাহেবের মুখের সামনে চাটিজুতোয় নাচানোর কাহিনী শুনে কত হাসলাম; কত জামোদর সাঁতরে পেরিয়ে প্রতীক্ষাব্যাকুল মায়ের কাছে প্রবলবেগে হাজির হয়ে ছেলে বলল, মা আমি এসেছি—চমকে পিছনে স্তব্ধ হয়ে গেলাম; ভক্তিতে আবেগে বিগলিত হয়ে গেলুম—বিদ্যাসাগর পথের উপর থেকে কলেরা রোগীকে বুকে তুলে নিয়েছেন। আমাদের অজ্ঞাতে 'প্রথম ভাগে' ছাপা ছবির কঠোর মানুষটি একেবারে ভালবাসার পিতা হয়ে গেলেন—শকুন্তলার পিতা কণ্ব—নাকি বিদ্যা-সাগর! শকুন্তলার পতিগৃহে যাত্রার অমর রচনা আমার জীবনে প্রথম গভীর সাহিত্যের রস এনে দিল—গভীর অথচ নিকট—কারণ ও-দৃশ্যের সাক্ষী কি আমি নিজে নই, নিজের বাড়িতেই।

বিদ্যাসাগরকে নতুন করে জানলুম। বিদ্যাসাগর বিরাট পণ্ডিত, শ্রেষ্ঠ শিক্ষাবিদ্, সমাজসংস্কারক এবং জাতীয় মর্যাদার আপসহীন প্রতিনিধি। জানলুম তাঁর মনুষ্যত্ব ও পৌরুষকে। জানলুম তাঁর অপূর্ব প্রেমকে, যা অজস্রতে বিগলিত হত নিরন্তর এবং প্রবাহিত হত মর্ম-ঘাতের দ্বারা বিদ্ধ দুর্গত মানুষের জীবনের দিকে। মানুষের প্রতি ভালবাসায় সহস্র-চক্ষু, সহস্র-বাহু সেই সকলের ঈশ্বর।

বিদ্যাসাগরের কোন্ ইঞ্চের আমার এবং প্রায় সকল বাঙালীর কাছে উপাদেয় ছিল? তা হল তাঁহার কঠোর ধীরের একটি মূর্তি, বিরাট এবং দুর্ভেদ্য; অন্যদিকে কোমল অশ্রুব্যাকুল জলাভিলাষী। কোমলেতেই কিন্তু সহজ যাতায়াত মানুষে তিনি নন। বিদ্যাসাগর চরিত্রে বাঙালী নন; তিনি এত বিরাট ও মহান যে, তাঁকে যদি হবি বাঙালী আমরা, তাঁকে নিজেদের কাছে কখনো পাবি হতে পারি না; বাংলা দেশের সবাই একক, বিদ্যাসাগরই একমাত্র দ্বিতীয়হ ইত্যাদি। রামেন্দ্রসুন্দর বলেছেন "বিদ্যাসাগর এত বড় ও আমরা এত ছোট, তিনি এত সোজা ও আমরা এত বাঁকা যে, তাঁর নাম গ্রহণ আমাদের পক্ষে বিষম বিপজ্জনক বিদ্যা বলিয়া বিবেচিত হইতে পারে।" আমাদের মেরু-দণ্ডের সনাতন কোমলতা সম্বন্ধে বিজ্ঞার দিয়ে তিনি সবিস্ময়ে প্রশ্ন করেছেন, "এই দেশে এই জাতির মধ্যে সহসা বিদ্যাসাগরের মত একটা কঠোর কণ্টকাকীর্ণ মানুষ কিরূপে উদ্ভূত হইল, তাহা বিষম সমস্যা হইয়া দাঁড়ায়। সেই দুর্ধর্ষ প্রকৃতি, যাহা ভাঙিতে পারিত, কখনও নোয়াইতে পারে নাই; সেই উন্নত পুরুষকার, যাহা সহস্র বিঘ্ন ঠেলিয়া ফেলিয়া আপনাকে অব্যাহত রাখিয়াছে; সেই উন্নত মস্তক, যাহা কখন অন্যের নিকট ও ঐশ্বর্যের নিকট অবনত হয় নাই; সেই উন্নত স্বেচ্ছাবতী ইচ্ছা, যাহা সর্ব-বিধ কণ্টকের হইতে আপনাকে মুক্ত রাখিয়াছিল, তাহার কলমেলে আবির্ভাব একটা অদ্ভুত ঐতিহাসিক ঘটনার জন্য দায়ী হইবে, সন্দেহ নাই।" সুতরাং সেই "প্রকাণ্ড আদর্শটাকে সংকীর্ণ বাঙালীর সীমার মধ্যে আবদ্ধ রাখিতে বাঙালা নিতান্ত দুষ্চেষ্টা, এবং বিদ্যাসাগরের জীবনচরিত "বড় জিনিসকে ছোট দেখাইবার জন্য নির্মিত দর্পণস্বরূপ" অর্থাৎ "আমাদের দেশের যাহারা খুব বড় বলিয়া আমাদের নিকট পরিচিত, ঐ দুটি একখানি সম্মুখে ধরিবামাত্র তাঁহারা সহসা অতিমাত্র ক্ষুদ্র হইয়া পড়েন।"

জন্মে বাঙালী হলেও কর্মে ও ধর্মে বিদ্যাসাগর যে বাঙালী ছিলেন না, একথা রবীন্দ্রনাথের 'বিদ্যাসাগর-চরিত' নামক অকৃতজ্ঞতীয় রচনার সাহায্যে জেনেছি। আমরা ঠিক সামান্য এবং বিদ্যাসাগর কত অসামান্য, রবীন্দ্রনাথের প্রতিভা একলব্য করে ঐ লেখায় দেখিয়েছে। "মাঝে মাঝে বিধাতার নিয়মের এরূপ আশ্চর্য ব্যতিক্রম হয় কেন, বিশ্ব-কর্মা যেখানে চার কোটি বাঙালি নির্মাণ করিতেছিলেন সেখানে হঠাৎ দুই-একজন মানুষ গড়িয়া বসেন কেন, তাহা বলা কঠিন।" এবং—আমাদের এই অসম্মানিত দেশে ঈশ্বর-চন্দ্রের মতো এমন অবশ্য পৌরুষের আদর্শ কেমন করিয়া জন্মগ্রহণ করিল আমরা বলিতে পারি না। কবের বাসা কোকিল ডিম পাড়িয়া যায়—মানব-ইতিহাসের বিধাতা সেইরূপ অগোচরে কৌশলে বঙ্গভূমির প্রতি বিদ্যাসাগরকে দান করিবার ভার দিয়াছিলেন।" বিদ্যাসাগরের দয়া বাঙালির দয়া নয়, তাও জেনেছি। "বিদ্যাসাগরের দয়ার কেবল যে বাঙালিজনসুলভ হৃদয়ের কোমলতা প্রকাশ পায় তাহা নহে, তাহাতে বাঙালি-দুর্লভ চরিত্রের বলশালিতারও

পাওয়া যায়।" সুতরাং বিদ্যাসাগর এবং রামমোহন "সুবেসুরো, আচার-ব্যবহারে সম্পূর্ণ বাঙালি" হওয়া সত্ত্বেও পাশ্চাত্য বিদ্যুষ্টা, সত্যানিষ্ঠা, লোকহিতৈষা, দৃঢ়প্রতিজ্ঞা এবং আত্মনির্ভরতায় বিলেষরূপে য়ুরোপীয় মহাজনদের সহিত তুলনীয় ছিলেন।" এক্ষেত্রে রবীন্দ্রনাথের যথা অবশ্য আলোচনা করা যাক, কারণ রামমোহন মোটেই বেশভূষায়, আচার-ব্যবহারে সম্পূর্ণ বাঙালি ছিলেন না, কিন্তু বিদ্যাসাগর অবশ্যই তা ছিলেন, এবং রামেন্দ্রসুন্দরের বিদ্যাসাগরের চরিত্রবৈচিত্র্যের তত্ত্ব প্রকারান্তরে যাহারা করেছেন, তা মনে রাখার কোনো: "চরিত্রবৈচিত্র্য দ্বারা তাহাকে একটা অসাধারণত্ব দান করিয়া তাহার একটা বিশেষ মূল্য নির্ণয় করিবার চেষ্টা করা হইত।" রামেন্দ্রসুন্দর, রবীন্দ্রনাথের মতোই বাঙালি চরিত্রের ক্ষুদ্রতার পাশে বিদ্যাসাগর-চরিত্রের বৃহৎ মূল্যকে উপস্থিত করেছেন, তাহলেও একই সঙ্গে তিনি বিদ্যাসাগরকে খাঁটি বাঙালি বলেই মনে করেছিলেন। "তিনি খাঁটি বাঙালির ঘরে জন্মগ্রহণ করিয়াছিলেন।...যেমন বাঙালিটি হইয়া তিনি ভূমিষ্ঠ হইয়াছিলেন, শেষ দিন পর্যন্ত তেমনি বাঙালিটিই ছিলেন। তাঁহার নিজের এত সম্বল ছিল যে, অন্যদেশ হইতে পরের মুখের তাঁহার কখন প্রয়োজন হয় নাই; এমন কি, তাঁহার এই নিজের সম্বলের সময়ে এমন উচ্চ মুষ্টি বাঁধন করিত যে, তিনি কদাচিৎ এই সম্বলকে সম্পূর্ণ হইতে দূরে ফেলিতেন। পাশ্চাত্য চরিত্রের সহিত তাঁহার চরিত্রের যে-কিছু সাদৃশ্য দেখা যায়, সে সমস্তই তাঁহার নিজস্ব সম্পত্তি অথবা তাঁহার পূর্বোপার্জিত অনত্ত নৈসর্গিক সম্পত্তি।"

রামেন্দ্রসুন্দর বিদ্যাসাগরের মানবপ্রীতিকে পাশ্চাত্য দেশানুরাগের সমতুল এত জরে দেখেন নি। "বিদ্যাসাগরের লোকহিতৈষিতা সম্পূর্ণ স্বতন্ত্র ব্যাপার। ইহা কোনোরূপ রাষ্ট্রিসাম্যের, ধর্মসাম্যের, অর্থসাম্যের বা সমাজসাম্যের অপেক্ষা করিত না।...কোনো স্থানে দুঃখ দেখিলেই যেমন করিয়াই হউক তাহার প্রতিকার করিতে হইবে—একান্তের সমাধানের সর্বদা তাহা স্বীকার করিতে চাহে না। কিন্তু দুঃখের অস্তিত্ব দেখিলেই বিদ্যাসাগর তাহার কারণানুসন্ধানের অবসর পাইতেন না। লোকটা অভাবে পড়িয়াছে জানিবামাত্রই বিদ্যাসাগর সেই অভাব মোচন না করিয়া পারিতেন না।" "অন্যকে দেখিলে জননীর স্নেহের উৎস আপনা হইতে উথলিয়া ওঠে, কোনরূপ ক্রটি-শোধ দেবার বা কর্তব্য নির্ণয়ের সময়ের প্রয়োজনমাত্র উপস্থিত হয় না"—বিদ্যাসাগরের ছিল সেই স্নেহ। বিদ্যাসাগর তাই বলিতেন—অভিধান করার চোখের জল। "রামায়ণ ও ইতিহাসের অন্তরের একটা অপরূপ জনকসমাজে প্রতিষ্ঠিত আছে। কোনো একটা কিছু ছল পাইলেই আমরা কবির পূর্ণিমা তাসাইয়া দেখেন। বিদ্যাসাগরের জীবনচরিত গ্রন্থের প্রতি পাতাতেই দেখিতে পাওয়া যায়, বিদ্যাসাগর কাঁদিতেছেন। বিদ্যাসাগরের এই রোদনপ্রবণতা তাঁর চরিত্রের একটা বিশেষ লক্ষণ। কোনো দীন-দুঃখী আসিয়া দুঃখের কথা আরম্ভ করিতেই বিদ্যাসাগর কাঁদিয়া আকুল; কোনো বালিকা বিধবার মলিন মুখ দর্শনমাত্রেই বিদ্যাসাগরের অশ্রুসম্বরণ বলা প্রবাহমানা; ভ্রাতার অথবা মাতার মৃত্যু-সংবাদ পাইবামাত্র বিদ্যাসাগর বালকের মত উচ্চৈস্বরে কাঁদিতে থাকেন। বিদ্যাসাগরের বাহিরটাই অস্ত্রের মত কঠিন, ভিতরটা পুষ্পের অপেক্ষাও কোমল। রোদন ব্যাপার বড়ই গর্হিত কর্ম, বিজ্ঞের নিকট ও বিরাগীর নিকট অতীব নিন্দিত। কিন্তু এইখানেই বিদ্যাসাগরের অসাধারণত্ব; এইখানেই তাঁহার প্রভাব। প্রতাঁচ্য দেশের কথা বলিতে পারি না, কিন্তু প্রাচ্য দেশে রোদনপ্রবণতা মনুষ্যচরিত্রের যেন একটা প্রধান অঙ্গ।...ভাগীরথী কলার পুণ্য ধারায় যে-ভূমি দুধে ধানে শস্যশ্রিয় সুজলা-সুফলা-শস্যশ্যামলা হইয়া রহিয়াছে, হিমালয়ী কলার পুণ্যের অনুস্রোতবাহ সহস্র ধমনীর ধমিয়া যে-জাতিকে সসাগর-তাপ হইতে শীতল রাখিয়াছে, সেই ভূমির অন্ন ও সেই জাতির মতো বিদ্যাসাগরের আবির্ভাব সম্ভব ও স্বাভাবিক।"

রবীন্দ্রনাথকে নমস্কার করি। বিদ্যাসাগর প্রসঙ্গে তাঁর জীবনের পূর্ণ আর কিছু সম্ভব কি না জানি না। কিন্তু রবীন্দ্রনাথ বিদ্যাসাগরকে আমাদের কাছ থেকে সরিয়ে রেখেছেন। বিদ্যাসাগর অসাধারণ—সর্ববিষয়ে তিনি আমাদের থেকে মহান—তাঁর কাছে দাঁড়াবার যোগ্য আমরা নই—তিনি অনুকরণীয় অত্যাশ্চর্য ব্যাপার—তিনি কেবল আমাদের বিস্ময়ের, আমরা দু হাত বাড়িয়ে নিয়েছি, তারপরে কৃতজ্ঞতা দেখিয়েছি—এমন চরিত্র কি কারুর এবং তাদবাসার মানুষ হতে পারেন? রবীন্দ্রনাথ বলেছেন, "এই ব্রাহ্মণতনয় যদি তাঁর মানসিক শক্তি নিয়ে কেবলমাত্র দেশের মনোরঞ্জন করতেন, তাহলে অনায়াসে আজ তিনি অবতারের পদ পেতেন"—বিদ্যাসাগর অবতার হন নি, কিন্তু রবীন্দ্রনাথের কন্যায় বিদ্যাসাগর দুর্গম ঐশ্বরিক প্রকাশের নিত্রে বিরাজমান, সেখানে সাধারণের পক্ষে উপস্থিত হওয়া অসম্ভব। এমন চরিত্রকে ভক্তি করা যায়, ভালবাসা যায় না।

রবীন্দ্রনাথের তুলনায় রামেন্দ্রসুন্দরের বেশনে বিদ্যাসাগরের প্রতি রোমান্টিক প্রেমের প্রকাশ দেখেছেন, সেখানে অনেক মৌলিক ভেদ রয়েছে, রবীন্দ্রনাথের বিদ্যাসাগর-প্রশস্তির-ভেদেও, তার মধ্যে প্রাচীন কবির প্রেমা এক ইংরেজের সাহেবের সঙ্গে বাঙালী মায়ের প্রেমের কথা ছিল। তবু এই মধুর কবিতার মধ্যে একটা বিষাদ ছিল না, রোমেন্দ্রের উচ্চারণে বিদ্যাসাগর-চরিতকথকের অভাব নয়। রোমেন্দ্র লিখেছিলেন।

"আজিকে দেখো সবার আগে দুঃখ সুখেতরা,
বিদায় সাদর ধরণি, জনের বিদায়।
অনেক সাহিত্যরত্ন নিকট সমাপনী,
বীণা-পাশে অন্তিমের স্নেহে আসবাণী।

উপমায় গ্রামের শিবা, রাত্রে শাশ্বাড়,
ছাওয়াল বিধবা-বৌ জমায়েত বাড়ি।
প্রতিজ্ঞায় পরদুঃখ, ধর্মাকর্ম ধ্যানে,
স্বাতন্ত্র্যে সে-কুলকাঠা—পারিজাত ঘ্রাণে।
ইংরিজির বিয়ে তাহা সংস্কৃত ডিগ্রি,
টোল-স্কুলী-অধ্যাপক দুয়েরই ফিনিশ্‌ড্‌।

না, এর কিছুতেও সেই জিনিসটি নেই, যা বিদ্যাসাগরের মধ্যে সত্যই ছিল, যা একেবারে আমাদের কাছে তাঁকে হাজির করে দিতে পারত—বিদ্যাসাগরের হাসি। বিদ্যাসাগর সজনে কহেন, জনমে কহেন, হাসেন না? বিদ্যাসাগরের আর সমস্ত বীরত্ব দেখব কিন্তু হাসির বীরত্ব দেখব না—যা তাঁর করুণার অশ্রুকণার মধ্যে আলোক-সম্পাত করে তাঁকে বাঁচিয়ে রেখেছিল এবং বাকি সকলকে আনন্দে তাঁর কাছে টেনে এনেছিল। বিদ্যাসাগরের কারুণ্য নিয়ে রাজনীতির চর্চা করতে আমাদের লেখকদের শক্তি-ক্ষয় হয়ে গেছে, কিন্তু সকল শক্তির অতীত উর্ধে যেখানে, সেই আনন্দসাগরের তরঙ্গভঙ্গ বিশেষভাবে উল্লেখের বিষয় হয় নি কেন? একেতে একমাত্র সুরসিক রাজশেখর হরপ্রসাদ শাস্ত্রী, যাঁর লেখার সহজ সরল অথচ গভীর মানুষটি খুঁজে পাই। বিদ্যাসাগরের জীবনীগুলিতে তাঁর পরিহাসপ্রবীণের কিছু কিছু আছে, কিন্তু তাঁর জীবনের এই হাসির অবদান কি ছিল, তার কোনো পরিচয় সে সকল স্থানে পাই না। তাঁর ফলে একটা ভুল—তাতে পৃথিবীর দুঃখ কেমন এমনই আঘাত করত যে, তিনি তেতে চুরমার হয়ে যেতেন, আর-যা হাসির স্নেহ ছড়িয়ে বিদ্রূপে ধারণায় করে রাজত্বের নিজেকে এবং বিদ্যাসাগরের হাসি মুখেই স্নেহময় নয়, তা স্নেহের মাণিকজুড়িকাও হয়েছে কখনো কখনো।

সে প্রসঙ্গে পরে আসব, এখন আবার অভিযোগ উপস্থিত করছি বিদ্যাসাগরের তথা জীবনীকার ও চরিতাখ্যায়কদের বিরুদ্ধে, তাঁদের চিত্রকরদের বিরুদ্ধেও। একেবারে শেষ বয়সের রেখাঙ্কিত কঠোর একটি মুখকে চিত্র তাঁদের অঙ্কন করার কি প্রয়োজন ছিল? অথচ কি চমৎকার মানুষ তিনি। তাঁর যৌবনের ছবিতে তার প্রমাণ রয়েছে। মনের সেই নবীনতা তিনি শেষ পর্যন্ত বজায় রেখেছিলেন। তখন, যেখেতুন শহরে শিক্ষিত মানুষের মধ্যভূমিতে যে মন কেবলই পড়ছে, চলে যেতেন কার্লাইলের সাঁওতালদের মতো, যারা মানুষ হয়েও সরল, অথচ সামান্য স্নেহেই খুশি, এবং কপটতা অপরিজ্ঞাত নয়।

রবীন্দ্রনাথ বিদ্যাসাগরের সঙ্গে ইংলণ্ডের তাঁর জনসনের বিস্তারিত তুলনা করেছেন। সে কাজ অল্পাধিক পরিমাণে করেছেন কৃষ্ণকমল ভট্টাচার্য, যদুনাথ সরকার প্রমুখ। কৃষ্ণকমল প্রধানত তাঁদের ব্যবহারে উভয়ের সাদৃশ্যের কথাই বলেছেন। 'বিদ্যাসাগর সংস্কৃতের পণ্ডিত, জনসন লাটিনের: তাঁদের লেখার ভাষা অতীব সাদু কিন্তু কথাবার্তার সময়ে তাঁরা চলিত ছাড়া অন্য ভাষা ব্যবহার করিতেন না। বিদ্যা-সাগর "লোকের সঙ্গে মজলিসে কথা কহিবার সময় এমন কি ছেলে ভুলান' পদ্য পর্যন্ত ব্যবহার করিতে কুণ্ঠিত হইতেন না। 'কথামৃতের থাওয়া', 'বহরম বহরম', 'খাসিনাও', 'গিবগুটে', 'বাছুরা পওয়া'—এই রকমের ভাষা প্রায়ই তাঁহার মুখে শুনা যাইত। যাহাকে সাধু ভাষা বলে তিনি সেদিকে যাইতেন না।"

যদুনাথ সরকারের মতে, "ইংলণ্ডের সাহিত্যে এবং সমাজের ইতিহাসে তাঁর স্থানের জনসনের যে স্থান, বাংলার ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের তাহাই।" দুজনেই কঠোর দারিদ্র্য থেকে উঠে প্রতিষ্ঠা ও ধনলাভ করেছিলেন; দুজনেই "মিতব্যয়ী, সরল, অনুকম্পায়, নির্ভীক স্পষ্টবক্তা ও কঠোর শ্রমী"; দুজনেই প্রাচীন সাহিত্যে গভীর পণ্ডিত এবং তাঁদের স্টাইল সমকালে অনুকৃত; দুজনেই চরিত্রের দৃষ্টান্ত "দেশের ভণ্ড স্বার্থপর মিথ্যাবাদী দুষ্ট নেতাদের নীরব তিরস্কার" করত; দুজনেই বন্ধুজনের কাছে বিদ্রূপের পাত্র ছিলেন। "জনসনের মৌখিকরস অনেক দিন পর্যন্ত জনসনকে চিত্তাকর্ষক হইতে সাহায্য করিত" বলিয়া মনে করিতেন, আর আমাদের তৎকালীন ইয়ংবেঙ্গল বিদ্যাসাগর মহাশয়কে রাজসভার শ্রেণিতে উঠে বেহালা হইতে পৃথক ভাবিতেন না।" ঐতিহাসিক যদুনাথ অবশ্য শেষ পর্যন্ত বিদ্যাসাগরের ভূমিকাকে জনসনের তুলনায় বড় বিবেচনা করেছেন। জনসন চিরজীবন সাহিত্যিক হয়েই কাটিয়েছেন, বিদ্যাসাগরের মতো শিক্ষাসেবা বা সমাজ-সংস্কারক হন নি।

যদুনাথ সরকারের অনেক দিন আগেই রবীন্দ্রনাথ বলে ফেলেছেন, "বাহিরের কাজে বিদ্যাসাগর জনসন অপেক্ষা অনেক বড়ো ছিলেন।" উভয়ের সাদৃশ্য, রবীন্দ্রনাথের মতে, "অন্তরের সরল প্রবল এবং অকৃত্রিম মনুষ্যত্বে। জনসনও বিদ্যাসাগরের ন্যায় বাহিরে রূঢ় ও অন্তরে সুকোমল ছিলেন; জনসনও পাণ্ডিত্যে অসামান্য, বাক্যালাপে সুরসিক, স্বভাবে উদার্যে, স্নেহরসে আর্দ্র, মতে নির্ভীক, হৃদয়ভাবে অকপট এবং পরহিতৈষায় আত্মবিস্মৃত ছিলেন।" রবীন্দ্র-নাথ লেদ্‌লি স্টীফেন্‌ এবং কার্লাইলের জনসন সম্বন্ধে কথা উদ্ধৃত করে বিদ্যাসাগর ও জনসন-চরিত্রের মধ্যে সাদৃশ্য দেখিয়েছেন। সেইসঙ্গে খুবই অন্তর্দৃষ্টির পরিচয় দিয়েছেন, "বিদ্যাসাগরের বন্ধুত্বে স্নেহ ছিল না। তাঁহার মনের তীক্ষ্ণতা, সবলতা, গভীরতা ও সহৃদয়তা তাঁহার বাক্যালাপের মধ্যে প্রতিদিন অজস্র বিকীর্ণ হইয়া গেছে, তাহা সে আর উদ্ধার করিবার উপায় নাই।"

বিদ্যাসাগরের বন্ধুত্বে ছিল না, একথা সত্য। অবশ্য একথাও সত্য, বিদ্যাসাগর বাংলাদেশে জীবনীর আলোয় ভাস্বর ছিলেন। বিদ্যাসাগর এবং মধুসূদন—এই দুই-জনেরই মৃত্যুর অব্যবহিত পরে কয়েকখানি দুঃখ জীবনী রচিত হয়েছিল, অন্য কারোর ক্ষেত্রে যেমন ঘটে নি। কিন্তু দুঃখের বিষয়, বন্ধুত্বের মত নিরাসক্তি জীবনীকার বিদ্যাসাগর পান নি, যিনি তাঁকে প্রতিদিনের সান্নিধ্য-মুগ্ধ করে রাখতে পারতেন। অথচ তার ফলে কী ক্ষতি হত—রবীন্দ্রনাথের মন্তব্য থেকে বুঝতে পারি। রবীন্দ্রনাথ দুঃখ করেছেন—সেই আশ্চর্য জীবন্ত মানুষটির দৈনন্দিন সান্নিধ্য থেকে আমরা বঞ্চিত হয়েছি এবং ইঙ্গিত করেছেন, জনসনের মত বিদ্যাসাগর মানুষটিও 'অকালপাকে

আকাশচুম্বি

রমেন্দ্রনাথ মল্লিক

ভবনের ইন্দ্রিয় তালিকা নিয়ে যদি
প্রাণের প্রকাশ ভাষা অন্বেষ করিবে,
হৃদয়ের মূল বীজ খুঁজিছে স্থিরে—
তাদের দেখিতে চায় পরিচিত মন।

হেথায় চলমান শত বিশ্ব প্রাণ
লক্ষ-লক্ষ বর্ষ দেখি ইচ্ছার বর্ষিত
উচ্চতম বেদনার মহতী সমূহে
বিশ্বতীত প্রেত-মুখে সঞ্চারিত ধরি।

প্রভাতী সূর্যের রক্ত ভালো লাগে বড়;
তবু তাই সন্ধ্যালোকে মায়াবী কাজল।
মনের নিহিতী কেন? তার মাঝে সুর
প্রকাশিত প্রেমিকের বন্দিত চেতনা।

গভীর গতির রাজো—তারা, ফুল, ফল,
আলো, বস্তু, জল, মাটি—সবটুকু নিয়ে
চিত্তের সৌন্দর্যের চলোর্মি ছায়ায়
ভালো লাগা মনে আনে আকাশ চুম্বিত।

সেই রাত্রি, যার

অনিলকুমার ভৌমিক

অনেক রৌদ্র গায়ে
প্রখর দিনের
অনেক উত্তাপ ঘরে রেখে
এগিয়ে আসি আমরা
রাত্রির দিকে।

কিন্তু সমস্ত
যা প্রতিটি আছেই আমাদের
দয় বাহনীয়।
অন্ধকার শান্তি দেয়—
কিন্তু আকাশ সেই রাত্রি, যার
অন্ধকারে আলো।

ঘরে শুধু আলো নয়—
জানলা যা ধরণী খুলেছে
সেই আলো দেখতে চাই—
বাইরেও ভরসা।

সুরসিক ছিলেন—অথচ স্বয়ং রবীন্দ্রনাথের লেখায় সুরসিক বিদ্যাসাগরকে খুঁজে বার করার চেষ্টা নেই, অন্য অধিকাংশ লেখকের লেখাতেও নয়। তার ফলে বিদ্যাসাগরের জীবনী-গ্রন্থগুলিতে হাসির আলো পড়ে নি। বাঙালীদের জনক-জীবনীর মধ্যে জনকদের রসগ্রাহী মনের উজ্জ্বল ছবি পাঠার পৃষ্ঠায় থেকে সেই চরিত্রকে সর্বমানবের কাছে চলনীয় ও আদরণীয় করে তোলে। বিদ্যাসাগরের জীবনী-লেখকদের থেকে যেখানে ঐ মহাপুরুষকে সদাগম্ভীর মূর্তিতে দাঁড় করানো হয়েছে, সেখানে রসগ্রাহীদের জনক সর্বস্তরের পাঠকেরা সহজে তাঁর পরিহাসপ্রিয়তার জন্য উচ্চ আসনে বসিয়ে উপভোগ করেন।

বিদ্যাসাগরের সুরসিক চিত্তখণ্ডের ভক্তিপরায়ণ বাঙালী লেখকদের একেবারে বিপরীতমুখে ধরা পড়ে বাংলাদেশের একমাত্র রসগ্রহণের লেখা পড়ার পরে। শ্রীম অর্থাৎ মহেন্দ্র-নাথ গুপ্ত এখন আর কেবল বাঙালী পাঠকে নন, স্বামী নিখিলানন্দের ইংরেজি অনুবাদের ফলে তাঁর রামকৃষ্ণ কথামৃত এখন বিশ্বসাহিত্য। শ্রীরামকৃষ্ণের শ্রীম ছিলেন বলে অবতার মানুষের পক্ষে যা সম্ভব হয়েছে—পৃথিবীতে রামকৃষ্ণই একমাত্র দৃষ্টান্ত, যিনি ঘরওয়ালে পেয়েছেন। শ্রীম-রচিত রামকৃষ্ণ কথামৃতে রামকৃষ্ণ-বিদ্যাসাগর সাক্ষাৎকার-বিবরণের মতো বিদ্যাসাগরের সরস তীক্ষ্ণ বাক্যালাপের যে রূপ দেখেছি, তার থেকেই বুঝেছি, বিদ্যাসাগরের ঘরওয়ালে না থাকার আমরা অনেকখানি হারিয়েছি। অবশ্য একথা না বললেও চলে, রামকৃষ্ণ কথামৃতে রামকৃষ্ণই প্রথম চরিত্র এবং বিদ্যাসাগর দ্বিতীয়।

শ্রীরামকৃষ্ণ-বিদ্যাসাগর সাক্ষাৎকার বিবরণ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় এবং বিহারীলাল সরকারের লেখা বিদ্যা-সাগরের দুই বিখ্যাত জীবনীগ্রন্থেই রয়েছে। বিহারীলাল লিখেছেন, "বিদ্যাসাগর মহাশয় রামকৃষ্ণ পরমহংসদেবকে অতি সরল ও সুদৃঢ় বিশ্বাসী বলিয়া মনে করিতেন। এইজন্যই পরমহংসদেবের প্রতি তাঁহার যথেষ্ট শ্রদ্ধা-ভক্তি ছিল।"

চণ্ডীচরণ লিখেছেন, "রামকৃষ্ণ পরমহংস ধর্মমতপ্রাণ সাধুগণের সমাগমলাভে বড়ই সুখানুভব করিতেন। সৌভাগ্যবশতঃ আমরা তাঁহাকে অনেক সময়ে এরূপ ধর্ম-নিরত সাধুগণের সঙ্গে মিলিত দেখিয়াছি।" বিদ্যাসাগরের সঙ্গে শ্রীরামকৃষ্ণের প্রারম্ভিক কি কথাবার্তা হয়েছিল, তার সংক্ষিপ্ত বিবরণ দেবার পরে চণ্ডীচরণ লিখেছেন, "এরূপ কথা কাটাকাটির পর পরস্পরের কথাবার্তা খুব জমিয়া গেল, আলাপও বহুক্ষণ ধরিয়া চলিল। নিরক্ষর সত্ত্বেও সে আলাপে পরমতৃপ্তি অনুভব করিলেন।"

চণ্ডীচরণ ঐ আলাপের বিবরণ শুনেছিলেন রাজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের মুখে। সেখানে স্বয়ং উপস্থিত ছিলেন যিনি, এবার তাঁর রচনা থেকেই তখনকার বাংলা ও ভারতের দুই শ্রেষ্ঠ মানুষের সাক্ষাৎ-বিবরণ দেখে নেওয়া যাক। ঐ মানুষ দুজন সেরা রসিকও ছিলেন।

[ক্রমশ]

বন্দে সদা কালিকাম্

শ্রীবিশ্বনাথ সেন

স্বয়ং ঈশ্বর শ্রীরামকৃষ্ণদেব বলেছেন—

শুক জানে যে কালী কেমন,
ও যার মহিমারে না পায় তল।

সত্যিকথা, শাস্ত্র পড়া বা বিচারের দ্বারা, তীক্ষ্ণ মেধা বা গভীর পাণ্ডিত্যের দ্বারা কেউ সহজে ঠাকুরের মনে ঠাঁই পায় না, কেন না, সহজ ও সরল হওয়া সাধনা বা উপাসনার বস্তু। মুখে মুখে তিনিও সহজ বা নিরক্ষরদের কাছে অনেকটা বিচারে আবিষ্কৃতা হয়েছেন, কিন্তু এই মহালক্ষ্মির স্বরূপে আমাদের কাছে চিরকালই দুর্জ্ঞেয় ও দুর্নিরীক্ষ্যা। তবুও এই বাঙালী এই মহাশক্তির আরাধনা করেছে কখনো সখ্যভাবে, কখনো বাৎসল্যরসের মাধুরীতে, কখনো একান্তনির্ভরশীলা কন্যারূপী লক্ষ্মীরূপে, কখনো পত্নী ও জননী বিশ্বের অধীশ্বরী রাণীরূপে, আবার কখনো বা অন্নদাত্রী ভীমা কালিকারূপে। কিন্তু শাক্ত সাধনার চরমতম আদর্শের পূজা আর কোথাও হয়নি, কালরাত্রির পূজা আর কোথাও হয়নি, আবার অন্নদাত্রীর পূজা আর কোথাও এমন করে আত্মহারা হয়ে ও ধন্য হয়ে নিজ ও জগৎ হিতে এমন বিশ্বরূপে প্রকাশ পায়নি। বিশ্বের আদি এবং মার্কণ্ডেয় পুরাণ, দেবী পুরাণ, স্কান্দিকা পুরাণ ও লিঙ্গ পুরাণে শ্রীশ্রীকালীর যে বিরাট রূপ পরিকল্পিত হয়েছে তারও মূলে রয়েছে সমস্তজগৎ ব্যাপ্তকারী বিরাজতা। কবিতার অন্ধকারের বিশ্বতোধারী অন্ধকারে চরাচর নিখিলের বাঙালী যে মহাকালীর উপাসনা করে, তিনি হচ্ছেন কালিকাকালী। এই নিত্য মহাকালের বাঙালী তার গৃহ লীলাভূমির সন্নিহিত করে, কিন্তু চরাচর নিখিলের এই লীলাভূমির কথনি না বিস্মৃতিতে হয়ে যায়। এই যে মহাকালী প্রজ্ঞাপারমিতা উপাসনা, এর তাৎপর্য পূর্ণভাবে উপলব্ধি করতে হলে চাই বিশ্ব চেতনা, বিশ্ব দৃষ্টি। কিন্তু সাধকের আত্মকেন্দ্রিকতার যে দেবী কালিকার দৃষ্টি উন্মীলিত হয়েছে, সেই দৃষ্টির অন্তর্নিহিতে তাকেও যদি আমরা প্রকাশিত করতে চেষ্টা করি, তা হলেও আমরা পরম কল্যাণ লাভ করব।

শ্রীশ্রীকালীপূজার সময় আমরা যে দেবীর ধ্যান করি, তিনি করালবদনা, মুক্তকেশী, দক্ষিণা, দক্ষিণাভিমুখিতা, শ্মশানালয়া, শবাসনা, বিকচাক্ষী, পক্ষদংষ্ট্রিকাচিতা, ঘোরনাদা, রয়াবোষ্ট্রী, শবানাকরকাঞ্চিনী, চিতোদ্যা, শবরূপী মহাদেবের বক্ষোপরি সন্নিবিষ্টা ও তাঁকে শবরূপী শিবাসনস্থের দ্বারা পরিবেষ্টিতা। তিনি চতুর্ভুজা ও তাঁর দক্ষিণের দুইহাত হচ্ছে বর্দ্ধ। তিনি সোজা ও রুদ্রা, তাঁকিনী হয়েও তিনি অভয়কে দান ও অভয় দান করে থাকেন।

যা আমার মনে মনে আসরে পাঁচকে বিশেষ করে দেবী শক্তির প্রতিষ্ঠা করেন। এই মহাকালী জননী অন্নদাত্রী, তাই তিনি করালবদনা, মুক্তকেশীবিকৃতিতা, দুর্বিগতচিত্তা। আকাশে এই ভয়ের বিরাটকে ধ্যান করে, এই আকাশকে তিনি অভয় অন্নের দান করেন, তিনিই হচ্ছেন এই ভোরবেলা আরোগ্যী জননী। তাই শ্রীরামকৃষ্ণদেব বলেছেন—কালের কাল আকাশ যে কাল মায়ের শ্মশান। এই কালিকাদেবীর কোনো বসন নেই, তাই তিনি মুক্তকেশী ও দিগম্বরী। এ সংসারে এমন কে আছেন, যিনি এই বিশ্ববাসিনী মহাশক্তির আবরণ করা করতে পারেন? কালিকাদেবী দক্ষিণা, তাঁর বঁদিক করে বর ও অভয়, বাম করে খেটিকের খড়্গ ও ছিন্নমুণ্ড। তিনি শ্যামাঙ্গিনী ভোরে ভীষণা, কিন্তু ভক্তের নিকট অতীব প্রসাদিনী। তিনি চিরন্তনা, নিত্যা, সত্যা ও আদ্যা হয়েও তাঁর বিরতি নেই। সাধকের দৃষ্টিতে তিনি কোথাও কৃষ্ণবর্ণা, কালো, কৃষ্ণ বলেই সকল বর্ণ লয় পেয়ে যায়, আবার কোথাও বা তিনি শ্যামা, তাঁর এই বিশ্ব শ্যাম কান্তির সমুদ্রের নীল-জল একেবারে তরল করে দেয়। তিনি কালরাত্রিরূপিণী,—কালের সংজ্ঞা করতে যা পারে, তারও কালরূপ তিনি। এখানে বিস্তৃতি না করে তিনি সাধকের হৃদয়ে রেখে যাচ্ছি না। তাই অনেক বিশ্লেষণ লিখেছেন—

মূর্খ লোক দেখে সাধ্য মম, হাস্য করয়ে
সকলে তাহারে শ্যামা।

চন্দ্রীদাস গেয়েছেন, তোমার সকলের চন্দ্রিমের শীতল ও তোমার চরণের ছোঁয়ায় কৃষ্ণলীলা আস্বাদনের ধারণা দেবে এই পদাবলীগুলির চরমতম করেন। তারপর থেকে বাঙালী বর্ষে বর্ষে সাধনায়ের ধারা অনুসরণ করে আসছে। আমরা বাংলার সাধনার কৃষ্টি চরম সার্থক লক্ষ্য করে থাকি,—তাঁর দৈনন্দিন ছোট-খাটো ও আর সাধকদের শক্তি-সাধনা। মুসলমান-বিজয়ী, বাংলাবিজয়ী, গৌড়ীয়দের অনুসরণকারী আজ বাঙালীর গ্রামের দেবতা, আবার তাঁরই, চলাচলকারী আন্তর্দেবীও বাঙালীর ঘরের উপাস্য অন্নদাত্রী। ঈশানচন্দ্র ও অন্যান্য পাঞ্জিকাকারেরা কৃষ্টিতে কিন্তু নাম ও ধাম দিচ্ছেন।

এই যে শক্তি সাধনা, এর লক্ষ্য কি? লক্ষ্য হচ্ছে, আমাদের ভয়ে যে মহাশক্তি অন্নদাত্রী হয়ে তার ঔদার্য ভরে পরিচয়ের এই নাম দুর্গতিনাশিনী। তন্ত্রশাস্ত্র বলেন—যেকো ভূয়া যেন মহৎ অন্নদাত্রী হয়ে দেবতার উপাসনা করতে হবে। দেবতা না হলে, দেহ ও মনের দিব্য ঐশ্বর্যের না ফুটতে পারলে দেবতার স্বরূপ আমাদের অধিকার জন্মে না। আমাদের দৈহিক সুস্থতার পূর্ণে সাধককে হতে হয় মনঃশক্তির অধিকারী। কিভাবে সাধক মহাশক্তির সুস্থতার অধিকার লাভ করতে পারেন, তন্ত্রশাস্ত্রে সে সম্বন্ধে বিশেষ আলোচনা আছে। তুরন্তবিধি, অন্তর্মুখি, প্রাণ, চৈতন্যের ক্রম লাভ করেন।

তন্ত্রশাস্ত্র বিশ্বের প্রত্যেক বস্তুকেই অন্তরের বাণী শুনিয়েছে। অহিংসা নিখিলের প্রত্যেক মানুষেরই তাদের সাধনার অধিকার আছে। তবে বলেছেন—যিনি পূর্ণ ব্রহ্মচর্যী হন বা ব্রহ্মচর্যী হন, তাঁদের সংসার ধর্মের কোনো বন্ধন নেই। তন্ত্রশাস্ত্র ব্রহ্মচর্যী, ব্রহ্মচর্যী ও গৃহস্থী যোগের সমন্বয়ের সাধনার, বীরাচার ও দিব্য ভাবের সাধনার বিধান দিয়েছেন। ঈশানচন্দ্র, অন্নদাচারে, শ্রীরামকৃষ্ণ প্রভৃতি দিব্য ভাবেরই সাধক। বলা বেশ বহু, বীরাচারী সাধকেও আবির্ভাব হয়েছে।

আমাদের এই বাংলা দেশ শাক্তসাধনার পীঠস্থান হলেও শাক্ত সাধকদের মধ্যে ঈশানচন্দ্রের একটি বিশিষ্ট স্থান আছে। তিনি মহা বামাক্ষেপা-রামপ্রসাদ আগমনী ও বিজয়ার গানেই ভরপুর করে দিয়ে, কালী তাত্ত্বিক-দেবী তাঁর কাছে স্নেহময়ী, অন্নপূর্ণাস্বরূপিণী, মমতাময়ী জননীরূপে আবির্ভূতা

ছড়েছেন। রামপ্রসাদ কখনো তাঁর কন্যা আবার ও সাঁতমান করেছেন, কখনো তাঁকে ভর্ৎসনা ও তিরস্কার করেছেন, কখনো বা তাঁর প্রতি চরম সত্য প্রকাশ করে পরমেশ্বরকে অতিক্রম করেছেন। রামপ্রসাদের কিছই না ইচ্ছামরী, লীলাময়ী, অনুযায়ী, ছলনাময়ী, বিশ্বজননী, কালভয়হারিণী। এমনি ভাব আশ্রয় করে কখনো রামপ্রসাদ গাইছেন—

শুন ঝেয়ের ভাবিস এত,
ও মন, মানুষটা যাদের মত,
ওরা হবে ছেলে ভয়,
এ যে বড় অদ্ভুত,
ওরে তুই ভাবিস কালের ভয়
হবে ভবানী-সুত।'

আবার কখনো বা গাইছেন—

দুর্গা দুর্গা বা শাইলে—
হবে হবে বা দুখের আঁটা,
ওরে আমি ভবভয়ের ভীতা,
এলাম বা তোর ভবাভারে
আমায় মতন নেয়ে কটা,
আমি ভবের ঘর হতে পারি
চরণে ভবভয়হরীর ছটা।'

কখনো বা তাঁর গানে ভক্তের দৌরাত্ম্যের প্রকাশ ঘটেছে—

অসময়ে আমায় মধ্যে
করলি আমায় দোষারোপী,
শামি তবু, কালী বলে ডাকি
সাধাস আমার বুকের পাটা।'

কখনো বা অভিমানভরে মাকে ভর্ৎসনা করছেন—

মা মা বলে আর ডাকবো না,
তারা দিয়েছিস্ বিয়েছিস্ কতই যন্ত্রণা,
যারে যারে ডাকি মা মা বলিয়ে
মা হয়ি হয়েছিস চক্ষু কর্ণ খেয়ে,
আর বিলম্বানে এ দুখ সন্তানে
মা হয়ে তাহার কি ফল বল না।'

পরবর্তীকালে বঙ্গোপাধ্যায়, দোজিন্দ চৌধুরী, রাজা রামকৃষ্ণ, বিবেকানন্দ প্রমুখ শক্তিসাধকদের গানে গভীর অন্তরতত্ত্বের প্রকাশ ঘটেছে কিন্তু রামপ্রসাদের গানের মতো আন্তরিকতার সুর নেই।

'দেশ মাতৃকা' মনের ভাব বঙ্কিম. চন্দ্রের কাছে শ্রীকালীমূর্তির এক নতুন তাৎপর্য উদ্ভাসিত হয়েছে। সন্তান ধর্ম বঙ্কিমের সত্যানন্দ অনুযায়ী, কালী ও দুর্গার মূর্তির মধ্যে দেশমাতৃকার অতীত, বর্তমান ও ভবিষ্যৎ রূপ প্রত্যক্ষ করেছেন। তাঁর চোখে কালী হয়েছেন সেই সর্বাঙ্গীন কল্যাণময়ী প্রতীক যিনি দুর্ভিক্ষ-পীড়িতা, পীড়িতা, রক্তপ্লাবনে সন্তানদলকে রক্ষা করতে এবং দেশের ছেলে সর্বাঙ্গীন-কল্যাণের চেষ্টা অনুভবের ভীষণরূপে বিরাজিতা। মাতৃকল্প সন্তান করেন—

কালী—করুণার-সমাধ্যা কালিমাময়ী।
দুঃসময়ে—এই তব সাধনা। আর যেন সর্বদাই স্মরণ—তাই মা কঙ্কালমালিনী।

স্বামী বিবেকানন্দ তাঁর 'Kali the Mother' কবিতায় প্রলয়ঙ্করী কালীর মূর্তির একটি চমৎকার বর্ণনা দিয়েছেন। তাঁর অতোলনাথ 'দুঃখরূপা মাতা' নামে কবিতাটির যে অনুবাদ করেছেন, তা অনুবাদ বলেই মনে হয় না। কবিতাটির শেষ দুটি পঙ্ক্তি হচ্ছে—

'সাহসে যে দুঃখ-চৈকে চলে,
দুঃখের যে বাঁধে বাহুপাশে,
কাল-নৃত্য করে উপভোগ,
মৃত্যুরূপা তারি কাছে আসে।'

স্বামী বিবেকানন্দ বলেছেন, যাঁরা বীর সাধক, দুঃখ-বৈভবে যাঁরা হাসি মুখে বরণ করতে পারেন, মৃত্যুকে যাঁরা অভিঙ্গন করতে পারেন, প্রলয়ঙ্করী কালীর কালনৃত্যে যাঁরা উপভোগ করতে পারেন, মৃত্যুরূপা তাঁদের নিকটেই মাতৃরূপে আবির্ভূতা হন। সাধকের চোখে তিনি তো কালভয়হারিণী। তাঁর কাছে মৃত্যুর কোনো বিভীষিকা নেই। তিনি বলেন—

সে যে মাতৃ-পাণি,
স্তন হতে স্তনান্তরে লয় যেবে টানি।'

সাধক দোজিন্দ চৌধুরী বলেছেন—

'আমি চেয়েছি যে তাই সেই আকুল-কাননে,
তবে মনোহরার দেহকে যায়
শ্মশান জলে তার পায় মরে,
তুলসী বোলা আজকে ছুতে
ছিনাইয়ে শূন্যদিন,
ও রে ভীষণকাল আজকে আমার
মহাকালে হবে লীন,
আমার জন্ম যাবে সেই জলাধারে
শেষ যাবে সেই কৈবল্যরে
ও রে ভয়ঙ্কর মাতৃ আমার
ছিনিয়ে আ সমীপে।'

নবীনচন্দ্র ছাড়া সমাজের স্রষ্টা, অসাধারণ স্বাধীন কেশবচন্দ্র স্বয়ং নিরাকার ব্রহ্মবাদী হয়েও কালীমূর্তি ও কালীপূজাকে যে তাৎপর্য নিয়েছেন করেছেন, তা যে গভীর অধ্যাত্ম অনুভূতির ফল, তাতে সন্দেহ নেই। পরবর্তীকালে শ্রীঅরবিন্দ তাঁর The Mother গ্রন্থে শ্রীকালীমূর্তির মধ্যে আকালী, মহাকালী ও মহাসরস্বতীর ভাব-মূর্তির ওপর নতুন আলোকপাত করেছেন। বহু শ্যামাসঙ্গীতের রচয়িতা বিজয়চন্দ্র তাঁর নজরুল ইসলামও তাঁর 'মেঘমল্লার' নামক গ্রন্থে মহাকালী, মহালক্ষ্মী ও মহাসরস্বতীর আধ্যাত্মিক তাৎপর্য বিশ্লেষণ করেছেন।

আধুনিক যুগে দেশমাতৃকার বন্দনাগানের কবিদের বিশ্লেষণে শ্রীকালীমূর্তির ধ্যান করে তাঁর শক্তির বিভূতির সন্ধানের ও আত্মত্যাগের প্রেরণা লাভ করেছেন। তাঁদের কাছে শক্তিপূজার অর্থই ছিল, আত্মশক্তিকে উদ্বুদ্ধ করে স্বাধীনতা ও স্বরাজের সন্ধানে নিয়োগ করা। তাঁরা চাইলেন দেহে অসীমিত বল, মনে দুর্জয় শক্তি, সর্বোপরি আত্মিক শক্তি যা মানুষকে মৃত্যুভয় জয় করতে শিক্ষা দেয়। প্রধানত বঙ্কিমচন্দ্র, বিবেকানন্দ ও রবীন্দ্রনাথের কথা ভেবেই তাঁরা শক্তিসাধনার প্রেরণা লাভ করতেন। বঙ্কিমচন্দ্রের 'আনন্দমঠ' থেকে তাঁরা নিজে অনুপ্রেরণা পেয়েছিলেন, দেশের জন্যে আত্মত্যাগের চাইতেও দেশমাতৃকার প্রতি ভক্তি অনেক বড়,—এবারী চৌধুরানী ও 'সীতারাম' নামক উপন্যাসের এবং 'কৃষ্ণচরিত্র'-এ 'ধর্মতত্ত্ব' থেকে তাঁরা গ্রহণ করেছিলেন অনুশীলনের আদর্শ। স্বামী বিবেকানন্দের একটি উক্তি—'What I want are muscles of iron and nerves of steel', আমি চাই লৌহনির্মিত মাংসপেশী ও ইস্পাত-নির্মিত স্নায়ু—তাঁদের লাঠিখেলা ও অন্যান্য ব্যায়ামচর্চার প্রেরণা জোগাত। স্বামীজীর আর একটি উক্তি—'টাকায় কিছু হয় না, মানুষেও কিছু হয় না, একমাত্র চরিত্রই বাধাবিঘ্নের বজ্র-কঠিন প্রাচীরকে বিদীর্ণ করতে পারে—তাঁদের মনে চরিত্র গঠন ও মনুষ্যত্ব লাভের প্রেরণা জোগাত।

আজ এই বিপর্যয়, প্রমত্ততা ও আত্মঘাতী তরঙ্গের মুখে, আমাদের বাঁচতে হবে এবং বিশ্বের সম্মুখে উন্নত মস্তকে দাঁড়াতে হবে, তবে আমাদের তরুণদের নতুন করে শক্তি-সাধনায় দীক্ষিত হতে হবে। সর্বপ্রকার অসৎ শক্তির বিরুদ্ধে দেশের শুভবুদ্ধি-সম্পন্ন সকল মানুষকে সঙ্ঘবদ্ধ হতে হবে। চাই দৈহিক শক্তি, মানসিক শক্তি, আত্মিক শক্তি। শক্তিসাধনায় দীক্ষিত স্বামীজী বিশ্বাস করতেন—বলিষ্ঠ, দৃঢ়চিত্ত, মেধাবী, বীর্যবান, শক্তিমান একজন মানুষ জগতে মহা পরিবর্তন আনয়ন করতে পারে। তাঁর সেই বাণীকে সার্থক করার জন্যেই দেশের তরুণ-দের প্রস্তুত করতে হবে। দৈহিক শক্তির জন্যে কণ্ঠ মিলিয়ে প্রতিদিন প্রার্থনা করতে হবে—

'ওঁ তেজোঽসি তেজো ময়ি ধেহি।'
ওঁ বীর্যমসি বীর্যং ময়ি ধেহি।
ওঁ বলমসি বলং ময়ি ধেহি।
'ওঁ ওজোঽসি ওজো ময়ি ধেহি।
'ওঁ মন্যুরসি মন্যুং ময়ি ধেহি।
ওঁ সহোঽসি সহো ময়ি ধেহি।'

হে তেজঃস্বরূপ, তুমি আমায় তেজস্বী কর, হে বীর্যস্বরূপ, তুমি আমায় বীর্যবান কর, হে বলস্বরূপ, তুমি আমায় বল প্রদান কর, হে ওজঃস্বরূপ, তুমি আমায় ওজঃ প্রদান কর, হে মন্যুস্বরূপ, তুমি আমায় মন্যুসম্পন্ন কর, হে সহস্বরূপ, তুমি আমায় সহিষ্ণুতা দাও।

॥ ১ ॥

প্রথমেই বলে রাখা দরকার দীপালি-উৎসব এবং কালীপূজা, এই দুইটি সম্পূর্ণ পৃথক ঐতিহ্য এবং উদ্ভবের সংস্কৃতি ঘটেছে খুব বেশি দিন নয়। দীপালি-উৎসবের বিনে কালীপূজার কথা সর্বপ্রথম পাওয়া যায় ১৭৮৮ খৃস্টাব্দে রচিত কালীনাথের কালীসর্বস্বাবিধি নামক গ্রন্থে। বাংলা দেশে উচ্চবর্ণের লোকেদের মধ্যে কালীপূজা জনপ্রিয়তা পেয়েছে খুব বেশি দিন নয়, দু আড়াই বছর আগে থেকে এবং বাংলার বাইরে কালীপূজার কোন অস্তিত্বই কোনদিন ছিল না, এখন যে সব নিদর্শন দেখা যায় সেগুলি বাঙালী-প্রভাবের ফল। দেবী কালীর কল্পনা খুব প্রাচীন হওয়া সত্ত্বেও, এই দেবীর জাতে উঠতে, অর্থাৎ উচ্চশ্রেণীর মানুষের দ্বারা গৃহীত হতে অনেক সময় লেগেছে। এর কারণ কি? শুধু কালীই নয়, বাংলাদেশের ধর্মক্ষেত্রে আজকের যে দেবীআধানা, দুর্গা ইত্যাদি দেবীর যে ব্যাপক প্রতিষ্ঠা, তারও বিকাশ ঘটেছে সপ্তদশ শতকের আগে নয়। অথচ এ সব দেবীও কেম প্রাচীন। তাহলে অনুমান করা চলে যে, একদা এই সকল দেবীর ব্যাপক পূজার প্রচলন ছিল, তারপর যে কোন কারণেই হোক তা বিলুপ্ত হয়ে গিয়েছিল, আবার সেগুলির নতুন রূপে পুনরুত্থান ঘটেছে, দুর্গাপূজোর সঙ্গে যুক্ত হয়েছে নাচগোসব, কালীপূজার সঙ্গে যুক্ত হয়েছে দীপালি-উৎসব।

পূর্বপ্রকাশিত একটি প্রবন্ধে (সাপ্তাহিক বসুমতী, ৭৩ বর্ষ, ১৪ সংখ্যা) আমি এই প্রশ্নটির জবাব দিতে গিয়ে বলেছিলাম যে, দেবীপূজোর পূর্ণ বিকাশ মাতৃতান্ত্রিক সমাজব্যবস্থা ছাড়া ঘটতে পারে না। পিতৃপ্রধান সমাজে, যেখানে পরিবার, সমাজ ও রাষ্ট্রের কর্তা পুরুষ, সেখানে দেবীদের পরিবর্তে দেবতা-দেরই প্রাধান্য হবে এটাই স্বাভাবিক, এবং সর্বোচ্চ দেবতা হবে পুরুষ। এর বিপরীতটা ঘটতে পারে একমাত্র মাতৃপ্রধান সমাজে। মানব ইতিহাসের অবিস্মরণীয় সমাজে মাতৃপ্রাধান্যই ধরতমান ছিল, কেন না পিতৃত্বের প্রশ্নটি তখন ছিল অবান্তর, বর্তমান অর্থের বিবাহ-প্রথা তখন গড়ে ওঠে নি এবং কোন-মিথুনের সঙ্গে গর্ভাধানের সম্পর্কটাও আবিষ্কৃত হয় নি। সৃষ্টিতত্ত্বে যার ভূমিকার কোন সন্দেহ ছিল না সে হচ্ছে মা। কাজেই আদিম দেবী কল্পিতা হতেন আদি মাতারই অনুসরণে, যে মায়ের পরিচর্যায় ও স্নেহে আদিম মানুষ জন্ম থেকে সাবালকত্ব লাভ করত। যে সকল প্রাচীন মাতৃমূর্তি পাওয়া গেছে ভল নদীর তীরে, হিসেনলোক ও মেসপটে অঞ্চলে, সবগুলি দেখি সেই মূর্তিগুলি আদি মাতৃত্বেরই প্রতিমূর্তি, নিরাবরণ স্তন, যেখানে মাতৃত্বসূচক বৈশিষ্ট্যগুলি অত্যন্ত পরিস্ফুট। জন্মদানের ক্ষেত্রে পুরুষের ভূমিকা যখন থেকে স্বীকৃত হতে শুরু করেছে, আদিম মাতৃদেবীর পাশাপাশি পুরুষ দেবতা গড়ে উঠেছে। সমাজ যত মাতৃতন্ত্র থেকে পিতৃতন্ত্রের অভিমুখী হয়েছে, ধর্মক্ষেত্রে দেবী-প্রাধান্যের স্থলে পুরুষ দেবতার প্রাধান্য প্রতিষ্ঠিত হয়েছে, বৈদিক ধর্ম এবং অন্যান্য প্রাচীন ধর্মে আমরা যা দেখি পৃথিবীর সর্বত্র।

তবে বহুক্ষেত্রে দেখা যায় যে, মাতৃ-পূজার অনুষ্ঠান একেবারে লুপ্ত হয়ে গেলেও একেবারে লুপ্ত নয়, সমাজ পিতৃপ্রধান হয়ে উঠলেও প্রাচীন মাতৃ-প্রাধান্যের স্মারকগুলি লুপ্ত হয় নি, সেগুলি রক্ষিত হয়েছে মাতৃকেন্দ্রিক বাসস্থানে, মাতৃকেন্দ্রিত উত্তরাধিকার ব্যবস্থায়, মাতৃকেন্দ্রিক বিবাহ প্রথায় ও আরও বহু সামাজিক আচার-আচরণে। এর একটা কারণ হচ্ছে, কৃষিকাজে মেয়ে-দের আবিষ্কার এবং বহুক্ষেত্রে মেয়েদের নিজস্ব ব্যাপার হওয়ার ফলে আদিম উৎপাদনব্যবস্থায় মেয়েদের একটি শক্তিশালী ভূমিকা গড়ে উঠেছিল। কৃষি-কার্য সুরুহবার হতে ফসলের পূর্বে পর্যন্ত, অর্থাৎ কৃষিক্ষেত্রে লাঙ্গল ও পশুর ব্যবহারের পূর্বে পর্যন্ত এই ভূমিকা অব্যাহত ছিল, অর্থাৎ এই সকল ক্ষেত্রে মাতৃপ্রধান সমাজব্যবস্থা দীর্ঘ-স্থায়ী হয়েছিল। আরও সহজ করে বলতে গেলে যেখানে বিবর্তনটা সোজা-সুজি শস্যসংগ্রহ থেকে উন্নত কৃষিতে ঘটেছে, সেখানে পিতৃতন্ত্রের বিকাশ খুব দ্রুত ঘটেছে এবং আদিম মাতৃকাপূজার দ্রুত অবসানও তার ফলে হয়েছে। পক্ষান্তরে যেখানে বিবর্তনটা নিম্ন কৃষি থেকে উন্নত কৃষিতে হয়েছে সেখানে সমাজ ও ধর্মের ক্ষেত্রে মাতৃপ্রাধান্যের হ্রাস হতে অনেক বেশি সময় লেগেছে। কৃষিকাজ মেয়েদের আবিষ্কার হবার ফলে কৃষির সঙ্গে দেবীর যোগ অঙ্গাঙ্গী হয়েছে। প্রাথমিকভাবে যে কোন দেবীই, যে কোন দেশে, মূলত শস্যের দেবী। দেবী দুর্গা আসলে ফসলেরই দেবী, যাঁর আসল পূজা নবান্নপার্বণের পূজা, যা আমি অন্যত্র দেখিয়েছি। লক্ষ্মীর সঙ্গে ধনের সম্পর্ক তো সুস্পষ্ট। অন্নপূর্ণার ক্ষেত্রেও

হয়। গ্রীক ডিমিটার সমধর্মী, তাঁর কন্যা পার্সিফোনিও তাই। লিনুসের ডাইসস, ব্যাক্সিসের ইস্তারও তাই। লক্ষ্মীর আর এক নাম শ্রী. ডিমিটারের লাটিন নাম সেরেস, আর এই সেরেস থেকেই ইংরাজী সেরিয়েল কথাটির উদ্ভব হয়েছে, যার অর্থ শস্য।

সুতরাং কৃষিজীবী মানুষের কাছে দেবীর কদর থাকবে এটাই স্বাভাবিক, এবং বস্তুত তা বরাবরই ছিল এবং এখনও বহু স্থানে আছে, শুধু বাংলা দেশে বা ভারতবর্ষেই নয়, পৃথিবীর বহু স্থানে। প্রেমার, ডিকট প্রভৃতির রচনা থেকে জানা যায় যে, আরব ইউরোপের প্রত্যন্তদেশে কৃষিজীবী মানুষের মধ্যে দেবীপূজার প্রাবল্য বর্তমান। বাংলা দেশের গার্হস্থ্যজীবনে যে দেবী-প্রবণতা এমন কি গ্রামে গ্রামে একাধিক কৃষিভিত্তিক সমাজব্যবস্থা। কিন্তু যেহেতু এ দেশে কৃষিজীবীরা বরাবরই নিম্নবর্গের লোক হিসাবে বিবেচিত, তাদের পূজা-পার্বণ, ধ্যান-ধারণা, আচার-অনুষ্ঠান অভিজাত ও উচ্চবর্ণের মানুষদের মতো স্থান পায় নি, লাভজনক-সমূহেও এইগুলির পর্যাপ্ত প্রতিফলন নেই। অবশ্যই পরিবর্তন ঘটে সপ্তদশ শতকের কাছাকাছি সময় থেকে, যে কোন কারণেই হোক, উচ্চবর্ণের মানুষেরা দেবীপূজাকে গ্রহণ করতে বাধ্য হয়। সেই কারণটি আমরা অবশ্যই খুঁজে বার করার চেষ্টা করব। কিন্তু যারা দেবীপূজাকে গ্রহণ করলেন, দেবীকে তারা সেই সহজ গ্রামরূপেই গ্রহণ করে নি, তাঁদের তারা নিজ সমাজের উপযোগী করে নিয়েছে, গার্হস্থ্যের পবিত্রতা আকাঙ্ক্ষাহীন শুম্ভ-নিশুম্ভের বদলে জীবনময় ও আত্মস্বরূপে পূজাপদ্ধতির সৃষ্টি করে নিয়েছে।

বর্তমান রচনায় কালীই আলোচ্য। এই দেবীর চেহারাতেই তাঁর আদল পরিবর্তন লক্ষ্য করা যাবে। আমাদের নিশ্চয়ই এই দেবী কোন কৃষ্ণকায় নগ্ন কবাইলির উপাস্যা দেবী ছিলেন, কালক্রমে বহুজন অঙ্গীকৃত জীবনে যাঁরে যাঁরে গৃহীত হয়েছেন। মহাভারতে আমরা জয়দ্রথবিমোচনপর্বে দেবীর কালরূপ দেখি। হরিবংশ থেকে এই দেবীকে আমরা শবর, বর্বর ও পুলিন্দদের উপাস্যা হিসাবে বর্ণিত হতে দেখি। কালক্রমে কালরাত্রী মুখ্য সমবায়ন কর্তৃক বলিসহকারে দেবীপূজার উদ্ভব পায়। তন্ত্রচূড়ামণির কালীমাধব নাটকে

অমাবস্যায় পূজিতা করালী দেবীর পরিচয় পাই। বরদাচার্য বিরচিত মৌদ্গল্য নামক কবির পঞ্চস্তুতিতে পর্ণশবরী দেবীর উল্লেখ আছে। পর্ণ-শবরেরা, অর্থাৎ পর্ণ পরিহিত শিকার-জীবী বন্য জনগোষ্ঠী ছাড়াও আমরা নগ্নশবর নামক আরও একশ্রেণীর জনগোষ্ঠীর উল্লেখ পাই, যারা সম্পূর্ণ নগ্ন হয়ে থাকত। নগ্না দেবী কালী কি আদিতে এদেরই উপাস্যা ছিলেন? দেবীর এক নাম শাবরী। বরাহ পুরাণে দেবীকে কিরাতিনী ও কিরাতী বলা হয়েছে। দেবী সম্পর্কে এই সব উল্লেখ উল্লেখ থেকে একটি প্রতীয়মান হয় যে, পশুপালক বৈদিক মানুষেরা এদেশে আসার পূর্ব থেকে, এমন কি তদপূর্ব-বর্তী কৃষিভিত্তিক হরপ্পা সংস্কৃতি উদ্ভবের পূর্ব থেকে, এদেশে যে অরণ্যচারী শিকারজীবী শবর-কিরাত-পুলিন্দ প্রভৃতি জাতির অস্তিত্ব ছিল, যাদের বংশধরেরা আজও বিভিন্ন উপজাতি-রূপে ভারতের নানাস্থানে ছড়িয়ে রয়েছে, দেবী কালীর উদ্ভব হয়েছে তাদেরই মধ্য থেকে। এখন দেখতে হবে এই দেবীটি কখন এবং কিভাবে তাঁর কন্যা জীবন ত্যাগ করে এলেন, এবং কিভাবেই বা তিনি বৃহত্তর জনজীবনে গৃহীত হলেন।

বৈদিক সাহিত্যে কালীর কোন উল্লেখ নেই: বৈদিক যজ্ঞের শেষ পর্যায়ে রচিত একমাত্র মুণ্ডক-উপনিষদে আমরা কালী ও করালী নাম দুটি পাই, অগ্নির সপ্ত জিহ্বার দুটির নাম হিসাবে। বলা বাহুল্য, এই নাম দুটি কোন দেবীকে সূচিত করে না। এ থেকে বোঝা যায় যে, আরণ্যক জাতি পূজিতা এই কৃষ্ণবর্ণা দেবীর তখনও পর্যন্ত সাধারণ্যে পরিচিত হবার কোন সুযোগই ঘটে নি। মহাভারতে আমরা কয়েকক্ষেত্রে কালীর উল্লেখ পাই। দুর্যোধনের উরুভঙ্গের পর অশ্বত্থামা যখন গভীর রাত্রির সুযোগে পাণ্ডবশিবিরে প্রবেশ করে ঘুমন্ত যোদ্ধাদলকে হত্যা করেছিলেন, সেই স্থানে দেবী কালীকে দেখা যায়। কিন্তু পণ্ডিতেরা মহাভারতের এই অংশটি পরবর্তীকালের প্রক্ষিপ্ত বলে মনে করেন। কালিদাসের কুমারসম্ভবে আমরা কালীকে দেখি একজন অহোরাত্র দেবীরূপে, যিনি মাতৃকাদের সঙ্গে শিবের বিবাহযাত্রার সঙ্গী হয়েছিলেন। রঘুবংশে আমরা একস্থানে একটি উপমায় ঘোরা কালিকা দেবীটির উল্লেখ দেখি, যদিও টীকাকার মল্লিনাথ এখানে কালিকা শব্দটির অন্য অর্থ করেছেন। কালিদাস পরবর্তী সংস্কৃত সাহিত্যের স্থানে স্থানে প্রত্যক্ষভাবে কালীর উল্লেখ না থাকলেও, কয়েকটিস্থলে পূজিতা অন্ধকারের উল্লেখ আছে, যার কয়েকটি নিবর্তন পূর্ববর্তী অনুচ্ছেদে বিবৃত। তখনও পর্যন্ত এই দেবীর শ্রেষ্ঠত্ব পঞ্চিলের প্রচলিত ছিল তা হচ্ছে তিনি বীভৎসভাবে নরবলি গ্রহণের পূজিতা আরণ্যক দেবী।

কালী দেবীর স্বাতন্ত্র্যে আমরা দেখি বিভিন্ন পুরাণে। পুরাণগুলি কোন নির্দিষ্ট যুগকে প্রতিফলিত করে না। সেগুলি চতুর্থ থেকে পঞ্চদশ শতকের মধ্যে বিভিন্ন সময়ে রচিত হয়েছে। পুরাণসমূহে কালীর স্বাতন্ত্র্যলাভের সঙ্গে সঙ্গে, তাঁর জন্মের ও উদ্ভবের একটা সাস্তীয় ব্যাখ্যা দেবার প্রয়োজনীয়তা দেখা যায় এবং তৎকালীন সুপ্রচলিতা দেবীদের সঙ্গে তাঁর সম্পর্ক নির্ধারণের প্রয়াসটিও মুখ্য হয়ে পড়ে। একেশ্বরবাদী শিষ্টতান্ত্রিক সমাজে স্বাভাবিকভাবে প্রচীন দেবীদের ওপরে সূক্ষ্ম অনোর অস্তিত্বই ঘোষণা করে তাদের শিব বা বিষ্ণুর (যাঁরা নিজ নিজ ভক্তদের কাছে সর্বশক্তিমান একেশ্বর) পত্নীরূপে গণ্য করা হয় এবং এই দাবির পালন করার জন্য পুরাণকারদের অনেক কষ্টকল্পিত কাহিনীর উদ্ভাবন করতে হয়। দেবীর কৃষ্ণবর্ণ পুরাণকারদের বিশেষ বেগ দিয়েছিল। এক শ্রেণীর পুরাণের মতে (যেমন পদ্ম, স্কন্দ ইত্যাদি) দেবীর যে পুত্র তারকাসুরকে বধ করবে তাকে উৎপন্ন করার জন্য দেবীর কঠোর তপস্যার প্রয়োজন এবং সেইজন্যই দরকার তাঁর শিবের কাছ থেকে কিছুকাল দূরে থাকা। তাইতেই দেবী যখন চন্দ্রশেখরের সান্নিধ্যে বিবাহমান তখনই তাঁকে কৃষ্ণবর্ণ করে দেওয়া হয়েছিল। শিবের সঙ্গে বিবাহের পর একদা শিব তাঁকে কৃষ্ণবর্ণা বলে পরিহাস করতে দেবী তখন শিবকে ত্যাগ করে নির্জন স্থানে গিয়ে বহুদিন তপস্যা করলেন এবং তার ফলে তাঁর গাত্রবর্ণের পরিবর্তন ঘটল এবং তাঁর দেহ থেকে নিষ্ক্রান্ত কৃষ্ণবর্ণ কোষসমূহ থেকে আর এক দেবী উদ্ভূত হলেন, যাঁর নাম কৌশিকী (কৌষিকী) বা একানংশা, এবং এই দেবীর অবস্থানের স্থান নির্দিষ্ট হল বিন্ধ্যপর্বত। কালিকাপুরাণে আবার অন্য আর এক ধরনের কাহিনীর অবতারণা করা হয়েছে। এখানে বলা হয়েছে যে, যেকোনো শুম্ভ-নিশুম্ভ বধের জন্য হিমালয়ে দেবী পার্বতীর নিকট প্রার্থনা জানালে পার্বতীর দেহ থেকে কৌশিকী দেবী নির্গত হলেন। ইনিই দেবী চণ্ডিকা বা চণ্ডী। কৌশিকী দেবী নির্গত হয়ে যাবার পর পার্বতী নিজেই কৃষ্ণবর্ণা হয়ে গেলেন এবং কালিকা নামে বিখ্যাত হলেন। অন্যত্র

কাহিনী দেবী ভাগবতেও পাওয়া যায়। মার্কণ্ডেয় পুরাণের অন্তর্গত কিন্তু কালীর উৎপত্তি সম্পর্কে ভিন্ন কাহিনী দেওয়া আছে। সেখানে বলা হয়েছে যে, চণ্ড-মুণ্ড বধের জন্য দেবী অম্বিকা দুর্গারূপে আবির্ভূত হয়েছিলেন এবং তখন তাঁর ললাট থেকে করালবদনা কালী নিষ্ক্রান্ত হয়ে চণ্ড-মুণ্ডকে সংহার করেন। দেবী চণ্ডিকা তখন খুশি হয়ে চণ্ড-মুণ্ডের বধকারিণী হিসাবে তাঁকে চামুণ্ডা নামে নিলেন। অবশ্য কোন ব্যাখ্যানের নিরিখেই চণ্ড-মুণ্ড থেকে চামুণ্ডা হয় না। অনুমান করতে অসুবিধা নেই যে, চামুণ্ডা ছিলেন শবর দেবী এবং তাঁকে কালীর রূপে আত্মীকরণ করার উদ্দেশ্যেই চণ্ড-মুণ্ডের কাহিনীটিকে তৈরি করা হয়েছিল।

কালিকা পুরাণ, যার একমাত্র উদ্দেশ্য কালীর মাহাত্ম্যকীর্তন, অনেক পরবর্তী-কালের রচনা। যা রচিত হয়েছিল ভারতের পূর্বাঞ্চলে, আনুমানিক খ্রীষ্টীয় ত্রয়োদশ শতকে। এখানে বলা হয়েছে যে, দেবী কালীই দক্ষযজ্ঞে আত্মাহুতি করেছিলেন এবং ভগ্নোদ্যমের পরে হিমালয়-গৃহে তিনি কালীরূপেই জন্মগ্রহণ করেন। এরপর উক্ত পুরাণে কালীর মহাদেবকে পতি হিসাবে পাবার কাহিনী সবিস্তারে বর্ণনা করা হয়েছে। এখানে কালিকা পুরাণের লেখক বিলকুল কুমার-সম্ভব থেকে উঠেছেন। এরপর সবিস্তারে বর্ণিত হয়েছে কালীর গৌরীত্ব-লাভের কাহিনী, যা পদ্ম, স্কন্দ প্রভৃতি পুরাণবর্ণিত কাহিনীর অনুরূপ। শেষ অঙ্কে দেখি শিব তাঁর মূল দৈহিকত্বে এক হয়ে গিয়ে অর্ধনারীশ্বররূপে বিরাজ করতে লাগলেন। যদি কালিকা পুরাণ খ্রীষ্টীয় ত্রয়োদশ শতকের রচনা হয়, তাহলে দেখা যাচ্ছে ওই সময়ে ভারতের পূর্বাঞ্চলে, বঙ্গদেশে ও আসামে দেবী হিসাবে কালী পরিচিতা হয়েছেন। তবে তাঁর পূজা জনপ্রিয় হতে আরও কয়েক শত বছর সময় লেগেছিল, যে কথা আমরা বলেছি। বাংলাদেশে কালী-পূজাকে জনপ্রিয় করার জন্য যাঁর কৃতিত্ব সবচেয়ে বেশি, তিনি হচ্ছেন কৃষ্ণানন্দ আগমবাগীশ। আগে কৃষ্ণানন্দকে চৈতন্যদেবের সমসাময়িক মনে করা হত। অধুনা প্রমাণিত হয়েছে তিনি সপ্তদশ শতকের দ্বিতীয়ার্ধের মানুষ ছিলেন।

ইতিহাস বলে যে, একাদশ শতকে বাংলাদেশে তথা ভারতের পূর্বাঞ্চলে পালবংশীয় রাজারা রাজত্ব করতেন। এঁরা বৌদ্ধ ছিলেন এবং সেই সময়ে যে বাংলাদেশে বৌদ্ধধর্মের বিশেষ প্রভাব ছিল তার প্রমাণ আছে। কিন্তু কি প্রকার বৌদ্ধধর্ম বাংলাদেশে তখন বিরাজ করত? বৌদ্ধধর্মের নামে এখানে যা চলত তা নিছক ভণ্ডামি। তন্ত্রের আদি উৎপত্তি নিয়ে অনেক তর্ক বলার আছে, বারান্তরে সুযোগমত তার আলোচনা করা যাবে, কিন্তু মহাযান থেকে শুরু করে বর্তমান কাল পর্যন্ত যে ভণ্ডামির চলছে, তার মূলে আছে তন্ত্রের উদ্ভব ও উদ্ভব ভেদ সর্বাংশে বর্তমান। প্রাক্-শ্রেণী সমাজে যা ছিল জীবনসত্যের একটি মস্তবড় আবিষ্কার শ্রেণীবিভক্ত সমাজে তা বিকৃতরূপে অন্ধবিশ্বাসে পরিণত হল সে ইতিহাস বীভৎস চিত্তাকর্ষক। সে যাই হোক, পূর্ব ও উত্তর-পূর্ব ভারতের মহাযানী বৌদ্ধদের শাখা-প্রশাখাগুলির তন্ত্র সাধনা নতুন করে দেবীস্থান ধর্মব্যবস্থাকে জনপ্রিয় করেছিল। বৌদ্ধ মহাযানেরী, অপরাজিতা, বজ্রবারাহী, ভীমা, কপালিনী, কৌবেরী, কালদণ্ডী, হরসিদ্ধা, কালিকা, পর্ণশবরী প্রভৃতি দেবীসহযে যে এখনকার স্থানীয় প্রাচীন দেবীদেরই নতুন সংস্করণ তা বুঝতে বিন্দুমাত্র অসুবিধা নেই। সর্বাপেক্ষা প্রসিদ্ধা বৌদ্ধ দেবী হচ্ছেন তারা বা উগ্রতারা বা একজটী। বৌদ্ধ তন্ত্রসহযে এরকম তারার উল্লেখ পাওয়া যায়। কোন কোন পণ্ডিতের মতে তারা দেবীর উদ্ভব মহাচীনের থেকে হয়েছে। এই মহাচীনের ভৌগোলিক অবস্থান নিয়ে সংশয় আছে, কেউ কেউ বলেন যে, তা নেপাল-তিব্বত-ভূটান প্রভৃতি অঞ্চল, আবার কারো মতে তা আসল মহাচীনই। বাস্তবিকের অপর নাম চীনাচার। জ্ঞানার্ণব নীলবাহু দেখিয়েছেন যে, তন্ত্রের মূলে তাও-বাদের পর্যাপ্ত সম্পর্ক আছে। কঙ্কালের অধিষ্ঠাত্রী দেবীরূপ, যথা ডাকিনী, হাকিনী, লাকিনী, রাকিনী, শাকিনী প্রভৃতির অনেকই সম্ভবত মহাচীন অঞ্চলের। এই সকল বিষয়ে প্রবেশ না করে, একটা কথা নিঃসংশয়ে বলা চলে যে, একাদশ-দ্বাদশ-ত্রয়োদশ শতকে, বিশেষ করে পূর্বভারতে, তারাতন্ত্রের অপরিসীম প্রভাব দেখা গিয়েছিল, যা কালী-পূজাকে জনপ্রিয় করার পিছনকার শক্তি হিসাবে নানাভাবে কাজ করেছে। এই বৌদ্ধ তারা দেবী পর্যন্ত কালীর মূলে প্রতিমা হিসাবে ঘোষিতা হয়েছেন, অসমদাবিদ্যার একজন দেবী হিসাবে গণ্য হয়েছেন।

আগেই বলেছি, এ দেশে কালীপূজা জনপ্রিয় করার মূলে কৃষ্ণানন্দ আগম-বাগীশের অবদান সর্বাধিক। তাঁর রচিত তন্ত্রসার গ্রন্থটির অবদান এক্ষেত্রে সর্বাধিক। তন্ত্রসার গ্রন্থে কালীপূজার বিধি ছাড়াও তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ছিন্নমস্তা, বগলা ইত্যাদি মহা-বিদ্যাদেবীর সাধনাবিধি সন্নিবেশিত দেখতে পাওয়া যায়। বর্তমান যুগের কালীসাধক সম্প্রদায়ের মধ্যেও যাঁকে নিয়ে আলোচনা বিস্তর, এরকম চরিত্রটিও আছে। কালীর মূর্তি কি প্রকার হবে সে সম্পর্কে কৃষ্ণানন্দ নির্দেশ দিলে দেবী তাঁকে স্বপ্ন দিয়ে জানান যে, পরদিন সকালে ঘুম থেকে উঠে তিনি প্রথমেই যাকে দেখবেন তাকেই তাঁর করে দেবীমূর্তি গড়তে হবে। সকালে ঘুম থেকে উঠে তিনি দেখলেন যে, তাঁর বাড়ির বেওয়ারিশে একজন মহিলা ঘুটে দিচ্ছে। তার হাতে গোবরের ডালা, তাঁকে দেখেই সে লজ্জায় জিভ কাটল। অতঃপর কালী দেবী এই ভঙ্গীতে মূর্তিমতী হলেন। কোন কোন স্থানে এই কাহিনীটি অবশ্য নবদ্বীপের মহারাজা কৃষ্ণচন্দ্রের নামে চলে। প্রবাদ আছে যে, কৃষ্ণচন্দ্রই নাকি বঙ্গদেশে প্রথম কালী-পূজা করেন এবং বড় বড় প্রজাদেরও তা করতে বাধ্য করেন। সে যাই হোক, কৃষ্ণানন্দের তন্ত্রসারে কালীর যে বর্ণনা প্রদত্ত হয়েছে তাই এখন সর্বজনভাবে বাংলাদেশে গৃহীত। দেবী করালবদনা, ঘোরা, মুক্তকেশী, চতুর্ভুজা (কারো মতে দ্বিভুজা একটিতে ছিন্ন শির, অন্যটিতে খড়্গ, বাম হাত দুটিতে বরদ ও অভয়দায়ী), দক্ষিণা, দিগম্বরী, মুণ্ডমালাবিভূষিতা, শব-কর্ণা, শিবহৃদয়ী, মুক্তমালাবিভূষিতা, মুক্তিবরদাত্রী, ঘোরদংষ্ট্রা শ্মশানালয়-পরায়ণা, হিংস্রা, সর্বরক্ষী সংহারের উপর সংস্থিতা।

কৃষ্ণানন্দ ছাড়া অন্যান্য যে সকল সাধক কালীপূজাকে জনপ্রিয় করে-ছিলেন তাঁদের মধ্যে সর্বাগ্রগণ্য উদ্ধারণ-ঘোষ কৃষ্ণানন্দ, যাঁর রচিত শ্যামানন্দপ্রকাশিনী গ্রন্থে শ্যাম কালী-সাধকদের আচার-অনুষ্ঠান বিশেষভাবে ব্যাখ্যাত হয়েছে। এঁর অপর গ্রন্থের নাম তারারহস্য। কৃষ্ণানন্দের জন্মকাল

ষোড়শ শতকের প্রথমার্ধের কোন সময়। তাঁর নিজা পূর্ণানন্দ ষোড়শ শতকের দ্বিতীয়ার্ধের লোক, যাঁর বিখ্যাত গ্রন্থের নাম শ্যামরহস্য। ষোড়শ শতকের সর্বশেষের কথার এই প্রসঙ্গে উল্লেখ-যোগ্য, যিনি হিসপুরা জেলার মেয়র হাসেম আলম এবং যাঁর উপন্যাস দেবী মেহের-কালী অত্যন্ত বহুপঠিত। সপ্তদশ শতকের শঙ্কর আখনাচার্য তার-রহস্যসূচিতা নামক গ্রন্থ রচনা করে কালীভক্তকে জনপ্রিয় করতে চেষ্টা করেছিলেন। এই শতকের ধারাতেই উত্তরসাধিকা রামপ্রসাদ সেন, কমলা-কান্ত, দেবীদাস চৌধুরী, রামকৃষ্ণ পরমহংস। প্রথমোক্ত তিনজন সাহিত্যের ভিতর দিয়ে দেবীকে জনপ্রিয় করেছেন।

তাহলে দেখা যাচ্ছে, সুপ্রাচীন এই দেবীটির জনজীবনে অবতরণ ও প্রতিষ্ঠা পেতে সহস্রাধিক বছর অতিক্রান্ত হয়ে গেছে। কালীর পৌরাণিক রূপের থেকে তান্ত্রিক রূপান্তর বিবর্তনের পথ অতিক্রান্ত হতে খুবই সুস্পষ্ট। প্রথম স্তরে পুরাকল্পগণ নানাভাবে দেখাবার চেষ্টা করেছেন যে, কালী, চণ্ডবতী, উমা, দুর্গা, চণ্ডী ইত্যাদি অভিন্ন এবং দ্বিতীয় স্তরে দেখা যায় যে, কালীই মূল দেবী এবং অন্যান্য দেবীসহ কালী ক্রমেই উদ্ভূতা, তারই রূপান্তর মাত্র। তন্ত্রে সাধনার পুরুষ-প্রকৃতি তত্ত্ব গৃহীত হয়েছে এবং সেই অনুসরে কালী মূল প্রকৃতি হিসাবে পরিকল্পিতা হয়েছেন। সাধনপদ্ধতি অবশ্য প্রাচীন, যার ভিত্তি মাতৃতান্ত্রিক সমাজ, যেখানে প্রকৃতিই সর্বেসর্বা, পুরুষ নিষ্ক্রিয় দর্শক মাত্র, সে অক্রিয় সাক্ষীস্বরূপ, অলস ও উদাসীন। হিন্দুও এই একই কথা বলা হয়েছে, এখানেও প্রকৃতি বা শক্তিই আসল, শক্তিবিহীন শিব শব ভিন্ন আর কিছুই নয়, তাই শিবের অচল স্থান মহাশ্মশান অধিষ্ঠান। নৌমর্ণলহরী গ্রন্থের প্রথম শ্লোকেই বলা হয়েছে। শিব শক্তি যদি ভবতি শক্ত প্রভাবিতুং, ন চেন্নেবং দেবো ন খলু কুশলঃ স্পন্দিতুমপি। শিব যদি শক্তিযুক্ত হন, তবেই তিনি জগৎ সৃষ্টি করতে সমর্থ, নচেৎ তিনি নড়াচড়া করতেও সমর্থ নন। শাক্তানন্দতরঙ্গিনী গ্রন্থে দেবীকে স্পষ্ট প্রকৃতিই বলা পুরুষের রূপে অভিন্না হিসাবে দেখা হয়েছে। স্বয়ং রুদ্রযামল তন্ত্রে স্পষ্টতঃ ঘোষিত, সাম্য-ধর্ম্মাত্মিকেতেবাম্বাক্ত প্রকৃতির বিদুঃ, সৈব সত্ত্বপ্রকৃতি সাধ্বী প্রধানা পুরুষোহিদি চ। অর্থাৎ সত্ত্ব, রজঃ ও তমঃ এই গুণের কথিত হয়েছে। এই গুণত্রয়ের সাম্যাবস্থা অব্যক্তপ্রকৃতি হিসাবে পরিচিত, যা মূলপ্রকৃতি, প্রধান ও সেই-সঙ্গে পুরুষও।

তন্ত্রবাদের উৎসের আলোচনায় কোন কোন স্থানে দেবী কি কি নামে প্রসিদ্ধা তার একটি তালিকার বলা হয়েছে। কালিকা পুরাণে ৫। বাস্তবিকই বাংলার কালীর প্রাধান্যই সর্বাধিক। অন্যান্য দেবীরা, যেমন দুর্গা, ভুবনেশ্বরী, মহাসরস্বতী, জগদ্ধাত্রী, বহুত্র একত্রেই পূজিত হন। কিন্তু দীপান্বিতা উৎসবের দিনে কালীর বাৎসরিক পূজা ছাড়াও এই দেবীর প্রাত্যহিক পূজা বাংলাদেশের সর্বত্রই প্রচলিত। বলতে গেলে এমন কোন স্থান নেই যেখানে কোন-না-কোন ধরনের কালীমন্দির নেই। কিন্তু লক্ষণীয় বিষয় হচ্ছে যে, কোন কালী-মন্দিরই খুব পুরোতন নয়, দেবীর যা কিছু, প্রত্নবিধি তা সব ভিন্নতো ধরনের মধ্যেই। দেবীর স্থায়ী পূজা ছাড়াও বিভিন্ন প্রয়োজন মতো যে কোন সময় কালীপূজা করা চলে। কোন বিশেষ বিপদ-আপদ, মহামারী বা প্রাকৃতিক দুর্যোগ দেখা দিলে আনুষ্ঠানিকভাবে এই দেবীর পূজা করা হয়। চৈত্রান্তার মোড়ে প্রায়ই বক্ষা-কালীপূজা করা হয় এবং বহু অঞ্চলেই এই রক্ষাকালীর জন্য একটি বিশেষ স্থানও নির্দিষ্ট করে রাখা হয়। বহু-স্থানে কালী গ্রাম অথবা নগরের অধিষ্ঠাত্রী দেবী হিসাবেও পূজিত হন। এই দেবীর সঙ্গে চোর-ডাকাতের কিছু সম্পর্ক আছে। কথিত আছে, অতীতকালে দিনের ডাকাতেরা ডাকাতি করতে যাবার পূর্বে কালীর আরাধনা করত।* কয়েক স্থানের ডাকাতে-কালী এখনও বিখ্যাত—যথা খলসীর, বীজ-পুরের ও বাঘাটির। বহু স্থানে দেবীর স্থানীয় নামও আছে, যেমন হলেশ্বরী বা শ্যামনগরের রক্ষমন্ত্রী, চন্দ্রেড়ার বরামরী, বোড়ালের হিসপুরাসুন্দরী, বরদার মহাকালী, শিয়াখালার উত্তর-বাহিনী, সেওড়াফুলির নিস্তারিণী, বৈদ্যবাটির ভদ্রকালী, বাঁশবেড়িয়ার হংসেশ্বরী, লাঙ্গলবন্ধ ও নবদ্বীপের জয়কালী, ঢাকার যমনা-কালী, আলদহের জয়দুর্গা-কালী, তিলকপুরের কলিকা-শ্বরী, খুলনার খুলনেশ্বরী, রাঘাঘাট, শান্তিপুর, নবদ্বীপ ও কলকাতার বাগবাজারের সিদ্ধেশ্বরী ইত্যাদি। বাগবাজারের সিদ্ধেশ্বরী কালীর মন্দিরে পূর্বে নরবলি হত। ১৭৩০ খৃস্টাব্দে গোবিন্দরাম মিত্র এই দেবীর একটি সুউচ্চ মন্দির নির্মাণ করেন যা স্যাক্ত প্যাগোডা বলে খ্যাত হয়, কিন্তু ১৮২০ খৃস্টাব্দের ভূমিকম্পে এই মন্দির পড়ে গেলে তার জায়গায় বর্তমান মন্দির নির্মাণ করা হয়। এই সব স্থানীয় দেবীরা ছাড়াও বিভিন্ন পীঠ-স্থানে ও উপপীঠে পূজিতা কালীরাও আছেন। আদিতে নিশ্চয়ই এই পীঠ-গুলির অধিষ্ঠাত্রী দেবীরা কালী ছিলেন না, কিন্তু কালক্রমে এই জনপ্রিয় দেবী পীঠ ও উপপীঠগুলির বেশ কয়েকটি দখল করে নেন।

শ্রীরামচরিত-মানস

তুলসীদাস

অযোধ্যার শিবমন্দিরে পণ্ডিতমণ্ডলীর সম্মুখে উপস্থাপনা

শ্রীরামচন্দ্রের কথা-গানে আকাশবাতাস মুখ হবে ও রাজধানী ফেরবী ধ্যান ধরিয়া রহেছেন অধিবাসীরা। সেই সময় তাঁর দেবতার প্রতিষ্ঠা-নির্দেশ আকাশের অযোধ্যার পুরিবার অধিকার করি ঐশীলোকে সমুদ্রে। তারপর তেজস্বী তুলসীদাস তাঁহার অমরত্ব—তিনি সহজ ভাষায় তাঁহার পরিকল্পনার শ্রীরাম-চরিত মানস রচনা করিয়াছেন। তুলসীদাসের অমরত্বের কারণ এই শ্রীরামচরিত-মানস। যে ভাষা তাঁহার গ্রন্থের মধ্যে ব্যবহার করিয়াছেন তাহা অবধী। এই ভাষা তখন তেজস্বী ও ওজস্বী ছিল। তুলসীদাস শ্রীরামচরিত-মানসের মধ্যে সেই ভাষার সৌন্দর্য ও ওজস্বিতা অক্ষুণ্ণ রাখিয়াছেন। তাই তাঁহার গ্রন্থ আজও এত জনপ্রিয়।

মূল্য—১৫ পাঁচ টাকা, ২য় খণ্ড তিন টাকা

প্রকাশক : পুস্তকবিপণি, ১৬৬, বিপিনবিহারী গাঙ্গুলী স্ট্রীট, কলি-১২

চিত্তরঞ্জন বন্দ্যোপাধ্যায়

জর্মান সাহিত্যের একজন আধুনিক এখন গোটে। তাঁর সঙ্গেই শিলারের স্থান। গোটের চেয়ে আঠারো বছরের ছোট এক সাহিত্য-বন্ধুপ্রার্থী হুবেক এ দুজনকে আন্তরিক শ্রদ্ধা করতেন, ঈর্ষাও করতেন ঠিক তেমনি। ঈর্ষার কারণ, এঁদের খ্যাতির সমান একটু অংশও তাঁর ভাগ্যে জোটে নি। ছন্ন ছাড়া সাহিত্যের সমর ক্ষেত্রে এঁরা দুজন অধিকার করে রেখেছেন, সেখানে আর ভালো স্থান নেই। তার ওপর গোটের উপেক্ষা ও বিদ্রূপ সমালোচনা নিদারুণ আঘাতের কারণ হয়েছে। প্রথম নাটক শেক্সপেরীলিয়া গো গোটের হাতেই তুলে দিয়েছিলেন, কিন্তু তিনি স্বীকৃতি দেন নি। গোটের মোটেই ভালো লাগে নি তরুণ লেখকের রচনার মানসিক বিকারের লক্ষণ—হৈ-চৈ, গুরুত্ব উদ্ভট ভাব-এর মধ্য দিয়ে এসেছেন। এখন যৌবন অতিক্রান্ত, তাই সেই অতের মধ্যে লেখকের জীবন ও রচনার আবর্তন তাঁর কাছে বিরক্তিকর মনে হয়েছে। অন্তত গোটের কাছ থেকে একটু সহানুভূতি পেলে ক্লাইস্টের জীবন অন্যরকম হতে পারত।

হাইনরিখ ফন ক্লাইস্টের জন্ম হয় ১৭৭৭ খ্রীস্টাব্দের ১৮ই অক্টোবর ফ্রাঙ্কফুর্টে। তাঁর পূর্বপুরুষের সকলেই ছিলেন সম্ভ্রান্ত রাজকর্মচারী। তাঁরা সেনাবাহিনীর লোক। প্রথম স্ত্রীর মৃত্যুর পর দ্বিতীয়বার তিনি বিয়ে করেন পঞ্চদশী এক কিশোরীকে। তাঁর নিজের বয়স কিন্তু তখন চল্লিশের ওপর। প্রথম স্ত্রীর দুই ছেলে; দ্বিতীয় স্ত্রীর সন্তান তিনটি। এদের মধ্যে জ্যেষ্ঠ হাইনরিখ।

পড়াশুনার জন্য হাইনরিখকে বার্লিন পাঠানো হলো। একজন শিক্ষকের তত্ত্বাবধানে থেকে বিদ্যাচর্চা করতে হয়। শিক্ষক ছাত্রের ওপর খুশি নন। বড় একঘেয়ে আর খামখেয়ালী। বই খুলে অঙ্কের পাতাগুলো তাকে তবলো লাগে পড়ার চেয়ে। এদিকে বয়স যখন এগারো, তখন বাবার মৃত্যু হলো; মার মৃত্যু হলো পাঁচ বছর পরে। অনাথ ভাই-বোনদের আশ্রয় দিলেন মামারা।

পরিবারের রীতি অনুসারে পনেরো বছর বয়সে ক্লাইস্ট সেনাবাহিনীতে যোগ দিলেন ১৭৯২ খ্রীস্টাব্দে। পতাকাবাহী দলের অধিনায়ক, অধিনায়কদের নিম্নতম পদ। তখন দেশের বড় বিপদ, নেপোলিয়ানের বিজয় অভিযান চলছে য়ুরোপের বিভিন্ন অঞ্চলে। প্রাশিয়ার রাজা অপমানজনক সর্তে নেপোলিয়ানের সঙ্গে সন্ধি করায় যুদ্ধ-বিগ্রহের হাত থেকে কিছুদিনের জন্য শান্তি পাওয়া গেল। ক্লাইস্টের তখন অফুরন্ত অবসর, দু-একটা সৈনিক মার্কিক কাজ ছাড়া বিশেষ কিছুই করবার নেই। এই অবসর সময় সাহিত্য ও দর্শনের বই পড়ে এবং সঙ্গীতের চর্চা করে কাটে। বিশেষ করে য়ুগোর রচনাবলী চিন্তার নতুন দিগন্ত উন্মুক্ত করে দিল। নিয়মে অবশ্য সেনা অবসরের আলস জীবনযাত্রা সহ্য হয় না। সাত বছরে একবার পদোন্নতি হয়েছে। ধীরে ধীরে আরও উন্নতি হবে নিশ্চয়। কিন্তু পদোন্নতির মূল্য কিছুই নয় তাঁর কাছে। জীবনের সার্থকতা বলতে একেবারে বুঝা বেঁধেছে। আর অপেক্ষা করা চলে না।

রাজার কাছে আবেদন জানালেন, তাঁকে এই চাকরি থেকে মুক্তি দিন। চাকরি আর করব না, এবার থেকে জ্ঞান-বিজ্ঞানের চর্চা করব শুধু। অবসরকে চাকরিও চাই না।

এমন অদ্ভুত আবেদন আর কেউ রাজার কাছে করে নি। সবাই পদোন্নতির জন্য প্রার্থনা করে, নানা সুযোগ-সুবিধা চায়। কেননা অভিজাত পরিবারের তরুণ সন্তানেরা চাকরির সন্ধান খোঁজবার আগে করবে, এটা দিব সেতালে করবার অভ্যাস।

চাকরি ছেড়ে বাড়ি চলে এলেন। পড়াশুনা করবেন ফ্রাঙ্কফুর্টে বিশ্ব-বিদ্যালয়ে। বাবা কিছু টাকা উইল করে রেখে গেছেন। তাই একমাত্র ভরসা। মাইনে-করা সবাই তাঁর ওপর বিরূপ। পরিবারের বড় ছেলে; চাকরি না করলে ছোট ছোট ভাই-বোনদের মানুষ করবে কে? সরকারী চাকরির ছাড়পত্র বংশমর্যাদাও ক্ষুণ্ন হলো।

ক্লাইস্টের মতো সর্বাঙ্গীন জ্ঞানের অদম্য পিপাসা তাঁকে পেয়ে বসেছে। য়ুগোর শিক্ষা, শুধুমাত্র জ্ঞানের জন্যে জ্ঞানার্জনই শেষ লক্ষ্য। অর্জিত জ্ঞানকে কোনো উপায় সিদ্ধির উপায় হিসেবে ব্যবহার করবার কথা ওঠে না। বন্ধু-বান্ধবরা বুঝত না এ সব কথা। তাদের অপেক্ষা হতো কি জানি, মাথা খারাপ হয় কি-না! অবশ্য এর জন্য তাদের দোষ দেওয়াও যায় না। দিনান্তের নিত্য-নতুন পরিকল্পনা হতো যাবার প্রতিক্রিয়াই তা বাতিল হয়ে যেত। হয় এ পথ, নয় ও পথ। জীবনের সঙ্গে ক্লাইস্টের রফা করে চলবার মতো মানসিকতা ছিল না। এই

সময় ওঁকে একবার সম্বর্ধনা জানাতে
হয়েছিল। [illegible] এই তিনি সভা
[illegible] তাঁর সঙ্গে [illegible]
[illegible] আলাপ করেন।
[illegible] ঘনিষ্ঠতা।—
[illegible] ছিল
[illegible] যত চিঠি-
[illegible] তার প্রায়
[illegible] পুস্তিকা [illegible]
[illegible]

১৯০৮ সালে তাঁর [illegible] নিজের বিয়ে ঠিক করে ফেললেন। পাত্রী সেনাবিভাগের এক অফিসারের মেয়ে ক্লিয়হেলমাইন। সুন্দরী মেয়ে। বুদ্ধিমতীও একটু বেশি। ক্লাইস্টের সঙ্গে তাঁর নানা বিষয়ে আলোচনা। সর্বোপরি সাহিত্যের নেশা হয়তো কিছুটা আকৃষ্ট করেছিল ক্লিয়হেলমাইনকে। কিন্তু স্থির করবার ব্যাপারেও ভুল ছিল না। সবচেয়ে বড় কথা, ক্লাইস্টের কোনো নির্দিষ্ট আয়ের পথ নেই, যার ওপর নির্ভর করে নতুন সংসার পাতা যায়। তাছাড়া ক্লাইস্টের ছিল মাস্টারী করবার প্রবৃত্তি।—যা সকলের পক্ষেই বিরক্তিকর। ক্লিয়হেলমাইনকে ছাড়াও যেতো জার্মান ভাষা ও সাহিত্য, দর্শন, গণিত ইত্যাদি সকল বিষয়ে শিক্ষা দেবার জন্য তিনি রীতিমতো ক্লাস নিতেন। তার ওপর ছিল ক্লাইস্টের তোতলামি। কথা বলতে বলতে হঠাৎ আটকে যায়, অনেক চেষ্টাতেও কথা বের হয় না। আর অক্ষমতার অপমানে ক্লাইস্ট ক্ষুব্ধ বিরক্ত হয়ে উঠতেন। কোনো মেয়েই ভাবী স্বামীর সম্পর্কে এমন লোককে বেছে নিতে পারে না।

ক্লিয়হেলমাইনও স্বাভাবিক কারণেই প্রথমে ক্লাইস্টের প্রস্তাবে রাজী হন নি। ফিরিয়ে দিয়েছে কয়েকবার। শেষ পর্যন্ত সম্মতি দিয়েছিল। হয়তো অনুকম্পায়। কিংবা ভবিষ্যতে খ্যাতিমান লেখকের স্ত্রী হবার আশায়।

ক্লাইস্ট ক্লিয়হেলমাইনের সম্মতি পেয়েই ফ্রাঙ্কফুর্ট থেকে বেরিয়ে পড়লেন। আবার এক সপ্তাহ থেকে চিঠি লিখলেন, আমি এখানে চিকিৎসার জন্য এসেছি। চিকিৎসা সফল হলে আবার মনপ্রাণ জীবন ঘরে সুখের হবে।

ক্লাইস্টের কোনো কোনো জীবনীকারের অভিমত, বিবাহের পথে অন্তরায় দূর করবার জন্যই এই চিকিৎসার দরকার হয়েছিল। চিকিৎসা যে সফল হয়েছে, সে কথা ক্লাইস্ট নিজেই জানিয়েছেন এক চিঠিতে। কিন্তু ঘরে ফিরে হঠাৎ কেন যে তাঁর মনের পরিবর্তন ঘটল তার কোন কারণ খুঁজে পাওয়া যায় না। কিছুদিন আগেও ঘরে ফিরে আসবার জন্য উৎসুক ছিলেন ক্লাইস্ট তাঁকে লিখলেন: "আমি ভবিষ্যতে হোমরুল ঘুরি বেড়ানোই কি আমার উচিত নয়? আমাকে আর চিঠি দিও না। আমার একমাত্র কামনা মৃত্যু।"

ক্লিয়হেলমাইনকে প্রায়ই তিনি বলতেন, জার্মান ভাষায় একটি শব্দ মেয়েরা বুঝতে পারে না। সেটি উচ্চাশা। একদিকে উচ্চাশা অন্যদিকে কামনা—এই দুই পরস্পরবিরোধী মানসিকতা ক্লাইস্টের জীবনের ভারসাম্য বিচলিত করেছিল। উচ্চাশা বলতে ক্লাইস্ট বুঝতেন লেখক হিসাবে খ্যাতি,—গোটে-শিলারের সঙ্গে তাঁর নাম স্থান পাবে—এই আশা। একদিন যে তা সম্ভব হবে, সে সম্বন্ধে ক্লাইস্টের ছিল দৃঢ় প্রত্যয়।

ফ্রাঙ্কফুর্ট বিশ্ববিদ্যালয়ের পড়া বন্ধ করে, ক্লিয়হেলমাইনের কাছ থেকে বিদায় নিয়ে ১৮০০ খৃস্টাব্দ থেকে চার বছর ক্লাইস্ট ঘুরে বেড়ালেন য়ুরোপের নানা জায়গায়। প্যারিসে ভাটল বেশ কিছুদিন। ফরাসী ভাষায় বক্তৃতা ছিল। সুতরাং ফ্রান্সের সাহিত্য ও সংস্কৃতির সঙ্গে স্থাপিত হলো নিবিড় পরিচয়। বিশেষ করে ফরাসী নাটকের সঙ্গে। নিজের কয়েকটি অসম্পূর্ণ নাটকের পাণ্ডুলিপিও নিয়ে গিয়েছিলেন। এদের মধ্যে সবচেয়ে আশা ছিল রবার্ট গিসকার নাটকটির ওপর। বিষয়বস্তু ও পরিকল্পনা—দুই-ই ছিল গ্রহণ। কিন্তু লেখা কিছুতেই অগ্রসর হয় না, ছেঁড়ে যা হয় তাতে মনে তৃপ্তি নেই। বার্থতার ক্ষোভে পাণ্ডুলিপি পুড়িয়ে ফেলবার কথাও তাঁর মনে হলো।

এই সময় আলাপ হলো সমকালীন প্রভাবশালী কবি ও সমালোচক হিন্টোক মার্টিন ভিলাণ্ডের সঙ্গে। তিনি গিস্কারের পরিকল্পনা শুনলেন; আর শুনলেন ক্লাইস্টের মুখে নাট্যাংশের আবৃত্তি। মুগ্ধ হলেন তিনি। বললেন, ইস্কাইলাস, সফোক্লিস ও শেক্সপীয়রের বিদিত প্রতিভাও এরকম নাটকের পরিকল্পনা করতে পারত কিনা সন্দেহ। ভিলাণ্ড ও গোটে জার্মান সাহিত্যের যে অভাব পূর্ণ করতে পারেন নি, ক্লাইস্ট তা করবেন।

ক্লাইস্ট কিন্তু এই নাটক সম্পূর্ণ করে যেতে পারেন নি। শেষোলিয়ানের বিশ্ববিজয়ের স্বপ্নই যে এই নাটক রচনার প্রেরণা দিয়েছিল তাতে সন্দেহ নেই। রবার্ট গিস্কার অপ্রতিদ্বন্দ্বী বীর, কিন্তু সে নিঃসঙ্গ। সমস্ত পৃথিবীর বিরুদ্ধে সে যাত্রা উচ্চ করে আছে, একটু সুযোগ পেলে তাকে টেনে নামিয়ে আনা হবে সেই উত্তাপন থেকে। অবশ্য সুযোগের চাকা তাকে কেন্দ্র করেই আবর্তিত হচ্ছে। বীরের ভাগ্যই এই। বাধের যে পালন করবে, তারাই করবে বিধ্বংসন।

ক্লাইস্টের প্রথম নাটক Die Familie Schroffenstein প্রকাশ করেন তাঁরই এক বন্ধু, ১৮০০ খৃস্টাব্দে। বইয়ে লেখকের নাম ছিল না। এ নাটক কারো দৃষ্টি আকর্ষণ করতে পারে নি।

পাঁচ বছর পরে বের হলো পেন্থেসিলিয়া। ক্লাইস্টের নাম কিছুটা প্রচার লাভ করে। অশ্বমাজনদের রাণী পেন্থেসিলিয়া। রাণী তার প্রেমিককে যুদ্ধে পরাজিত করবে,—এই ছিল রীতি। কিন্তু তার প্রেমিক অ্যাকিলিস যখন রাণীকে পরাজিত করল, তখন অপমানের সীমা রইলো না। রাত্রির উৎসব শেষকেলির সুযোগে পেন্থেসিলিয়া অ্যাকিলিসের বুকে তীর বসিয়ে তার রক্ত পান করল প্রতিশোধ হিসাবে। এই পৈশাচিকতার পরে সে প্রাণ হারালো।

ঐ বছরই বের হয় স্যারমিনিয়াস বধ নাটক। দেশপ্রেমে উদ্দীপ্ত এই নাটক নেপোলিয়ানের বিরুদ্ধে জার্মানদের সংঘবদ্ধ করবার উদ্দেশ্যে রচিত। আক্রমণকারী রোমানদের বিরুদ্ধে আরমিনিয়াস জার্মানদের নেতৃত্ব করেছিল। আরমিনিয়াস একেবারে উন্মত্ত,—স্বাধীনতা রক্ষার জন্য সে সন্তান, স্ত্রী, সন্তান—সব বিসর্জন দিতে প্রস্তুত।

ক্লাইস্টের শ্রেষ্ঠ নাটক পিঠার অব হামবুর্গ ঐতিহাসিক কাহিনীকে কেন্দ্র করে রচিত। ওপরওয়ালার আদেশ অমান্য করেও দেশের স্বার্থে অভিযান চালিয়ে রাজকুমার হামবুর্গ শত্রুর বিরুদ্ধে যুদ্ধে জয়ী হয়। কিন্তু পরে নিজের গভর্নর মেতের বিচারে তার প্রাণদণ্ড হয়,—কর্তৃপক্ষের আদেশ অমান্য করবার অপরাধে।

'ভাঙা কুঁজো' (১৮০৩) এক ছোট আদালতের দুর্নীতিগ্রস্ত শাসকের কীর্তিকলাপ অবলম্বনে রচিত প্রহসন। বাস্তব জীবনের ছবি এই নাটকেই সবচেয়ে বেশি পাওয়া যায়। 'কেট অব হেইলব্রন' (১৮১০) এক অবাস্তবধর্মী প্রেমের কাহিনী।

নাটক ছাড়া ক্লাইস্ট লিখেছেন কতকগুলি সুন্দর গল্প। প্রত্যেকটি গল্পের বিষয়বস্তু বৈশিষ্ট্যপূর্ণ উজ্জ্বল। প্রতিটি কাহিনীর একটি বাণী আছে, কিন্দরস ক্ষুণ্ন না করেও তা জোরের সঙ্গে বলা হয়েছে। লোকার্নোর কিংবদন্তী, দি মার্কুইস অব ও'—, দি কাউন্টেস, সেন্ট সিসিলিয়া প্রভৃতি গল্পগুলি পাঠকের মন অধিকার করে রাখে। গল্প রচিত গল্প 'চিলির ভূমিকম্প' মিশন-সেন্সেসের আবর্ণ

হিসাবে সমালোচকদের অভিনন্দন পেয়েছে। নায় কিরের জন্য মানুষের চিরন্তন দাবিকে মূর্ত করে তুলেছে শাইলক কোলহাস।

১৯০৮ খ্রীস্টাব্দে এক বন্ধুর সহযোগিতায় ফাঁকলা নাম নিয়ে একটি সাহিত্যপত্র সম্পাদনা শুরু করেন ক্লাইস্ট। এই উপলক্ষে হোট্ট, টিক্রেক এবং অন্যান্য অনেক লেখকের সঙ্গে তাঁকে দেখা-সাক্ষাৎ করতে হয়েছিল। সাহিত্য জগতে যেন এরই পরিচিতি লাভ করলেন। কিন্তু পত্রিকা চলে নি বেশিদিন।

ক্লাইস্টের সাহিত্য সৃষ্টির সময় স্বল্পস্থায়ী বছরের বেশি নয়। আর এই সময়ও তিনি সম্পূর্ণরূপে সাহিত্যচর্চায় আত্মনিয়োগ করতে পারেন নি। অল্প সময়ের মধ্যে লিখে খ্যাতি অর্জনের ব্যর্থ আকাঙ্ক্ষায় পরিশ্রম করেছেন অসাধারণ। তার ফলে স্বাস্থ্য ভেঙে পড়ল। এর ওপর নিদারুণ দারিদ্র্য। মূল্য বাঁচানোর তাগিদেই সহকারী অর্থ জগতে চাকরি নিতে হলো। নেপোলিয়নের আক্রমণে জার্মানী তখন বিপর্যস্ত। বন্ধুবান্ধবের চাকরি করে অনির্দিষ্টকালের ছুটি নিয়ে বেরিয়ে পড়লেন। ফ্রান্সের সমুদ্রতীরে ঘুরে বেড়াবার সময় ক্লাইস্ট বন্দী হলেন ফরাসী পুলিসের হাতে, জার্মানীর হয়ে গুপ্তচরবৃত্তি করবার অভিযোগে। মুক্তি পেয়ে ফিরে এলেন বার্লিনে।

কিন্তু ফ্রান্সের কারাগারই বোধ হয় ছিল ভালো। বার্লিনে বাঁচবার কোনো পথ নেই। দারিদ্র্যের কারাগার থেকে মুক্তির পথ কোথায়?

ভিলহেলমাইনের সঙ্গে বিয়ের প্রস্তাব তিনি দেন অনেকদিন আগেই। ১৮১১ খ্রীস্টাব্দের মার্চ মাসে পাঠান তাঁকে চেনেভিক্সের সঙ্গে। আশ্চর্য ব্যাপার, তার তাঁকে বিয়ে করতে চাইল। কিন্তু শুধু মৃত্যু কামনায়। ক্লাইস্ট যেমন মাঝে মাঝে মৃত্যুর আহ্বানে সাড়া দেবার জন্য ব্যাকুল হয়ে ওঠেন, তেমনিভাবেই তাঁর মৃত্যুর জন্য যেন পা বাড়িয়েই আছে। ২১শে নভেম্বর, ১৮১১ মৃত্যুর আহ্বান শুনতে পেলেন দুজনে একসঙ্গে। এবার সে আহ্বান প্রত্যাখ্যান করা সম্ভব হলো না।

এই আত্মহত্যা কি ক্লাইস্টের অবক্ষয়ধর্মিতার প্রমাণ, না সত্যি কারণ ছিল? ক্লাইস্টের জীবনের শেষ কয়বছরের ঘটনা পর্যালোচনা করলে দেখা যাবে ধীরে ধীরে, কিন্তু নিশ্চিতরূপে তিনি মৃত্যুর দিকে এগিয়ে চলেছেন। মৃত্যুর পথেই তাঁর মুক্তি।

আর ক্লাইস্ট জার্মান নাটকারদের মধ্যে উচ্চাসন লাভ করেছেন। কেউ কেউ তাঁকে শিলারের চেয়ে বড় নাটকার হিসাবে স্বীকৃতি দিতে চেয়েছেন। কিন্তু তাঁকে বাদ দিলে জার্মান নাটকের ইতিহাস হয় না। অবশ্য কালের দু-একটি নাটকের অভিনয় হয়েছে, কিন্তু কেউ তা নিয়ে আলোচনা করে নি। হোট্ট তাইমারের রঙ্গমঞ্চে তাঁর কৃতিনের অভিনয় করিয়েছিলেন। কিন্তু সম্পূর্ণ নাটক নয়; এর সংক্ষেপ করা হয়েছিল যে, মূল নাটক তার মধ্যে খুঁজে পাওয়া যায় না। এমন সুন্দর প্রহসনটিকে এভাবে হত্যা করবার জন্য ক্লাইস্ট একই উত্তেজিত হয়েছিলেন যে, হোট্টকে দ্বন্দ্বযুদ্ধে আহ্বান করবার কথা মনে হয়েছিল তাঁর।

ক্লাইস্টের সমসাময়িকদের রচনাবলি জার্মানীর রাজনৈতিক পরিস্থিতিতে জনপ্রিয়তা লাভ করা স্বাভাবিক ছিল। কিন্তু এমনিতে সমাদর লাভ করে নি। গোটের বিদ্বেষপরায়ণতাই হয়তো সমকালীন লেখকেরা ক্লাইস্টের প্রতি সৃষ্টি দেয় নি। ক্লাইস্ট সম্বন্ধে গোটের একটি মন্তব্য: "With the best will in the world toward this poet, I have always been moved to horror and disgust by something in his works, as though here were a body well-planned by nature, tainted with an incurable disease."

গোটে যে বোধের কথা বলেছেন তা হলো শেলগেল্সালিয়ার ক্লাসিকের বোধ। কিন্তু এটা যে ক্লাইস্টের রচনার সামান্য অংশমাত্র, আরও বহু সৃষ্টি যে রয়েছে, তা সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে। সমকালীন জার্মান সাহিত্যের একচ্ছত্র নেতা গোটে। তিনি অস্বীকৃতি না দেওয়ায় অন্য সবাই ক্লাইস্টকে উপেক্ষা করেছেন।

ক্লাইস্টের কোনো গোষ্ঠী ছিল না। যে অল্প কয়েকজন বন্ধু ছিল, তাঁরা কবুণার চোখে দেখতেন, তাঁর প্রতিভা সম্বন্ধে অবহিত ছিলেন না। পরিচিত লোকদের নিকট ক্লাইস্ট একই সাধারণ ছিলেন যে, তাঁর সম্বন্ধে কিছু লিখে রাখা তারা প্রয়োজন বোধ করে নি। এই জন্যই ক্লাইস্টের জীবনের ঘটনা বিশেষ কিছু জানা যায় না। বন্ধুবান্ধব এবং সমকালীন লেখকদের চেষ্টাতে উপেক্ষাই ক্লাইস্টের মৃত্যু এনে এনেছে, তাঁর সৃষ্টির উপর ঘবনিকা টেনে দিয়েছে। প্রকাশকের কাছে পাণ্ডুলিপি নিয়ে গেছেন, নিরাশায় ফিরে আসতে হয়েছে। থিয়েটারের কর্তৃপক্ষ নাটক পড়াও না পড়েই ফিরিয়ে দিয়েছে।

একটি সান্ধ্য পত্রিকা বের করবার পর কয়েকদিনের মধ্যেই সাফল্যের সম্ভাবনা দেখা দিয়েছিল। ক্লাইস্টের আশা হলো, এবার দুঃখ দুর্দশা-দুর্ভাবনা কাটিয়ে উঠতে পারবেন। কিন্তু দুর্ভাগ্য আজ তাঁর ওপর হলো তাঁর লেখনে। সরকারী মেজাজের কোপ পড়ল তাঁর কাগজের ওপর। ১৮১৩-এর সংখ্যা প্রকাশ করে কর্তৃপক্ষ টিকে থাকতে পারে বলে বিশ্বাস করলেন। আশায় উঠে গেল। যা-কিছু সম্বল সব বিক্রয় করেছিলেন। সুতরাং কাগজ বন্ধ হয়ে যাওয়ায় একেবারে নিঃস্ব হয়ে পড়লেন ক্লাইস্ট। অবস্থা ভিখারির প্রায়। খাবার পয়সা নেই পকেটে। নিজের পর নিজ ঘরের জন্য বলে থাকতে হয়। শুধু বাঁচবার জন্যই আবার চাকরি করা দরকার।

এবারও সেনাবিভাগে চাকরি অনায়াসে পেতে পারেন পরিচিতজনের। কিন্তু সেই চাকরির জন্য আবেদন করতে হলেও টাকার প্রয়োজন। তখনকার দিনে অফিসারের ইউনিফর্মের সাজ-পোশাক নিজেকে কিনতে হতো। সেই টাকা চেয়েছেন তিনি উলফাইকের কাছে। অকাতরে সাহায্য করেছে। এই লেখকের মতো তার সহায়তা চায়। আশ্চর্য সেই অকৃতদারী উলফাইকও বন্ধুকে ছেড়ে গেছে। অপরিচিত লোকদের সামনেই অপমান করে বিদায় করে ছিল। বন্ধুর কৃপাকণা! অপমান, আরও কত কী! এমন অপমানের চেয়ে মৃত্যু অনেকগুণে শ্রেয়—পরে এক চিঠিতে ক্লাইস্ট লিখেছিলেন।

মূর্তিপূজার জড়তার ধীরে ধীরে মৃত্যুর দিকে এগিয়ে চলেছেন ক্লাইস্ট। আর সব পথ বন্ধ, শুধু মৃত্যুর

রাণীধূপ
নকাকার. প্রডাক্টসের তৈরী

নিয়মমাফিক খোলা। লেখক হিসাবে তিনি ফুরিয়ে যান নি। আরও কত লেখার এবং কত ভালো লেখার পরিকল্পনা ছিল। কিন্তু তার জন্য তো বাঁচা প্রয়োজন।

এই সময় নতুন করে দেখা হলো হেনরিয়েটের সঙ্গে। যখন সরকারী অর্থ বন্ধুর চাকরি ছাড়লেন তখন আলাপ হয়েছিল। এক আন্তর্জাতিকতার দূত। এখন দুরারোগ্য ক্যান্সার তাকে ভুগাচ্ছে। অপেক্ষা করছে নিশ্চিতরূপে মৃত্যুর। মৃত্যু সুজনের মধ্যে নিবিড় বন্ধুত্ব গড়ে তুলল। তাঁদের সঙ্গে জীবন যেন কথা বলতে চায় নি তাঁরা; প্রেম পরস্পরকে আকৃষ্ট করে নি। শুধু এক সঙ্গে মৃত্যুর কবলের তাঁরা মিলিত হয়েছিলেন। ফ্রাইস্ট এর আগেও অনেককে স্বেচ্ছা-মৃত্যুর অংশীদার হতে আমন্ত্রণ করেছেন। ঔপন্যাসিকও তাদের একজন। কেউ সাড়া দেয় নি, কেউ সঙ্গী হতে চায় নি। হেনরিয়েট সাহসে এগিয়ে এলো তাঁর হাত ধরে মৃত্যুর ভয়ঙ্কর, সুখদ। ফ্রাইস্ট দুঃসাহসী, অসমসাহসী, জীবনে অকুতোভয়; তাঁকে অবলম্বন করে কেউ বাঁচতে চায় নি; অন্য কেউ তাঁকে অবলম্বন দেয় নি যাতে তিনি বাঁচতে পারেন, প্রতিভার বিকাশ ঘটতে পারে। মৃত্যুর পূর্বে জয় করবার আনন্দ লাভ করে গেলেন। মৃত্যুর আহ্বান জানিয়ে হেনরিয়েটকে তিনি জয় করেছেন।

বার্লিন শহর থেকে কিছু দূরে হ্রদের তীরে ছোট একটি হোটেলে ফিরে দুজনে উঠলেন। ২৩শে নভেম্বর, ১৯১১। সারাদিন দুজনে মেঝেতে করে হ্রদে বেড়ালেন। সারা রাত তাঁদের ঘরে আলো জ্বলল। দুজনেই যেন হাসি-খুশি। পরদিন খুব সকালে কফি খেয়ে চললেন হ্রদের দিকে। একটু পরেই হোটেলের লোক শুনতে পেল গুলীর শব্দ। ছুটে গিয়ে দেখল, হেনরিয়েট পড়ে আছে চিৎ হয়ে—খোলা বুকে রক্তের ছোপ। আর তার পায়ের কাছে ফ্রাইস্ট, তাঁহাতে পিস্তলের নল ঠেকিয়ে গুলী করেছেন।

কাজের অন্ত নেই। ফ্রাইস্টের মতো লোকের যে এমনি পরিণতি হবে তা তো সবাইরে জানা কথা! আত্মীয়-স্বজনের মুখ লজ্জায় কালো হয়ে গেল। কেউ কোনো কিছু জিজ্ঞাসা করতে গেলে পরিবারের লোক বিরক্ত করে দিত, ফ্রাইস্টের নাম মুখেও আনবে না। চিঠিপত্র, অসমাপ্ত রচনা, ইত্যাদি যা-কিছু তাঁদের কাছে ছিল, সব পুড়িয়ে ফেলল।

মৃত্যুর পরও দুর্ভাগা ফ্রাইস্টকে ত্যাগ করে নি। তাঁর লেখা নাটক 'প্রিন্স হোমবুর্গ' মৃত্যুর পর বছর খানেক পরে অভিনীত হয়েছিল। কোনো সমালোচক তাঁর সম্বন্ধে লেখেন নি দীর্ঘকাল। নাটক আলোচনা হয় নি কখনও চলে। সাংকেতিক ধাঁচের নাটক হাত মক্কেল করেছে তাতে লেখকের নাম প্রচারিত হয় নি। মৃত্যুর প্রায় এক শতাব্দী পরে ফ্রাইস্টের রচনা-বলীর ১২ খণ্ড প্রামাণ্য সংস্করণ প্রকাশিত হয়। বর্তমান শতকের সমালোচকরা ফ্রাইস্টের উপেক্ষার সমাধি থেকে নতুন করে আবিষ্কার করেছেন। টমাস মান তাঁর সম্বন্ধে বলেছেন:

"He was one of the greatest, boldest, and most ambitions poets Germany has produced; a playwright and storyteller of the very first order; a man unique in every respect, whose achievement and career seemed to violate all known codes of patterns."

ফ্রাইস্টের কথা আজ আমাদের বিস্ময় করে মনে পড়ে মাইকেল কোলহাসের জন্য। বড় কঠিন। ফিলকর্ম হিসাবে গল্পটির তো মূল্য আছেই। কিন্তু শুধু সে জন্য নয়। সুবিচারের ধারণাকে কোলহাসের যে সুগভীর ও আন্তরিক তা বর্তমান পরিপ্রেক্ষিতে পাঠকের হৃদয় বিশেষ করে স্পর্শ করে। যত দিন মানব, সমাজ থাকবে, ততদিন সুবিচারের জন্য এমনি সংগ্রাম চলবে।

ফ্রাইস্টের প্রভাব সবচেয়ে বেশি পড়েছে কাফকার ওপর। কাফকা নিজে তা স্বীকার করেছেন। কোলহাসের প্রভাব থেকে কাফকা কখনো মুক্ত হতে পারেন নি। প্রায়ই কথনের পড়ে শোনাতেন কোলহাসের কাহিনী। অথচ বলে অনেক শ্রোতার সামনেও তিনি এই গল্পটি পড়েছেন প্রাগ শহরে।

জার্মান ঔপকথার পুরনো কাহিনীকে ফ্রাইস্ট লাভবত শিল্পরূপ দিয়েছেন। মাইকেল কোলহাস ঘোড়ার ব্যবসায়ী। অভদ্র নয়, তীক্ষ্ণ বিচার-বুদ্ধিসম্পন্ন এবং ন্যায়ের পথে চলবার জন্য কঠিন স্বীকার করতে দ্বিধা নেই।

একবার ঘোড়া নিয়ে চলেছে শহরের বাজারে বিক্রি করতে। দেখল, গ্রোস্কা দুর্গের সামনে কয়েক আসরের একটা নতুন বাড়ি বসেছে। এর আগে কতবার গেছে এ পথে, কেউ টোল আদায় করে নি। কই ভেবে, মনে মনে একটু বিরক্ত হলেও যে টাকা দাবি করল তাই দিয়ে ব্যাপারটা মিটিয়ে নিল। না হলে শহরের বাজারে পৌঁছতে দেরি হবে। ফলে লোকসান হবে। কিন্তু টাকা দিয়ে ঘোড়া নিয়ে এগোবার উদ্যোগ করতেই দুর্গের ম্যানেজার এসে পথ আগলে দাঁড়াল। বলল, পাস দেখি?

পাস? অবাক থেকে পড়ল কোলহাস। পাস যে প্রয়োজন তা তো জানে না! কোনোদিন দরকার হয় নি। ম্যানেজার বলল, নতুন অর্ডিন্যান্স হয়েছে।

কোলহাস অনুরোধ জানাল, এবার আমাকে ছেড়ে দিন; পরের থেকে পাস করিয়ে আনব।

না, কিছুতেই ছাড়বে না! অগত্যা সে দুর্গের অধিপতি জেনটজেলের সঙ্গে দেখা করতে গেল। রাজরাজড়ার সঙ্গে আড়া দিচ্ছে কর্তা। সে খবর আবেদন জানাল। এক পাল ঘোড়া নিকটেই আছে জেনে কর্তারা উৎসাহিত হয়ে উঠল। সবাই এল ঘোড়া দেখতে। কার কোন্ ঘোড়া পছন্দ, ঘোড়ায় চড়ে কিকরে গেলে কেমন হয়, ইত্যাদি কথা নিয়ে কর্তার বন্ধুরা আলোচনা শুরু করল। কোলহাস দেখল বড়ই বিপদ। যদি জোর করে সব ঘোড়া রেখে দেয় তাহলেই বা সে একা কী করবে? সুতরাং অনেক ভেবে ঠিক করল, সে দুটো ঘোড়া জামিন হিসাবে রেখে যাবে দুর্গে। পরে পাস যোগাড় করে ঘোড়া ছাড়িয়ে নিয়ে যাবে। চমৎকার ঘোড়া; তরুণ, তেজস্বী। ঘোড়া দেখাশুনোর জন্য একজন সহিস রেখে গেল। নাম হেরুস্।

শহরে পৌঁছে খবর নিয়ে জানল পাসের কথা একেবারেই মিথ্যা; ওটা শুধু টাকা আদায়ের ফন্দি। পাসের যে দরকার নেই, সে সম্বন্ধে কর্তৃপক্ষের একটা চিঠিও নিয়ে রাখল। ঘোড়া বিক্রি করে টাকা-পয়সা আদায় করে ফিরতে বেশ কিছুদিন দেরি হয়ে গেল।

গ্রোস্কা দুর্গে এসে চিঠি দেখিয়ে ঘোড়া ফেরত চাইল। ম্যানেজার কিছু না বলে শুধু আঙুলটা বেঁকিয়ে দিল; তখন থেকে ঘোড়া নিয়ে যাবার উপায় করল। কোলহাস তো চিনতেই পারল না তার সেই সুন্দর তেজী ঘোড়া দুটিকে। তাদের কঙ্কাল দাঁড়িয়ে আছে। পাঁজরের প্রত্যেকটি হাড় গোনা যায়। তার দুচোখ দিয়ে জল পড়তে লাগল। এর চেয়ে ঘোড়া দুটো মরে গেলেও ভালো হতো। সান্ত্বনাও নেই; দুর্গের বাজা চাকরটা জানাল তাকে ঘেরে তাড়িয়ে দিয়েছে ম্যানেজার। থাকলে জানা যেত ঘোড়ার এ দশা কেমন করে হলো।

কোলহাস ঘামি করল, যেমন অবস্থায় আমার ঘোড়া ফেরত দিয়েছিলাম ঠিক তেমন অবস্থায় ঘোড়া ফিরে চাই।

দুর্গের অধিপতি বিদ্রূপ করে হেসে উঠল। হুকুম করল, যদি লোকটা ঘোড়া না নিতে চায়, তবে ওকে ঘেরে তাড়িয়ে দাও, যেমন করে পারি সহিসটাকে ঘেরে তিনি করেছি।

কোলহাস একা, নিরুপায়। যেমন ঘোড়া রেখে মিয়োছলম ইবন হেনোট আসে মিশরে চাকরি—আরবে বলল সে। আমি আমার সুবিচার কি করে পেতে পারি।

কোলহাসের দীর্ঘশ্বাস শুনতে শুনতে দুর্গ থেকে সে বেরিয়ে এল। কোলহাসের বিচারবোধ অত্যন্ত সচেতন। তার মনে হলো হয়তো সাহেব সত্য কথা বলছে। হয়ত তার দোষেই ঘোড়ার এই দশা। সুতরাং আগে সাহেবের কাছ থেকে সব জেনে নিয়ে তারপর কর্মপন্থা স্থির করবে।

ঘোড়া পেয়ে স্যার এক থেকে জানতে পারল সাহেব মানের ছোট অফিসার হয়ে এসেছিল। এখনো সস্ত্রীক। অনেক কষ্টে তাকে বাচানো গেছে। তার বিশ্বস্ত পরিচারক হাসি কখনো মিথ্যা বলবে না। তবু বিচারকের মতো প্রশ্ন করে করে কোলহাস সব জেনে নিল। ঘোড়া দুটিকে বিক্রি করেছে ম্যানেজার মাল গনিমেহ। তাই ওদের এই হাল! হাসি প্রতিবাদ করায় তাকে মেরে এবং জিনিসসহ ঘোড়া নিয়ে আটকে দিয়েছে।

কোলহাস নিশ্চয়তের হলো দুর্গাধিপতির অপরাধ সম্বন্ধে। এর প্রতিকার চাই। উকিল ডেকে তার সকল অভিযোগ উল্লেখ করে অভিযোগ তৈরি করল। তারপর প্রেসক্রেনের আদালতে মামলা দায়ের হয়ে গেল দৌলতা দুর্গের অধিপতির বিরুদ্ধে। কিন্তু মাসের পর মাস পার হয়ে যাচ্ছে, বছর পূর্ণ হয়ে এল—আদালত থেকে মামলা সম্বন্ধে কোন চিঠি আসে না। স্মারকপত্র পাঠিয়েও উত্তর নেই। তারপর উকিল বন্ধুকে লিখল খবর জানাতে। সে জানাল দৌলতার দুজন আত্মীয় আছে, যারা রাজদরবারের উচ্চপদস্থ কর্মচারী, রাজার সঙ্গে ঘনিষ্ঠতা আছে। তাদের চেষ্টায় আদালতের মামলা চাপা পড়েছে। সুতরাং এ বিষয়ে আর কিছুই হবে না। কোলহাস দুর্গ থেকে ঘোড়া দুটি ফিরিয়ে আনতে পারে। কোলহাসের এতেই সন্তুষ্ট হওয়া উচিত। যদি না হয় তাহলে উকিল এ ব্যাপারে তাকে কোনো সাহায্য করতে পারবে না।

কোলহাস চিঠি পড়ে স্তম্ভিত হয়ে গেল। এই কি নিরপেক্ষ বিচার? তাদের অঞ্চলের গভর্নরকে ব্যাপারটা জানাল। সব শুনে তিনি গ্রান্ডেনবুর্গের ইলেক্টরকে চিঠি দিলেন যাতে কোলহাস সুবিচার পায়। ইলেক্টর অভিযোগ আদালতে না পাঠিয়ে যে অফিসারকে তদন্ত করতে দিলেন, সে দৌলতার আত্মীয়। সুতরাং আবার পরামর্শ এল ঘোড়া ফিরিয়ে নিয়ে যাও, ব্যাপারটার এখানেই শেষ হোক। কোলহাস হয়তো মেনে নিত এই পরামর্শ যদি দৌলতা নিজে এসে ঘোড়া ফিরিয়ে দিয়ে যেত তার বাড়ি। তা যখন নয়, বরং খবর পেলো এখনো ঘোড়া দুটোকে রাখা হয়েছে দুর্গের কাছে আস্তাবলে।

কোলহাস এই পরামর্শ নতুন করে ভাবার পর গ্রামের লোকদের ডাকিয়ে পাঠাল। তার স্থাবর-অস্থাবর সকল সম্পত্তির বিবরণ দিয়ে জানতে চাইল, বিক্রি করলে এসব কত হবে। দামদস্তুর সব ঠিক করে নোডল চলে গেল। লিসবেথ সবই শুনেছিল। স্বামীকে একা পেয়ে কেঁদে বলল, তুমি কি

আবশ্যক

সারা ভারতে প্রবেশিকা ও তদূর্ধ্ব ট্রেনী

টেলিভিশন, টেপ রেকর্ডার, রেডিও ও ইলেকট্রনিক্স ফ্যাক্টরী বিদ্যার জন্য

সিটী ও গীল্ডস্ (লন্ডন)-এর জন্য কোচিং

আই. টি. ই. সার্টিফিকেট ও আই. ই. আর. ই-এ গ্রহণ করা হয়।



ইনস্টিট্যুটের হস্টেলে ১৫ মাসের ট্রেনিং বা ফ্যাক্টরীতে নিবিড় হাতেকলমে ট্রেনিং সহ পত্রযোগের পাঠক্রমের পরে চিকাগো ব্রডকাস্টিং কর্পোরেশন কর্তৃক তাদের স্বীকৃতি নম্বর/ডিপ্লোমা ৫০০, হইতে ১০০০, পর্যন্ত চাকুরীর নিশ্চয়তা প্রদান করা হয়। ইনস্টিট্যুট বিরাট ভবনে অবস্থিত ও বৃহত্তম বাণিজ্যনগরে ও উচ্চযোগাযোগকেন্দ্র এবং অভিজ্ঞ শিক্ষক সমন্বিত। আধুনিক সুবিধাদি সজ্জিত ভবনে থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে। ন্যূনতম অতিরিক্ত সময়ে পূরাদস্তুর ইলেকট্রনিক ইঞ্জিনীয়ার করিবার জন্য বাণিজ্যনগরে ও ফ্যাক্টরীতে নিবিড় হাতেকলমে ট্রেনিং-এর উপর অধিকতর লক্ষ্য দেওয়া হইতেছে। মেয়েদের জন্য স্বতন্ত্র বাস ও শিক্ষার ব্যবস্থা করা হইয়াছে। সুতরাং ইহা ইলেকট্রনিক্সের ক্ষেত্রে তাদের চাকুরীর দোলা হইবার অনন্য "মেয়েদের পক্ষেও" সুবর্ণ সুযোগ। বিশব প্রদর্শনীসমূহের জন্য টেকনিক্যাল ডিরেক্টরের নিকট ২, মাস অন্তর/সেমিস্টার অন্তরে পাঠান।

চিকাগো ইনস্টিট্যুট অফ টেকনোলজী

এ-৭, ইস্ট পার্ক, নিউদিল্লী-১৬ (রোজ)

পাগল হবে? সব বিক্রি করে দিলে আমি ছেলেমেয়ে নিয়ে কোথায় দাঁড়াব?

অনেক করে স্ত্রীকে কাছে ডেকে কোলহাস বলল, এ দেশ ছেড়ে চলে যাবো। যে দেশের সরকার জনগণের ন্যায্য অধিকার রক্ষা করবে না, যেখানকার লোক অন্যায়ে প্রতিবাদের প্রতিকার নেই, সেখানে বসে না করে অন্য দেশে ভুখুর হয়ে থাকার চেয়ে নিশ্চয়ই তুমি আমাকে সমর্থন করবে।

ক্রিস্টিনের চোখ মুছে বলল, তোমার অমতে আমরা যাব না। আবার চেষ্টা করব। আমি রাজার কাছে যাব। মেয়ে ছেলে সকলের কথা বলব। তিনি শুনবেন।

স্ত্রীর প্রস্তাবে কোলহাস খুশি হয়েই চুপ করে। শুধু বলে দিল, তুমি নিজে যখন হাতে আর্জি দিতে পারবে তখন যাবে।

ক্রিস্টিনের একটু বেশী এগিয়ে এসেছিল। দেহরক্ষীর ধাক্কায় হাতলের পাশে দাঁড়ায়। ঘোরেই ফেলেছিল। আর কথা বলতে পারে নি ক্রিস্টিন। মুখ দিয়ে উঠে এসেছিল অনেক গলগ রক্ত। রাতের মুটো ফোনে আত্মজিনী নিয়ে গেল একজন সভাসদ। বাড়ি ফিরে কয়েকদিন মাত্র বেঁচে ছিল। কিন্তু কোনো কথা বলতে পারে নি। কোলহাস যেন মর্মাহত সঙ্গে স্ত্রীর অন্ত্যেষ্টি ক্রিয়া সম্পন্ন করল। সব কাজ হয়ে গেছে, কোলহাস কনিষ্ঠ পুত্রকে কোলে করে সমাধির কাছে দাঁড়িয়ে তার ভিয়তমা স্ত্রীর অকালিক মৃত্যুর কথা ভাবছিল, এমন সময় রাজদরবার থেকে লোক এল চিঠি নিয়ে। লিস্বেন থে আবেদন দিয়ে এসেছিল তার উত্তর এসেছে। কোলহাসকে আবেদন করা হয়েছে, সে যেন ঔদ্ধত্য দুর্গ থেকে তাঁর ঘোড়া নিয়ে যায়। তাঁর এই ব্যাপার নিয়ে সে যদি আদালতে মামলা-মোকদ্দমা করতে যায় তাহলে তাকে জেলে যেতে হবে।

রাজার বিচারের রায় পকেটে পুরে সে বাড়ি ফিরে এল। ভিয়তমা স্ত্রীর মৃত্যুর বিভীষিকা নীরবে মুছে ফেলল মুখ থেকে। মনে উঠে দাঁড়াল। দৃঢ়প্রতিজ্ঞ করেছে। প্রতিশোধ নিতে হবে। ঔদ্ধত্য দুর্গের কর্তার কাছে সে অভিযোগপত্র পাঠাল। তিন দিনের মধ্যে ঘোড়া দুটি নিয়ে কর্তাকে আসতে হবে কোলহাসের বাড়ি, নিজের হাতে আইনের পরিচর্যা করে ঘোড়া দুটিকে আগের মতো নাদুস-নুদুস করে দিতে হবে।

তারপর ছেলেদের পাঠিয়ে দিল ডেসডেন এক আত্মীয়ের বাড়ি। বিক্রি করে দিল নিজের সব সম্পত্তি। সামান্য কিছুসংখ্যক সহচরকে নিয়ে কোলহাস চলেছে কাল মোকাবিলা করতে। কর্তা তখন ইয়োর-বাদুসের সঙ্গে কোলহাসের অভিযোগপত্র নিয়ে হাসি-ঠাট্টা করছিল। হঠাৎ কোলহাসকে সশস্ত্র সঙ্গী সহ দরবার কক্ষে ঢুকতে দেখে থাবড়ে গেল। গলার একটা দরজা দিয়ে কোথায় যে অদৃশ্য হল কোলহাস, তাকেও ধরে ফেলতে আর পেল না। দুর্গে আগুন ধরিয়ে দিল; ধ্বংসলীলার আর সোনাদানা প্রাণ হারাল। কিন্তু আসল শত্রু থেকে পালিয়ে।

কোলহাস সর্বত্র ইস্তাহার প্রচার করতে লাগল। সৌক্সনর জমিদারের বিরুদ্ধে ন্যায়যুদ্ধ ঘোষণা করেছে সে; সবাই যেন সাহায্যের জন্য এগিয়ে আসে।

সৌক্স বেহিকে ছেয়ে গেলে পর কোলহাস সেদিকে যাওয়া করে। দলে অরও অনেক নতুন লোক যোগ দিয়েছে। রাত্রির অন্ধকারে শহরে ঢুকে আগুন লাগাতে শুরু, বাড়ির পর বাড়ি পুড়ে ছাই হয়ে যায়। সর্বত্র আতঙ্ক। কবে কোথায় কোলহাসের দল এসে ঝাঁপিয়ে পড়বে। নাগরিকরা ভয়ে উন্মত্ত। পুলিশ, সৈন্য কিছু করতে পারে না। কোলহাসের গোস্তার পড়ে। সৌক্সর জমিদারকে তোমরা আমার হাতে তুলে দাও, আমি আর কিছু চাই না, কারো ক্ষতি করব না। মুখে মুখে প্রচার হতে থাকে কোলহাসের প্রতি অবিচারের কথা। জনসাধারণের সহানুভূতি তার দিকে। সৌক্সর জমিদার তার আত্মীয় রাজ-কর্মচারীদের সঙ্গে ষড়যন্ত্র করে সুবিচারের পথ রুদ্ধ করেছে। কারো বুঝতে বাকী নেই। তাই তারা চায় সৌক্সর শাস্তি হোক, কোলহাস শান্ত হবে, দেশে শান্তি ফিরে আসবে। জনসাধারণ কোলহাসের পক্ষে বুঝতে পেরে কর্তৃপক্ষও কিছুটা ঘাবড়ে গেছে।

কোলহাসের দলে অনেক লোক যোগ দিয়েছে, শক্তি বেড়েছে; একটা দুর্গ দখল করে প্রতিষ্ঠা করেছে প্রতিজ্ঞানগর। ওয়ার্টেনবার্গের গভর্নমেন্টের পরিচালনার সুব্যবস্থা এবং সত্যাগ্রহী গায় হবার পূর্বে হয় নি। কোলহাস চেয়েছিল, সমাজের দাবিতে পৃথিবীর অন্যান্য ভিয়তমা জনসাধারণ এক হবে, সংঘবদ্ধ হোলেন করবে অত্যাচারীর বিরুদ্ধে।

একদিন বিখ্যাত স্যাক্সোনি রাজসভার লুথারের ইস্তাহার চোখে পড়ল কোলহাসের। একটি স্বাধীনতার প্রতিষ্ঠা কাজের জন্য শত শত অধিকার হচ্ছে, নিয়মতান্ত্রিক শাস্তি পাচ্ছে। কোলহাস যে-সব অধিকার করছে ঈশ্বর কি এর জন্য তাকে শাস্তি দেবেন না?

কোলহাসের অন্তর স্পর্শ করল লুথারের এই প্রশ্ন। সে ধার্মিক, বিচার নিজের জন্য চায়, চায় অন্য সকলের জন্যও। একদিন রাত্রিতে ছদ্মবেশে উপস্থিত হলো লুথারের বাড়ি। তাঁর উপদেশ কী?

লুথার পরিচয় পেয়ে রাগে জ্বলে উঠলেন। বেরিয়ে যাও ঘর থেকে। তোমার নিশ্বাসে মহামারী, তোমার সঙ্গে সঙ্গে ফেরে সর্বনাশ।

—প্রভু, আমি পৃথিবীর সামনে প্রমাণ করতে চাই যে, আমার চিরতমা পত্নী ন্যায় বিচারের দাবিতে প্রাণ দিয়েছে, কেবলো ক্ষুদ্র স্বার্থের জন্য নয়।

লুথার একটু নরম হলেন। বললেন, জমিদারকে ক্ষমা করে ঘোড়া ফিরিয়ে আনলেই কি ভালো হয় না?

কোলহাস তাতে রাজী নয়। বিচারের দাবিতে তাকে এত বড় মূল্য দিতে হয়েছে, এর পরে ক্ষমার প্রশ্ন ওঠে না। সবাইকে ক্ষমা করা সম্ভব, কিন্তু জমিদারকে নয়। ঈশ্বর নিজেও কি তাঁর শত্রুদের ক্ষমা করেন?

লুথার বিরক্ত হলেও গভর্নমেন্টকে চিঠি লিখে দিলেন যেন কোলহাসের অভিযোগের আবার বিচার হয়। এবং বিচার না হওয়া পর্যন্ত তাকে যেন কোন শাস্তি দেওয়া না হয়, মুক্ত নাগরিকের মর্যাদা পায় সে। লুথারের এই সুপারিশ মেনে নিল সরকার। নতুন করে বিচার হলো। সেই বিচারে কোলহাসকে জেতা হলো প্রাপ্য।

নির্দিষ্ট দিনে বন্ধুভূমিতে গিয়ে কোলহাস দেখতে পেল তার সেই কালো ঘোড়া দুটি ঘাস খাচ্ছে; অযত্নে অভ্যাসে নাদুস-নুদুস হয়েছে। আনন্দে বুকের ভেতর ভরে গেল। জানতে পারল সৌক্সর জমিদারির কারারুদ্ধ হয়েছে তার প্রতি দুর্ব্যবহারের জন্য। একদিনে কোলহাসের দাবি পূর্ণ হলো, অন্যায়ের বিচার হলো। এবার সে হাসিমুখে ঈশ্বরের সামনে মাথা নোয়াতে রাজি।

কিন্তু কোলহাসের সমস্যাটি মানুষের পক্ষপাতের জন্য বিচারে পূর্ণ হয়ে যায়। মন প্রসন্ন হয়ে যায়, আইন ভঙ্গ না করলে কি কোলহাস বিচার পেত? বিচার আদায় করে নি। কোলহাস ভিয়তমা পত্নীকে বিসর্জন দিয়েছে, কত প্রিয় সহচর প্রাণ হারিয়েছে, গ্রাম নগর পুড়েছে। আর সর্বোপরি, নিজের জীবন দিয়ে বিচার দেখে হয়েছে। আইন ভেঙে আইনের বিচার পাওয়া গেল।

এর নাম হলো, এক অবিস্মরণীয় নাম।

বিপ্লব ও বিপ্লবী বুলির চুলকানি

কৃত্তিবাস ওঝা

পশ্চিমবঙ্গে রোগ চুলকানি। আর যখন বিপ্লবী বুলির চুলকানি লোককে পেয়ে বসে, তখন সেটা খুব চোখে দেখলেই অসহ্য কষ্ট লাগে। আলোচ্য চুলকানিতে যে রোগে সে পরিষ্কার, রোগজ্বালা, অস্বাভাবিক এবং স্নেহশীল জনগণের যে কোন প্রতিনিধির কাছে তর্কাতীত সত্যাসত্যিকে বিকৃত করে তোলে। এই বিকৃতিটা প্রায়ই ঘটে সর্বোত্তম অবতম ও উন্নততম অনুভূতি থেকে, নিতান্তই অকর্মণ্যদের তাত্ত্বিক মহলে অপরিসাধারণত্বে, অথবা তাদের আনাড়ি ছেলেদের ছাত্রসমাজে, ছাত্রসমাজের অপ্রাসঙ্গিক পুনরাবৃত্তির ফলে, কিন্তু তাতে করে চুলকানিটার অবর্ণতা কমে না।" (ভি. ই. লেনিন রচনাবলী, ৩৫শ খণ্ড, ৩৫১ পৃষ্ঠা) ১৯১৮ সালে লেনিন বিপ্লবী বুলির চুলকানিগ্রস্তদের সম্পর্কে যে কথা বলেছেন, আজ পশ্চিমবঙ্গের রাজনীতি প্রসঙ্গে সেই কথা প্রযোজ্যের মত সময় আর আসে নি। লেনিন এই চুলকানি-গ্রস্তদের সম্পর্কে তাঁর শেষ বক্তব্যে বলেছেন, এদের স্নানাগারের পরে জলে ফেলাই বিধেয় হবে। কিন্তু পশ্চিমবঙ্গে সেই এই পথ প্রয়োগ হবে কিনা সেটা ভবিষ্যৎ ইতিহাসের কথা, কিন্তু তার আগে এই চুলকানিগ্রস্তদের চেনা ও চেনা দরকার।

পশ্চিমবঙ্গে রাজনৈতিক দলের সংখ্যা কম করে দেড় ডজন, আর এই দেড় ডজনের অন্তত বিপ্লবে বিশ্বাসীর সংখ্যা প্রায় পৌনে দেড় ডজন বলা যায়। এই পৌনে দেড় ডজন দলের মধ্যে বেশীর ভাগ দলই মনে করে, আজ যা কিছু চলছে তা ঠিক চলছে না, কাই ঢের বদলা এবং সব কিছুই ঢেলে সাজানোর প্রয়োজন। শুধু তা এতটা নয় মনে করে না বিপ্লবের ঢেউ প্রস্তুত, জনগণও প্রস্তুত, এখন শুধু, শুধু, একটা ধাক্কা দেওয়ার বৈপ্লবিক পরিস্থিতি তৈরী হয়ে গেছে এবং এই দলগুলিই বিপ্লবের কাজ সফল করে তুলবে।

বিপ্লবের ঢেউ প্রস্তুত—তাই রাজনীতি শুধু বোমা, গুলী চলছে, মানুষ মরছে, পুলিশকে সর্বশক্তিমান এবং অনিষ্ট ক্ষমতার অধিকারী দেখানো হচ্ছে। পুলিশের হাতে আইন-শৃঙ্খলা রক্ষা থেকে রাজনীতি জনজীবনের যেখানের শান্তি রক্ষার দায়িত্ব তুলে দেওয়া হচ্ছে। দেয়ালের লেখা থেকে শুরু করে বিধানসভা পর্যন্ত সবই পুলিশের অবাধ বিচরণ ক্ষেত্র হয়েছে। মানুষ ভয়ে, সন্ত্রাসের হাতে সবলে মরছে। যে যাকে খেতাবে পারছে মারছে; পথে, ঘর-কারখানায়, বিদ্যালয়ে-মহাবিদ্যালয়ে সর্বত্র মারা পড়ছে, নুনের মতো গলে যাচ্ছে দিনের পর দিন। স্ত্রী-পুত্র-কন্যার সামনে স্বামীকে, মায়ের কোলে ছেলেকে, রাস্তায় পথচারীকে, বিদ্যালয়ে শিক্ষককে, ইউনিয়ন অফিসে শ্রমিক নেতাকে হত্যা করা হচ্ছে। বাড়ীর মুরুব্বি মার আর সেই সঙ্গে বাড়ীর পুলিশ, সি-আর-পি, সামরিক, আধা-সামরিক বাহিনীর শক্তি। এর মতো শক্তির মদত বিতর্কিত করে দূরে যাবে, তুলে ধরবে—বিপ্লব আসছে, বিপ্লব এল বলে।

বিগত যুক্তফ্রন্টের চেষ্টায় বামপন্থী শক্তি ঐক্যবদ্ধ হয়ে কংগ্রেসকে ক্ষমতাচ্যুত করেছিল, বিগত কংগ্রেস নানা পরীক্ষা-নিরীক্ষায় তথা কিছু অন্তত চুরি-উৎপাদনে পৌঁছবে বামপন্থী শক্তি ঐক্যবদ্ধ হয়েছিল—সেই শক্তি ছত্রভঙ্গ হয়ে গেছে। বিচ্ছিন্নতা রাজনীতির উন্নত স্তরের মতো অন্তত তথাকথিত বামপন্থী দল। বিগত যুক্তফ্রন্টের চেষ্টায় যাদের ক্ষমতাচ্যুত করা হয়েছিল, সেই কংগ্রেসও আবার আসনে নতুন

[illegible] তিরিশে আনা হচ্ছে। শুধু ও একা নয়, এককালে যে যুক্তফ্রন্টের শরিক ছিল এখনে কারা [illegible]। শুধু যুক্ত ওরা নয়, সেই শরিক দলের [illegible] ও [illegible] ছুটে চলেছে। [illegible] [illegible] [illegible]

নাম এঁদের মধ্যে একজনও উচ্চারণ করা যায় না। ১৯৬৭ সালে পশ্চিমবঙ্গের প্রথম যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর সি পি এম থেকে বেরিয়ে যেসব বিপ্লবী বিপ্লবীদের এক সমন্বয়-কেন্দ্র গড়ে তুলেছিলেন তাঁদের মধ্যে একটি পার্টি (মেদিনীপুর-তমলুক-কাঁথি) ছাড়া আর কোনও পার্টি বা গ্রুপ কোনও সময়ে এক সঙ্গে একত্র হয়ে কোনও একটি সংগঠন গড়ে তুলতে পারেনি। এমন কি সমন্বয়-কেন্দ্রের সভায় এই নতুন দলের জন্ম ঘোষণা করা হয়েছিল। কিন্তু দল সৃষ্টির পর, বেশীদিন আগে নেই দল ভেঙে দল ভারী হয়ে গেছে। এরা কেউ কারো সঙ্গে মেলে না কেউ কারো দ্বারা দাবিয়ে যায় না, এরা সবাই সবাইকে কিল মারে। শ্রীঅসিত সেন ও শ্রীসুব্রত মুখোপাধ্যায়ের কাছে শ্রীযুক্ত নক্সালবাড়ীর স্থান আর শ্রীযুক্ত চারু মজুমদার ও শ্রীসৌরীন ভট্টাচার্যীর কাছে শ্রীঅসিত সেন, শ্রীসত্যনারায়ণ ভট্টাচার্য, শ্রীসৌরীন ভট্টাচার্য ও শ্রীকানাই ভট্টাচার্য সকলেই ভট্টাচার্য-বংশধর।

নক্সালবাড়ী-সোনারপুরী কম্যুনিষ্ট দলের অন্তর্দ্বন্দ্বের মূলে যে কথাটা প্রথম করা হয় তার মূলে কথা হল ভারতে বিপ্লব সৃষ্টির ভার কাদের নিতে হবে। যে নেতারা এই বিষয়ের মোল এজেন্সি নিয়েছেন, তাঁদের কারো অতীত কখন যা পার্টি জীবনের কার্যধারা বড় বিপ্লবীদের পরিচিত ছিল না। কম্যুনিষ্ট পার্টিতে থাকাকালে এঁরা কিছু বিপ্লবী কাজ করে থাকলে তা অত্যন্ত উপলক্ষীয় বিষয়। এঁরা কেউ কোনদিন সংসদীয় নির্বাচনে নিজেদের প্রার্থী করেন নি। ১৯৭৮-৭৯ সালে অবশ্য মুর্শিদাবাদের কান্দী মহকুমা ১৯৫২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এঁরা কখন নির্বাচনে অংশ গ্রহণ করেন নি, তখন বিধানসভায় থাকতেন, কখনও জয়ী, কখনও পরাজিত, কখনও আবার ১৯৬৭ সালের পর বিধানসভা বাইরে বিপ্লবী হয়ে ওঠেন। আবার এই নেতৃবৃন্দের কিন্তু চিরকালই সশস্ত্র আক্রমণ বা যুদ্ধজয়ের পথে বিপ্লব সৃষ্টির পক্ষপাতী ছিলেন, এখনও তা।

১৯৬৮ সালের ২২শে নভেম্বর ঐক্য সংসদ জনতা কোঅর্ডিনেশন কমিটির এক সভায় কানাইবাবু ও তাঁর কন্যা শ্রীমতী অরুন্ধতী দেবীকে এই ঘটনা বলি। এই ঘটনার সাত দিন পর সিদ্ধান্তকমিটির শ্রীযুক্ত মজুমদার এক সাংবাদিক সম্মেলনে (২৭শে নভেম্বর) বলেন, পশ্চিমবঙ্গের কোন আন্দোলন কিছু হবে না—এঁরা নক্সালপন্থীদের মতামত মত তার অস্তিত্বের মানে কিন্তু এই মত বলেন দেন, তার ফলে দেশব্রতী পত্রিকায় প্রকাশিত হতে সমর্থ হলো মতামত তালিকা। শুধু মতামত তালিকা নয়—সেদিনটাকে বেছে নেওয়া শ্রীযুক্ত মজুমদার এক সাংবাদিক সম্মেলনের ব্যবস্থা করেছিলেন। শুধু মতামত তালিকা নয়—সেদিনটাকে বেছে নেওয়া শ্রীযুক্ত মজুমদার এক সাংবাদিক সম্মেলনের ব্যবস্থা করেছিলেন।

নক্সালবাড়ী-সোনারপুরী কম্যুনিষ্ট দলের অন্তর্দ্বন্দ্বের মূলে যে কথাটা প্রথম করা হয় তার মূলে কথা হল ভারতে বিপ্লব সৃষ্টির ভার কাদের নিতে হবে। যে নেতারা এই বিষয়ের মোল এজেন্সি নিয়েছেন, তাঁদের কারো অতীত কখন যা পার্টি জীবনের কার্যধারা বড় বিপ্লবীদের পরিচিত ছিল না। কম্যুনিষ্ট পার্টিতে থাকাকালে এঁরা কিছু বিপ্লবী কাজ করে থাকলে তা অত্যন্ত উপলক্ষীয় বিষয়। এঁরা কেউ কোনদিন সংসদীয় নির্বাচনে নিজেদের প্রার্থী করেন নি। ১৯৭৮-৭৯ সালে অবশ্য মুর্শিদাবাদের কান্দী মহকুমা ১৯৫২ থেকে ১৯৬৭ সাল পর্যন্ত এঁরা কখন নির্বাচনে অংশ গ্রহণ করেন নি, তখন বিধানসভায় থাকতেন, কখনও জয়ী, কখনও পরাজিত, কখনও আবার ১৯৬৭ সালের পর বিধানসভা বাইরে বিপ্লবী হয়ে ওঠেন। আবার এই নেতৃবৃন্দের কিন্তু চিরকালই সশস্ত্র আক্রমণ বা যুদ্ধজয়ের পথে বিপ্লব সৃষ্টির পক্ষপাতী ছিলেন, এখনও তা।

১৯৬৮ সালের ২২শে নভেম্বর ঐক্য সংসদ জনতা কোঅর্ডিনেশন কমিটির এক সভায় কানাইবাবু ও তাঁর কন্যা শ্রীমতী অরুন্ধতী দেবীকে এই ঘটনা বলি। এই ঘটনার সাত দিন পর সিদ্ধান্তকমিটির শ্রীযুক্ত মজুমদার এক সাংবাদিক সম্মেলনে (২৭শে নভেম্বর) বলেন, পশ্চিমবঙ্গের কোন আন্দোলন কিছু হবে না—এঁরা নক্সালপন্থীদের মতামত মত তার অস্তিত্বের মানে কিন্তু এই মত বলেন দেন, তার ফলে দেশব্রতী পত্রিকায় প্রকাশিত হতে সমর্থ হলো মতামত তালিকা। শুধু মতামত তালিকা নয়—সেদিনটাকে বেছে নেওয়া শ্রীযুক্ত মজুমদার এক সাংবাদিক সম্মেলনের ব্যবস্থা করেছিলেন।

কেন্দ্র নিয়ে যুক্তফ্রন্টের রাজনীতি আর রাজ্যের প্রায় সব বিপ্লবী দলের আন্দোলন ভর-কেন্দ্রী হয়েছেন, তবে অনেকে চুলচেরা আর নক্সালপন্থীরা সাহসভরে। সেটা বলেছেন। এইদিক দিয়ে নক্সালপন্থী দল অনেক বেশী সাচ্চা ও সাহসী। যাদের জোরে দলটা গড়ে বুদ্ধিজীবী মধ্যে করে অন্য দলের কর্মীকে হত্যা করতে কেউ মুখ পিছিয়ে নেই, তবে দোষটা বেশী পড়বে নক্সালপন্থীদের ওপর।

বিপ্লব করছেন নক্সালপন্থীরা। কি বিপ্লব, কিসের বিপ্লব—সেই কথা সাধারণ মানুষ জানে না, অন্তত আমাদের কখন মানুষ যারা হচ্ছে—কিন্তু কেন আমি জানি, আমি বঞ্চিত, আমি লাঞ্ছিত, আমি কুণ্ঠার্ত, আমি বিপ্লব করতে চাই—হাঁ, আমার কথার আর মেঠোরার হাত থেকে ছেড়ে নিতে চাই কিন্তু কে আমার হাত ধরে, যে আমার সঠিক প্রতিপক্ষ, কাকে ঘরে করলে আমার দুঃখ, দারিদ্র, আমার প্রতি অন্যায় অবিচার দূর হবে, তার হবে। কে সেই শত্রু? একজন জোতদার, একজন ১৫০ টাকা মাইনের অফিসার, একজন ১৬০ টাকা মাইনের স্কুলশিক্ষক, একজন প্রতিপক্ষ রাজনৈতিক দল বা ট্রেড ইউনিয়ন নেতা। এদের মধ্যেই কি আমার অতীতে লাভ হবে? কজন মানুষ মাথায় বা করেছেন কালী পটকা, বাবী পটকা অথবা বোমা-বন্দুক হাতে পেলেই কি আমার শত্রুকে খতম করতে পারবো? কজন খতমের মাধ্যমেই কি দেশের বৈষম্যমূলক সমাজ ব্যবস্থার পরিবর্তন হয়ে যাবে? শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হচ্ছে বোমার ধাক্কায়, হাসপাতাল বন্ধ হচ্ছে বোমার আক্রমণে—তারপর কি হবে? স্কুল-কলেজ, হাসপাতাল বন্ধ হলেই কি বিপ্লব ত্বরান্বিত হবে? লক্ষ লক্ষ শ্রমিক, কৃষক, সাধারণ মানুষ আমার সঙ্গে নেই—আমি এতখানা বেরিয়ে পড়ে যে জ্ঞান অর্জন করেছি, তাই দিয়েই কি সব পরিবর্তন করে ফেলবো? আর কোথায় পরিবর্তন করবো? পশ্চিমবঙ্গের কলকাতার একটা গলিতে বা মেদিনীপুরের একটা গ্রামে, সমস্ত ভারতবর্ষে তার কি মূল্য আছে? পশ্চিমবঙ্গের কয়েকটা গ্রামে না হয় সাময়িক পশ্চিমবঙ্গের হয়ে আসলেই বা কি হবে? তারপরই কি পশ্চিমবঙ্গের অফিসটা গ্রাম অথবা বিশ্ববিদ্যালয়ের সামনের অংশ-পাশের রাস্তা বা অফিসটা গ্রাম?

বিপ্লবের জন্য আরো যে সব এজেন্সী পশ্চিমবঙ্গে আছে, সি পি এম, সি পি আই, ফরোয়ার্ড ব্লক, আর এস পি, এস ইউ সি তার অন্যতম। আলাদা-আলাদাভাবে বিচার করলে যে সব দোষ ও বিচ্যুতি নক্সালপন্থী কম্যুনিষ্ট দলে আছে, সে সব বিচ্যুতি এই সব দলেও আছে। নক্সালপন্থীরা মুখে ভাঙা চালাচ্ছে ও চলবে বলে প্রকাশ্যে ঘোষণা করে—এরা সেটা করে না। কিন্তু সুযোগ পেলে নাম ও বেনামে প্রতিপক্ষকে আক্রমণ, প্রতিপক্ষ দলের কারো খুন কাটায় এঁরা ও কেউ ঈশ্বরপুরীর শিষ্য নন। কিন্তু অল্প-বিস্তর সব মাছেই খায়, তবে দোষ হয় শুধু ছোঁয়া মাছের। এই ক্ষেত্রেও রাজ্যের অরাজকতা অনাসৃষ্টি ও অশান্তির জন্য নক্সালপন্থীদের দোষী ও দায়ী করা হয়। কিন্তু ১৯৬৭ সালের পর থেকে এই দলগুলিও বিপ্লব করছে, বিপ্লবের ক্ষেত্র প্রস্তুত হচ্ছে, গণ-জাগরণ আর শ্রেণীসংগ্রামের নামে যা করছে ও করছে সেটাও নক্সালপন্থীদের কাজ থেকে খুব উন্নত মানের নয়। কলকাতা সহ সারা রাজ্য দেখতে হলে মানুষকে পরিষ্কার করা, সমাজবিরোধীদের দলের তকমা পরিয়ে বিপ্লবী তৈরী করা এবং সেই সমাজ-বিরোধীদের পৃষ্ঠপোষী দেখে গৃহবিপ্লবের

অ্যাটর্নীজনারা বেশের পাওয়া—সবই এক লাল বিপ্লবের পক্ষপাতী। এই বলশেভিক মনোভাব ছেলে বড় হল—সি পি আই-এর বিপ্লবী পার্টিপার্টির অবস্থাতে এসে এমনের যে, একদিকে তাঁরা সিপাহীদের অন্তরের, অন্যদিকে, সংগঠন চালাবার সময়ের কল্পনা এক পায়ে দেখে বসছেন (যেমন জোতদারের অন্যায় প্রসঙ্গে), আবার কেরলের নির্বাচনে দু ভাই সি পি এম ও সি পি আই বিপক্ষের অন্তর্ভুক্ত ঘটিতে কেউ লাল, কেউ সিপিআইকে মনের মতো নিজের অন্তরাত্মাকে ছিধা করে নিচ্ছেন। পশ্চিমবঙ্গেও পরিস্থিতি একরকম। সমস্ত প্রমিক, কৃষক, মধ্যবিত্তদের মত দু ধরনের আলাদা সৃষ্টি করা হয়েছে—বিপ্লব ও বিপ্লবের প্রস্তুতির নামে। বিপ্লব এজন্য এসিয়ার লোক যে, ১৯৩৯ সালে গ্রাণ্ডকেনী আইন প্রণয়নে চাল-চাহের পশ্চিমবঙ্গে অর্থের দিকের প্রায় ৪০ বছর পিছনে টেনে আনা হয়েছে এবং সি পি এম বলেই বিপ্লবসম্ভবে নির্বাচিত সদস্যরা ছেলে আসে থাকেন এবং ছেলে ছোট ছোট আন্দোলনে মেলে পথে আন্দোলন চিল ছোড়ে। (ইন্দোকুলালের রাজের বুকমার্ক খানা ছেলে ছোট আন্দোলন চিল ছুড়েছিল, আরো অনেক কিছু নিটোরেছিল)। এই হল বিপ্লব। সি পি এম বলছে ইসলামি ছোট সার্টিফিকেট ছেল গত বছ বছর, রাজা মোদ্যোপাধ্যায়, ইন্দ্রজিৎগুপ্তরাও মিষ্টি মিষ্টি কথা বলেন, এই সব হল বিপ্লবের লক্ষণ। কেরলের নির্বাচনে সি পি এম ছেড়ে দেয়, কৃষ্ণাঞ্চলে নিজেদের আন্দোলনের ভুলত্রুটি স্বীকার করতে হয়েছে—কলকাতাকে ছোটও ভারত চলাচল অচল করার ডাক ছেড়ে দেয়। সব কিছুর শেষ কথা হচ্ছে নির্বাচন চাই। সরকারী কর্মচারী, শিক্ষক, ছাত্র-যুব সকলেই আন্দোলনে নামেন, কিন্তু শেষ কথা হল নির্বাচন চাই। একদিকে নির্বাচন, নির্বাচনের পরীক্ষে ছতরাল, বর্ষাকে আর অন্য দিকে বিপ্লব ও সংগ্রামসমূহের ডাক—এই দিয়ে এক অদ্ভুত ছোঁয়া সৃষ্টি হয়। তবু এর মধ্যে নিজেদের সাচ্চা বিপ্লবী বলে এবং বিপ্লবের জন্যই সব করা হচ্ছে—ছোলার বিরাম নেই। এই বিরাম সরকারপক্ষকী কর্মসূচিই আর সি পি আই-এম সব এবং কারণকী সব একই ছোলের আলী। বিপ্লবের সব চেয়ে বড় শত্রু, মূল বিপক্ষী শত্রু। তাও সে-কথা আর আর কলেজের পরিচয়েই একমাত্র বিপ্লবী ভাষার অত ভুল ও ছোলামী নেই। ছেলিন কলেজের পরিচয়ী বাদ দিয়ে প্রায়শই বিপ্লবী পার্টির বাদি চলে যাচ্ছে। পশ্চিমবঙ্গের রাজনীতিতে বাদ বিপ্লবের কথা বলে সুনিল ও সি-আর-পির অতিমাত্রার মধ্যে অনেককে টেনে নিচ্ছেন, তাঁদের প্রসঙ্গে ছোলিয়ের আরো অনেক কথাই উল্লেখ করা যায়। ছেলিন—ছেলিন বলেছেন, পশ্চিম বুর্জোয়া ও ছিন তার একটা পরিবর্তন হল বিপ্লবী বাঁচাতে যাবে। বহুদলীয় বাদ বিপ্লবে হবে প্রোলেটারিয়েট হেজেমনি বা শ্রেণীবাহিনীর নৈতিকতা।

মাওয়ের ছোট, অনেক কথা বলে ছেলে, অনেকের মধ্যে চলমূর্তি ছেলে—তবে কথা ছাড়ার কথার মুহূর্তের পরের ছোলা অথবা নির্বাচনে ছেলে নিয়ে বিপ্লবের চলমূর্তিতেই আবার নির্বাচন হয়ে হল বিপ্লবী দল প্রকাশ করা—এই সম্বন্ধেও ছোলিন বলেছেন, পরিবর্তে অনেকটা মাওয়ের এসব বাদি কিন্তু তাদের চীন ছেলে, এই হল বিপ্লবী বাদির মূল কথা। পশ্চিমবঙ্গে এখন ছেলে বিপ্লবী বাদির চলকাবিতেই ঘুরছে।

আমার কাছে প্রায়ই নালিশ আসে যে, নজরুল ইসলামের গান বিজ্ঞাপনের ও বিচিত্র সুরে কেন গাওয়া হয়? বইতে লেখা ছাড়ার সুরে গীত গানের ছাড়ার ওপরে—এমন কি, অনেক সময় অন্য গীতিকারের গানও নজরুলগীতি বলে চালিয়ে দেওয়া—এই সব ঘটনা প্রায়ই ঘটে, ফলে চলমান 'নজরুলগীতি' নিয়ে এক বিভ্রান্তির মধ্যে পড়ে হাবুডুবু খাচ্ছে।

সম্প্রতি লেখা গান 'নজরুলগীতি' বলে চালাবার চেষ্টা কয়েকটি ক্ষেত্রে আমি নিজেই দেখেছি। "ডিঙী নায়ের টানা হাওয়ায় পরাণ আমার কাঁদে গো" —গানখানি কবি রমেন্দ্র দত্তের লেখা—'নবনজরুল' নামক 'কালিপদ পুস্তকে প্রথম প্রকাশিত হয় প্রকাশিত। কিন্তু দুঃখের বিষয়, বাংলা দেশের লব্ধপ্রতিষ্ঠ কয়েকজন গায়ক গানখানি 'নজরুলগীতি' আখ্যা দিয়ে অবলীলাক্রমে "অকাল-বাদী" মারফৎ গেয়েছেন। অনেক "নজরুলগীতি" প্রতিযোগিতায়ও কয়েকটি প্রতিযোগীকে গাইতে শুনেছি। অবশ্য আমি যে যে প্রতি-যোগিতায় বিচারক ছিলাম সেখানে গান-খানি গাইতে বাধা দিই ও অন্য গান গাইতে বলি। আর একখানা গানের কথা বলি—"বিদিরা ভেকো না মরুয়া মনের পাখী"—এটি কবি ধ্রুব রায়ের লেখা ও কমল দাশগুপ্তের সুর দেওয়া। কয়েক বছর আগেকার কথা,—গ্রামো-ফোন রেকর্ডে মানব মুখোপাধ্যায় সিদ্ধেশ্বরবাবুর শিক্ষকতায় গানখানি "নজরুলগীতি" বলে রেকর্ড করেন—কিন্তু আমার সম্মানিত হস্তক্ষেপে এই ভ্রান্তিকর ত্রুটি শুধরে নেওয়া হয়। এর পরেও কয়েক জায়গায় গানখানি "নজরুলগীতি"—আখ্যা দিয়ে গাওয়া হয়েছে—জানি।

একদিন রেডিওতে ফিরোজা বেগম জ্ঞান গোস্বামী মহাশয়ের গাওয়া বিখ্যাত গানখানি—"আজি নিঝুম রাতে কে বাঁশী বাজায়" "নজরুলগীতি" বলে চালিয়ে দিলেন—আসলে কিন্তু এখানি কবির লেখা নয়।

এই সব দেখেশুনে "নজরুল-গীতি"—বর্তমানে একটি পিতৃমাতৃহীন শিশু বলে মনে হয়।

অথচ রামপ্রসাদী, রবীন্দ্র সঙ্গীত, ডি এল রায় ও অতুলপ্রসাদের গানের মত "নজরুলগীতি"কেও আমরা একটি বিশিষ্ট স্থান দেবার সঙ্কল্প নিয়েছি—কিন্তু এই সঙ্কল্প কার্যকরী করতে যে সব বিরাট বাধার সম্মুখীন হতে হয়, সেই সম্পর্কেই এখানে বিশদ আলোচনা করতে চাই।

প্রথমেই ধরা যাক,—কোন একটি সঙ্গীতকে "মান"-এ তুলতে হলে তাকে একটি বাঁধাধরা নিয়মের মধ্যে বাঁধতে হয়, তবে গায়কীর মধ্যে এমন একটি বৈশিষ্ট্য আনতে হয় যা অন্যান্য সঙ্গীত থেকে আলাদা। কী কণ্ঠে, কী বাদ্যযন্ত্র পরি-বেশন কালে এর রূপ শুনে বা দেখেই এক কথায় একে চিনতে পারা যায়। যেমন ধরা যাক "রামপ্রসাদী গান"। এ গানের কথা, সুর ও গাইবার বিশেষ ঢঙ শুনলে চিনতে মোটেই কষ্ট হয় না। আমার মনে হয় এটি সম্ভবপর হয়েছে, যেহেতু এক ব্যক্তিই গানটির কথা, সুর ও গায়কীর স্রষ্টা। রবীন্দ্র সঙ্গীতও ওই একই কারণে চিনতে দেরি হয় না। ডি এল রায়ের গান বা অতুলপ্রসাদের গান শুনেও বুঝতে পারা যায় কোনটি কি। কিন্তু নজরুল ইসলামের সৃষ্ট গান-গুলিকে "নজরুলগীতি" আখ্যা দিয়ে একটি শ্রেণীবিন্যাস করতে গেলে অনেক-গুলি বাধার সম্মুখীন হতে হয়। এই বাধা সম্বন্ধে বিশ্লেষণ করবার আগে নজরুলগীতি রচনার উৎস সম্বন্ধে কিছু জানা উচিত।

কবির বেলাতোলাক, গজল, কীর্তন, বাউল, ঝুমুর ও শ্যামাসঙ্গীতগুলি আমার মনে হয়, 'নজরুলগীতি' আখ্যা দিতে কারও কোন আপত্তি থাকতে পারে না, কবিও তাঁর স্বদেশী আমলের কিছু গানে "ডি এল রায়, রবীন্দ্রনাথের প্রভাব দেখতে পাওয়া যায় আবার কিছু গানের সুর মুকুন্দ দাস এবংস্বরের দেওয়া—তথাপি এগুলির মধ্যে কবির নিজস্ব ছাপ সম্পূর্ণ বর্তমান। তাঁর প্রথম আমলের গজল গানগুলি দিলীপকুমার রায় মহা-শয়ের গায়কীকে ভিত্তি করে রচিত এবং দিলীপবাবু এইগুলি গেয়ে বাংলার আকাশে-বাতাসে ছড়িয়ে দেন। গান-গুলির মধ্যে আছে—(১) বাগিচায় বুল-বুলি তুই ফুল খাসনে দিসনে আজি দোল, (২) আমারে চোখ ইশারায় ডাক দিলে হায় কে যে বঁধুয়া, (৩) এত জল ও কাজল চোখে পাষাণী আনলে বল কে, (৪) সখী বলো বঁধুয়ারে নিরজনে, (৫) কে বিদেশী মন উদাসী বাঁশের বাঁশী বাজাও বনে প্রভৃতি।

আমার একখানা ছাত্রের সামনে ভাসে শনিবারের চিঠির পাতায় আঁকা শ্রীযুক্ত বাবুর নজরুল ইসলামের গজল গান গাওয়া অবস্থায় কাটুন ছবি।

কবির লেখা গানের বই (বুলবুল, ১ম খণ্ড), যার মধ্যে বেশির ভাগ গানে সিদ্ধ এইসব গজল যা দিলীপবাবুর নামে উৎসর্গ করা। বইখানি বর্তমানে দুষ্প্রাপ্য।

ঝুমুরের ঢেউ লোক তিনি, তাই তাঁর ঝুমুর গানগুলি অপূর্ব এবং এগুলির মধ্যেও

তাঁর নিজস্ব বৈশিষ্ট্য বর্তমান। কীর্তন, ভজন ও শ্যামাসঙ্গীতগুলি কবির অমর সৃষ্টি বা কীর্তি বলা যেতে পারে। বিখ্যাত কীর্তনীয়া রামকমলের কীর্তন ও আখর তাঁকে প্রথম কীর্তনে অনুপ্রাণিত ও অনুপ্রেরিত করে। কবির ঠুংরী, দাদরা বা নৃত্যসঙ্গীতের বহু গানের সুর ওস্তাদ জমীরুদ্দিন খাঁ সাহেবের কাছ থেকে সংগ্রহ করা। মুর্শিদাবাদের ওস্তাদ বহু সাহেবের খাম্বাজ সুরের গানের ওপর অনেকখানি নির্ভর করেও তিনি লিখেছিলেন। আরবী প্রকৃতির সুরের ওপর যে সব গান রচনা করেছেন সেগুলির সুর পেয়েছিলেন ওস্তাদ আবদুস-সালাম সাহেবের কাছ থেকে। যেমন:—

(১) চমকে চমকে ধীরু ভীরু পায় পরীবালিকা কলসে যায়।

(২) লুকানো পাতার মধুর গানে নাচিছে ঝিঁঝিবালা।

(৩) মমীর ঘোমটা মোমের পুতুল নেচে যায় প্রভাতে।

শিবাবু কাওয়াল ও কালু কাওয়ালের গাওয়া গানের সুরের ওপরও অনেকখানি গান তিনি রচনা করেন।

একদিন সে সুরের একখানা বিখ্যাত ইংরাজী চলচ্চিত্র "দেখার আগে যা দেখতে চোখের কবির সঙ্গে। কবির নায়ক গ্রামোফোনের কণ্ঠে "কখন টু মি হোয়েন দি ফ্লুন সিলন্" গানখানি শুনে তিনি পাগল হয়ে গেলেন। গানটি শোনার পর থেকেই প্রথম লাইনের সুরটি সেখানে বসেই গুনগুন করে গাইতে লাগলেন, বাকী ছন্দটা আর কবির কাছ দিয়ে ঘেঁষাই হল না। তারপর বাড়ি ফেরার পথে মুখে মুখেই রচনা করলেন, "সুদূর স্বপ্নবাসিনী চিনি তোমারে চিনি"। কিন্তু এ গানখানি সে সময় শেষ করা হয় নি। কিছুদিন পরে


শ্যামা সঙ্গীত

(দুই) কালি রেখো তোমি: লোকে
আমিনা মা কিছু বলিবে দিবে
(২) এমনি আঁধার হয়ে সে ভবন
মা তোর দখং চাইনিকে
মাগো
কালি-মাগো কোলে
শিশু টি মা নেও তোরে?
(তৃতীয়) দেখেছিলে বিশ্বে শ্রেষ্ঠে
সাধন তোমার কে সাধিতে॥

কেন মাগো দেখাস্ না তা'
মাগো নিয়ে যেতে নিয়ে?
~~কখনই সাধন তোমার~~
~~তোর দেখিয়ে মা তুলিয়ে~~
আমি কি মাগো সে সন্তান?
মা তুমারি তো দেখিয়ে?
তোর সংসার - তোর শ্যামা
কভি সাধিয়ে হবেনা মা-
মাগো আঁধার হবে, দেখা
বুঝাবো কত লোকে॥

একখানা "টাইটিল" রেকর্ড কিনে আনলেন—যিনি তাঁর নাম বংশের মনে হচ্ছে "ইন্দ্রাণিলতা"। "আমি চুপি চুপি গানখানির সুরে এই গানটির খুব মিল ছিল। এই গানের মিউজিক ও সুরের ঝঙ্কার খুব আশ্চর্যজনক" এতদিন শেষ হল। রবিবার রাত্রে মহাশয় আমি রেকর্ড থেকে মিউজিক তুলে নিলেন। তাঁদের হিজ মাস্টার্স ভয়েসে গানখানি রেকর্ড করানো হল ১৯৩৬ সালে। পরবর্তী কালে ১৯৪১ সালে পুনরায় আমি ঐ গানখানি আমার সুর ও মিউজিক বজায় রেখে সুরশ্রী গেরীতে নিয়ে বসন্তশ্রিরা রেকর্ডে গাওয়াই। বর্তমানে ফিরোজা বেগম এইচ-এম-ভি-তে আবার ঐ গানখানি গেয়েছেন কিন্তু শুনলাম এর মিউজিক এবং সুরের রেকর্ডিং ভিন্ন প্রকার। সেইজন্য নজরুল ইসলামের সৃষ্টি থেকে বরফট আলাদা মনে হয়। কবি যে চমৎকার এ গানখানি রচনা করেছিলেন তার দ্বারা ফিরোজা বেগমের গানে কিছু-মাত্র পাওয়া যায় না।

কবির গানে আরো অনেকে সুর দিয়েছিলেন। সুরেসাগর "হিমাংশু দত্ত কবির বিখ্যাত গান "কোন সে সুদূর অশোক কাননে বন্দিনী তুমি সীতার সুরে সংবেদনা করেন। এছাড়া উমাপদ ভট্টাচার্য, ধীরেন দাস, প্রিয়তমা দাসগুপ্ত ও আমি নিজে কবির বহু গানে সুর দিয়ে বিভিন্ন শিল্পীর কণ্ঠে রেকর্ড করিয়েছি বা রেডিওতে গাইয়েছি। জ্ঞানেন্দ্রপ্রসাদ গোস্বামী এবং শ্রীমতী দীপালি ভালুকদার (নাগ)-গীত গানের সুরের ওপরও কবি কতকগুলি গান রচনা করেন।

এই সব কারণেই নজরুল ইসলাম রচিত সকল গানকেই 'নজরুলগীতি' আখ্যা দেওয়া যায় কিনা তা বিচার করে দেখা দরকার। অবশ্য যে সব গানে কবি নিজে সুর দিয়েছেন বা নিজ তত্ত্বাবধানে সকলকে শিখিয়েছেন, সেগুলির সংখ্যাও কম নয়। এইগুলি এক সময় কবির অর্থের কারণ হয়েছিল। ১৯৫৮ খৃষ্টাব্দে জনসাধারণ সমক্ষের উদ্যোক্তারা সভায় সভাপতির আসনে তিনি বলেছিলেন—"সাহিত্যে গান আমার কতটুকু জানা নেই, তবে এইটুকু মনে আছে সঙ্গীতে আমি কিছু দিতে পেরেছি। সঙ্গীতে যা দিয়েছি সে সম্বন্ধে আজ কোন আলোচনা না হলেও ভবিষ্যতে যখন আলোচনা হবে, ইতিহাস লেখা হবে, তখন আমার কথা সবাই মনে করবেন—এ বিশ্বাস আমার আছে।"

কবির সঙ্গীত সৃষ্টির সময় মাত্র ২২ বছর। এই সময়ের অবশ্য কতকগুলি ভাগে বিভক্ত করতে পারি। অবশ্য তাঁর দেখে। দলে থাকার সময়টি এর মধ্যে ধরছি না। ১৯২১ সাল থেকে ২৫/২৬ সাল পর্যন্ত তিনি যে সব গান লিখেছেন সেগুলির বেশীর ভাগ নিপীড়িত অথচ ঘুমন্ত মানুষ ও সমাজকে জাগিয়ে তুলবার গান। এই গানগুলি আমাদের অমূল্য সম্পদ।

এর পরের কয়েক বছর অর্থাৎ ১৯৩০ সাল পর্যন্ত তিনি প্রচুর গান রচনা করেন এবং বৈশিষ্ট্যের দিক দিয়ে এগুলিও বিশেষ স্থানের অধিকারী। এই ১০ বছরের রচনাগুলিকে "নজরুলগীতি" আখ্যা দিতে কোন বাধা নেই। কিন্তু ১৯৩০ সাল থেকে ১৯৪০ সাল পর্যন্ত তাঁর রচনাগুলি নিয়েই মুস্কিল। অন্যের কাছ থেকে সুর নেওয়াটা এমন কিছু নয়, কারণ, রবীন্দ্রনাথ তাঁর বাউল, ব্রহ্মসঙ্গীত বা বিদেশ দেশের সুরের ওপর রচিত গানগুলির সুর অন্যের কাছ থেকেই সংগ্রহ করেছিলেন। ডি এল রায় মহাশয়ও শোনা যায় বিদেশী সুরের দ্বারা অনুপ্রাণিত হয়েছিলেন। ১৯৩০ সাল থেকে ১৯৪০ সাল পর্যন্ত কবি নজরুল যে গানগুলি লিখেছিলেন তার মধ্যে শ্যামাসঙ্গীত, কীর্তন, ঝুমুর ও বাউল তাঁর নিজস্ব সত্তা বর্তমান, কিন্তু তাঁর আধুনিক গানের বেশির ভাগই ফরমাশী লেখা। অনেক সময় অবশ্য এগুলির কয়েকটির সুর তিনি নিজেই দিয়েছিলেন বা নিজের স্টাইলে অন্যকে শিখিয়েছিলেন। তবে বেশির ভাগ গানই বিভিন্ন রেকর্ড কোম্পানীর কর্তাদের ইচ্ছানুযায়ী বিভিন্ন গায়কের জন্য রচিত হয়েছিল। এবং কখনও তিনি মনে মনে একটা সুরে ও ছন্দ ঠিক করে তার ওপরই এগুলি রচনা করতেন, এবং গায়কের হাতে পড়ে সেগুলি সুরে ও ছন্দের দিক দিয়ে অন্য রূপে রূপায়িত হয়েছিল। লেখার দিক দিয়েও এগুলির মধ্যে অনেক গানই একটু নিম্নস্তরের বলে মনে হয়।

কবির একটা অভ্যাস ছিল, রাস্তায় যেতে যেতে বা অন্যলোকের সঙ্গে কথা বলতে বলতে তাঁর হঠাৎ হয়ত একটা ভাল লাইন মনের মধ্যে এসে গেল। তিনি সেটাকে একটা আলাদা খাতায় বা টুকরো কাগজে টুকে রাখতেন। তারপর যখন গ্রামোফোনে কাজের খুব চাপ পড়ত, তখন একসঙ্গে ৩।৪ খানা গান ৩।৪ জন গায়ককে দেবার জন্য দরকার হত, তখন তিনি ওই "টুকরো" থেকে মিলিয়ে মিলিয়ে বা তার মাঝে মাঝে দু'চার লাইন যোগ করে একটা পুরো গান খাড়া করে দিতেন। এই গানের দু'একখানা উদ্ধার গেলেও কিছু গানে প্রায়ই থেকে যেত কিন্তু প্রয়োজন মেটাবার জন্য তিনি এই কাজ করতে বাধ্য হতেন। এই সব গান অন্যের দ্বারা সুরারোপিত হত; সুতরাং এগুলিতে কবির বৈশিষ্ট্যের ছাপের অভাব থাকত। আবার এমনও ঘটতে দেখেছি যে, গানের যখন বিশেষ প্রয়োজন অথচ হাতের কাছে গান নেই, তখন তিনি নিজের সুরে কয়া গান, যা হয়ত আগেই আমাদের শিখিয়েছেন বা যার স্বরলিপি বিভিন্ন পত্রিকায় বার হয়ে গেছে, বাধ্য হয়ে কোন গায়িকাকে দিয়ে-ছেন। সেই গায়িকা নিজের মত সুর করে নিয়ে এই সব গান রেকর্ড করিয়েছেন—এমন গানের সংখ্যাও অল্প নয়। যেমন "মোর না মিটিতে আশা ভাঙিল খেলা"—। কবির প্রদত্ত দেশী টোড়ী রাগে এই গানখানি ভারতবর্ষে প্রথম ঘটক প্রযোজনায় স্বরলিপি সহ বার হয়। কিন্তু সুরকার কমল দাশগুপ্ত পরে এই গান-খানি ভৈরবী সুরে শ্রীমতী শান্তা আপ্তের কণ্ঠে রেকর্ড করান।

"যখন 'হাসনুহানা' আমি গো"—"আমি সন্ধ্যা যমুনা বনছায়া অঞ্চলে"—"তবে তুলসীতলায় প্রিয় সন্ধ্যালোকায় তুমি করিবে প্রণাম"—প্রভৃতি গানগুলি এইভাবেই কবির সুরে ছাড়াও অন্য সুরে গীত হয়েছে। এইসব গান কিভাবে "নজরুলগীতি" পর্যায়ে ফেলা যায় তাও বিবেচ্য।

কবির ১৯৪০ সালের শেষভাগ থেকে ১৯৪২ সালের রচিত গানগুলিকে স্বার্থহীনভাবে "নজরুলগীতি" আখ্যা দেওয়া যায়। কবির বিদ্রোহী যুগের গান বা গজল গানের মত এই সময়ের গানগুলি ভাবধারায় বিভিন্ন সম্পদ। এগুলি রাগাশ্রয়ী। কতকগুলি গানের সুরে দু'-তিনটি রাগের সংমিশ্রণে কবির নিজের সৃষ্টি। যেমন:

(১) শিবরঞ্জনী—(দো পা সা গা মা, দা পা, জ্ঞা মা দা পা সা—সা গা মা, দা পা মা জ্ঞা দা সা। বাদী মা, সম্বাদী সা)

(২) উমানী ভৈরব—(সা কো পা দা, জ্ঞা মা, জ্ঞা পা সা, কো সা—কো সা গা জ্ঞা রা, গা রা জ্ঞা সা। বাদী-মা, সম্বাদী-সা)

(৩) অনুরঞ্জনী—(সা জ্ঞা পা জ্ঞা পা, দা সা—সা গা দা পা জ্ঞা ঝা সা। বাদী-পা, সম্বাদী-সা)

(৪) দেবযানী—(সা রা পা, গা মা, রা পা, পা ধা না সা—সা গা রা পা রা সা। বাদী-পা, সম্বাদী-রা)

(৫) কল্যাণলতী—(নো সা জ্ঞা রা সা, পা মা পা, গা ধা মা, পা না সা—

সা না ধা পা ঋা ঞা রা সা। বাদী-পা, সম্বাদী-সা)

(৬) অনুত্তরঙ্গিণী—(ধা ধা সা ঋা ঞা পা ধা, ধা পা, পা ধা সা—সা ধা ধা পা ঞা ধা পা ধা পা ধা ঞা সা। বাদী-ধা, সম্বাদী-সা)

(৭) আশা-ভৈরবী—(সা ঋা ঞা সা ঋা ধা, পা ধা পা পা ধা সা—সা ধা সা ধা ঞা সা। বাদী-পা, সম্বাদী-সা)

(৮) শিবানী ভৈরবী—(সা রা ঞা পা, ধা সা—সা রা ঞা রা সা ধা পা পা, ঞা ঞা সা। বাদী-সা, সম্বাদী-ধা)

(৯) হুসেনভৈরব—(সা ঋা ঋ ধা পা সা—সা পা ধা পা ঋা ঞা সা। বাদী-ধা, সম্বাদী-ঋা)

(১০) বনকুন্তলা—(পা ধা সা ঋ, ঋা পা ধা পা, ধা সা—সা ঋা ধা পা, পা রা, পা সা। বাদী-পা, সম্বাদী-রা)

(১১) বেদুকো—(সা রা ধা, পা ধা ধা, পা ধা ঋা, পা ধা সা—সা না পা ধা ঋা, পা রা ধা সা। বাদী-ঋা, সম্বাদী-সা)

(১২) জীরাক্ষী—(ধা ধা সা পা রা ঋা ঞা পা, পা ঋা পা ধা সা—সা ধা ধা মা পা, ধা পা মা ঞা রা, পা সা। বাদী-রা সম্বাদী-পা)।

(১৩) মোক্ষিণী—(সা ঋা ঞা ঋ, ধা পা, ঋা পা পা ধা পা সা—সা না ধা পা, পা ঋা ঞা, ধা, ঋা ঞা ঋা সা। বাদী-পা, সম্বাদী-সা)

(১৪) ক্ষমকরী—(সা পা পা না ধা সা—সা না পা, পা পা পা ঋা পা, পা রা। বাদী-পা, সম্বাদী-না)

(১৫) নির্ঝরিণী—(সা পা পা ঋা পা সা—সা ধা পা ধা পা ঋা ধা ঋা সা। বাদী-পা, সম্বাদী-সা)

(১৬) মোহন চম্পা—(সা ধা ঞা পা, ঋা ধা না ধা, পা না ধা সা—সা না ধা না ধা পা ঞা পা, ধা রা রা সা। বাদী-পা, সম্বাদী-সা)

(১৭) হুসেনজুরী—(সা ঋা ধা পা না সা—সা না ধা পা, পা ঋা রা না, ঋা রা না ধা। বাদী-পা, সম্বাদী-সা)

এই রাগগুলি রচনাকালে কবি বলেছিলেন—"আমি স্বপ্নে এই সব রাগ শুনেছি।"

রাগ সৃষ্টি ছাড়া তিনি আর একটি প্রচেষ্টা সুরু করেছিলেন যা সম্পূর্ণ করতে পারলে বাংলা সঙ্গীত সমাজে এক অপূর্ব জিনিষের সন্ধান মেলে যেতে পারতেন। হিন্দীতে যেমন লক্ষণ-গীতি আছে, (অর্থাৎ যে গানের ভাষার মধ্যে রাগের সম্পূর্ণ স্বরূপ প্রকাশিত হয়, তার আরোহণ, অবরোহণ, বাদী, সম্বাদী, গাইবার সময়, বাদ্যযন্ত্রিক স্বর, বিবাদী স্বর প্রভৃতি উল্লিখিত থাকে), কবি বাংলা ভাষায়ও সেইরূপ সৃষ্টি করতে আরম্ভ করেন। মাত্র দুটি তালের ওপর একটি করে মোট দুটি গান রচনা করেন। তার পরই তিনি অসুস্থ হয়ে পড়েন। ফলে আমরা দুর্ভাগ্যবশত এক অপূর্ব সম্পদ থেকে বঞ্চিত হলাম। রচনা কয়টির বিশ্লেষণ সমেত উল্লেখ করা গেল।

১। (আশাবরী তাল) আশাবরী তিতাল।
যে নট ভৈরবী আশাবরী।
ঐ যে করুণ সুরে বিসরি॥
(দুঃখ পা ও নি বর্জিত)
প্রতীক্ষায়ও ধরা-স্বপনে,
(বাদী-ধা, সম্বাদী-গা)
ঝরে আঁখে জলধারা নয়নে,
তীব্র নিষাদ-তাপ কোমল করি॥
(নি, ধা ও গা কোমল)
পল্লবে কোরেলিয়া করে ঘায়
(পঞ্চম ন্যাস স্বর)
প্রথম প্রহর দিবা ঘরে যায়
(গাইবার সময়)

শুধু গগনা দিতে আসে ঐ
দুখ তার কবি ও মনোমনী তোড়ী॥
২। (কল্যাণী তাল) প্রবীণ কি—তেওরা।
প্রবীণ কি জানিল আমার।
দিন কি যে শেষ হল মোর
নিরাশার॥ (গাইবার সময়)
বিরহ যাপন কি যে দুরূহ
বৈকালি ধরে ওদু অভাবে,
উঠিবে কি চাঁদ আর হবে না আঁধার॥
সে কি যে রাজারে ভাজিয়া
চলেছে (অরোহণে রে ও ঋ বর্জিত)
অরোহিবে মধুরার তরে?
অনুনয় আবার কি বাঁধিবে মোরার?
৩। (খাম্বাজ তাল) রাগেশ্রী—ত্রিতাল।
তার অনুরাগে ত্রিভুবন উজলে।
কার, সুখে অনুদিন বঞ্চিলে
চঞ্চল॥
(সা পা পা মা ধা না র্সা)



কবির হস্তাক্ষরে স্বরলিপীর

হে নাথ তোমার কুসুম নিশাদ-
পর (ছুই মি লয়ের)
ধরে যে প্রাণি কেন সকলে
হলাহল॥
যে, সাধের মুখের খনি কুহু, পঞ্চম
তানে (পঞ্চম স্বরের পর না লাগে)
যে নিলো চুরি সে যে না কেন নাহি
চুরি (কিন্তু এ স্বরে না বর্জিত)
তোমার নাম কাম তোমরী
কোন দীন নিল বাঁধি—
(আরোহীতে কোমল ধা ও নি)
সব গরল প্রভু—(সা রে গা মা ধা)
তার, সুধা আজি গরলানি হইলে
বিধির॥ (সা ধা মা গা রা সা
পা ধা অবরোহী)

৪। (বেলাবল ঠাট) সপ্তরা—ত্রিতাল।
সপ্তর সুরে পঞ্চম আওল।
চিরদিন মোর আঁখি চেয়ে
বিভাওল॥
ওঠালে ত্রিতালে
(ঋষভহীন, সা মা, গা পা, পা না
ধাসা)
নীল বনে পুষ্প
(না, পা, ও (রা) না গা)
পঞ্চ স্বর সঙ্গে করি সপ্তরী
গাওল॥ (সা ধা পা ধা নি)
মোদিনীরা ভবে, পরে বিরস বুদ্ধি
(মা পা না রা—বোধ হয়ে হয়)
আয়া-ঢেলে রাতে ঘেরে পায় খুঁজি
(সা পা না)
হেরি নিলাক পাখি
মুখে, ঘোচা তাঁরি
দিকবসনে হোরির আছে ঢাকা
নুকাওল॥ (রে ও ধা বর্জিত)

৫। (কল্যাণ ঠাট) পূর্ণ কল্যাণ—
একতালা।
নিত্য পূর্ণ কল্যাণ রূপে আছো
তুমি মোর সাথে।
আজ নিবিড় সন্ধ্যায় যেই পথ ভুলি
বা হয়ত॥ (সা ন্যা ধা—গাইবার
সময়)
প্রভাতে স্বরূপ-রূপে
(পা ধা সা, সা রা গা পা সা)
প্রকাশো করুণা তবে,
সিদ্ধ শান্ত চোখ হতে প্রভু আবরণ
পড় ফেলতে॥ (রূপের অন্তর্নিহিত
ভাব বা রস)
আজ ওতিয়ে যে আছ প্রভু খেলার
চলে তলে (অবরোহীতে ম ও নি
বর্জিত)
পূর্ণ মুখে হেসে আসো তার
মধুর পথ ভুলে। (অবরোহীতে
সম্পূর্ণ)

অভাব হও তু পালিতে চেয়ে
(পূরের রূপ তুলনীয়)
হেন অনুনয় পরে রহ কভু
(কাফী সা, সম্পাদী রে)
দুখ পরশে বিরাজো যে স্বামী
সুখে জানালা ভরাতে॥
(অবরোহীতে কাফী বা, সম্পাদী গা)

৬। (মেঘোয়া ঠাট) বিলম্ব—মাত্রা।
ধরালী পরানী ঘন-অলস চরণে
১ ২
(প্রচলিত নাম—কিলাঙ্গিত গতি)
১ ২
কে পূর্ণ যুবতী সো চলে নীর
ভরণে॥ (পূর্ণ রূপ বা সম্পূর্ণ)
কেশী বিলম্বিতা উতলা অনাবৃতা
(ঝঞ্ঝাতে)
দেখলার ভোলাহত চল ধনি জল হরণে॥
১ ২
(আরোহীতে দেখলার—মা ও নি দুর্বল)
১ ২
পূর্বাচল বিভাসিত সো তব
গৌরী রূপে (পূর্বাচলে গৌরী)
আজ তুমি কি বিরাজ কর
গোপী ভাবের সুখে।
(গা পা মা ও ধা-এ সংগত)
পঞ্চমে পাপিয়া যেমনে
(পঞ্চম নাদ স্বর)
চমকি ঘনে তরুতলে
সরসী নীরে কমল রূপে তব
অরুণ বরণে॥
(কমল দিনে ফোটে—অর্থাৎ রাগটি
দিবাভাগে গেয়—সূর্যোদয়ের পর)

এই রচনা কয়খানি (নজরুলগীতি) সুরে নিবদ্ধ করতে আরম্ভ করেছিলেন, অভিপ্রায়ে অন্যান্য ঠাটের বিভিন্ন রাগ-রাগিণীর ওপর আরও লেখার ইচ্ছা ছিল, কিন্তু বিধাতাপুরুষ সে সুযোগ আর দিলেন না। মাত্র কয়টি ঠাটে কয়টি রাগের ওপর কয়খানা গান রচিত হয়েছিল—সেগুলি অন্য একবার রেকর্ডে নুটিহীন করতে চেয়েছিলেন—তাও সম্ভবপর হল না। তাঁর ইচ্ছাটুকু ইচ্ছা হয়েই রয়ে গেল—রূপ আর পেল না। আমরাও এক অপূর্ব সৃষ্টি থেকে বঞ্চিত হলাম। এটা বাস্তবিকই দুঃখ বাঙলার দুর্ভাগ্য বলতে হবে।

"নজরুলগীতি" রচনার কিছু ইতিহাস দিলাম—এইবার সেগুলির বর্তমান পরিস্থিতি সম্বন্ধে কিছু বলব।

আমরা রেকর্ডের মারফৎ, রেডিও মারফৎ বা বিভিন্ন অনুষ্ঠানে যে গান-গুলি এখন শুনছে সেগুলির কোন্‌টি ঠিক বা কোন্‌টি বেঠিক তা নির্ধারণ করা এক দুরূহ ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। যে গায়কগণ কয়জনে নিজেদেরকে "নজরুলবিশারদ" বলে জাহির করেন (তাঁরা আমাকে মাপ করবেন) তাঁদের অনেকেই হয়তো কাজী নজরুল ইসলামকে চাক্ষুষ খুব কমই দেখেছেন বা তাঁর কাছ থেকে শেখবার সুযোগ একদমই পান নি। যে স্বরলিপি বই-গুলি বাজারে চলছে তার অনেকগুলিই ভুল সুর বা ভুল কথার ভরা। কবির সহকারী বা সঙ্গী হিসাবে একদিন যাঁরা কাজ করেছেন, আজ তাঁরা উপেক্ষিত। শ্রীজগৎ ঘটক মহাশয়েরই কথা বলি। ১৯৩২ সালের পর কবির প্রায় সকল গানের স্বরলিপিই জগৎবাবুর। "ভারতবর্ষে"-র বিভিন্ন সংখ্যা, সঙ্গীত-বিজ্ঞান, বা তাহারও পূর্বে অনেকগুলি শ্রেষ্ঠ মাসিক পত্রিকা মারফৎ আমার এই অভিমতের সত্যতা প্রমাণিত হতে পারে। অথচ বড়ই দুঃখের বিষয়, বর্তমানে জগৎবাবুকে উপেক্ষা করে এবং তাঁর কৃত সেই সব স্বরলিপি বিকৃত করে অন্য স্বরলিপির সৃষ্টি হচ্ছে বা নাম-করা শিল্পীরা বিভিন্ন জায়গায় গাইছেন। এখন ভাববার কথা সাধারণ কোন্ স্বর-লিপি বা সুরে অনুকারী চলবেন?

কবির গানের প্রথম স্বরলিপি বই করেন শ্রদ্ধাস্পদ শ্রীনলিনীকান্ত সরকার মহাশয়। বইখানির নাম "সুরমুকুর"। নলিনদা যখন এই বইয়ের গানের স্বরলিপি করেন তখন কবি সুর এগুলি শেখেন বা সুর সংযোজিত করেন। এক কথায় এটি সৃষ্টির প্রথম অবস্থা, যাকে বলে 'অরিজিনাল' এবং এই অবস্থায়ই নলিনদা গানগুলি স্বর-লিপিবদ্ধ করেন। পরে ইন্দুবালা, আঙ্গুরবালা, কে, মল্লিক প্রমুখ বিশিষ্ট গায়িকা ও গায়কগণ এ গানগুলি তাঁদের কণ্ঠে রেকর্ড করেন। কবির তত্ত্বাবধিতেই অবশ্য এগুলি রেকর্ডেও হয়। এই সময় দেখা যায় তাঁদের গীত সুরগুলি "সুরমুকুরের" লিপিবদ্ধ সুরের থেকে আলাদা। এই আলাদা হওয়ার কারণ—রেকর্ডে গাইবার সময় গানগুলিতে উক্ত বইয়ের সুরের ওপর কিছু রং ফলিয়ে বা কোন কোন জায়গায় একটু-আধটু অল-বদল করে গাওয়া হয়—গানকে আরও চিত্তাকর্ষক করবার জন্য (অবশ্য কবির অনুমোদনক্রমেই) এই কাজ করে-ছিল। অতএব এক্ষেত্রে নলিনদা বা গায়ক-গায়িকার দোষ কাউকে দেওয়া যায় না, যদিও শ্রোতাদের মনে একটা বিভ্রান্তির সৃষ্টি হয়। কবির বিশ্বস্ত জাতীয় সঙ্গীত "মুক্ত ঝিরি ঝরনার বন্ধু"-র যে স্বরলিপি সুরেন

হুকুমে" ঈষৎ ভিন্ন ভাবে সেটিকে একটু অদল-বদল করে আমি কবির অনুমোদন সহকারে ১৯৪১ সালে প্রীতিভাজন চৌধুরী, রেবা সোম প্রমুখ শিল্পীদের দ্বারা রেকর্ড করাই। সেই সময় পুরাতনপন্থী কয়েকজন আমার এই কাজের সমালোচনা করেন—কিন্তু প্রীতিভাজন মুখোপাধ্যায় প্রমুখ কয়েকজন গুণী,—যাঁরা একবাক্যে কবির খুব সান্নিধ্য লাভ করেছেন—আমার প্রশংসাই করেছিলেন। বর্তমানে এই সুরটিই প্রচলিত।

সম্প্রতি গ্রামোফোন কোম্পানী ও অন্যান্য রেকর্ডিং কোম্পানী কবির রচিত কয়েকখানি বিখ্যাত গান অধুনা গায়করা শিল্পীদের কণ্ঠে রেকর্ড করিয়েছেন। পূর্বে এই গানের অনেকগুলি আপ্তবেহালা, ইস্রাজ প্রমুখ শিল্পীরা স্বরা রেকর্ড করিয়েছিলেন। দেখা যায়, বর্তমানে গাওয়া সুরগুলি অনেকের গাওয়া সুরের থেকে কত তফাৎ। পূর্বের সে-সবের অভাবনায় এই সব গানে মেলে কি না সন্দেহ। তার ওপর কথা ও সুরের অনেক তফাৎ দেখা যায়।

শ্রীসন্ধ্যা মুখোপাধ্যায় গীত "অরুণি লহ মোর নমস্কারে" গানখানির দ্বিতীয় লাইনে গেয়েছেন, "তোমায় যে সুন্দর বন্দিতে"। অথচ অসল গানে আছে "তোমারে সুন্দর বন্দিতে"। শেষ লাইনে "তোমায় পদতল রঞ্জিতে"-র জায়গায় গাইলেন "তোমায় পদকমল রঞ্জিতে"।

সতীনাথ মুখোপাধ্যায় উচ্চারণ করলেন "মুমা কুমা মুমা কুমু", কবির লেখা গানের কথাগুলি হচ্ছে "মুমু কুমু মুমু কুমু"। অবশ্য ইস্রাজ রেকর্ডে এই ত্রুটিপূর্ণ উচ্চারণ করেছিলেন। কিন্তু সেই ভুল-টির পুনরাবৃত্তি সমালোচনীয় বিশেষের সতীনাথবাবুর মত একজন শিক্ষিত শিল্পীর মুখে। সুরেরও অনেক বিচ্যুতি লক্ষ করলাম তাঁর গানে। "বসিয়া বিজনে কেন একা মনে"—এ গানের কথার ভুল প্রয়োগ—সুরেরও ত্রুটি আছে। গানটির অন্তরায় "দিবা চলে যায় বলাকা পাখায়"-র জায়গায় গাইলেন "বেলা চলে যায় বলাকা পাখায়"। "বেলা শেষে বহু ডাকে নবমী" এই জায়গায় অসল সুর বদলে নিজের খেয়াল-খুশীমত সুর লাগালেন। সম্প্রতি "বীরেন বসু" নামে একজন শিল্পী "যাই চিনিলে আমায় তুমি রইব অনেক দূরে" গানখানি রেডিওতে গাইলেন। কবির কাছে আমি এই গানখানি যে সুরে ও তালে শিখেছিলাম—বীরেনবাবু তার থেকে সম্পূর্ণ অন্য সুরে ও তালে গাইলেন। আমার জানা সুরেই গান-খানি একবারে কবির নিজস্ব টোনে-এ রেকর্ডে গীত হয়েছিল। "তুমি কেমনে আজিও যে মনে বেদনা সনে রহিস আঁকা" গানখানি কবির বড় প্রিয় গান ছিল। যখন এ গানখানি শেখান, আমাকে বলেছিলেন—"দেখ! এ গানখানির মজা এই যে, লয় ঠিক রেখে দুই একটা তাল (ইংরাজীতে বিট) ও একটা কাঁক হতে বেরিয়ে যা। আমি তাল রেখে করে গানটি গাইছি—তাল ও কাঁক একই লয়ে বরাবর রেখে যাবি—যেন বেতাল না।" সত্যিই অদ্ভুত ব্যাপার। একবার চতুর্মাত্রিক ছন্দে (আধার ছন্দে) ও পরেই ত্রিমাত্রিক ছন্দ ও আবার চতুর্মাত্রিক এই-ভাবে বদলে বদলে গানখানি গাইলেন—একবারও তোথাও তালে ঠোকর খেলেন না। রেকর্ডে "ফিরোজা বেলায়" গান-খানি গেয়েছেন—দেখলাম তালকেরজ জায়গাগুলো মিউজিক দিয়ে মোজাসিক করে নেওয়া হয়েছে, তার ওপর লয়ের যে মাত্রুর্য কবি দেখিয়েছিলেন—অর্থাৎ চার মাত্রার সময়ের মধ্যে তিন মাত্রা গাওয়ানো—সে মাত্রুর্য কোথায়! রেকর্ডের গানখানি শুনে মনে হল এ যেন আর এক গান।

মানব মুখোপাধ্যায় গাইলেন "এত জল ও কাজল চোখে"—নিজের ইচ্ছামত সুর ও গায়কী লাগিয়ে।

যে সব শিল্পীর কথা বললাম এঁদের অনেকেই সুপ্রতিষ্ঠিত। অতএব এঁরা যা গাইবেন, বর্তমান শ্রোতারা সেইটাই অসল বলে মেনে নেবেন। এইভাবে কাজী নজরুলের অসল সুরের বদলে নকলগুলিই অসল বলে চলবে। ফলে কবিসৃষ্ট নজরুলগীতির সমাধি-লাভ হবে। জানি না, এতে করে কবির মর্যাদা আমরা ঠিকমত রাখতে পারব কি না। প্রকৃত নজরুলগীতিকে বাঁচিয়ে রাখা সম্ভবপর হবে কি না।

হয়ত অনেকে বলতে পারেন যে, পূর্বেও তো নজরুল ইসলামের গানের সুর পরিবর্তন বা পরিবর্ধন করা হয়েছে—তবে কেন বর্তমানে আমরা তা করতে পারব না? এর উত্তর হচ্ছে—সে সময় গানের সুর অদল-বদল করে কবির সম্মতিক্রমে সর্বসমক্ষে উপস্থাপিত করা হত কিন্তু বর্তমানে তা করা সম্ভব নয়। তা ছাড়া বর্তমানে যে সব অদল-বদল দেখা যায় "নজরুল ইসলামের" গায়কীর বিলুপ্তির ফলে সেখানে দেখতে পাওয়া যায় না। অতএব আমাদের এখন উচিত—কবির মুখে গানগুলির প্রতি যথাযথ মর্যাদা দিয়ে কবিকৃত অবস্থায় রেকর্ডে পরিবেশন করা। ফলে ভাবীকাল ঠিক বেছে বিচার-বিবেচনা করে তাতে কিছু না ঘষামাজা হোক পারে—কারণ কবির এ বিষয়ে কোনদিন আপত্তি ছিল না—কিন্তু বর্তমানের মত হাঁকো-নল্চে-বেদল পাল্টানোর সবলেরই আপত্তি আছে। বিখ্যাত গায়ক বীরেন্দ্রনাথ মিত্র মহাশয়কে দিয়ে যখন আমি "নীলাম্বরী শাড়ী পরি", "সাওন আসিল ফিরে", "কূলের জলসাঘরে" প্রভৃতি গানগুলি রেকর্ডে গাওয়াই কিন্তু অসল সুরের ওপর যা কলিয়ে গানগুলি এত সুন্দর ভাবে পরিবেশন করেন যে, কবি শুনে বলেছিলেন "আমার এ গানগুলি যে এত সুন্দর রূপে ধরবে তা আমি কোন দিন ভাবতে পারি নি।"

বর্তমান গায়ক-গায়িকা যাঁরা "নজরুলগীতি" গেয়েছেন—তাঁরা অবশ্যই ভাল শিল্পী বলেই খ্যাত। কিন্তু দুঃখের বিষয় গানগুলির বাণী ভুল গেয়ে ও সুরের বিকৃতি ভাবে কবির মর্যাদা কিন্তু ঠিকমত দিতে পারেন নি। এ বিষয়ে তাঁদের অবশ্যই অবহিতহাল থাকা উচিত।

বর্তমানকালে প্রচলিত "নজরুল-গীতি" সম্বন্ধে অসুবিধাগুলির কিছু কিছু উল্লেখ করা গেল, এখন আমাদের দরকার এই সব অসুবিধা দূর করা। আমার মতে একমাত্র যাঁরা কবির প্রকৃত সহযোগী, সহকারী ও আত্মীয় ছিলেন, সেই সব সঙ্গীতজ্ঞ এক জায়গায় মিলিত হয়ে এই সব সমস্যার সমাধান করতে পারেন। এঁদের নিয়ে রবীন্দ্রসঙ্গীতের মত একটি "বোর্ড" গঠন করা প্রয়োজন। তাঁরা সর্ব-সম্মতিক্রমে গানগুলির জন্যে একটি নির্ধারিত সুর স্থির করবেন এবং গায়কেরা ঠিক সুর ও ঠিক কথা বজায় রেখে গাইছেন কি না তাও লক্ষ করবেন। স্বরলিপির বই, কিম্বা রেকর্ড ও রেডিও মারফৎ প্রচারের পূর্বেই গানগুলি পরীক্ষা করে অনুমোদন করবেন। মনে হয় এই উপায়েই আমরা নজরুলগীতিকে বাঁচিয়ে রেখে কবির গানগুলির প্রতি যথাযথ মর্যাদা দিতে পারব।

ধ্বংজানাস্তি জগৎসর্বং

রনজিৎ কুমার সেন

শারদ পূর্ণিমার পরবর্তী অমাবস্যায় মহাকালীর অর্চনা। শ্যামাসাধকদের কাছে এটি একটি বিশেষ দিন। শারদ লক্ষ্মী থেকে কোজাগরী পূর্ণিমা পর্যন্ত প্রকৃতিতে জ্যোৎস্নার যে বর্ণবিলাস, তা ধীরে ধীরে স্তিমিত হয়ে অমাবস্যার কালো-কাজল প্রহরে এসে বিলীন হয়ে যায়। ভগবতী মহাকালী মহাকালীর রূপ ধারণ করে সংহারবিনাশে মহেশ নৃত্যে এগিয়ে চলেন। তিনি অমানিশার ভগবতীর রূপবিলাস। শুম্ভ-নিশুম্ভের সংগে যুদ্ধের চণ্ড-প্রচণ্ডালে অম্বিকার ললাট থেকে ইনি উৎপন্না হন এবং রক্তবীজের সমস্ত রক্ত পান করে তার বিনাশ সাধন করেন। অসুরের দম্ভ-হরণ গন্ধকালে সতী এই রূপ ধারণ করেন। এই মূর্তি সংহারিণীর অন্তর্গত। এই মূর্তি ত্রিনয়নী, চারহস্ত, মুক্ত কেশিনী, মুণ্ডমালিনী, লোলজিহ্বা, চতুর্ভুজা ও শবাসনা। বসন নেই, অঙ্গ নেই, পর্দা নেই, লজ্জা নেই, সমস্ত দেহকালের ওপার —অন্ধ দেহকুলই বিস্তীর্ণ যে মহাকালের ছায়া—তাকে প্রতিফলিত করে করে অন্নময়ী কৃষ্ণা করালবদনা মহাকালী কোটি কোটি মুণ্ডমালা গলায় ধারণ করে অন্তর্বাসনে বন্দী করেন। পৃথিবী টলে ওঠে, ব্রহ্মাণ্ড কেঁপে ওঠে, সব কিছু ধ্বংস হয়ে যায়। কে বুঝবে এই মহাকাল-লীলা? দেবকুল বিচলিত হয়ে পড়েন। শিব তখন শব হয়ে বিকৃতি-আক্রান্তি বুকে টেনে নেন মহাকালের পদপ্রান্তরে। লজ্জায় অপন পদস্পর্শদোষে নিজেকে ধিক্কার দেন মহাকালী। শান্ত হয় মহাকালীলা।

অসুরের এই বিকটি হাজার বছর ধরে শাস্ত্রমতে তান্ত্রিকী জীবনে মিশে গেছে। হিন্দু-পুরাণশাস্ত্রে দেবীর নানা বর্ণনা আছে। কখনও তিনি বীণা-পাণি বাগ্দেবী, কখনও তিনি দশভুজা-ধারিণী চণ্ডিকা দুর্গা, কখনও তিনি ত্রিভুবনবিহারিণী লক্ষ্মী, কখনও বা করালবদনা চতুর্ভুজা কালী। দেবী ভাগবতে আছে যে, একমাত্র আদ্যাশক্তি ভগবতী এই সংসারের সৃষ্টিকর্ত্রী; তিনি ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরকে মহা-সত্ত্ববতী, মহালক্ষ্মী এবং মহাকালী এই তিন শক্তি দান করে তাঁদের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করতে আদেশ দেন। মহানির্বাণতন্ত্রে পরমাপ্রকৃতি দক্ষিণা-কালীর বন্দনা শিববাক্যে এইরূপ বর্ণিত আছে—

ওঁ পরা প্রকৃতি সাক্ষাৎ ব্রহ্মরূপা
পরমাত্মনঃ।
ব্রহ্মা ভাবে জগৎ সর্বং যা জগদ্ধাত্রী
শিবে॥
মহাকালস্বরূপস্থঃ সংহরেৎ সকলাচরম্।
ত্বমেবাসি মহাবিদ্যা মহাকালি জগন্ময়ি॥
ত্বয়া ধার্যং জগৎ সর্বং ত্বং ধাতা জগতি
কল্পনে॥
ওঁ কালী তারিণী দুর্গা ষোড়শী
ভুবনেশ্বরী।
ধূমাবতী ত্বং বগলা ভৈরবী ছিন্নমস্তকা॥
ত্বমন্নপূর্ণা বাগ্দেবী ত্বং দেবী
কমলালয়া।
সর্বশক্তি স্বরূপাসি সর্বদেবময়ী তনুঃ॥
ত্বমেব সৃষ্ট্যা স্থূল ত্বং ত্বমাদ্যে-
স্বয়ূপিণী।

নিরাকারাপি সাকারা কস্মাৎ
স্তোতুমহীশ্বরী॥
উপাসকানাং কার্যার্থং ভেদতোঽপীহ্যসি॥
জ্ঞানবানাং বিনাশায় ত্বমসে
নানাবিধাস্তনুঃ॥

সর্বশক্তিময়ী এই মহিমময়ী জগজ্জননী স্তব করেন তাঁর 'জগদ্ধাত্রী' রূপে। যে স্থাণুশক্তির অনুপ্রেরণে বিশ্বব্রহ্মাণ্ড নিয়ন্ত্রিত, যাঁর মহিমায় চন্দ্র-সূর্য দীপ্যমান, যাঁর প্রভাবে ধরিত্রী অন্নপ্রসবিনী শান্তি-সমাহিতা, যাঁর ইচ্ছায় সৃষ্টি-স্থিতি লয় হয়, ব্রহ্মাদি দেবগণ সর্বদা যাঁর আরাধনা করেন, যিনি অন্তর্বিনাশিনী সর্বপাপ-জ্বলনাশিনী মোক্ষদায়িনী, তিনি যে—

স্মরা হৃত্বা বাসং বপুরসলিলস্যেন
মনসা।
জরীরার্ধং সম্ভোক্তরমণি জনে
হৃতনভূঃ॥
তথা যি ভূতেশ সকলং অরূপোঽস্ত
বিদিতম্।
কুচাভোগাক্রান্তং কুটিল শশিচূড়ালং-
কুরুতে॥

আগম রুদ্রযামল পঞ্চরাত্রে এই দেবীকেই বর্ণনা করে বলা হয়েছে—'অখিল জগদীয় কর্মলিনী বামেচ্ছা ত্রিবিধোদ্যোগখেলার অনন্য কুচবন্ধা—দেবাদেবেশানী সাধকসন্তোষে সাকারা গৌরীস্তোত্রে।' —তিনি ঘোর কৃষ্ণবর্ণা, মুণ্ডমালিনী, মুক্তকেশী, তিনি খড়্গিনী বরধারিণী, তিনি ভয়ানক ভীষণাস্যা, হেলায় তিনি মহাসুরের খেলছে বেড়ান, ডাকিনী যোগিনী তাঁর পার্শ্বচারিণী, শিবাকুল তাঁর মহাকালের শবহৃৎগর্ভে প্রহরে প্রহরে ঘোষণা করে চলে। মহাকালীর এই রূপই ভারতীয় কল্পনালোকে প্রতিভাত। কিন্তু তাঁর আর-একটি রূপও বড় মধুর। তিনি বেদবতী মহালক্ষ্মী, ত্রিনয়নী ত্রিকালদর্শিনী; এক হাতে তাঁর বরাভয়, অন্য হাতে আশীর্বাদ, এক হাতে তাঁর কল্যাণ, আর-এক হাতে ক্ষমা। চতুর্ভুজা তিনি, চার হাতে চতুর্দিক তিনি রক্ষা করছেন।

গভীর নিশীথরাতে তাঁর অর্চনা। ঘরে ঘরে তখন দেওয়ালী উৎসব। শারদ বিজয়ার মানুষে মানুষে যখন প্রেমের বন্ধন দৃঢ় হয়, তখন সেই প্রেমের রাতে ঘরে ঘরে দীপাবলী সজ্জিত হয়ে ওঠে। অন্ধকারের গর্ভ থেকে একটি একটি করে প্রদীপশিখা জেগে উঠে ঘোষণা করে একেশ্বরীনী মহাদেবীর মাহাত্ম্য। দেবীর কাছে মানুষের যে চিরন্তন দাবি—সেই সত্যেরই পুনঃ ঘোষণা তাঁর উপনিষদে: 'অসতোমা সদ্গময়, তমসো মা জ্যোতির্গময়, মৃত্যোর্মামৃতংগময়'—অসত্য হতে আমাকে সত্যতে নিয়ে যাও, অন্ধকার হতে

আমাকে অসৎপথে নিয়ে যাও, মন্দ হতে আমাকে অমৃতে নিয়ে যাও।

অনোনাদিনী অন্তর্যামী জাগবেন আমীর্বাদে তাঁর সৃষ্টি আবার নতুন করে জেগে ওঠে। সারা ভারতে এই দেবী তাই সমাজাদৃত: এই দেবীর তুষ্টিসাধনে ভক্তসাধকদের যত্নের ত্রুটি নেই। তিনি শক্তিরূপিণী বলে শাক্তসাধনার তাঁকে মানাভাবে আঁকা আর যায়। কোনো কোনো ক্ষেত্রে কৈলে ও শ্যাম এক হয়ে কালীকে শ্যামা রূপে রূপায়িত করেছে। তাই তিনি কৃষ্ণবরণী হয়ে বৈষ্ণবীয় ছোঁয়া থেকে ভক্ত হয়ে রয়েছেন। সবই ভক্তের মনের প্রকাশ। আর সমাজ এভাবে যে যে মানসিক বাঁধনে আবদ্ধ পরিচালিত হয়ে দেবীর রূপপ্রকল্পনা করেছে, হিন্দু পুরাণশাস্ত্র সেই সেই যুগেরই নানা ইঙ্গিত করে সমাজমানসের সামনে উপস্থিত হয়েছে। কি ভক্তবীর রামপ্রসাদ, কি পরমহংসদেব এই দেবীকেই ধ্যান করে দেবী মাহাত্ম্যের ভক্ত দিয়ে জীবমুক্তির সন্ধান করেছেন।

ভারতীয় সাহিত্যে, বিশেষ করে বাংলা সাহিত্যে উপাসনার গোড়া থেকে শুরু করে এই দেবী নানাভাবে প্রকাশিত হয়েছেন। বাংলার কালী-কীর্তন থেকে শুরু করে শ্যামা-সঙ্গীতের ছড়াছড়ি। রামপ্রসাদের গানে সমস্ত বাঙালাদেশ সজাগ হয়ে আছে। তাঁর সঙ্গীতে বাংলা গীতি-কবিতার জন্মের সৌন্দর্য ফুটে উঠেছে—যেমন উঠেছে রজনীকান্তের মাতৃসঙ্গীতে। গীতি-সাহিত্যে রূপ নিয়ে প্রসাদ-সঙ্গীত বাঙালী জীবনে অমর হয়ে আছে। অতীতী অন্তর্যামীকরার মতের একটি গানে কালীর পূর্বোপর রূপটি বিশেষ-ভাবে ফুটে উঠতে দেখা যায়। যেমন—

"শ্মশান তো ভালোবাসিস মাগো
তবে কেন ছেড়ে গেলি?
এত বড় বিশ্ব শ্মশান
এ জগতে কোথা গেলি?
জেন্ সে দেখা কি হয়েছে,
তিন কোটি সব পড়ে আছে,
তবু তৃপ্ত হোসনা মনে,
তাদের ভক্ষণ করে কেলি।
তৃপ্ত শিবের ঘাড়ে যেতাল
নাচে আর তাধিন তাধিন গায়,
তাদের আর কেহ পালা
এটা ধরি ওটা ফেলি।
আর না দেখে নারব পালা,
শব হয়ে শিব পা ছড়ে ও
তবে জানবে জানবে মনে,
দেখবে তখন কালা বেলি।"

শ্যামাসঙ্গীতে মুসলমান কবিদের দানও অসামান্য। অষ্টাদশ শতকের হুগলী জেলার গরীব আলী বা ছেড়ে শুরু করে বর্তমান কালের কাজী নজরুল ইসলাম পর্যন্ত বহু মুসলমান কবি ও গীতিকার এই জাতীয় শ্যামা-বিষয়ক গান রচনা করে বাংলার ভক্তি-হৃদয়ের গীতি-সাহিত্যের সমৃদ্ধি করেছেন। কাজী নজরুলের 'কল রে কল' বলে 'আমার শ্যামা মায়ের কোলে চড়ে রাঙা পা আমি শ্যামের নাম, মহাকালের কোলে এসে মৌনী হলো মহাকালী' প্রভৃতি সঙ্গীত বাংলা ভক্তিগীতির ইতিহাসে অমর হয়ে আছে। কেউবা শ্যামা-সঙ্গীতের যে প্রচুর, তার কারণ এই, সঙ্গীতই হার মনের।

কিন্তু আধুনিক সমাজে শ্যামা পাড়ায় যখন পুজোর-উৎসব হৈচৈ-হৈচৈ তখন মাইকে শ্যামাসঙ্গীতের পরিবর্তে অধিক মাত্রায় শোনা যায় চলচ্চিত্রের হেরোদের। এটা জাতীয় চরিত্রের অবোগতির লক্ষণ ছিন্ন আর কি: এই সব সঙ্গীতাশ্রিত পুজোর উদ্যোক্তাদের মাতৃ-গত প্রত্যয়ের পরিচয় এখানে প্রায়ই বিরল। তবে কি বুঝতে হবে—মাতৃ-আরাধনা কিছু নয়, ব্যাপারটাই এদের জীবনে ও মনে প্রবল? যাঁরা বিজ্ঞানভিত্তিক সমাজতন্ত্রী, যাঁরা দেবী পূজার বিশ্বাসী নন, তাঁদের কথা অবশ্য। কিন্তু শিক্ষিত বাঙালী হিন্দুর মধ্যে যখন ধর্মের ভাঁড়ামী ও কর্মের নির্লজ্জতা লক্ষ্য করা যায়, তখন স্বভাবতই মনে বিকার জন্মে। অথচ এই দেবী-আরাধনা জনমনের চারিত্র শক্তির উৎস। এখানে লালসাকে ধর্মের পরিধান করেও লৌকিক ধর্মের যে অন্তর্নিহিত তাৎপর্য, তা উপলব্ধি করার মতো। যুদ্ধের ওলোট পালোট মধ্যে নবীন অলোকোজ্জ্বল সঙ্গীতীরের সন্ধান করছে কবিকুলচূড়ামণি। তেমনি দেবী-মূর্তির মধ্যে ভক্তরা খোঁজে, খুঁজি, পশুত্বের বিনাশ, স্বর্গীয় ভাবের উদ্বোধন, লজ্জা ও গ্লানিহরা এবং শুভঙ্করের উজ্জ্বল নিদর্শন। তবে প্রশ্ন জাগে অবশ্যই মানবজীবনের সার্থকতা। এ উদাহরণ ইসলামে নেই, খ্রিস্টধর্মাবলম্বীদের নেই, কোনো দেশের কোনো ধর্মেই মানবজীবনের এত বড় সার্থকতার ভিত্তিটা এত গভীরভাবে ফুটে ওঠে নি। সেই সার্থকতা রয়েছে একমাত্র ভারতীয় শাক্ত-দর্শনে যেখানে আরাধনা দেবীকে ভক্তি-বিগ্রহরূপে বলতে পারি—'যং জ্ঞানিনি জগদম্বেতি ন যং জানাতি কশ্চন।'

হৃদয় আছে বলেই

সুনীল আচার্য

হৃদয় আছে বলেই মানুষকে চেনা যায়
পৃথিবীর অপরিচিত মুখ
আকাশ মাটি হয়ে পড়িয়ে আছে
পাথরের নিঃশ্বাসে
কোথাও অন্ধকারের আলো নেই;
সমস্ত এখানে সাদা অন্ধকার মানুষের ভয়ে,
অন্ধকারে মানুষ অমানুষ—
অন্তর্যামী, এ নশ্বরীর খেলে-বেলাভরে,—
মানুষ পৃথিবীর অবক্ষয়ের চিহ্ন
মানুষ—দিক নির্ণয়ের মাস্কাতি
মূল্য বা অন্য কিছু নয়।

কদাচিৎ

সাধনা মুখোপাধ্যায়

যে কোন অন্বেষণে,
হাসির ঘরের মুখে,
তোর পাশে বড়:

যে কোন আলাপই,
চৈত্রীর পর্যায়ে যেতে
ঘটনার ছোট বড় ইট হয় জড়ো

যে কোন মুহূর্তে,
স্নেহের গভীরে ডুবে সমস্ত বন্ধ দ্বন্দ্ব কথা,
থামলেই বুঝি হয় মনতার ছুটি ভরো ভরো।

অভাবেই অনগ্রসর মনে বিদ্রূপতার সৃষ্টি হতো। শুধু তাই নয়, শিক্ষা প্রচারে ছুতো করে তাঁরা মেয়েদের খৃষ্ট ধর্মে দীক্ষিত করবার চেষ্টা করতেন। সাফল্যের যে মাত্র করতেন না তা নয়। ছাত্রপ্রাপ্তির সুযোগ থাকলেও মিশনারীরা ধর্মের ব্যাপারেই উৎসাহিত ছিলেন বেশিমাত্রায়। বাইরের এই স্ত্রীশিক্ষা এবং জনকল্যাণের মুখোস অনেকেই বুঝে পড়লো, যখন তাঁরা পত্র-পত্রিকার মাধ্যমে ভারতীয় ধর্মের স্পষ্ট নিন্দা এবং বাঙালীদের পথে পথে ঘৃণা করতে আরম্ভ করলেন। মিশনারীদের মনোবৃত্তি প্রকাশ পেলো আরো স্পষ্টভাবে 'জোতিন্দ্রিয়ন' নামে একটি পত্রিকায়। মূলের ছাপা, চেহারার ভালো, তার ওপরে লেখা হইলো "স্ত্রীলোক ও বালকদিগের জন্য।" এতে বিচিত্র ভাবে-ভঙ্গিতে "সত্য ধর্মের" জয়গান করা হতো। বীরাঙ্গনা নাম দিয়ে আদামতাকেও অহল্যা, গার্গী, মৈত্রেয়ী, জনকনন্দিনী, সীতা ইত্যাদি কাহিনীর মেয়ে একটি করে নীতিবাক্য বোঝানো হয়েছে। সীতা-র কাহিনীর শেষে শিক্ষিত-বাঙালি বেশ তাচ্ছিল্যপূর্ণ ভাবে মন্তব্য করে: "উক্ত কাহিনীর বিষয়ক পাঠ করিলে কে না স্বীকার করিবেন যে, যদি বিবাহ রামচন্দ্রের অভাবে বনবাস প্রভৃতি নানা অনর্থের মূল কারণ। যদি সীতার পক্ষে বিবাহমূলে গ্রহণ মেয়ে মেয়ে না হইতেন, তবে কি সীতার এমন দুর্দশা হইত, না, রাজা রামচন্দ্র আপনিই অকালে কালগ্রাসে পতিত হইতেন।"

বর্তমানেও ছেলেদের তুলনায় মেয়েদের ক্ষেত্রে চলে ছাঁট ইত্যাদি ভাষায় বিষয়। "বাঙালী মহিলা", "কলমের আঁচড়", "মীরার উকিল", "ঘরের লক্ষ্মী", "সোনার প্রতিমা", "আদর্শের ছবি" ইত্যাদি করে আদর করে মেয়ে বলা হচ্ছে যদি মেয়েরা সুন্দর সুখ-শান্তির ঘর করে—

"পরের বরণ করহ আদর
অন্তরের গাঁঠ বাঁধহ দরদের।"

হিন্দুদের সব কিছুই খারাপ: তারা পৌত্তলিক, তারা "জন্তু পূজা করে", কিন্তু যদি তারা এসব ছেড়ে খৃষ্ট ধর্ম গ্রহণ করে, তবে আর কোন কথা নেই। অবশ্যই তারা নিশ্চিত সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে একেবারে সাহেব।

"সিভিল সার্ভিসে যদি হবে আপিসার
খৃষ্টান জাহাজে তবে চড়িবে এবার।
পাস করে কোট পরে ফিরে এলে
বেশে
বোম্বাই সাহেব বলি পরিচয় দেবে।"

কিন্তু এত প্রলোভন সত্ত্বেও তাঁরা শিক্ষাক্ষেত্রে আশানুরূপ ফল পাচ্ছিলেন না। এমন কি, বথার্থ শিক্ষা বিস্তারের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত বীটন বালিকা বিদ্যালয়কেও যে দীর্ঘদিন এর জন্য ভোগ করতে হয়েছে, তা আমরা আগেই দেখেছি। "কিন্তু এত অবিরাও মিশনারী পরিচালিত বালিকা বিদ্যালয়গুলি জনপ্রিয় হইয়া উঠিতে পারে নাই। ইহার কারণ ইহাদের স্ত্রীশিক্ষা প্রচারের প্রচেষ্টা যে অবিমিশ্র সদিচ্ছাপ্রসূত ছিল না, খৃষ্ট ধর্ম প্রচারই যে মুখ্য লক্ষ্য ছিল, তাহা ধরা পড়িতে বিলম্ব হয় নাই। সুতরাং উচ্চ বিদ্যালয়[illegible]তে একমাত্র বাধিত করের —অনেকক্ষেত্রে নিম্নবর্ণের ছাড়া কোন শিক্ষিত ও সম্ভ্রান্ত পরিবারের মেয়েরা যোগদান করেন নাই। প্রকৃতপক্ষে সম্ভ্রান্ত হিন্দুরা মেয়েদের প্রকাশ্য বিদ্যালয়ে পাঠাইবার আদৌ পক্ষপাতী ছিলেন না। এই বাধা সর্বপ্রথম দূর করেন সরকারী শিক্ষা সংসদের সভাপতি, ভারত-হিতৈষী ড্রিঙ্কওয়াটার বীটন (বেথুন)। তিনি রামগোপাল ঘোষ, দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়, মদনমোহন তর্কালঙ্কার প্রমুখ এদেশের কয়েকজন সম্ভ্রান্তের সহায়তায় ১৮৪৯ খৃষ্টাব্দের ৭ই মে কলিকাতা স্ত্রীশিক্ষা বিদ্যালয় (বর্তমানের বেথুন কলেজ) প্রতিষ্ঠা করেন।" (যোগেশচন্দ্র বাগল।)

ঈশ্বরচন্দ্র গুপ্ত তাঁর সংবাদ প্রভাকরে একে অভিনন্দিত করেছিলেন। "জননী-জন-পুত্রের অপেক্ষা কোন অংশেই ন্যূন নহেন, বরং স্থিরতা ও ধৈর্য প্রভৃতি গুণে শ্রেষ্ঠা হইতে পারেন, অতএব তাঁহারা বিদ্যাধারিণী হইলে সাংসারিক লোক-যাত্রা নির্বাহসূত্রে প্রতিপন্ন হইবেক।" ঈশ্বর গুপ্তের একা, "বেথুন এসে দেশ করেছে" বলে স্ত্রীশিক্ষা প্রসঙ্গে বিদ্রূপ নিতান্তই সাংবাদিকতা, তার 'বাইজীবী সুরের গানে—তার বাই থাক, তাঁর মনের তথা ছিল না, স্ত্রীশিক্ষার সোচ্চারতাই তিনি করেছিলেন।

মেয়েরা ধীরে ধীরে স্ত্রীশিক্ষার ক্ষেত্রে এগিয়ে আসতে আরম্ভ করলেন। উচ্চবর্ণের সম্ভ্রান্ত সম্প্রদায়ের মহিলারা এগিয়ে সম্ভব ছবি আমরা পাই। তাঁদের এক আলোকপ্রাপ্তা মেয়ের বিবরণে জানা যায়ছে, মেয়েটি নাকি অসাধারণ বিদুষী। বিয়ের পরে সে তার স্বামীর বিদ্যার যথার্থতা পরীক্ষা করবার জন্য তাকে "সরস্বতী" অক্ষর বানান করতে বলেছিল, কিন্তু স্বামী বানানটি ভুল বলায় তার নিজের জীবন সম্পর্কে বিচার করেছে। বাপের কাছে সে খেদ করে বলেছে। "এমন মূর্খের সঙ্গে বিয়ে দিয়ে আমার জীবন নষ্ট করে দিলে.....।"

এসব সত্ত্বেও স্ত্রীশিক্ষার অগ্রগতি কেউ রোধ করতে পারলো না, তার প্রমাণ আজকের দিনের মেয়েদের লেখাপড়া শিক্ষার অগ্রগতি। আজ মেয়েরা কলেজে পড়ার জন্য আন্দোলন করে—কিছুদিন আগেও এ জিনিস আমাদের কল্পনাতীত ছিল।

॥ পঞ্চাশ ॥

[১৯২ পৃষ্ঠার পর]

অওয়াজ হলে ওরে ওটাও ছেলেমানুষ। তাকাই কোথাও পালাতে যাবে না এটা তুই যেমন বুঝে [illegible] তেমনি, আমরাও কি কিছু বুঝি নাকি? ওদেরকে বন্দী করে রাখার পিছনে আমাদের যেটুকু যে ওরে দিচ্ছে।

তোকে বলতে আমার লজ্জা করবে না। কিন্তু আমাদের ওদেরকে চোখে-চোখে রাখতে পারি না কথাটা। আমি কাজলের চোখে বাঁধনে কেউই আরও করেছে, আর যে চুলি-চুলি কলকাতা এসে তিন-চারটে বাবুর বাড়ি বাসন মেজে দিয়ে যায়।

কি করবি, তোকে থাকতে হবে তো।

কিন্তু তাকেও কি ভুলতে পারছি, তিনটিতেই বাচ্চা, আমরা স্বামী-স্ত্রী দুটো মানুষ, পাঁচটা মানুষের মন তোমার কি চাহিদা কথা। এদের সামান্য বাজারের অবস্থা বন্ধুর, সাই-সাই করে। জিনিস-পত্রের দর কেবল চড়ছেই চড়ছেই—এর যেন আর নিষ্পত্তি নেই।

ঐ তো বলায়, চুরি-ডাকাতি করা ছাড়া আমাদের বাঁচবার আর পথ রাখছে না গভর্নমেন্ট।

গভর্নমেন্ট তো আমরাই—হারান এদিক-ওদিক তাকিয়ে চাপা গলায় বলছিল, কেরোসিন তেল স্বাধীনতা নিয়ে এখন আর কোনোদিকেই সামলে দিতে পারছি না। সাহে কি আর বাস-কারবার বলছে ইংরেজ রাজত্ব ভাল ছিল, ছাটিকের আমলে অনেক ভাল ছিলাম নাকি আমরা?

অনেক ভাল ছিল বেশ। ফটিক এক কথা বলে ফেলেছিল। এখন ঘরে ঘরে কেবল চোর-ডাকাত-খুনে-জালিয়াত তৈরি হচ্ছে—উপায় কি, সেই তো লম্বা-সরু জেল-জরিমানার কথা শুনবে না।

হারান চুপ করে ছিল।

ফটিক চুপ ছিল না।

তা না হলে, চোখের ওপর তো দেখছি, বছরের ছতন টি-বি হয়ে মরতে হবে।

লাল শাড়ি-পরা একটা মেয়ে কেমন যেন দোলন ছন্দিতে তখন রাস্তা পার হচ্ছিল। কটমট করে হারান তাই দেখছিল। ফটিকের যেন মনে হল, হারান পেছন থেকে ভোলা মেয়েটিকেই দেখছিল। কিন্তু আসলে হারান অন্য কিছু ভাবছিল। একটা ভয়ঙ্কর কথা ভাবছিল, পরে বোঝা গেছে।

কাজেই বলতে হয়, ফটিক কতিন যেটা ভাবছে, রাস্তায় যুবতী বয়সের সুন্দর মেয়েদের দেখলে অসুখের মতন যেন আর তাদের জ্ঞান থাকে না! অমন চন্দন রাস্তায় পাঁচজন ছাড়া ছাড়া দাঁড়ালে কিছু এক-একজনের। কিন্তু তা হলে হবে কি। থাকে মনে পেটের চিন্তা। অন্য-চিন্তা। সব চিন্তা ওরে ওরে যেত।

লাল শাড়ি-পরা মেয়েটাকে তখনও দেখা যাচ্ছিল। কল্ করে মোড়ের থেকে চোখটা সরিয়ে এনে হারান ফটিকের চোখে চোখ রেখে বলছিল, তুই যে বলেছিলি কখনের টি-বি হয়ে মরাটাই ভালো, কিন্তু বাবারাঃ কিছু নেই, একবারে ভাজা জলজ্যান্ত মানুষে মারা যেতে সে-বড় বাঁধন?

ফটিক চমকে উঠেছিল।

"আমাদের জানাশোনা কেউ? সিমেন্টের মেটাল ওয়ার্কস-এর কেউ?"

হ্যাঁ যে হ্যাঁ, সেই যে আমরপাড়া থেকে আসত ছোঁড়া, রাধাকান্ত, রাধাকান্ত যে, একটা লাল প্লাস্টিকের চিরুনির কৌটো থাকত সঙ্গে, মনে পড়ে? অমন-ধন্ত চেহারা।

হুঁ, হুঁ, খুব মনে পড়ে। বাদুড়

"গভর্নমেন্ট তো আমরাই—হারান এদিক ওদিক তাকিয়ে চাপা গলায় বলছিল...

ঝোলা চেহারা ছোঁড়া, সেবার কাজ কিছুতে কোম্পানীর সাথে ঝগড়ার সিমেন্টের মেটাল ওয়ার্কস-এর মাল দেওয়া হয়। রাধাকান্ত একাই তিনটে ঘোল করেছিল। মনে পড়ে বৈকি। কি হয়েছে তার?

ফটিকের মুখে ভাত থেকে একটা মরে নি। বৌ, বাচ্চা সেকোটাকেও ঐ ঘাটে শেষ করে যেতে।

চন্দনের গম্ভীর হয়ে যেতে পারত ফটিক, কিন্তু সে হাসছিল। যা ভেবে পেয়ে পরিবারসুখে আত্মহত্যা করেছে। বেটা বুদ্ধু। আমি হলে লোকের মাথায় বাড়ি দিয়ে টাকাকড়ি আনতাম। মারা-ফলিডল খেয়ে মরা হবে না।

সবাই সব কিছু পারে না। হারান লম্বা নিশ্বাস ফেলেছিল। তা তুই কি করছিস বলিস না তো, চলছে কেমন করে?

চলছে বেতাবে হোক, না হলে চলা-বেচা করছি কেমন করে। তোর সঙ্গে হেসে কথাও বলছি। আর অবশ্য হাসছিল না সে। হারানের সঙ্গে দৃষ্টিতে।

তাহলেই কোথাও কাজকর্ম করছিস তা হলে। হারান প্রশ্ন করেছিল।

হুঁ, একটা ব্যাপারে আছি। ফটিক উত্তর করেছিল। যা হোক ঘোরাঘুরি চলে যাচ্ছে।

চলে যেতেই হবে। হারান যেন নিশ্চিন্ত হয়েছিল।

চালাতে হবেই, তা বলে কি কখনের ঘরে টি-বি হয়ে মরব। রাধাকান্তের মতন পরিবারসুখে বিষ খেয়ে মরে হবে?

আর কিছু বলে নি ফটিক। আর রাস্তায় সে চলে গিয়েছিল।

হারান যেদিকে যাচ্ছিল সেদিকে হেঁটে চলে গেছে।

মোটের ওপর হারানের সাথে মোটর কথা বলে অবশ্য-অবশ্য খবর জানা গিয়েছিল। একটা ভাত টিপতে হাড়িসুদ্ধ ভাতের খবর জানার মত। সিমেন্টের মেটাল ওয়ার্কস লক-আউট হয়ে জোরান জোরান বেকার টি-বি হয়ে মরছে, বিষ খেয়ে মরছে, লুকিয়ে বৌকে বিষ খেতে বাড়ি বাসন মাজছে, কিসের কারখানায় কাজ করছে কেউ, আর তুমি ভালা ঘরবেলা, চাল মরার জায়গা পেয়ে না। আমার ছেলের ম্যানেজারির চাকরি গেছে, অর্ক-টিপস্ত সিগারেট খাচ্ছ, চৌখন-চৌরিঙ্গটের জমা-প্যান্ট চড়িয়ে ছেলে পড়ে বসিয়ে মৌজ করে চা খাওয়া—

আমি হলপ করে বলতে পারি বাবুর ওরাসন ভাড়িয়েদের গলে ছিলেছে। তা না হলে এমন ছেলেছেলে চেহারা কিছুতেই হতে পারে না। যেন ভাল ঘরের আদরে

হয়েছে। তার পরনে কপড় কিন্তু, তার এক রকম আছে। তার সেই নকল চোখ রয়েছে। এদের কী বাহার! মানুষটা ঠিকই রয়েছে। ঘড়ির মধ্যে যেমন! এদের যে এত আদরের হয়েছে বুঝতে পারে? ভূতের কথাটা বিশ্বাস করবে না।

একটা বাচ্চার ছেলেমানুষ সকলে ঠিকা বাড়ি করিয়ে সে নেয় পড়ল। ছেলেটার চোখের সঙ্গে কিন্তু বাবাজীবনের নেই। কিন্তু এ ব্যাপারটা যে মেয়ে নিয়ে এখানে বসে আছে, কে জানত। শুধু এ ঘিয়ে বেরিয়ে আসছে হল।

হক সে, এখন ছেলে বছরে-বিরিবিনি সেই ভয় খাচ্ছে। তার মনে নিরিবিলি এক খেয়াল মনে আজ সকলের ছেলেমানুষি নিয়ে সে একটু ভাবছে চাইছিল। পাগল টাকা। খুব খারাপও না, আবার খুব ভাল ছেলেমানুষও বলা যাবে না। কাল বলেছে পাঁচটা মাইকেটে এক দুর্লভ ছেলেমানুষ মনের পকেটে হাত ঢুকিয়ে তত আজানারী খুঁজছিল? খুব নিজের হাতটাকেই তার কমজোরে ইচ্ছে করছিল। ঢোক জমা। অন্ধ ছেলে ঘটা লাগছে এ ছেলেমানুষ কিছু কিছু কিনা থাকে হয়েছে হয়েছিল। তবে একটা ভাল জিনিস উঠে এসেছিল এ ঢোক আজ পরনের সঙ্গে। একটা গাইডিয়ান। ছেলেমানুষ ঠিকিয়ে। তবে পকেটে। ছেলেমানুষ এটাই তার লাভ হয়েছিল তো বলা যায়। না হলে একটা ছেলেমানুষ করে, এত সময় কাউ



করে। তার পরনে কপড় কিন্তু, তার এক রকম আছে। তার সেই নকল চোখ রয়েছে। এদের কী বাহার! মানুষটা ঠিকই রয়েছে। ঘড়ির মধ্যে যেমন! এদের যে এত আদরের হয়েছে বুঝতে পারে? ভূতের কথাটা বিশ্বাস করবে না।

একটা বাচ্চার ছেলেমানুষের সকলে ঠিকা বাড়ি করিয়ে সে নেয় পড়ল। ছেলেটার চোখের সঙ্গে কিন্তু বাবাজীবনের নেই। কিন্তু এ ব্যাপারটা যে মেয়ে নিয়ে এখানে বসে আছে, কে জানত। শুধু এ ঘিয়ে বেরিয়ে আসছে হল।

হক সে, এখন ছেলে বছরে-বিরিবিনি সেই ভয় খাচ্ছে। তার মনে নিরিবিলি এক খেয়াল মনে আজ সকলের ছেলেমানুষি নিয়ে সে একটু ভাবছে চাইছিল। পাগল টাকা। খুব খারাপও না, আবার খুব ভাল ছেলেমানুষও বলা যাবে না। কাল বলেছে পাঁচটা মাইকেটে এক দুর্লভ ছেলেমানুষ মনের পকেটে হাত ঢুকিয়ে তত আজানারী খুঁজছিল? খুব নিজের হাতটাকেই তার কমজোরে ইচ্ছে করছিল। ঢোক জমা। অন্ধ ছেলে ঘটা লাগছে এ ছেলেমানুষ কিছু কিছু কিনা থাকে হয়েছে হয়েছিল। তবে একটা ভাল জিনিস উঠে এসেছিল এ ঢোক আজ পরনের সঙ্গে। একটা গাইডিয়ান। ছেলেমানুষ ঠিকিয়ে। তবে পকেটে। ছেলেমানুষ এটাই তার লাভ হয়েছিল তো বলা যায়। না হলে একটা ছেলেমানুষ করে, এত সময় কাউ

হয়। তার পরনে কপড় কিন্তু, তার এক রকম আছে। তার সেই নকল চোখ রয়েছে। এদের কী বাহার! মানুষটা ঠিকই রয়েছে। ঘড়ির মধ্যে যেমন! এদের যে এত আদরের হয়েছে বুঝতে পারে? ভূতের কথাটা বিশ্বাস করবে না।

একটা বাচ্চার ছেলেমানুষের সকলে ঠিকা বাড়ি করিয়ে সে নেয় পড়ল। ছেলেটার চোখের সঙ্গে কিন্তু বাবাজীবনের নেই। কিন্তু এ ব্যাপারটা যে মেয়ে নিয়ে এখানে বসে আছে, কে জানত। শুধু এ ঘিয়ে বেরিয়ে আসছে হল।

হক সে, এখন ছেলে বছরে-বিরিবিনি সেই ভয় খাচ্ছে। তার মনে নিরিবিলি এক খেয়াল মনে আজ সকলের ছেলেমানুষি নিয়ে সে একটু ভাবছে চাইছিল। পাগল টাকা। খুব খারাপও না, আবার খুব ভাল ছেলেমানুষও বলা যাবে না। কাল বলেছে পাঁচটা মাইকেটে এক দুর্লভ ছেলেমানুষ মনের পকেটে হাত ঢুকিয়ে তত আজানারী খুঁজছিল? খুব নিজের হাতটাকেই তার কমজোরে ইচ্ছে করছিল। ঢোক জমা। অন্ধ ছেলে ঘটা লাগছে এ ছেলেমানুষ কিছু কিছু কিনা থাকে হয়েছে হয়েছিল। তবে একটা ভাল জিনিস উঠে এসেছিল এ ঢোক আজ পরনের সঙ্গে। একটা গাইডিয়ান। ছেলেমানুষ ঠিকিয়ে। তবে পকেটে। ছেলেমানুষ এটাই তার লাভ হয়েছিল তো বলা যায়। না হলে একটা ছেলেমানুষ করে, এত সময় কাউ

হয়। তার পরনে কপড় কিন্তু, তার এক রকম আছে। তার সেই নকল চোখ রয়েছে। এদের কী বাহার! মানুষটা ঠিকই রয়েছে। ঘড়ির মধ্যে যেমন! এদের যে এত আদরের হয়েছে বুঝতে পারে? ভূতের কথাটা বিশ্বাস করবে না।

একটা বাচ্চার ছেলেমানুষের সকলে ঠিকা বাড়ি করিয়ে সে নেয় পড়ল। ছেলেটার চোখের সঙ্গে কিন্তু বাবাজীবনের নেই। কিন্তু এ ব্যাপারটা যে মেয়ে নিয়ে এখানে বসে আছে, কে জানত। শুধু এ ঘিয়ে বেরিয়ে আসছে হল।

হক সে, এখন ছেলে বছরে-বিরিবিনি সেই ভয় খাচ্ছে। তার মনে নিরিবিলি এক খেয়াল মনে আজ সকলের ছেলেমানুষি নিয়ে সে একটু ভাবছে চাইছিল। পাগল টাকা। খুব খারাপও না, আবার খুব ভাল ছেলেমানুষও বলা যাবে না। কাল বলেছে পাঁচটা মাইকেটে এক দুর্লভ ছেলেমানুষ মনের পকেটে হাত ঢুকিয়ে তত আজানারী খুঁজছিল? খুব নিজের হাতটাকেই তার কমজোরে ইচ্ছে করছিল। ঢোক জমা। অন্ধ ছেলে ঘটা লাগছে এ ছেলেমানুষ কিছু কিছু কিনা থাকে হয়েছে হয়েছিল। তবে একটা ভাল জিনিস উঠে এসেছিল এ ঢোক আজ পরনের সঙ্গে। একটা গাইডিয়ান। ছেলেমানুষ ঠিকিয়ে। তবে পকেটে। ছেলেমানুষ এটাই তার লাভ হয়েছিল তো বলা যায়। না হলে একটা ছেলেমানুষ করে, এত সময় কাউ

অর্থ হবে না তা সে বুঝে নেছে। অফিসের সময় গম্ভীর হয়ে থাকে। গম্ভীর মানে মুখ ভার করে থাকে। তাতে মুক্তা একটু মুষড়ে মুষড়ে যেতায়। কত বয়স হল ওর? বাইশ-তেইশ? তার বেশি না। বিয়ের সময় ঊনিশ ছিল অন্তত। তাই তো শুনেছে সে তখন। তারপর, হুঁ, চার বছর সাড়ে চার বছর পার হয়েছে। বিয়ের বছরই তাদের কন্যা আসে। ছেলের এখন কত বয়স হল? তিন সাত পেঁচিশে বুমলার টু'য়ান হবে খুব জোর।

হুঁ, মুক্তা ভার করে রাখে অন্য প্রসঙ্গই। দেখে প্রথম প্রথম তার খুব খারাপ লাগত। এখন অবশ্য অনেকটা গা-সওয়া হয়ে গেছে। তোরা লেখাপড়া একটু জানে। মনে ফটিকের চেয়ে বেশি জানে। ফটিকের বিদ্যে ক্লাস এইট পর্যন্ত। অঞ্জলি স্কুল ফাইনাল পাশ। তাতে হয়েছিল কি, গোড়ার দিকে, অর্থাৎ সিনেমের স্টাইল বাবদানা ঠিক আউট হবার পর দু' মাসের মধ্যেও যখন কারখানার মজুরা খুলল না, ফটিক ঘরে বসা, হাতের বেলটাও পুরোপুরি আনতে পারা যাচ্ছে-না, অঞ্জলি চাকরির জন্যে বেরোবার জন্য ছটফট করছিল, কোন একটা ওষুধের কোম্পানীতে নাকি তার এক সখী আছে, তার পেছনে আছে, অঞ্জলি একবার তাকে ধরলেই সেখানে কাজ পেয়ে যায়। সত্তর-আশী টাকা মাইনে দেবে। শুনে ফটিক তাকে রাগে একটা ধমক লাগিয়েছিল। তারপর আর অঞ্জলি কোনদিন মুখে আনে নি।

উঁহু, কিছুতেই সে অঞ্জলিকে বাইরে চাকরি করতে দিতে রাজী না। তার কারণ, একটা কারণই তার সামনে সবচেয়ে বড় হয়ে ওঠে, অঞ্জলির চেহারাটা ভীষণ মিষ্টি, এমন মিষ্টি চেহারা সচরাচর বড় চোখে পড়ে না, অন্তত ফটিকের চোখে তো পড়ে না। যতদিন সে ওর চেহারায় মোহাচ্ছন্ন হয়ে। যাই হোক, ফটিক বেশ বুঝতে পারে, ঐ চেহারা নিয়ে অঞ্জলি যদি একবার বাড়ি থেকে বেরোতে আরম্ভ করে, প্রেমিক পুরুষের দল মাছির মত তার চারদিকে ভনভন করতে লেগে যাবে। অফিসে, অফিসের বাইরে, এই শহরের কিছু আর চিনতে-জানতে ফটিকের বাকি নেই। তা ছাড়া এমন চমৎকার হিপাঙ্গিপে গড়ন, এমন টকটকে গোলাপী রং, অঞ্জুকে একলক্ষ দেখামাত্র যে-কোনো বেটাছেলের ভালবাসা জন্মানো স্বাভাবিক, পরীর চেহারার এক-একটা মেয়ে এমন থাকে, যাদের দেখার সঙ্গে সঙ্গে পুরুষের ভাল লাগে। অঞ্জু তো আর এত সব বোঝে না। তার ধারণা নেই যে, এই কলকাতা শহরে এখন আর মানুষ বলতে মানুষ নেই, জন্তুর ফর্ম আর লোকের ভরে গেছে। হুঁ।

মাথা ঝাঁ নিয়েই ও বলাইদের চাকরি করবে। সপ্তাহের অন্তত তিনদিন। ফটিক কিছুতেই রাজী না।

তারপর থেকে তোরা মুখ আরও ভার। হোক। তাতে কিছু যায় আসে না। পুরুষ সে। বেরোবে পাঁচে সংসার চালাবে। চালাচ্ছে না কি? বেশ ভাল করে হচ্ছতো সব দিক, সব অভাব মেটাতে পারছে না। কিন্তু তা বলে উপায় থাকছে না তো কেউ। যেমন তোরার দিকে তাকানো বন্ধ হয়ে গিয়ে বেকার হবার পর মাস দুই তাদের খুবই কষ্ট গেছে। কিন্তু তারপর বেরোবেই সে উপায় করুক, টাকা মোটামুটি চলছে, আটকাচ্ছে না। ঘরভাড়াও নিয়মিত পাওয়ার ফলে বাড়ল এবং হস্তার বেলও বন্ধ হচ্ছে।

চালাক মেয়ে অঞ্জু।

একটা কিন্তু যে ও আট না করলে এমন না। ওর চেহারা দেখে ফটিক টের পায়। কেন না, হপ্তাটা পাঁচ টাকা বদ টাকা—বুঝে-পাঁচন যা হোক ফটিক ঘরে আনছে। অন্য নিয়মিত যেমন কারখানায় কাজ করার সময় হপ্তা হিসাবে টাকা পেত সে যা এখন যদি প্রাইভেট কোনো কারখানায় কিছু কারচোল লুটিয়ে থাকে তো তার একটা মাসিক উপার্জন থাকবে—সে সব দেখছে না, অন্তত ফটিক রোজগার করছে, কাজেই অঞ্জুর মনে কিছুটা সন্দেহ উঁকি দেওয়া অস্বাভাবিক কি। তার ওপর হাতে মুখে এমন অফুরন্ত সব জিনিস সে ঘরে আনছে। যেমন ক্রিম। পর পর

...তার চিবুক ধরে আদর করে ছেলেটার গালে চুমু খেয়ে বের।

তিনদিন ধরেই কলম কটিক বাড়ি নিয়ে যেতে। কলম দিয়ে কী হবে? কটিক তো কোনোদিনই লেখাপড়ার ধার ধারে না, অঙ্কেরিয়ও তার এখন লেখবের পাট নেই। তিনটে কলমই কটিক অবশ্য পরে চোরাগোপ্তায় বেচে দিয়েছে, কিন্তু অঙ্কেরি তো জিনিসগুলি চোখে দেখল। নিশ্চয় মনে মনে তখন ভেবেছে, কলম নিয়ে আসে যেন তার স্বামী, কোথায় পায় এসব? লাইটারটা দেখেও নিশ্চয় তাই ভেবেছিল। কিন্তু ওওয়ার পয়সা সব সময় জুটেছে না, অন্তত কটিক একটা জমকালো লাইটার কিনে আনল। এই জিনিসটা অবশ্য কটিক না ফেরত দিয়ে রেখে দিয়েছে। তার একদিন রোজ এক টিফিনের পয়সা দেয়ে মনিব্যাগের ভিতর দু টাকা চল্লিশ পয়সার সঞ্চয় আর জমান করে হুক ব্লাউজের টিপকল কিনে দেল। যে জন্য মনে মনে সে ভেবেছিল। কি, না অঙ্কু খুশি হবে। তার এই ভাবনাটাই ভুল হয়েছিল। বাড়ি গিয়ে যখন সে টিপকলগুলি ও হুক কটা অঙ্কেরির হাতে দেয় কেমন একটা চেহারা করল বেরে। যেন আকাশ থেকে পড়ল।

—তুমি কি আমাকে ঠাট্টা করছ, কখনও কখনও কটিককে বলল, হুক, টিপকল দিয়ে আমি কী করব?

—কেন, ব্লাউজ আমার লাগবে।

—ব্লাউজ তো ব্লাউজ, খুলেই দেখল হুকগুলো সবই একটানা ব্যবহার করে এখন মেলে নেওয়ার সময় হল, এসবের জন্যে নতুন ব্লাউজ, নতুন হুক!

কটিক ঘাবড়ে গিয়েছিল। অপ্রস্তুত হয়ে পড়েছিল।

—রাস্তায় কুড়িয়ে-টুড়িয়ে পেয়েছিলে বুঝি, না কি ট্রামে-বাসে ভুলে কেউ ফেলে গিয়েছিল, তুলে নিয়ে এলে। অঙ্কেরি অনেক খুঁটে খুঁটে জানতে আগ্রহী হয়েছিল।

শুনে কটিকের মাথাটা গরম হয়ে গেল। তার ইচ্ছে করছিল ঠাস করে ছেলেটার গালে চড় বসিয়ে দেয়।

রাস্তা থেকে কুড়িয়ে নিয়ে এসেছে, ট্রাম-বাসে কেউ ফেলে গিয়েছিল, তুলে

ফিরে এসেছে। ইলাদেবী মেয়েদিকে কাউকে কেন খুঁজতে পাঠাচ্ছিল। অর্থাৎ যেন কিছুদিনের জন্য সপরিবারে বাড়ি-ছাড়ার ঠেলায় রাস্তের ধারের ফিরনি ছুঁয়ে ফিরে বেরিয়ে পড়ছিল। ফটিকও তখন ঠাহর লাগাতে পারে নি, বাঁচিয়ার বাপাচ্ছিল, রাস্তের ঘর, চেঁচামেচি করতে পারছিল না, পাশের ঘরের মানুষে শুনতে পাবে, চোরের কানের কাছে মুখ নিয়ে গিয়ে মুখ বিঁচিয়ে চাপা গলায় সে উত্তর করেছিল —হুঁ, ঘুঁচিয়ে আনব কেন, পকেট মেরে এনেছি, আমি যে এখন সোকের পকেট মেরে সংসার চালাচ্ছি। আপনি কবে থুনি এটা কখন আগেই বুঝতে পেরেছে —মানুষের পকেটে টাকা-পয়সায় সঙ্গে অন্য কিছুনিও থাকে, দরকার বুঝলে সে সব ঘরে নিয়ে আসি, নয়তো রাস্তায় ছুড়ে ফেলে দিই

মুখটা সাদা হয়ে গিয়েছিল অজুর।

তবে কিনা, বেশ বেশকে পরে সামলা দিতে ফটিক একমাত্র হেসেছিল, ফটিক বুঝতে পারছিল অজুনার সামনে দাঁড়িয়ে এই বিদ্যুটে হাসি দেখে তার নিজেরই ভেমো লাগত। কিন্তু তখন সেরকম করে না হেসে যেন উপায়ও ছিল না। তা ছাড়া একটা ঔদ্ধুকের মানিব্যাগ মেরে মাত্র দু' টাকা চৌদ্দ পয়সা সেদিন রোজগার করেছিল, ভেতরে ভেতরে এই জলুনিটাও তাকে কম কষ্ট দিচ্ছিল কি? তার ওপর বৌয়ের এমন নুন ছেটানো কথা। বিদ্যুটে হাসি ঠোঁটে ঝুলিয়ে সে বলেছিল, হুঁ, আমি চুরি করে এনে খাওয়াই আর খুন করে এনে খাওয়াই, সেই সময় তোমাকে পেলে যম, যমও মহাবরের গলপ শোন নি।

তারপর ঘরে গম্ভীর হয়ে মুখ মোষড়া-করে-থাকা-মেয়েটাকে সে বুঝিয়েছিল, বাইরের ওপর বেকার আছি, হয় তো করে খুঁজছি, কাজকর্ম জোটাতে পারছি না, উপোস থেকে তো মরা যায় না। তবে তুমি যদি বলো, সচ্চরিত্র হয়ে থাকতে পারি, কিন্তু খুব পেটপিচন এভাবে বাঁচা যাবে না, ফাঁসিতলা যেতে হবে, তোমাকেও ফাঁসিতলা দিতে হবে, কষ্টটুকেও খাওয়াতে হবে।

অবশ্যিস কি অত্যাচার শুনেছিল? অন্ধকারে বিছানায় ফটিক যখন এসব যোক্তাছিল অত্যাচার খালিসে মুখ গুঁজে গুঁজিয়ে কাঁদছিল।

অর্থাৎ চোর আমীর জন্য ছেড়ে তার যেতা লাগছে, অসহ্য লাগছে, এই দুঃখে ও কাঁদছে। বুঝতে পেরে ফটিক ইচ্ছা করে 'সচ্চরিত্র' কথাটা ব্যবহার করেছিল।

কিন্তু তখনও অজু ফোঁপাচ্ছিল।

তাই ফটিক যৌয়ের পিঠে হাত রেখে আবার বুঝিয়েছিল, তবে কিনা চাকরির আশা যখন নেই, ব্যবসা-বাণিজ্য করা যায়, লোকসানটে খোলা যায়, কিন্তু পুঁজি কোথায়। তবে হ্যাঁ, তুমি যদি বলো খুপ-মাঠি, চিনাবাদাম, মুড়ি, খাজা, শাঁখা-চাউমি ফেরি করে রোজগারের চেষ্টা করতে পারি। তবেনক বুঝতে হয় অজু, রোজ কল মাথায় নিয়ে সারাদিন কলকাতার রাস্তা চষে বেড়াতে হবে, এই করে কবে একদিন ধরা পড়ে যাব, তারপর ফাঁসিতলার অভাবে, ভাল আদার অভাবে টেসে যাব।

—তবে আর এত লোক বেঁচে আছে কি করে, ফোঁপানির গলায় বলে ওঠে।

—কেউ বাঁচবে না অজুমণি, এক-এক করে সবাইকে মরতে হবে। হয় ফাঁসিতলা যাবে, নয়তো টি-বি হবে, হাঁটবে বাত। যারা আর একজনের মাথায় বাড়ি দিতে পারে বা ছুরি করতে পারে, আর একজনে পকেট মারতে পারে। এখন চোর খুনে-দের রাজত্ব। ফটিক আবার সেই অদ্ভুত হাসি হেসেছিল। অজুলি অন্ধকারে দেখে নি। অজুলি আর কথা বলে নি। আর একদিনও কিছু বলে নি। আদের মতন খুন মেরে ফেলেছে। আর ফলে বাইশ বছরের যুবতীকে বাহান্ন বছরের বুড়ি বুড়ি দেখায়। মিষ্টি মুখখানা শুকিয়ে গেছে, লালচে করে দিয়ে পরীটো কাঠ কাঠ দেখায়। কর্তার সিল্কাড়া ফেলে ফেলে ফটিক এখন ভাবছে, আজ রোজের জন্য একখানা শাড়ি ও একটা ব্লাউজ কিনে নিয়ে যেতে হবে। এক সপ্তাহ পরাণটা টাকা পাওয়া গেল। দুটো ও টিপকল কাটা আরও ঘরে পড়ে আছে। এর মধ্যে এমন টাকা সে পায় নি যে, বাড়ি-ভাড়া বা রেশন ও বাজারের খরচ মিটিয়ে অজুলির জন্য জামা-কাপড় কিনবে।

[শেষাংশ ১০০৭ পৃষ্ঠায়]

ফটিক যৌয়ের পিঠে হাত রেখে আবার বুঝিয়েছিল।

শহর কলকাতা

মিশেন.

চিন্তামণি গাড়ির দরজাটা খুলে দিতে বলল—দুই বড় ভদ্রলোক সুরেন। পৃথিবীটাকে ভেদে ভেসে ভেদে না।"

—আর মাতালের সঙ্গে আমার আর পৃথিবী চিনে ভেদার নেই—বলে গজগজ করতে করতে গাড়িতে উঠি।

এতদিন লক্ষ করেছি কোন মর্জালসে যা এমন কোন জায়গায়, যেখানে মাতালদের পানের সুব্যবস্থা আছে, যাবার আগে চিন্তামণি ফোন করতো আমাকে সঙ্গে নেবার। এমনও হয়েছে এর আমাকে টেলিফোনে জানিয়েছে, বন্ধুরা গাড়ি পাঠিয়েছে নিয়ে যাবার জন্য। একদিন চিন্তামণিকে জিজ্ঞেস করেছিলাম—আমরা চিন্তামণি, আমি তো মদ খাই না, তবে তুমি আমাকে সঙ্গে নাও কেন?" জবাবে চিন্তামণি বলেছিলেন—সঙ্গে একজন এমন বন্ধু থাকা দরকার, যে মদ খায় না। মাতালের কথনের মাতালকে বিশ্বাস করে না, ভরসা। মাতালের মাতালের কথা অবশ্য মনে থাকে না। তাই তোকে সঙ্গে নিই। জানি, তোর চিন্তামণিকে তুই সহজে ভাঁড় দিয়ে ভদ্র করবি।"

মার্বাতেল নামটা মাঝরাতের আঁধারে ভদ্র—সোডিয়াম তখন রাত সাড়ে বারোটা, ভোর দেখে। গাড়িটা ভদ্রই পড়ছি। দোতলায় একটা ভাঙা মার্বাতেলে আছে। সিঁড়ি দিয়ে দোতলায় উঠে ভোরে দরজার মাঝে দিয়ে দাঁড়াতে মোদা মিত্তির। দাঁড়িয়েছিল পর দরজা খুলে মার্বাতেল বেরিয়ে এল। মুখে বিগলিত হাসি। চিন্তামণিকে দেখেই বিদ্যুৎ বিদ্যুৎ বিদ্যুৎ উৎসাহ হয়ে মুখে আনন্দের চিহ্ন ফুটে উঠল।—চৌধুরী, এস এস," বলে আমাদের ভেতরে আসার জন্যে আহ্বান জানালো। সামনের ঘরে কয়েকটা বেত পাতা, আর মাঝখানে একটা ভোল টেবিল। তার ওপরে নানান রকমের পরিষ্কার পড়ে রয়েছে। চিন্তামণি আর মেজো মিত্তির দুজনে ঘরটা বড় ভোল বলে আমাদের ভেদে ভিতর ঘরে পড়ল। আমি একটা ভেদে বসে পানের পাত্র ভরবার আয়োজন। মার্বাতেল বলল আমার সামনে ভেদোবারো সমস্ত পাত্র নিয়ে। ভ-

ঘর থেকে বেরিয়ে আসতেন, আর দুজন পরস্পরের সম্মুখে আবির্ভূত হতেন। এক-একদিন আমি আড়চোখে মার্গারেটকে দেখি, আর এক-একদিন ও আমাকে দেখে। কেউই কথা বলি না। এ একটা বিশ্রী অবস্থা। অনেকক্ষণ এইভাবে কাটার পর মার্গারেটই কথা বলল প্রথম। বলল—শুনুন, তোমাকে আমি চিনি না। দেখে মনে হচ্ছে তুমি এখন বাসর ঘর-টর সব ফেলে আমার উদ্ধারে এসেছ। আমার দুর্ভাগ্য যে, আমার সময় তোমার ঘরে বসে আছি—কথাটা বলেই মার্গারেটের দিকে তাকালাম। দেখলাম, ও বাক্যটা কিছু ভুল হয়ে গেছে। মনে বড় কষ্ট হল। ভাবলাম, কী দরকার ছিল ওকে আঘাত দিয়ে ঐ কথাটা বলার। না বললেই হত।

একটু পরে একটা দীর্ঘশ্বাস ফেলে মার্গারেট বাক্যটা ভুলে বলল—শুনুন, আমি খারাপ ছেলে, বড় কাজও করে। এখানে হাত কাটলে এদের সন্দেহ হবে। এরপর অবস্থা দেখে মনে হচ্ছে যে সকালের আগে এরা উঠবে না। মার্গারেটের কণ্ঠস্বরের বড় করুণ শোনাল।

একটু আগে নিজের যে দুর্বলতা প্রকাশ পেয়েছিল সেটাকে ঢাকার জন্যে কর্তৃত্বপরায়ণ স্বরে ধমকের সুরে বললাম—আমি কি করতে পারি বলুন? আমার জন্যে মার্গারেট যেন অনেকখানি ভরসা পেল। বলল—এ অবস্থায় চৌধুরী গাড়ি চালাতে পারবে না। আমি একটা মোটর-গাড়ির ব্যবস্থা করছি তুমি ওকে বাড়ি পৌঁছে দিয়ে যাও। মিঠাইকে আর একটা গাড়ি করে আমার ভাবনা পৌঁছে দেবে। আমার কথার মিঠাইকে ডাকি ডেকে। বললাম—কিন্তু চৌধুরীর গাড়ির কি হবে? মার্গারেট হেসে জবাব দিল—কোন ভয় নেই। গাড়ির কোন ক্ষতি হবে না। সামান্য ছেলে আমি পাহারা দেবো। সকাল এগারটায় এসে চৌধুরী গাড়ি নিয়ে যাবে।

মার্গারেট ঘর থেকে বেরিয়ে গেল। আমি একা সম্পূর্ণ প্রতিকূল অবস্থার হাত থেকে নিজের সময় এক অপরিচিত মেয়েকে রক্ষা করে ধন্য হয়ে গেছি। সামনে দুজন উচ্চ-বংশজাত বিলাসী মানুষ বেশবাস ঘেঁটে বসেছেন। কে এই মেয়ে মার্গারেট? বহু মানুষের সংস্পর্শে এসেছি বলে ওর পেশা বুঝতে কিন্তুই সময়ের কিছু পরের ওর বাস। এই মানুষ দুটোই বা কি বস্তুতে এল? নিজেদের ঘরে নিজেই ওদের অপমানের জবাবদার অধিকার ছিল না। তবে? এই সব ভাবছি, এমন সময় মার্গারেট ঘরে ঢুকলো। আমার সামনে এসে যেন অনেক সাহস করেছে এমন একটা ভাব চোখের ভাষায়—তা যায়, বহু অর্থে দুটো গাড়োয়ানকে রাজী করিয়েছি। এই রাত-দুপুরে তাদের কি দায়! নিজের আমার ওরা ভালবাসে তাই মুখের ওপর না করতে পারলো না। চল, চৌধুরীকে ওর ঘরে আগে নামানো যাক। তোমার পেছনে উঠে চিত্রাঙ্গদার সামনে এসো। সমস্ত মুখটা চিত্রাঙ্গদার দিকে ফিরে উঠছে। চশমার একটা ডাঁটি খুলে এসে ঝুলছে। মার্গারেট সামনে বাঁহাতের কব্জিতে জলে ফেলল। তারপর আমাকে বলল—একটু দাঁড়াও—বলেই পাশের ঘরে একটা তোয়ালে নিয়ে এসে চিত্রাঙ্গদার কাছে দাঁড়াল। হাঁটুদেড়ে বসে প্রথমে চশমাটা খুললো। তারপর তোয়ালে দিয়ে চিত্রাঙ্গদার মুখটা মুছিয়ে দিয়ে আমার চশমাটা পরিয়ে দিলে।

বশমাই পরে চিত্রাঙ্গদা। তাকে টেনে তোলা বড় সহজ আমার পক্ষে। বহু কষ্টে দুজনে ধরে চিত্রাঙ্গদাকে দাঁড় করালাম। দুজনের কাঁধে হাত দিয়ে সামনের দিকে ঝুঁকে পড়ে চলতে লাগলো চিত্রাঙ্গদা। চলতে চলতে একবার মৃদু অনুচ্চারণে বললো—সুরেনদা কখন ফিরলে—হাঁ, আমি আছি। তুমি চলো। সিঁড়ি পার করানো যেন খুবলোই কঠিন হল। কতবার নোড়া করিয়ে দিই তবুওতাই চিত্রাঙ্গদা সামনের দিকে ঝুঁকে পড়ে। বিরক্ত হয়ে শিষ্টে এক ধাক্কা দিয়ে বললাম—ঠিক হয়ে চলবে তো চল, নইলে আমি পারবো না। সিঁড়িতে পড়লে কিন্তু একটিও দাঁত আস্ত থাকবে না। তখনি মার্গারেট আমার মুখের দিকে চেয়ে বলে উঠলো—এমন করে বলা ঠিক না। ওর কি এখন কিছু ঠিক আছে। পেটে কি পরিমাণ তাতেই প্রতিক্রিয়া। একবার বলেছি—চৌধুরী মদ খেয়ো না। আমার কথা কি কানে তোলে। তুমি ছেড়ে দাও, আমি একাই নামিয়ে নিয়ে যেতে পারবো। আমি ছেড়ে দিলাম। তখন চিত্রাঙ্গদার বাঁ হাতটা নিজের কাঁধের ওপর নিয়ে আর ডান হাতটা চিত্রাঙ্গদার পিঠের ওপর দিয়ে ঝুলিয়ে দিয়ে মার্গারেট ধীরে ধীরে নামতে লাগলো। সিঁড়ি পার হয়ে বিশ্রামের মুহূর্তে আমরা আবার গাড়ির কাছে এসে দাঁড়ালাম। গাড়োয়ানরা ঘুমে ঢুলে পড়ছে। তোয়ালে দিয়ে চিত্রাঙ্গদাকে ভাল করে ঢেকে দিলে। মার্গারেট আমাকে ঘরে গিয়ে মুখটা ধুয়ে আসতে বললো—তুমি কিন্তু চৌধুরীকে বাড়ির দোরে দিয়ে তবেই বাড়ি যেও, তুমি যে তা আমি জানি না। তোমাকে বিরক্ত করার আমার বাসর ঘরে আসতে আমার সাহসও আমার নেই। শুধু একটা কথা জানিয়ে তোমাকে। তোমরা যতটা সময় আমাদের ভাব, ততটা মূল্য আমরা নই। গাড়োয়ানদের ডেকে তুলিয়ে দিলে। মার্গারেটকে কোন কথা বলার অবকাশ দেওয়ায় না।

বাইরে জনহীন রাজপথ যেন বহু শতাব্দীর রূপের ঘর পড়ে রয়েছে। চারদিকে বিরাট স্তব্ধতা বিরাজ করছে। শুধু মাঝে মাঝে কিছার টুং-টাং ঘণ্টা আর আমাদের গাড়ির ঘোড়াটার খুরের একঘেয়ে ঠক্‌ঠক্‌ শব্দ সেই স্তব্ধতার বিরতি ঘটাচ্ছে। ভেতরে আমরা দুটি প্রাণী। একজন অচৈতন্য আর একজন সম্পূর্ণ চেতনায় সুরাকে যেন অতলে। গাড়ির ঝাঁকুনির ওপর নির্ভর করে চিত্রাঙ্গদাকে এলিয়ে দিয়ে চুপচাপ বসে আছি। মনের মধ্যে কত ঘটনাই আসছে আমার ঘোলাটে চেতনায়। আমার জন্মটা যেন প্রক্ষিপ্তের পর্যায়। হয়তো সেই পর্যায় মার্গারেটের ঘটনাটা ঘটে উঠলো। মনে হল, মার্গারেটের মতো সুন্দর চোখে দেখবার মতোই কি সে হতে পারে? আমাকেই যখন তোয়ালে দিয়ে চিত্রাঙ্গদার মুখটা মুছিয়ে দিচ্ছিল, তখন তো ওকে নারী ছাড়া আর কিছুই মনে হয় নি। সবার যখন পরমাত্মীয়ার মত করে করে চিত্রাঙ্গদাকে সিঁড়ি দিয়ে নামাচ্ছিল তখন তো তার মধ্যে কোন কৃত্রিমতার আভাস দেখতে পাই নি। অনেকটা ওর সেই করুণ আত্মাহুতি, আমি যেন চিত্রাঙ্গদাকে পৌঁছে দিয়ে বাড়ি যাই। তবে? নারী-সম্বন্ধে অনেক কিছু উদ্ভাবন

...ঘর ছেড়ে দুই বাড়ির ছাদ ও তোর বাড়ির ছাদে ঘর
যেখানে দুই পা বাড়াবি সেখানে পিঞ্জর ...."



॥ শুভমুক্তি আসন্ন ॥

...ছিল না। সমস্ত ব্যাপার ঠেলাগাড়ির ...ল দিয়েছিল, কিন্তু এই অন্ধকারে ...ঠেলাগাড়িকে নিয়ে সিঁড়ি দিয়ে ওঠা যায় না।

...ঠো খুব ভারি করে তুলে চিত্রভানুর ...ঠো হাত দিয়েছি, পরে ওরা সিঁড়ির ...ায়গাটা অন্ধকার হয়ে উঠলো। লোডশেডিং ...য়ে সেকেন্ড একটা জন্য মনে ভাড়াভাড়ি ...ছে দেখা। কোনরকমে সিঁড়িটা পার হয়ে চিত্রভানুর ঘরে ঢুকলাম। বিছানায় চিত্রভানুকে শুইয়ে দিয়ে ভদ্রলোকটি পা ...থেকে জুতো খুলে দিলাম। চশমাটা টেবিলের ওপর রেখে আলো নিভিয়ে ঘর থেকে বিশ্বজিৎ বেরিয়ে এলো। বারান্দা পেরিয়ে সিঁড়ির মুখে আসতেই মনে হলো কে যেন পেছন থেকে মৃদু স্বরে ডাকলো—শুনছেন? থমকে দাঁড়িয়ে ঘাড় ফিরিয়ে দেখি মহিলা। একটা হাতের আড়াল থেকে বেরিয়ে আসছে। লক্ষ্মীশ্রীর সোয়েটার ওপর একটা কালো রং-এর শ্রেসিং গাউন পরা। মাথার অবিন্যস্ত চুলগুলো কাঁধের কাছে এসে ঝুলছে। আস্তে আস্তে আমার কাছে এগিয়ে এসে আইভিল জিজ্ঞেস করলো—ওঁনাকে কি আজ খুব বেশি ওষুধ খেয়েছেন? বললাম—হ্যাঁ। তখনই মনে হলো ওর মুখটা যেন বাসন্তীর মতো। আমার মুখের দিকে চেয়ে আর্তকণ্ঠে বললো—ওঁনাকে বাঁচাতে পারবেন না? বললাম—আমরা ডাক্তার, আমরা চেষ্টা করি। —উঁহুমার কথা শোনেন না বুঝি? আমার কথাও শোনে না। কত বারণ করি মদ খেও না, কিছুতেই শোনেন না। বেশি খেলেই কাশি হয়, আরও বেশি করে মদ খায়। কথাগুলো বলতে বলতে আইভিলের চোখ দুটো ছলছল করে উঠলো। রাত-দুপুরে বাড়ির পাঁচিল টপকে ডাকাত কিংবা চোর ঢুকছে বলে মনে হচ্ছিল। চোখ দুটোও মুছে মুছে আরশিনগর। বললাম—আজ আসছি, আমি চলি। —হ্যাঁ, এসো—বলে আইভিল আমাকে বিদায় সম্ভাষণ জানালো।

রাস্তায় নেমে গাড়ীটা তুলে চিত্রভানুর ঘরের জানালার দিকে তাকালাম। দেখলাম ঘরে আলো জ্বলছে। আমার সঙ্গে করে আলোটা নিভিয়ে দিয়ে এসেছিলাম। তবে কি ভদ্রলোক সুস্থ হয়ে নিজেই আলোটা জ্বালিয়ে দিয়ে অচেতনা মুহূর্তগুলো পরিক্রমা করে নিজের বাসনা কিছুটা চরিতার্থ করতে। তাকে জানতে ফুটপাথ ধরে হাঁটতে লাগলাম,—অদ্ভুত মানুষের জন্য, অদ্ভুত তার দুঃখ। হয়তো সারাজীবন ও সুখোদয় না, কারো মনে চিত্রভানুর রেখা আঁকবে। যার জন্যে সে নিজের সুখানিদ্রা ভঙ্গ করে রাত জাগবে, সে হয়তো জানতেও পারবে না। সকালে উঠে হয়তো রাতের কথা আর মনেও আসবে না। কিন্তু আইভিলের হৃদয়ে চিত্রভানুর রেখা আঁকার আনন্দে আমি বিভোর। চেতনার স্তরে স্তরে সমস্ত ও পরম না, আইভিলের অন্ধকারে নিবিড় আলোটুকু জ্বেলে দেয়ার জন্যে আমরা পরমাত্মা।

ক্রমশ ।



গ্রাম বাংলার পুজো-উৎসব, পরব-পার্বণ, ব্রতকথা ও বিভিন্ন আচার-অনুষ্ঠান সাধারণের চিন্তায়। কাল পরিবর্তনের সঙ্গে সঙ্গে মানুষের যে ভাবান্তর ঘটে সেই প্রেক্ষাপটে চৈতন্যের উন্মেষেই বিভিন্ন দেব-দেবীর পুজোর প্রচলন। গ্রাম্য দেবতা—কালী, চণ্ডী, ভৈরব, ভৈরবী, মনসা। প্রকৃতিকে খুশী করতে পারলে বিপদ থেকে উদ্ধার পাওয়া যায়—এটাই হল গ্রামের অনক্ষরাচ্ছন্নের বিশ্বাস। এ বিশ্বাস আজকের নয়। প্রাচীন বাংলার আদিবাসীদের ভয়-ভাবনা, বিপদ আর বিপদমুক্তির অনেক কিছুই আজো আমাদের মধ্যে টিকে আছে। দেবদেবীর পুজোর প্রচলন আদিবাসী কোমদের থেকেই আমাদের মধ্যে এসেছে।

সপ্তম-অষ্টম শতকের আগেই বাংলা দেশের নানাস্থানে শক্তিপুজো প্রবর্তিত হয়েছিল এবং পরবর্তে শাক্তধর্মের অনেক দেব-দেবীর রূপ কল্পনা হয়েছে বৌদ্ধধর্ম থেকে। পালপর্বে যে সৌত্রান্তিক ধর্ম ও সংস্কারের বিস্তার দেখা যায় সেনপর্বে তা আরো প্রসারিত হয়েছে। কার্তিকী অমাবস্যার কালী-পুজো ও দীপান্বিতা উৎসবের ব্যাপক প্রসার হয় এই সেনপর্বেই।

কৃষিপ্রধান আমাদের এ দেশ। তাই কৃষির বিভিন্ন পর্যায়ে সম্পোপাদনের আশা নিয়ে ঋতুতে ঋতুতে নিত্য নিত্য নতুন দেব-দেবীর পুজো-উৎসব, পাল-পার্বণ ও ব্রত অনুষ্ঠানের প্রবর্তন আমাদের এই দেশে।

অগ্রাণ হল গৃহলক্ষ্মীর মাসিত্ব। তাই বাংলার বিভিন্ন উৎসবগুলি বিভিন্ন দেবতার নামে ও পুজোর সঙ্গে যুক্ত হলেও সবগুলোর মূল উদ্দেশ্য হল ভালো ফসল বা শস্যোৎসবে মেতে উঠেছে।

দীপান্বিতাও এই ধরনের হেমন্ত ঋতুর একটি উল্লেখযোগ্য উৎসব। ক্ষেতের পর ক্ষেত—মাঠের পর মাঠ সবুজে ধানের শীষে ভরে যায়, তখন চাষীর মনে আনন্দের জোয়ার বইতে থাকে—এতদিনে সার্থক তাদের শ্রম। তাই তো এত আলো—এত আনন্দ হেমন্তের এই দীপান্বিতা উৎসবে।

কার্তিকী অমাবস্যার দীপান্বিতার দিনে সন্ধ্যায় গ্রাম বাংলায় ও ভারতবর্ষের অন্যান্য অঞ্চলে লক্ষ্মীপুজোর প্রচলন আছে। লক্ষ্মী হলেন ধন-প্রাচুর্য ও সমৃদ্ধির দেবী। এই লক্ষ্মীপুজো হল ধনলক্ষ্মীর পুজো—ধানের ছড়াছড়ি ছবি আঁকা ঘটের পুজো।

এই পুজোর মূলে রয়েছে যে সব কুসংস্কার—যে সব লৌকিক কাহিনী তা থেকে বোঝা যায় যে, স্তরের স্তরে ধান আর অনুষ্ঠানের ভেতর দিয়ে লক্ষ্মীর এই মানমূর্তি কবে লৌকিক লক্ষ্মীতে পরিণত হয়েছে। দীপান্বিতার এই দিনে লক্ষ্মীপুজোর আগে অলক্ষ্মীপুজোর প্রচলন কোথাও কোথাও দেখা যায়। আগের দিন অলক্ষ্মীকে বিদায় দিয়ে লক্ষ্মীপুজোর ঘরে প্রস্তুত করা হয়। গোবরে প্রস্তুত অলক্ষ্মীর মূর্তি তৈরী করে কুলো বাজাতে বাজাতে আনুষ্ঠানিক ভঙ্গি কাটতে শোনা যায়—

'অলক্ষ্মী কাটতে যাই,
মা লক্ষ্মী ঘরে আসুন।'

এখানে মা লক্ষ্মী অর্থাৎ শস্য ও ধনধান্যের প্রাচুর্য ও সুখের দেবীর

প্রতিটি দিনের মধ্যে

শিবেন চট্টোপাধ্যায়

প্রতিদিন পরাজয়
কাছে এসে জড়িয়ে সময়
মেয়েলি মায়ার মত
জন্ম এক গভীর আকাঙ্ক্ষা
জীবনের গাঢ় অনুভব।

প্রতিদিন পরাজয়
শুধু এক কেন্দ্রবিন্দু
জীবনের অন্বেষা নিয়ে
আমাদের থাকখানে
আকাশ সরোবরে ছোটে রৌদ্রের বিদ্যুৎ
সবুজ বিচ্ছে হয় মনে মনে
ধারালো আলোর।

ও-যেন সুউচ্চ কোন পাহাড়ের শিখরে দাঁড়িয়ে
সূর্যাস্তের শেষ খেলা দেখা।

কথাই বলা হয়েছে। অলক্ষ্মীপূজোর আবহে অলক্ষ্মী অর্থাৎ অমঙ্গল, অশুভ সব কিছুকে ঘর থেকে প্রচুর ও সমৃদ্ধের দেবী লক্ষ্মীকে প্রতিষ্ঠা করা হয় দীপান্বিতার এই দিনে। হৈমন্তিক ফসলের উদ্দেশ্যে মশা-মাছি, পোকা-মাকড় ও অশুভ অলক্ষ্মীকে ঘর থেকে দূর করার জন্যই দীপান্বিতার এই আয়োজন।

প্রবল বর্ষণে বাংলা দেশে বর্ষাকালে খাল-বিল, নদী-নালার প্লাবন দেখা দেয়—প্রাকৃতিক দুর্যোগ ঘটে নানা রকমের। মড়ক লাগে গ্রামে গ্রামে। কিন্তু বর্ষার শেষে প্রকৃতি হেসে ওঠে। সবুজ ও হরিদ্বর্ণে। মানুষের মনে জাগে দোলা। এতদিনে দুঃখের বৃষ্টি হয়েছে অবসান। তাই গ্রাম বাংলার সাধারণ মানুষ আজ আলোকের রোশনাই জ্বালিয়ে অলক্ষ্মীকে তাড়িয়ে লক্ষ্মী প্রতিষ্ঠা করতে এগিয়ে এল কার্তিকী অমাবস্যার দীপান্বিতার এই দিনটিতে। প্রতিটি গৃহস্থের মনে জেগে ওঠে নতুন ধানের স্বপ্ন—বহু প্রতীক্ষিত আসন্ন নবান্নের ছবি মানুষের মনের আলোকের রোশনাই দীপান্বিতার আলোয় ঝলমল করে ওঠে।

পশ্চিম বাংলার সীমান্তবর্তী জেলাগুলিতে কার্তিকী অমাবস্যার দীপান্বিতার এই দিনে গো-জাতির কল্যাণার্থে যে লৌকিক উৎসব বহুল প্রচলিত তাকে 'অহীরা' উৎসব বা 'বাঘনা পরব' বলা হয়।

পুরুলিয়া, মেদিনীপুর ও বাঁকুড়া জেলার পশ্চিম সীমান্তে, বর্ধমান জেলার আসানসোলে, বিহারের ধানবাদ জেলায়, সাঁওতাল পরগণা জেলায় আদিবাসীদের মধ্যে এই 'অহীরা' উৎসব বা 'বাঘনা পরব' বহুল প্রচলিত। এই উৎসবে যে গান গাওয়া হয় তাকেই অহীরা সঙ্গীত বলে। অহীরা সঙ্গীত পশ্চিম বাংলার অন্যতম বহু প্রচলিত লোকসঙ্গীত।

প্রত্যেকটি গৃহস্থের বাড়িতে ও অন্যান্য কার্যের জন্য গো-পালন করা হয়। তাই কৃষিকার্যের জন্য অপরিহার্য হল গো-জাতি। গো-জাতি কৃষির প্রতীক। তাই এই 'অহীরা' উৎসব প্রত্যক্ষভাবেই কৃষি উৎসবেরই অঙ্গ। এই উৎসবের বিভিন্ন অঙ্গ—যেমন গরু জাগানো, গরু নাচানো ইত্যাদি। পুরুলিয়া অঞ্চল থেকে সংগৃহীত গরু জাগানো অহীরা গানের কয়েকটি ছবি—

জাগো, মা লছমি, জাগো মা
ভগবতী,
আজিত অমাবস্যা রাতি,
জাগে কা প্রতি ফল,
দিব গো মহাদেব,
পাঁচ পুতোর ধন ফেন্দু খাইরে॥

গরু নাচানোর গানটিও পুরুলিয়া থেকে সংগৃহীত—

অহীরে—
ঝুলি ঝুলি খাতে ঝিলি
নাচিরে খোঁলিরে
তোরি সিঁরি হার ভাকিরা ঘুঘুরা।
তোরি সে ঘরে আছে পাঁচঘড়ে
লছমন
তাহাকে জাগাই মোরা যাব॥

মানভূমের অধিবাসীদের অমাবস্যার দীপান্বিতার রাত্রে গাইতে শোনা যায়—

আমি যে যাইতেছিলি কুলি বন
ঝুলিরে বাবুহো,—
রাঙ্গি গাই আনল ঘুরাইরে।
না কাঁদ না কাঁদ ও রাঙ্গি গাইরা
সরেহগ পাতালে ঘুলো উপরে॥

অর্থাৎ,

'আমি তো কুলি খাটবার জন্যই যাচ্ছিলাম, কেবল এই রাঙ্গি গাই তো (লাল রং-এর সুন্দর গাভী) আমার ফিরিয়ে আনল। সুতরাং ও রাঙ্গি গাই তুমি আর দুঃখ করো না। তোমার পায়ের ধুলো স্বর্গ থেকে পাতাল পর্যন্ত যায় ঘুরে।'

যে গরু চাষ করে মাঠে ফলায় সোনার ফসল—ঘরে তোলে ধান, সেই গরুকে আদর করে মেদিনীপুরের ঝাঁশ পাহাড়ী অঞ্চলের অধিবাসীদের গাইতে শোনা যায়—

অহীরে—
এখনে ত নে ত ভালা সের ভরি ধান,
চলি যাব দূরের ঘুরার।
ধান ত দেলে ভালা সুপ ভরি ভরি।
তেল বিনা মন নাহি পায়
অহীরে, এখনে ত নে ত ভালা
সের ভরি ধান।

বলাবাহুল্য এই কার্তিকী অমাবস্যার দিনে অনুষ্ঠিত অহীরা উৎসবের একটি গানে গরুর সঙ্গে মানুষের আত্মীয়তার বন্ধনের একটি সুন্দর ছবি পাওয়া যায়। কার্তিক মাসের শিশির গরুর মাঠে যেতে কষ্ট হওয়ায় তার প্রতি সহানুভূতি দেখিয়ে রাখাল বলছে যে তার সাথের জন্য সে সব ব্যবস্থাই করবে—

খুকড়া মা ভাকি দেল উপল
বিহান গো,
শ্রীগাই তো ঠুকের কাঁয়ার।
উঠরে অহীরা জাগরে অহীরা
শ্রীগাইকে খুলত মরদান।
নাই হাম্মে উঠব নাই,
হাম্মে জাগমো গো,
কার্তিক মাসে শিশির গা কাঁপে,
অঙ্গ মোর হইবে মিলন,
ধরে যে দিব আহিরা মহরী
চাদর গো,
পায়ে যে দিব আহিরা রেশমের
জুতা গো।
মাথায় দিব আহিরা ঝিলিমিলি
টুপি গো,
হাতে যে দিব আহিরা টইনীর
বাঁশী গো,
শ্রীগাইকে খুলত মরদান॥

কার্তিকী অমাবস্যার দীপান্বিতা উৎসবটির পেছনে নিশ্চয়ই পৌরাণিক ও ঐতিহ্যের ব্যাখ্যা আছে, তবু বাস্তবের দৃষ্টিভঙ্গি নিয়ে বিচার-বিশ্লেষণ করলে দেখা যায় দীপান্বিতা আসলে হৈমন্তিক ফসলোৎসব। তা ছাড়া কার্তিকী অমাবস্যার এই দিনটিতে আমাদের পল্লী বাংলার বিভিন্ন অঞ্চলে যে সব লৌকিক পূজো-উৎসব ও অনুষ্ঠান প্রচলিত আছে তা থেকে প্রমাণিত হয় যে, বর্ষার দুঃখ-ক্লেশে দেশবাসীর আনন্দোচ্ছ্বাস—নতুন ফসলের আশার আলোই হল হেমন্তোৎসব দীপান্বিতা।



চলচ্চিত্র শিল্প বিশ্লেষকের এক বিস্ময়-কর অবদান। সঞ্চারের আদি যুগ থেকে আধুনিক যুগ পর্যন্ত নৃত্য-গীত, চিত্রাঙ্কন, অভিনয়, সাহিত্য ও আবৃত্তি প্রভৃতিই ছিল রসানুভূতি প্রকাশের একমাত্র মাধ্যম। কিন্তু বিগত শতাব্দীর প্রথম ভাগে নির্বাক চিত্র শিল্পজগতে এক অভিনব যন্ত্রযুগের আত্ম-প্রকাশ করলো। বিজ্ঞানের অগ্রগতি ও মানুষের সৃজনাত্মক প্রতিভা শিল্পজগতে এক আমূল পরিবর্তন এনে দিল। সাধু শিল্পে নির্বাক চলচ্চিত্র শিল্পানুরাগী ও জন-সাধারণের নিকট অভূতপূর্ব জনপ্রিয়তা অর্জন করলো। লিখিত-অলিখিত আপামর জন-সাধারণের মনের উপর সেকালের নির্বাক আলো-চিত্র এক বিরাট চাঞ্চল্যের সৃষ্টি করেছিলো। প্রসঙ্গত বলা আজ যে, তখন-কার দিনে সিনেমা কথাটি ভদ্র শ্রুতিমধুর ছিল না—তখন চলচ্চিত্রকে বলা হতো বায়োস্কোপ বা বায়োস্কোপ।

চলচ্চিত্রের প্রথম যুগে (মোটামুটি ১৯১০-১৯২০ সাল পর্যন্ত) বায়োস্কোপ প্রদর্শনকালে ইউরোপ ও আমেরিকার দেশে পিয়ানোবাদন প্রথা (কখনো কখনো অর্কেস্ট্রা সহযোগে) কর্তৃপক্ষের চিত্রাভিনয়ের কথা হতো। আমাদের দেশে বোম্বে ও কলকাতার মতো বড় বড় শহরে বায়োস্কোপের সঙ্গে যে সঙ্গীত যুক্ত হত তা ক্রমে ক্রমে জন-প্রিয়তার শীর্ষে উঠেছিল। চলচ্চিত্রের আদি যুগে কলকাতায় আমরা কোম্পানীর একটি অনুষ্ঠানে তিনি অর্থাৎ ছিল—যা থেকে আমাদের সঙ্গীত বায়োস্কোপের সঙ্গে যুক্ত হয়।

ঢাকা ও পূর্ববঙ্গের অন্যান্য শহরে নির্বাক আমলে চিত্রের প্রদর্শনকালে সিনেমের সঙ্গে অর্গান, হারমোনিয়াম, বেহালা, তবলা, বাঁশি প্রভৃতি বাদ্যযন্ত্র নিয়ে সাঙ্গীতিক বাদ্যবৃন্দ থাকতো। এই বাদ্যযন্ত্রগুলি সঙ্গীত আবহসঙ্গীত কাজে ব্যবহৃত হয়ে যুগে যুগে বিভিন্ন এবং সঙ্গীত-শ্রোতাদের কাছে এইগুলির আবেদন বড় কম ছিল না। বাংলার সঙ্গীতের উপরও এই ব্যবস্থাটির গান-বাজনা প্রচুর প্রভাব বিস্তার করেছিল। এই হল নির্বাক চলচ্চিত্র যুগের সঙ্গীত সম্পর্কীয় সংক্ষিপ্ত বিবরণ।

তারপর এলো সবাক চিত্রের যুগ। সবাক চিত্র সিনেমাজগতে এক আলোড়ন সৃষ্টি করলো। আজ থেকে বিশ বছর আগে সিনেমা শিল্পের প্রসার ও অগ্রগতি অভাবনীয় রূপ নিয়েছে। সবাক চিত্র আজ এক নতুন শিল্পমাধ্যমরূপে স্বীকৃতি পেয়েছে। সিনেমার প্রসার আজ অনস্বীকার্য। মূকযুগে শহরে-অঞ্চলেও সিনেমা শিল্প আজ সুপ্রতিষ্ঠিত। সিনেমা সঙ্গীত আজ সর্বত্র শ্রুত, সুপরিচিত ও অনুকৃত। সবাক চিত্রের আবির্ভাবে নির্বাক চিত্রের যুগ সমাপ্ত হয়েছে। সবাক চিত্র আবির্ভাবের অনুপ্রেরণারূপে চলচ্চিত্র-শিল্পের এক নব দিগন্ত উন্মোচিত হয়েছে। সঙ্গে সঙ্গে চলচ্চিত্রের সহযোগিরূপে সঙ্গীতেরও এক নতুন বিরাট ভূমিকা দেখা দিয়েছে।

চলচ্চিত্রসঙ্গীত এক নবোদ্ভাবিত সঙ্গীতশৈলীরূপে স্বীকৃতি লাভ করেছে। এর সঙ্গে পূর্বতন সঙ্গীতশৈলী ও সঙ্গীত পরিবেশনার কোন সাদৃশ্য নেই। চলচ্চিত্র সঙ্গীতের প্রকৃতি অনুযায়ী সঙ্গীত-পূর্ণ। ফিল্ম সঙ্গীতের প্রাথমিক যুগ শেষ হয়েছে। বর্তমানকালকে এর রৌপ্যোজ্জ্বল যৌবনকাল বলা যেতে পারে। শেক-সিঙ্কের যুগ, পরীক্ষা-নিরীক্ষার মধ্য দিয়ে সিনেমা সঙ্গীত আজ অগ্রগতির সোপান বেয়ে চলেছে।

১৯২৬ সালে সাউন্ড ট্রাকের আবিষ্কারের ফলে চিত্রসংযোজনার কলা-কৌশল সম্পূর্ণরূপে পরিবর্তিত হয়ে যায়। এতে সিনেমার সঙ্গে সহজ সঙ্গীত ও সবাক অভিনয় ওতপ্রোতভাবে জড়িত হয়ে পড়ে। অবিচ্ছেদ্য টেম্পো ও ব্যাক-গ্রাউন্ড মিউজিক (আবহসঙ্গীত) চলচ্চিত্র-নির্মাতাদের এক অতি তাৎপর্যপূর্ণ ভূমিকা পালন করে। একদিকে এতে ভাষাচিত্র ও শব্দের মূক সাক্ষ্যবহনে সহায়তা করা যায়। দ্বিতীয়তঃ সিনেমা আজ অর্থনৈতিক ক্ষেত্রে এক গুরুত্বপূর্ণ স্থান দখল করে নিয়েছে। বহু সঙ্গীতশিল্পী আজ সিনেমাজগতে ও রাজনৈতিকভাবে পাশাপাশি সিনেমা শিল্পের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে যুক্ত রয়েছে। এরা ছাড়া সঙ্গীত পরিচালক, সেতার কণ্ঠশিল্পী, অর্কেস্ট্রা পরিচালক ও যন্ত্রবাদক প্রভৃতি সকলেই আছেন। সিনেমা আজ সঙ্গীত-শিল্পীদের একমাত্র জীবিকার্জনের পথ সুগম করেছে। অনেক নেপথ্য কণ্ঠসংগীতশিল্পী আজ অনেকাংশে চলচ্চিত্রে উপনীত।

মূকী সিনেমার অন্ধকারাচ্ছন্ন প্রাথমিক যুগে (১৯৩০ সাল থেকে যার শুরুতে হলো ফ্রান্স, জার্মানী, আমেরিকা, রুশ প্রভৃতি সিনেমাজগত থেকে) চলচ্চিত্র সঙ্গীতের ব্যাপক প্রয়োগ দাবিত হয়ে আসছে এবং এর ঢেউ আমাদের দেশে ও প্রায় সেসময়ে এসে স্পর্শ করলো। পাশ্চাত্যের বহু প্রতিভাবান সঙ্গীতশিল্পী সিনেমা সঙ্গীত শিল্প সৃষ্টির কাজে আত্ম-নিয়োগ করলেন। আমাদের দেশেও কতিপয় সঙ্গীতশিল্পী সিনেমা সঙ্গীতের দিকে আকৃষ্ট হলেন। বোম্বে ও কলকাতার মতো আধুনিক সঙ্গীত সম্বলিত চলচ্চিত্র প্রযোজিত হতে লাগলো।

পৃথিবীর অন্যান্য দেশের মতো ভারতের সিনেমা সঙ্গীতের জনপ্রিয়তা উত্তরোত্তর বৃদ্ধি পেতে লাগলো। যে ছবির গান সোনালিয়ে—সেই ছবি বহরের পর বছর একটি সিনেমাগৃহে সমারোহের চলতে থাকলো। এর স্বাভাবিক ফিল্ম সঙ্গীতের চাহিদা অনুভূত হয়। আবাল-বৃদ্ধ-বনিতা সিনেমার গান গুনগুন করে বিকৃত বা অবিকৃত সুরে সব সময় গেয়ে থাকে। এটা যে আজ শুধু শহরাঞ্চলেই সীমাবদ্ধ তা নয়—মফস্বল পল্লী-গ্রামেও সিনেমার গান হরহামেশা শোনা যায়। সিনেমা সঙ্গীতের প্রভাব আজ সর্বত্র পরিলক্ষিত হয়। সিনেমা সঙ্গীত সঙ্গীতশিল্পের এক

প্রথম বাক্যাংশে সংক্ষিপ্ত নাম থাকে। চলচ্চিত্র সম্পর্কিত সমস্ত তথ্য আসল চলচ্চিত্রটির সঙ্গে সংযুক্ত করে। বিষয়বস্তুর থেকে পুরোদস্তুর পর্যন্ত নিখুঁত সম্পাদনার প্রয়োজন। শব্দ সম্পর্কে ছবি এবং আর আইকে ব্যাখ্যা করার দরকার নেই। পুরোপুরি ছবি ছাড়াও ফটোগ্রাফ ও বিজ্ঞাপন চিত্রাদিও সম্পাদনে ব্যবহৃত হয়ে থাকে।

কিন্তু সম্পাদনার সাধারণভাবে দুভাগে বিভক্ত। এক প্রকারের ছবি আছে—যাতে বিষয়বস্তুর বিচারে সুরের সংযোজন হয় এবং প্রেমের-দৃশ্যের নায়ক-নায়িকার মুখ থেকে ডে-ব্যাক দ্বারা গান শোনান হয়, এবং কখনো কখনো নানা সুরের ও ভঙ্গীর ব্যাক-গ্রাউন্ডসহকারে উপর লক্ষ্য রেখে আবহ সম্পাদনা আরোপিত হয়। ছবির প্রারম্ভের প্রায় সব ছবিতেই টাইটেল বিভিন্নিক ও সংযোজিত হয়। আবার কোন কোন ছবিতে একটি বিশেষ সুরকে (থেমেটিক) প্রধান চিত্র কিম্বা-এর প্রথম থেকে শেষ পর্যন্ত সেই সুরটিকেই বার বার ব্যবহার হয়। একে Thematic music বলা হয়—অর্থাৎ এর দ্বারা ব্যবহারিক বিষয়বস্তুর কেন্দ্রীয় ভাবকে (থেমেটিক দিয়ে) সম্পাদনের মাধ্যমে চিত্রায়িত করার চেষ্টা হয়। কিন্তু সম্পাদনা অর্কেস্ট্রা (ব্যাকগ্রাউন্ড) এক ভাবপরিমিতে ভূমিকা গ্রহণ করে। পাশ্চাত্যের ব্যাকগ্রাউন্ডগুলিতে সাধারণ বাদ্যের সুষ্ঠু প্রয়োগ দেখা যায় (শোনা যায়)। পাশ্চাত্য ছবির সুন্দর সম্পাদনা একবারে ব্যবসা-প্রতিষ্ঠানগুলির অনুশাসিত এবং অনুমোদনে নির্ভর করে।

আর একটির চলচ্চিত্র নির্মিত হয়—যাতে সম্পাদনাই চিত্র আকর্ষণের সমার্থক হয়ে থাকে। এই পর্যায়ের ছবিগুলিকে সাঙ্গীতিক চিত্র বলা যেতে পারে। ১৯২৭ সালে এই পর্যায়ের প্রথম চিত্রের প্রযোজনা হয় আমেরিকায়। ছবিটির নাম "The gazz Singer"—এতে কথা ও সম্পাদনা ব্যবহৃত হয়েছিল। এর প্রযোজনা ছিলেন অলজনসন্। চলচ্চিত্র ছবি-এর মূকাভিনয় উপস্থাপিত ও অনুষ্ঠানিত হয়ে তিনি তাঁর দ্বিতীয় ছবিতে হাত দিলেন। ছবিটির নাম "The singoig fool"। ১৯৩০ সাল পর্যন্ত পাশ্চাত্য জগতে এই দুটি ছবিই সাঙ্গীতিক চিত্রের মূল ভিত্তি বলে গণ্য হয়। পরে ধীরে ধীরে অন্যান্য আভিজাত্যের ও বহুবিধ চিত্র-পরিচালকেরা এই দিকে তাঁদের দৃষ্টি প্রসারিত করেন এবং অনেক বিভিন্নধর্মী অর্কেস্ট্রা সমন্বিত চিত্রে রূপ দান করা হয়। ১৯৩৬ সালে আর ছবি বানিয়ে-এর "Top Hat" (প্রধানে Fred Astaire and Ginger Ro-জোড়া) বাদ্য সম্পাদনের বিশেষত্ব চিত্রিত হয়েছে এর অনুকরণে নানা আমাদের চিত্রে ব্যবহৃত হয়েছিল।

ক্রমে ক্রমে পাশ্চাত্যের চিত্রশালায় বিভিন্ন অপেরা ও বাদ্যযন্ত্রের সম্পাদনসূত্রে চিত্রায়ণ দেখা যেতে লাগলো। এই ধরনের সম্পাদনাবিযুক্ত কিছুদিন সম্পাদনাপদ্ধতি চিত্রযোগাযোগ করে নিতে লাগলো। তারপর কিম্বদন্তিত সুকুমার ও আয়ত্ত-বাবর্তনের জীবন্তচিত্র কেন্দ্র করে নানা ধরনের ঘাঁতাপিতের মধ্যে বাজারে বেরুতে সক্ষম হলো। এর মধ্যে মুখার্ত ও জোহান শ্ট্রাউস্-এর সাম্পাদনিক জীবনকে ভিত্তি করে যে চিত্র দুটি উপস্থাপিত হয়েছিল—সেগুলি খুবই উচ্চাঙ্গের এবং সুষ্ঠু নির্মাণসূত্রে হয়েছিল। পরে অবশ্য এই ধরনের আরও অনেক সুন্দরতর চিত্র তৈরি হয়েছে। স্থানাভাববশত এর মধ্যে শুধু ছবির নাম বার দিয়ে আলোচনা করেকটি সংযোজন করা হল মাত্র।

(১) আমেরিকা—(১৯৪০) এই ছবি-এ অন্তর্ভুক্তিত বহুসংখ্যক সম্পাদনা-বিশারদকে একত্রিত করা হয়েছিল। এদের মধ্যে অনেকেরই গায়ক, বাদক, সুকুমার, অর্কেস্ট্রা পরিচালক প্রভৃতি সবাই অন্তর্ভুক্ত করেছিলেন। এত বেশি সংখ্যক সম্পাদনাজ্ঞী ইতিপূর্বে কোন চিত্রেই দেখা যায় নি। এতে অবশ্য বহুকারী কয়েকজনের নাম দেওয়া হল। এঁরা সকলেই বিশ্ব-বিখ্যাত। ব্রুনোওয়াল্টার, লিলি পন্স্, হিলদা সিম্রাতিমোর্স্কি, হাইফ্ হিটেন্স্, আর্তার রুবিনস্টাইন, হ্যারী-জেম্স্, আরতাড্ টুরিন্ স্কাইন, ওরিও পিনজা, মোশা হাইফেজ (বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ বেহালাবাদক), জন সিল্পলি, লিওপোল্ড স্টক্ওস্কি ও অন্যান্যরা।

(২) এন্রিকো কারু সো (১৯৪১)—বিখ্যাত ইতালীয়ান গায়ক কারু সোর জীবনী-চিত্র।

(৩) এরোইকা—(১৯৪৮)—সম্পাদনা-বাদনিক বিটোফেনের জীবন-চিত্র।

(৪) ফ্যান্টাসিয়া—(১৯৪০) ইউরোপের প্রখ্যাত সুকুমারদের সম্পাদনা-সাঙ্গীতিক ছবি। প্রযোজক—ওয়াল্ট ডিজনে। ডিজনে-চিত্রে বিশ্বের মোলিক অর্কেস্ট্রা দ্বারা বাদিত ও লেওপোল্ড স্টক্ওস্কি পরিচালিত।

(৫) (ক) দ্যে ফিফ্থ অফ্ বিথোভেন—(১৯৪২)—কৃতবিদ্য জার্মান সুরস্রষ্টা বিথোভেনের জীবন-চরিত অবলম্বনে।

(৬) (খ) দ্যে ওয়ল্ড্—(১৯৩৮)—জর্মানির অধিনায়ক সুকুমার শ্যাটনের জীবন নিয়ে করা হয়েছে ছবি।

(৭) সঙ্গ্ অব্ বার্ন—(১৯৪৭)—প্রতিভাবান জার্মান সুকুমার লিস্ট্ সুরের ও তাঁর প্রেমিকী প্রমার প্রেমোপাখ্যানসহকারে সম্পাদনাচিত্র।

(৮) এ সঙ্গ্ টু রিমেম্বর—(১৯৪৯)—সুরকার শুনি জর্জিনীত শ্যাতন্যমা সোপিন পিয়ানোবাদক ও সুরকার প্রেমোপাখ্যান সোপার জীবনী।

(৯) সঙ্গ্ অব্ মাই হার্ট—(১৯৫০)—বিশ্ব-বিশ্রুত সুর সম্পাদ প্রতিষ্ঠা সিগোর ফ্রাইবুর্গের জীবনী অনুসরণে তোলা ছবি।

(১০) সঙ্গ্ ইন্ দ্যাভিড্—(সাম্প্রতিক (১৯৫১) হেনেরীয়ান সিয়ানোবাদক ও সুরকার ফ্রাঙ্ক লিস্টের সম্পাদ-জীবন।

আমাদের দেশেও সাম্পাদনিক চিত্র কিছু কিছু রচিত হয়েছে ও হচ্ছে। সংগীত-সম্বলিত অর্থাৎ এক-গানে অনুষ্ঠানই বাঙালি জনসাধারণের কাছে খুবই সমাদৃত। আমাদের দেশের তথা বাংলার সাধারণ প্রকৃতিই সম্পাদ-ভক্ত প্রাণ; কাজেই সম্পাদনাশ্রিত চিত্রগুলি যে স্বাভাবিক আকর্ষণীয় হবে তাতে আর বিচিত্র কি। তারপর সম্পাদ নায়ক-নায়িকাদের জীবনাবলী ছবিও আমাদের দেশেও তোলা হয়েছে। তার মধ্যে উল্লেখযোগ্য হল—তানসেন, মীরাবাঈ, বৈজু-বাওরা ও বহুতর প্রভৃতি চিত্রগুলি।

ভক্তিমতী সাধিকা মীরাবাঈ-এর জীবনী অবলম্বনে যে ছবি তোলা হয়েছিল—তা আমাদের দেশের সাম্পাদনিক চিত্রগুলির এক অবিস্মরণীয় চিত্ররূপে চিহ্নিত হয়ে থাকবে। এতে দক্ষিণ ভারতের খ্যাতনাম্নী বিদুষীকণ্ঠী এম্ এস্ সুব্বলক্ষ্মী নামভূমিকায় অবতীর্ণা হয়েছিলেন। তাঁর ভক্তিভাবাপ্লুত সুললিত ভজন-সম্পাদনাদি আজও উপভোগ্যের মনে পড়ে।

তানসেন ছবিটিও বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছিল। সম্রাট আকবরের প্রধান সভা-গায়ক জগদ্বিখ্যাত তানসেনের সাম্পাদনিক জীবন অবলম্বনে এই ছবিটি রচিত হয়। এই ছবি বাদ্যযন্ত্রী বহুবিধের জটিলতর ও সুমধুর গান নিয়ে অবতারণা। পরলোকগত সুগায়ক কে এল সায়গল্ তানসেনের ভূমিকায় অবতীর্ণ অভিনয় ও গান করেছিলেন। তানসেনের বিপরীত ভূমিকায় শ্রীমতী খুরশিদবানুও চমৎকার গান গেয়েছিলেন। তানসেন ছায়াছবির গান অবশ্য কোথাও কোথাও শোনা যায়—এখন এর অনেকই এ বই-এর লোকোত্তরত্ব প্রদর্শিত হয়। তানসেন ছবির সম্পাদ পরিচালনা করেছিলেন—সম্প্রতি ফেডারেল প্রডাকসন্স।

উচ্চাঙ্গের ক্লাসিক সম্পাদ-জগতে যেন সমস্ত ভারতের মুখপাত্র হয়ে সম্পাদনাচার্য ওস্তাদ আলাউদ্দিন খাঁ সাহেবের জীবনালেখ্য এই চিত্রটিতে যত্নে সংযোজন করা হয়েছে। সম্পাদনাচার্য ওস্তাদ

পরিচালক হিসেবেও। ছবির চারটি গানই সলিলের সুরে।

বহুচর্চা সঙ্গীত-চিত্রগুলির মধ্যে ১৯৫৯ চিত্রবছরটির এক উল্লেখযোগ্য অবদান। বাংলার জনসাধারণের মধ্যে যন্ত্রসঙ্গীতের ক্রমবর্ধমান কেন্দ্রীভূত করে এই ছবি প্রযোজিত। এতে নায়কের সঙ্গীত পরিচালনা করেছেন বাংলার সঙ্গীতজগতের ইন্দ্রনাথস্থানীয় যেহেতু। এই ছবি আলোয় অনেক প্রতিভা আত্মপ্রকাশ করেছেন। শ্রীমতী সন্ধ্যা মুখার্জীর জন্য এই ছবির অন্তত একটি কারণ ছিল। তাঁর গানগুলিও এই সঙ্গীতগুলির মধ্যেই উল্লেখযোগ্য। এর সঙ্গীত পরিচালক শ্রীনচোদ্রা মুখোপাধ্যায়। উপরি-উক্ত চিত্রগুলি ছাড়াও অনেক সঙ্গীতপ্রধান ছবি তাঁকে দিয়ে হয়েছে। সুরা-গীত-বাদ্যসমৃদ্ধ চিত্রও কিছু কিছু হয়েছে। তাঁর মধ্যে কয়েক কলি গানের সুর যোজনা-সংযোজনের মধ্য যেহেতু প্রযোজনা ও পরিচালনার অনুপ্রেরণা (মাননীয়া ছায়াদেবী শ্রীমতী সন্ধ্যা রায়), কালজয়ী প্রচার ছবিগুলির উচ্চ মানসূত্রে। 'কাবুলিওয়ালা', 'ক্ষুধা' ও 'ওপারী' বিশিষ্টা চিত্রগুলির সঙ্গীতের জন্য সুচিহ্নিত।

সবাই জানেন যেহেতু হল ভারতীয় চলচ্চিত্র শিল্পের প্রথম কেন্দ্রভূমি। যেহেতু ভারতের খ্যাতকীর্তি সঙ্গীত পরিচালকের নাম এখানে দেওয়া হল। এদের মধ্যে প্রবীণ-নবীন সবাই রয়েছেন। সরস্বতীদেবী, রামচন্দ্র পাল, জ্ঞান দত্ত, পঙ্কজকুমার মল্লিক, নৌশাদ ও গুলাম হায়দার, অনিল বিশ্বাস, শঙ্কর-জয়কিষণ, সলিল চৌধুরী, মদনমোহন, লক্ষ্মীকান্ত প্যারেলাল, রাহুলদেব বর্মণ, রবি প্রমুখ।

সবার চিত্র বর্তমান যুগে নেপথ্য কণ্ঠ-সঙ্গীতের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। যেহেতু কিছু কিছু নেপথ্য সঙ্গীতশিল্পীর নাম নিশ্চয় দেওয়া গেল। এঁরা হলেন—লতা মঙ্গেশকর, আশা ভোঁসলে, গীতা দত্ত, সুমন কল্যাণপুর, মহেন্দ্র কাপুর, উদিত নারায়ণ (উপনামধন্য), মুকেশ প্রমুখ।

বাংলা দেশ সঙ্গীতের জন্য চিরবিখ্যাত। কলকাতাও ছিল চিত্রের পীঠস্থান। বাঙালী সঙ্গীত শিল্পী ও সঙ্গীত পরিচালকেরাও সারা ভারতে সমাদৃত হয়েছিলেন। বাঙালী সঙ্গীত পরিচালক শ্রীসুধীন দাশগুপ্তের ভারতীয় চলচ্চিত্র সঙ্গীতের পরিচয় প্রসঙ্গের অনুপস্থিতি অসম্ভব হয়ে যাবে। বাংলার মৃত্তী সঙ্গীতকার তথা সঙ্গীত নির্দেশক হিসেবেও নাম নীচে লিখিত হল। এঁদের মধ্যে অনেকে আমার যেহেতুর চলচ্চিত্র জীবনে অবদান করেছেন। এঁদের নাম। পঙ্কজকুমার মল্লিক, নজরুল গীতি, রাইচাঁদ বড়াল, কমল দাশগুপ্ত, হেমন্ত মুখোপাধ্যায়, সতীনাথ মুখো, রবীন চট্টোপাধ্যায়, অনিল বাগচী, শচীন বিশ্বাসগুপ্ত, সুবীন দাশগুপ্ত, সুধী মেহ, রামেন মজুমদার, শ্যামল মিত্র, অনুপম ঘটক, সুবল দাশগুপ্ত, কালীপদ সেন, তিন বন্দ্যোপাধ্যায় (তিন অবশ্যই হলেও বাংলাই তাঁর কর্মক্ষেত্র) প্রমুখ।

বাংলার চলচ্চিত্র জগতের যেসব কণ্ঠ-শিল্পীরা আজ ভারতে জনপ্রিয়। ভারতের বাইরেও তাঁদের গীতাবলী সমাদৃত। এঁদের মধ্যে কয়েকজনের নাম উল্লেখ করা গেল। যেমন: সায়গল, কানন দেবী, সন্ধ্যা মুখার্জী, ভিক্টর মুখার্জী, হেমন্ত মুখোপাধ্যায়, উৎপলা সেন, সতীনাথ মুখোপাধ্যায়, শ্যামল মিত্র, মান্নাদে, মুকেশ মুখোপাধ্যায়, আরতি মুখার্জী, নির্মলা মিশ্র, নির্মলেন্দু চৌধুরী, সুধা মালহোত্রা, তরুণ বন্দ্যোপাধ্যায়, ইলা বসু, মাধবী মুখোপাধ্যায়, সন্ধিতা চৌধুরী, রবি বন্দ্যোপাধ্যায়, সুমন মুখোপাধ্যায়, সুবীর সেনগুপ্তা, সুচিত্রা সেন, সুবীর মুখোপাধ্যায়, অরুণ মুখার্জী, অনুরাধা দেবী প্রমুখ।

এঁ ছাড়া অন্যান্য গায়ক-গায়িকা ও অনেক চরিত্রাভিনয়ে অভিনেতা পরিচালক ফিল্ম-সঙ্গীতে যুক্ত হয়েছেন—তাঁদের কাজ দেখেছে বোঝা যাবে এঁরা চিরকালই দেখতে থেকে যান।

আর একটি বিষয় উল্লেখ করা বিশেষ প্রয়োজন যে, আমাদের দেশের বিখ্যাত একক বন্ধসঙ্গীতাভিনেতা শ্রীরবিশঙ্কর, প্রতিভালী অভিনেত্রী খাঁ ও বিলাসে খাঁ চলচ্চিত্র সঙ্গীতের পরিচালনা ক্ষেত্রেও তাঁদের অনন্য প্রতিভার স্বাক্ষর রেখেছেন। রবিশঙ্করের সাথে পাঠালী ও কাথেলীওয়ালার সঙ্গীত সারা বিশ্বের সঙ্গীত সমালোচকদের প্রশংসাধন্য হয়েছে। ওস্তাদ আলী আকবর খাঁর—ক্লাসিক্যাল সঙ্গীতজগতে এক কথায় অবদান। ওস্তাদ বিলায়েত খাঁর অলাদাকর ও সুদূর ছবির সঙ্গীত পরিচালনা অতীব উচ্চস্তরের ও অনন্যসাধারণ। অসাধারণ তবুও সঙ্গীত পরিচালক বাহাদুর খাঁর সঙ্গীত সৃষ্টিরেখা ছিল সুদূরপ্রসারিত।

চলচ্চিত্র সঙ্গীতের ইতিহাসে এও দেখা গেছে যে, চিত্রপরিচালকও কখনও কখনও সঙ্গীত পরিচালনা করেন—যদিও এই দুটোর মধ্যে খুব বড় পার্থক্যরেখা থাকার। এ প্রসঙ্গে পাশ্চাত্যের চার্লি চ্যাপলিনই ছিলেন একমেবাদ্বিতীয়ম্; কিন্তু সিনেমাজগতে বাঙালী চিত্রপরিচালক শ্রীসত্যজিৎ রায় তাঁর নিজের চিত্র সঙ্গীত পরিচালনা করে নতুন দৃষ্টান্ত স্থাপন করেছেন। শ্রীসত্যজিৎ রায়ের সঙ্গীত-পরিচালনা এক কথায় অনন্যসাধারণ। শ্রীরায়ের পরিমার্জিতবোধ তাঁর চিত্র-সঙ্গীতকে পরিচ্ছন্ন ও সুপ্রযুক্ত করে তুলেছে। চলচ্চিত্র-সঙ্গীত যে এত উচ্চমানসম্পন্ন ও চিত্তাকর্ষক হতে পারে তা শ্রীরায়ের সঙ্গীত না শুনলে অনুমান করা যায় না। শ্রীরায় হলেন সঙ্গীতের সত্যজিৎ। পাশ্চাত্যের পরিচালক তাঁদের নিজেও সঙ্গীত পরিচালনা করেছেন। ভারতীয় চলচ্চিত্র সঙ্গীত অনেকদূর এগিয়ে চলেছে। এর বিকাশের আরও এ সম্ভাবনার অন্তরীক্ষ নেই। তবেও কেবল জানতে আমরা অন্তরালে সঙ্গীত যেমন যেন যায়—এমন শোনা যায়: কিন্তু এই অভিযোগ ও বিরোধিতা যেহেতুর ছবি সঙ্গীতাভিজ্ঞ অনেক সময় শিল্পী-মনকে প্রভাবিত করে পরিবর্তে প্রদর্শিত করে তোলে। বাস্তবের দেশীয় চিত্র-সঙ্গীতে প্রথম সময় সঙ্গতাঙ্গের বিদেশী সঙ্গীতের ধর্ম অনুকরণ পরিলক্ষিত হয়। সঙ্গতাঙ্গ সঙ্গীতের অনুকরণ প্রচারীয় কিছুই; কিন্তু ভারতীয় সঙ্গীতের স্বকীয় বৈশিষ্ট্য বিসর্জন দিয়ে তা আত্মসাৎ করাই সমীচীন। ভারতীয় চলচ্চিত্র সঙ্গীতে সঙ্গতাঙ্গ সঙ্গীত ও সঙ্গীত-যন্ত্রের ব্যাপক ব্যবহার ও অনুপ্রয়োগ অনেক বিদেশ যেহেতু বিদেশি সঙ্গীতজ্ঞের কর্মক্ষম নির্দেশ হয়েছে। ভারতীয় চিত্র যখন আমরা দেখব বা তার সঙ্গীত শুনব তখন ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্য নিজস্ব ভাবে একান্তভাবে রক্ষণীয়।

মনে রাখতে হবে যে, ভারতীয় সঙ্গীত-কলার ঐতিহ্য মহান ও সুপ্রাচীন। ভারতীয় সঙ্গীত বিশ্লেষণকলা-উদ্ভাবনে এক অনুপম। তাকে চলচ্চিত্র সঙ্গীতে নতুন রূপদান করাই আমাদের সঙ্গীত পরিচালকদের কর্তব্য ও ব্রত হওয়া উচিত। নানা ঘাত-প্রতিঘাত ও নিন্দা-প্রশংসাকে তুচ্ছ করে ভারতীয় চলচ্চিত্র ও তার সঙ্গীত নিজস্ব ভারতীয় চলচ্চিত্র সঙ্গীতের ভারতীয় অবয়ব অক্ষুণ্ণ রাখতে এদের প্রতি উপসংহারে এই প্রার্থনাই করি।



জার্মান থিয়েটার ঃ

[পূর্ব-প্রকাশিতের পর]

ইমপ্রেসনিজমের সেরা উদাহরণ পাওয়া যায় কয়েকটি নাটকে—আর এক্সপ্রেসনিজমের অনেকটুকু খুঁজে পাওয়া যাবে জার্মান-দের কাজে। ইমপ্রেসনিজমের আসল বোঝাতে গেলে এক ধরনের মুডকে বা এক ধরনের মেজাজ প্রস্ফুটনের প্রচেষ্টাকে। এ ধরণের নাটকে কোন বিশেষ ধরনের ছক বা চরিত্রের বহুলতা হয় না (অবশ্য ইম্প্রেসনিস্ট নাটক বা শব্দ-নাটকের কথা আলাদা)। এক্সপ্রেসনিজমের বেলায় কিন্তু একটা নির্দিষ্ট ধরনের ছকা পদ্ধতি অনুসরণ করে নাটকের বিষয়বস্তুকে সাজাতে হয়। ইমপ্রেসনিস্টরা যা বাস্তবতা মনে করেন যে, রিয়ালিস্টরা বাস্তবের সার্থক মুখোশ খুলতে চোখ দিয়ে বাহ্যিক জগতকে দেখে, মন দিয়ে ভাবে না—ফলে বাস্তবের যে চেহারা তারা আঁকে, তার ভেতর সাধারণের বাস্তবের নমুনাও থাকে না। বাস্তবের যথার্থ মুখোশ হয় চোখের সঙ্গে মনকে যুক্ত করে দেখলে। অর্থাৎ চোখের সঙ্গে মনের প্রয়োগে শিল্পীর যে ধারণা হয়, তাকেই মুখোশিত করতে পারলে আসল বাস্তবকে পাওয়া যাবে। নাটা রচনার বা প্রযোজনার এই পদ্ধতির অনুসরণের জন্যেই সাঙ্কেতিক মুখোশাবলী, নাটকীয়তোর্ণিত অলঙ্কার প্রভৃতির সৃষ্টি হয়। আরও এক-ধাপ এগিয়ে গেলে, অর্থাৎ শিল্পীর মন যখন চিন্তার গভীর অন্তর্দেশে বিলীন হয়ে যায়, তখনই শিল্পী এক্সপ্রেসনিস্ট বা অভিব্যক্তিবাদী শিল্পীতে পরিণত হন।

ইউরোপীয় নাটকে অভিব্যক্তিবাদের প্রবেশ দেখা যায় ১৯১০ সালে এবং ১৯২৪ সাল অর্থাৎ এই ধারার নাটা রচনা চলতে থাকে। এর পর পশ্চিমের নাট্য-কারেরা মুখোশে পড়েন—পৃথিবীর যে সোনালী ভবিষ্যতের ছবি তাঁরা একদিন কল্পনায় সৃষ্টিতে দেখেছিলেন—তাদেরকে তার মুখোশ খুলতে সম্পূর্ণ বিস্মরীভূত-ভাবে। এই অভাবের জন্যেই তাঁদের আলোকন ভেঙে যায়। এ বিষয়ে জার্মান কবি হাসেনক্লেভার লিখেছেন:

The hatred of war and the hope that after the war a new and better world would be built up became the central idea of Expressionism. The troubled time after the war involved the failure of their ideals and a breakdown of the movement was inevitable. The stabilization of Europe along lines that did not correspond to their hopes brought the movement to an end about 1924 — [Expressionism — by Samuel and Thomas.]

রবীন্দ্রনাথের চারটি নাটক—অর্থাৎ মুক্তধারা [বৈশাখ ১৩২৯, ইং ১৯২২], রক্তকরবী [১৩৩০, ইং ১৯২৩], অচলায়তন [ভাদ্র ১৩৩৯, ইং ১৯৩২], ডাকঘর [ভাদ্র ১৩৪০, ইং ১৯৩৩] —সম্পূর্ণ অভিব্যক্তিবাদী ভঙ্গীতে রচিত।

অবশ্য একথা ঠিক নয় যে, আগে থেকেই প্লান করে নিয়ে রবীন্দ্রনাথ তাঁর এই ধারার নাটকগুলো রচনা করেছিলেন। সাহিত্যের ইতিহাসে প্রায়ই দেখা যায় পৃথিবীর সব দেশেই শিল্পীদের চিন্তা-ধারাও একই খাতিরে, একটা নির্ধারিত পথ ধরে চলেছে। সহজ কথায় একে বলতে হয় collective activity displayed by writers and artists of the world.

জার্মান সাহিত্যের ইতিহাস আলোচনা করলেই আমাদের চোখে পড়বে যে, সাহিত্যে নানা ধরনের প্রোলীলন এবং আন্দোলনসহ বিভিন্ন সৃষ্টির আগেই পাশ্চাত্যের জার্মান সাহিত্যের প্রকৃতি এবং বৈশিষ্ট্যের স্বরূপ আমাদের সামনে তুলে ধরতে চেষ্টা করেছেন। এই জাতীয় বিশ্লেষণের আগেই সৃষ্টি হয়েছে স্টর্ম এণ্ড স্ট্রেস্, ক্লাসিসিজম, রোমান্টিসিজম, বীডার্মায়ার, নাচুরালিজম, ইমপ্রেসনিজম, নিওরোমান্টিসিজম প্রভৃতি শিল্পসংগঠনের বিভিন্ন শ্রেণী বিভাগ। বিবর্তনের দিক দিয়ে এর পরের যুদ্ধটাই হোলো এক্সপ্রেসনিজম বা অভিব্যক্তিবাদের যুগ।

১৯১০ সাল থেকে ১৯২৪ সাল—অর্থাৎ প্রায় পনের বছর অর্থাৎ এই নতুন আন্দোলনটি পুরোদমে চলেছিল। এই সময়ে ইউরোপে বাদুড় যুদ্ধের সময় দেখে—যাতে আগের এবং শেষ সর্বনাশা প্রথম বিশ্বযুদ্ধের। এই মহা-যুদ্ধের আগে থেকেই এক ধরনের চিন্তা-শীল লেখক দেখা দিয়েছিলেন, যাঁরা মানবিকতার মানুষের জীবনধারা, রাজ-নৈতিক ও অর্থনৈতিক পরিস্থিতি, দেশের শাসন পদ্ধতি ইত্যাদি বিষয়ে একটা বিরাট অসন্তোষ সৃষ্টি করে এমনকি চেষ্টা একটা আমূল পরিবর্তন আনবার প্রচেষ্টাও মনে-প্রাণে অনুভব করেছিলেন। অভি-ব্যক্তিবাদী শিল্পীদের কাছে বিষয়বস্তু লাগছিল নিম্ন-রোমান্টিক স্তরের কোন পর্যায়ে—'its cult of the past, its mystic adoration of nature, its worship of the esthetic personality, its dissection of the soul, its aristocratic approach to art.'—R. Hinton Thomas: Expressionism.

অভিব্যক্তিবাদীরা চাইলেন জীবনকে এবং সমস্ত জার্মাটকে সমস্যার সমাধান আলোকময় মিলিয়ে পুনর্গঠনে নেবতে। সৌন্দর্যকে জীবন থেকে আলাদা করে নিয়ে উপলব্ধি করবার চেষ্টাটাই যে একটা অবাস্তবতা এবং এক ধরনের এস্কেপিজম্—তাদের নিজেদের রচনায় এই সত্যের ওপরেই তাঁরা জোর দিতে লাগলেন। তাই বলে তাঁরা কিন্তু বাস্তববাদী বা ন্যাচারে-লিস্টস্ ছিলেন না। তাঁদের দেখবার ভঙ্গীটা ছিল সাঙ্কেতিক।

অভিব্যক্তিবাদী শিল্পীরা যেন আগে থেকেই অনুভব করছিলেন যে, এক মহা সঙ্কটের সময় এগিয়ে আসছিল। সেই হিসেবে তাঁরাই যেন ইঙ্গিত দেন, আসন্ন প্রথম বিশ্বযুদ্ধের আবির্ভাব সম্বন্ধে। স্বভাবতই যুদ্ধের সময়ে বুদ্ধিজীবী সম্প্রদায়ের জীবনে এই ধরণের লেখকদের প্রভাব খুব বেশিভাবেই পড়তে থাকে। যুদ্ধ নায়কীয় ক্ষমতার এবং তা সর্বতো-ভাবে অমানবিক; যুদ্ধের ফলে পৃথিবী আবার নতুনভাবে, সুন্দরতরভাবে গড়ে উঠবে—এই ছিল ভবিষ্যৎ সম্বন্ধে তাঁদের ধারণা। কিন্তু সত্যি-সত্যিই যুদ্ধ যখন শেষ হল, তখন দেখা গেল যে, অভি-ব্যক্তিবাদীদের নির্ধারিত আদর্শ পথে পৃথিবী মোটেই এগিয়ে চলছে না। ফলে তাঁদের আন্দোলনটা আপনা থেকেই ভাঙতে সুরু করে এবং ১৯২৪ সালে সে আন্দোলনের পরিসমাপ্তি ঘটে।

কিন্তু পরিসমাপ্তি ঘটলেও যে ভাব-ধারার ফলে জন্মের সত্য, তা কখনো সম্পূর্ণভাবে বিলুপ্ত হতে পারে না। তাই দ্বিতীয় মহাযুদ্ধের সময়ে ইউরোপে 'এক্সপ্রেস' নয় বেরোনো এবং আরও নতুন ধরণের এক্সপ্রেসনিজম-এর জন্ম নাটক বিশেষ পর্ব দিয়ে প্রকাশ হয়ে সাহিত্যের চিন্তার ঘোরাফে

প্রযোজনায় এবং অভিনয়ের দোষে ব্যর্থতায়ের 'রক্তকরবী', 'মুক্তধারা', 'অচলায়তন' প্রভৃতি নাটকের অনাগ্রহতাও হয়তো কেউ দেখেছে।

যাক, আবার আগের কথায় ফিরে আসা যাক। প্রথম বিশ্বমহাযুদ্ধের পরে মানুষ যেন আত্মিক সততার পাকা গাঁথুনি ভেঙে ভূলতে গিয়ে ধর্ম, রাজনীতি, যুদ্ধ, আরো সব কিছুকেই বিসর্জন দিয়ে নিজেকে করে ফেলেছিল ফল-তৈরি পুতুলের মতন। এইসব পুতুল-মানুষের কান্না দিতে গিয়ে টি. এস. এলিয়ট লিখেছিলেন :

We are the hollow men
We are the stuffed men
Leaning together
Headpiece filled with
straw! Alas!
Our dried voices, when
We whisper together
Are quiet and meaningless
As wind in dry grass
Or rats' feet over
broken glass
In dry cellar.... ইত্যাদি

ঠিক নাটকার হিসেবে, জীবন নাট্যকার ধর্ম যাইবার, থ্রোপার ও হাসেনক্লেভার তাঁরের কয়েকটি বিখ্যাত নাটক লিখেছেন এক্সপ্রেসনিস্টিক স্টাইলে। আমেরিকান নাট্যকারদের ওনীল তাঁর 'দি হেয়ারি এইপ'-এ সোফী টেডব্রেল 'অ্যাসেনেস'-এ জন হাওয়ার্ড লসন 'রোজার ব্রুমার' ও 'প্রোসেসনাল'-এ এবং এলমার রাইস 'দি এ্যাডিং মেসিন'-এ ও 'দি সাব্-ওয়ে' নাটকে অভিব্যক্তিবাদী কলা-কৌশলেরই আশ্রয় নিয়েছেন।

সাধারণতঃ এ ধরনের নাটকের পাত্র-পাত্রীরা হয় কয়েকজনের মানুষে। নাট্যকার তাঁর অন্তর্দৃষ্টি দিয়ে এইসব মানুষের ভেতরকার আসল চেহারাটা সবার সামনে তুলে ধরেন। আজকের সমাজ ও রাজনীতির অন্তঃসারশূন্যতার বক্তব্যটাও তাঁরা ইঙ্গিতে-ইশারায় স্পষ্ট করে যেন পাঠক এবং দর্শকদের কাছে। এই দৃষ্টিভঙ্গি দিয়েই চাপেকের 'আর্-ইউ-আর্', কাইজারের গ্যাস, রবীন্দ্রনাথের মুক্তধারা, রক্তকরবী, রথের রশি এবং তাসের দেশ নাটকের বিচার করে দেখা দরকার। রক্তকরবীতে ছাদের বাহক হিসাবেই সংকেতের ব্যবহার করা হয়েছে। সেখানে লেখার ধারাটা এক্সপ্রেসনিস্টিক—সিম্বলিস্টিক নয়।

অভিব্যক্তিবাদী শিল্পী জীবনের প্রতিলিপিকার নন—তিনি হচ্ছেন জীবনের ভাষ্যকার। অর্থাৎ চিত্রায়িত বিষয়ে কাহিনীর ওপর প্রাধান্য দিয়ে, তিনি নাটকে ছন্দ আনেন না, বা মনোকণীয় বক্তব্য বর্ণনা দেওয়াটাও তাঁর উদ্দেশ্য নয়। চরিত্র বা ঘটনার অন্তর্নিহিত সত্যকে সবার সামনে তুলে ধরাটাই হল তাঁর আসল উদ্দেশ্য।

মুক্তধারা নাটকে দেখি, রণরোল বিকৃতি অন্তর বিকৃত ব্যবহারে শুধু শিবতরাইয়ের প্রজাদেরই সর্বনাশের কারণ ঘটান নি—এই বন্ধ তৈরি করতে গিয়ে উত্তরকূটের প্রজাদেরও বহু দুর্দশা ভোগ করতে হয়েছে। এইসব অত্যাচারের স্বরূপকে দুটি ছোট সংকেতের সাহায্যে কবি আমাদের কাছে স্পষ্ট করে ধরেছেন—প্রথমে বুকফাটা ক্রন্দনধ্বনি—'মরল, আমার মরল.....' এবং বটুকের সাবধান-বাণী—'সাবধান বাবা, কেউ না ওপারে—খাদ থেকে.....নড়বেন।'

এইরকম কৌশলপূর্ণ সংকেতের ব্যবহার দেখেছি এলমার ইউনিপিডসের 'দি স্ট্রেঞ্জার ইজেবেল' নাটকে। যুদ্ধের যে নিষ্ঠুর বাস্তবতার বিরুদ্ধে হোমার তাঁর মহাকাব্যে বিদ্রূপভাবে সম্পাতের ব্যবহার পরিবেশন করেছেন, ইউনিপিডস তাকেই আশ্চর্য কলা-কৌশলের সাহায্যে ছোট একটি সিম্বলের চেতর দিয়ে রূপায়িত করেছেন—একটি বিষাদময়ী একাকিনী নারীমূর্তি এবং তার বক্তব্যকে মৃত শিশুর চিত্রে—'In the lonely figure of a pitiful old woman sitting on the ground with a dead child in her arms.' যুদ্ধধারা পড়তে গিয়ে আমার বারবার শেক্সপীয়রের Measure For Measure-এর এই লাইনগুলো মনে পড়ে।

'...drest in a little brief
authority,
most ignorant of what he
most assumes,
His glassy essence—like
an angry ape
plays such fantastic tricks
before high heaven
As make the angels weep.'

অভিব্যক্তিবাদের সংজ্ঞা দিতে গিয়ে এলমার রাইস বলেছেন।

Expressionism attempts to go beyond mere representation and arrive at interpretation. The author attempts not so much to depict events faithfully as to convey to the spectator what seems to be their inner significance. To achieve this end, the dramatist often finds it expedient to depart entirely from objective reality and to employ symbols, condensations and a dozen devices which to the conservative must seem arbitrarily fantastic?

[ক্রমশ]

বেকার সমস্যার সমাধান ?

বাঙলা দেশে বেকার সংখ্যা নাকি আনুমানিক এক কোটি। এই ভয়াবহ বেকার সমস্যার সমাধানে কুদ্র মূলধনের ব্যবসা হিসাবে মুর্গী উৎপাদন বা পোলট্রি ফার্মিং অবশ্য অত্যন্ত লাভজনক ব্যবসায় রূপান্তরিত হয়েছে—বৈজ্ঞানিক পদ্ধতির সাহায্যে। বেকার ব্যক্তিদের পোলট্রি ফার্মিং ব্যবসা পরিচালনার বিষয় নির্দেশলাভের সুবিধার জন্য বসুমতী থেকে আত্মপ্রকাশ করলো।

রায়েজ পেডিগ্রী পোলট্রি ফার্মের অধিকর্তা
শ্রীসমরেন্দ্রনাথ রায়
বি. সি (আমেরিকা), এম. এস. সি. আই. সি. এফ (লণ্ডন)
লিখিত সচিত্র
আধুনিক পোলট্রি ফার্মিং
দাম মাত্র চার টাকা।
ডাকমাশুল অতিরিক্ত দেয় নয়

বসুমতী (প্রাঃ) লিঃ ॥ কলিকাতা-১২

চলচ্চিত্র ও দর্শক

অপর্ণা রায়—'প্রতিদ্বন্দ্বী' ছবিতে

চলচ্চিত্রের সঙ্গে দর্শকের যেমন ঘনিষ্ঠতা, আর কোন শিল্পের সঙ্গে হয় তেমন ঘনিষ্ঠতা নেই। ছবিকে বাঁচিয়ে রাখে দর্শক, আবার দর্শকের জীবনের ওপর প্রভাব ছবির। লক্ষ লক্ষ টাকা ব্যয় করতে হয় একটা ছবি নির্মাণে। আজকাল কোটির অঙ্কও ছাড়িয়ে গেছে। প্রযোজক এই মোটা টাকা লাগান করেন দর্শকের ভরসায় বুকে। প্রযোজক এক কোটি খরচ করে দুই কোটি ঘরে আনতে চান। দর্শক যদি ছবি গ্রহণ না করে, তবে তাঁর সুক্ষ সর্বনাশ! কিন্তু প্রযোজক মোটামুটি দর্শকের মন-মেজাজ বুঝে কাজ করেন। তাঁকে সব সময় লোকসানে পড়তে হয় না। আর ছবি মানে তো কেবল গল্প নয়, তাতে গান, নাচ, কমিক, প্রাকৃতিক দৃশ্য, সুন্দরী নারী, তার সঙ্গে আজকাল আরো কিছু দেওয়া হয়—যাতে দর্শকরা যে যা নিতে পারে বা যে ভাবে আনন্দ পায়। কিন্তু সব কথার আসল কথা দর্শক। দর্শকই ছবির আসল নিয়ন্ত্রক শক্তি।

আবার দর্শকের ওপর চলচ্চিত্রের প্রভাব কি ভাবে তা আর নতুন করে বলার কি আছে? এক চিত্রতারকা কোথাও এসেছে শুনলে মুহূর্তের মধ্যে সেখানে লোকারণ্য। পুলিসকে লাঠিপেটা—এমন কি টিয়ার-গ্যাস পর্যন্ত ছুড়তে হয় জনতা নিয়ন্ত্রণের নামে। চায়ের দোকানে একজন গায়ক, ছিপ-কাটা মাঝারের কথা এই ভিড় হয় না। বাঁধও শিল্পসূত্রের দিক থেকে ওঁরা তথা-কথিত চিত্রতারকার চেয়ে অনেক বেশি উঁচু শিল্পী। ছবির গান, ছবির মেয়েদের ছাপা শাড়ি পরে, তাদের ছাঁটা বা কথা বলার ভঙ্গি কত সহজে দর্শকদের মধ্যে ছড়িয়ে পড়ে। মেয়েরা তারকাদের অনুকরণে শাড়ি-ব্লাউজ পরে, ছেলেরা চুল ও জামাকাপড় অনুকরণ করে। অভিনয় ছবিতে থাকে কেবল প্রেম, সংসার পথে ভাড়া সামাজিক কোন সমস্যা বা জীবনদর্শনের কথা ছবি দেখে ভাববার কথা নয়, তার কোন প্রভাবও মনের ওপর পড়ে না।

আমরা যে সমাজব্যবস্থায় বাস করি, তাতে ছবি হচ্ছে প্রথমত পণ্য, মুনাফার মাধ্যম এবং এত নিয়ন্ত্রণতার ব্যবসায়ীদের হাতে। ছবিকে তাঁরা বলেন আনন্দের মাধ্যম। সুতরাং চিত্রশিল্প ও সাহিত্যের মানদণ্ডে অনেকে চলচ্চিত্রকে নিম্নপর্যায়ের শিল্প বলে থাকেন। কিন্তু যেখানে চলচ্চিত্র ব্যবসার পণ্য নয়, সেখানে চলচ্চিত্রকে বলা হয় লোকশিক্ষার মাধ্যম। আনন্দের মধ্য দিয়ে জীবন-জিজ্ঞাসা জাগিয়ে তোলার কাজ করে ছবি। সেখানে ছবিকে নিয়ে মানুষের ইতর প্রবৃত্তিগুলিকে জাগিয়ে তোলা হয় না। তা অন্যায় বলে গণ্য হয়।

এই রকম দুই দৃষ্টিভঙ্গি ও উদ্দেশ্য নিয়ে ছবি তৈরি হয়। দুই রকম ছবিরই দর্শক আছেন। এই দুই দল দর্শকের একদল পথা-চলচ্চে বাঁচিয়ে রেখেছে, আর একদল শিল্পসৃষ্টি-সম্পন্ন ছবিকে বাঁচিয়ে রেখেছে। একদল ছবি দেখে হাল্কা আনন্দ করছে, জীবনটা তো দু'দিনের, ভোগ করে নাও। আর একদল ছবি দেখে বেঁচে থাকার অর্থ খুঁজে পাচ্ছে—মনে জিজ্ঞাসা জাগছে, জীবনকে সুন্দর করার কথা ভাবছে।

এই দ্বিতীয় দর্শকদলকে তয় করে ছবির ব্যবসায়ীরা, ওঁরা। কারণ, দর্শক-মনে যত জিজ্ঞাসা জাগবে, তত ব্যবসায়ী-দের অসুবিধা, তাঁদের ছবির দর্শক কমে যাবে। তাই তাঁরা শুধু হাল্কা বিষয়-বস্তুতে না থেকে ছবিতে দেন-জীবনের যা কিছু তার কিছুই বাদ রাখছেন না, নারী-পুরুষের জীবনে যা একান্ত গোপনীয়, যা পরিচালক তাকে ওঁরা কোকেদার বাজারে উপস্থিত করছেন পণ্য হিসাবে। এর পরে ওঁদের দেবার কিছু নেই। দর্শককে সেই সীমায় এনে পৌঁছিয়েছেন। কিন্তু দ্বিতীয় দলের দর্শকের সংখ্যাও বাড়ছে। পৃথিবীতে যে ছবিগুলিকে সর্বকালের শ্রেষ্ঠ ছবি বলা হয়, সেই ছবিগুলি এই দ্বিতীয় দলেরই মনোনীত ছবি। চলচ্চিত্র-শিল্প যে বিজ্ঞানো-শ্রিত শিল্পমাধ্যমের শিল্প, তার স্বীকৃতি পাওয়া যায় এই ছবিগুলির মাধ্যমে। সুতরাং দ্বিতীয় দলের দর্শকরা আসল সমঝদার দর্শক। তাই এত গতানুগতিক প্রযোজনার মধ্যেও সৃজনশীল পরিচালকদের ওঁরা চিনে নিয়েছেন, মর্যাদার আসন দিয়েছেন। পশ্চিমবঙ্গে বছরে প্রায় তিনশটির ওপর ছবি তৈরি হয়, তার মধ্য থেকে যারা নিছক ব্যবসায়ের তাগিদে আর যারা সমাজের প্রতি দায়িত্ববোধ নিয়ে ছবি করেন দর্শকরা ঠিকই চিনে নেন।



অগ্রদূত পরিচালিত সাম্প্রতী অপেরা ছবিতে উত্তমকুমার ও সাবিত্রী চট্টোপাধ্যায়

চলচ্চিত্র যেমন বাংলা ছবির অগ্রসর হচ্ছে, দর্শকও তেমনি অগ্রসর হচ্ছেন। দেশের রাজনৈতিক, অর্থনৈতিক পরিবর্তনের সঙ্গে সঙ্গে দর্শকের মনের পরিবর্তন হয়, তার চাহিদা বদলে যায়। ছবিকে এই পরিবর্তনের দিকে লক্ষ্য রেখে চলতে হয়, নতুবা ছবি দর্শকের সমর্থন পায় না। দর্শক আর ছবির সম্পর্ক খুবই ঘনিষ্ঠ।

—সুজন।

অগ্রদূত অপেরার মেগোলিথস যাত্রা পালায় সুপ্রিয়াদেবী ও বনশ্রী

নাটকের কথা

কুশীলব-এর নতুন নাটক

'কুশীলব' নাটকগোষ্ঠী সাম্প্রতিককালের অন্যতম চিহ্নিত নাট্য প্রতিষ্ঠান। সম্প্রতি এই সংস্থার বার্ষিক সম্মেলনে দুটি নাটক মঞ্চস্থ হয় নৈহাটী রেলওয়ে ইনস্টিটিউট রঙ্গমঞ্চে। একটি পূর্ণাঙ্গ নাটক ধীরু মুখোপাধ্যায়ের 'বিদেশ বন্ধু'; অপরটি একাঙ্ক আসফুকের 'পতাকা'র অনুবাদ। দুটি নাটকই প্রায় দশ বছর আগে অনেকটা সদ্য গড়ে ওঠা সাধারণ নাট্যপ্রেমী দর্শকদের কাছে পরিবেশিত হয়েছিল। দীর্ঘদিন পর কুশীলব-এর এই চেষ্টা নন্দনীয়।

আমেরিকান বৈজ্ঞানিক রোজেনবার্গ দম্পতিকে বিদ্যুৎ-চেয়ারে বসিয়ে মারা

হয়েছিল। তাঁদের বিরুদ্ধে অভিযোগ ছিল যে, তাঁরা প্রসাধনী কোম্পানির বিজ্ঞাপন-কৌশলের গুরুত্ব প্রতিটিতে ইউনিলিভার কাছে পাঠায় করে দিয়েছেন। এই মিথ্যা অভিযোগের বিরুদ্ধে তখন সারা বিশ্ব উত্তাল প্রতিবাদের ঝড়। মূলত এই ঘটনাকেন্দ্রিক সংলাপ-নির্ভর নাটকটি আজও কত আকর্ষণীয় তা দুর্লভ-এর অভিনয় দেখলেই বোঝা যায়। মোট চারটি চরিত্রের ত্রিমুখার্ক মোট নাটকমুহূর্তকে খুব জমে রেখেছিল। এছাড়া পরিচালনার কুশলতা, আলোকসম্পাতের সহজতা এবং আবহসঙ্গীতের পরিবেশ রচনার দক্ষতা প্রশংসনীয়। অভিনয় করেন অনুপকুমার বোস্টনমেপ-এর ভূমিকায় তরুণ মৈত্র, হেয়ের ভূমিকায় দীপালি বানার্জী, ব্লাড-প্রতিনিধির ভূমিকায় গোবিন্দ বানার্জী এবং পি. ডি. টেলিসের ভূমিকায় অরুণেশ চৌধুরী। পরিচালনার দায়িত্ব গ্রহণ করেছিলেন শ্রীচৌধুরী স্বয়ং।

'অভীকে'র অন্য—একটি নাটকটির অভিনয়ে রয়েছেন তাপস চক্রবর্তী, সুবোধেন্দু কুণ্ডু, সরোজ সেন এবং শীতল বন্দনাতীর্থ অভিনয় উল্লেখযোগ্য। একটি কথা উল্লেখ অপ্রাসঙ্গিক হবে না, আরও রিহার্সালের প্রয়োজনীয়তা। এটির পরিচালনার দায়িত্ব অরুণেশ চৌধুরী গ্রহণ করেন।

অভীকে কয়েকটি

আগামীর নতুন নাটক

'আগামী'-র নতুন নাটক আসছে শেকে। ফ্রেঞ্চ ফেস্ট-এর কর্মোদ্যোগে চক সার্কেস প্যারা অনুপ্রাণিত এই মৌলিক নাটকটি লিখছেন দিগিন চট্টোপাধ্যায়। এই নাটকটিতে দেখা যাবে বাংলার গ্রামে গ্রামে কৃষকদের সংগ্রামী চেহারা এবং উত্তরণের পথ। আগামী ১১শে নভেম্বর মুক্ত অঙ্গন রঙ্গমঞ্চে এই নাটকের প্রথম অভিনয় হবে।

স্টুডিও খবর

রবীন্দ্রনাথের 'ছবি'

পরিচয় সাহা ও মৃদু চক্রবর্তী প্রযোজিত মৃদু ফিল্মসের প্রথম নিবেদন 'ছবি'-র চিত্রগ্রহণ ইন্দ্রপুরী স্টুডিওতে দ্রুতগতিতে এগিয়ে চলেছে। রবীন্দ্র-কবিতা অবলম্বনে ছবির চিত্রনাট্য ও সংলাপ রচনা করেছেন পরিচালক মৃদু চক্রবর্তী। পরিচালনার দায়িত্ব বহন করছেন শ্রীচক্রবর্তী নিজেই। সম্প্রতি কিলাকে মৃদুলের যা এ-ছবির সুরকার। কণ্ঠদানে রয়েছেন কিশোরকুমার, হেমন্ত মুখোপাধ্যায়, সন্ধ্যা মুখোপাধ্যায়, রুমা গুহঠাকুরতা, অনুপকুমার, মিলনে মুখার্জী, রবীন বানার্জী, সুবোধ দাস, তপন চ্যাটার্জী, প্রবীর রায়, প্রবীর সরকার, তরুণকুমার, ছায়া দেবী, অঞ্জলি মুখোপাধ্যায় (ছোট), গীতা দে, অনিতা বিশ্বাস, রুমা মুখার্জী, ধীমান চক্রবর্তী, সতীন ও সন্ধ্যারাণী অভিনয় প্রতিযোগী-খ্যাত জয়শ্রী রায়। চিত্রগ্রহণ, সম্পাদনা ও শিল্প নির্দেশনার দায়িত্ব গ্রহণ করেছেন সুবোধ বানার্জী, অরুণ ভৌমিক ও গৌর পোদ্দার। এ ছাড়াও রয়েছে বিশেষ পরিচালক ও ইউনিট নিয়ে বিরাটাকারে, রাজস্থানীয়, বোম্বাই ও জামসেদপুরের বাকের ছবির আউটডোরে।



মৃদু ফিল্মসের প্রথম ছবি 'ছবি'র মিলনে মুখোপাধ্যায়, রবীন মুখোপাধ্যায় ও অরুণা চৌধুরী।

সঙ্গীতকথা

অপেরা রীতিতে 'চণ্ডালিকা'

গত ১৮ই অক্টোবর চারুপ্রভা মুখের নিকট নবনাট্যমঞ্চে অরুণ মহল-এ রবীন্দ্র উদ্যোগে 'চণ্ডালিকা' নৃত্যনাট্য অনুষ্ঠিত হয়েছে। 'চণ্ডালিকা' বহু আলোচিত নৃত্য-নাট্য। বাংলাদেশের সঙ্গীত-রসিকদের এই নৃত্যনাট্যের কাহিনী ও গান জানা হয়ে গেছে। এদিক থেকে নামকরা শিল্পী-সমাবেশ না হলে চণ্ডালিকা-র আকর্ষণ হেরে থাকার কথা নয়। কিন্তু রেনেসাঁসের চণ্ডালিকা-তে পেশাদার শিল্পী সমাবেশ না থাকলেও নতুনত্ব ছিল এবং উপভোগ্য হয়েছিল। এই নতুনত্ব ও সার্থকতার জন্য যাঁরা প্রশংসা পাবেন, তাঁরা হলেন পরিচালক ও নৃত্য পরিকল্পক অমিত চট্টোপাধ্যায় এবং শিল্পী পূর্ণিমা বানার্জী ও অর্পিতা ঘোষাল।

এই চণ্ডালিকা-র নতুনত্ব এই যে, সাধারণত যে রীতিতে চণ্ডালিকা অনুষ্ঠিত হয়, এখানে তার ব্যতিক্রম ঘটেছে। এই চণ্ডালিকা ছিল অপেরা রীতিতে। শিল্পী-দের নৃত্যাভিনয় আর নেপথ্যে অথবা মঞ্চের পেছনে সঙ্গীত ও আবৃত্তির যে রীতি, তার পরিবর্তে প্রকৃতি ও নৃত্যাভি-নয়ের সঙ্গে সঙ্গে নিজেদের কণ্ঠে তাঁরা সঙ্গীত পরিবেশন করেছেন। এখানেই নতুনত্ব, অর্থাৎ অপেরা-রীতির অনুসরণ। এই রীতিতে রবীন্দ্র-সঙ্গীতনাট্য যা রীতি-

পাঁচের দশকের শেষভাগে রঙ্গমঞ্চের জগতে নিজস্ব ঘর ও মঞ্চের দাম

পূর্বে দেখেছি এবং তা পরম উপভোগ্য বলে হয়েছিল। কিন্তু চন্দ্রাবলী-র মত নৃত্যনাট্যের অনেক দৃশ্যের রূপায়ণ বড় কঠিন ও দুঃসাহসিক কাজ। কারণ, নৃত্যের ভাষায় যে পরিবর্তন হয়, তার সঙ্গে সঙ্গতি পরিবেশনে অসাধারণ ধৈর্যের প্রয়োজন হয়। এছাড়া নৃত্য এবং সঙ্গীত দুয়েরই পরস্পরের এমন নিপুণ সাযুজ্য সম্ভব হয় যা। আনন্দের কথা, এখানে পরিচালনা এবং অভিনয়ের যত শিল্পী অংশগ্রহণ করেছেন, তাঁরা নাচ এবং গান দুয়েই সমান দক্ষ। পাঁচুনীর নাচ আমরা ইতিপূর্বে কয়েকটি অনুষ্ঠানে দেখেছি, নাচে তিনি প্রত্যেকবারই চমৎকৃত করেছিলেন। এবার তাঁর সঙ্গে কণিকার বেহুলানিপুণার সঙ্গে রূপায়ণে অপূর্ব রবীন্দ্র-সঙ্গীত। রবীন্দ্র-সঙ্গীতে তাঁর এই দক্ষতায় আমরা বিস্মিত হয়েছি। পরিচালনা সুসংহতিতেও আমরা মুগ্ধ হয়েছি। তাঁর চোখের ভাষার যাঁরা একজন প্রথম শ্রেণীর শিল্পীর পরিচয় প্রকাশ করেছে। মাত্র কয়েকজনের সুযোগ পারিবেশে পরিচ্ছন্ন-ভাবে মুহূর্তে তাল সুর রক্ষা করা যে কি কঠিন কাজ, সেকথা আমরা সেদিন অনুভব করেছি। এই দুজন শিল্পীকে তাঁদের কৃতিত্বের জন্য আমরা আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

এই অনবদ্য নৃত্যনাট্য পরিকল্পনা অমিত চট্টোপাধ্যায়। তিনি মঞ্চ-সজ্জাতে নতুন পরিকল্পনার পরিচয় ইতিপূর্বেও দিয়েছেন। তাঁর "অভিসার" ইত্যাদি নৃত্যনাট্যে মঞ্চসজ্জার নতুনত্বের জন্য নতুন অভিনন্দন। অবশ্যই এ অনুষ্ঠানটিতে একটিকে তিনি যেন নিজেকে ছাড়িয়ে গেছেন। সেই সঙ্গে উপস্থাপনার জন্য যেতে এক ইতিহাস

অদ্ভুত চরিত্র! অভিনব অভিব্যক্তি॥ অপূর্ব উত্তমকুমার!!!

উত্তমা মাহিত্রী

নতুন পথ

শ্রীযুক্তি বন্দ্যোপাধ্যায়

শ্রী ০ প্রাচী ০ ইন্দিরা ০ পদ্মশ্রী

অশোকা । মোহনমায়া । মায়া । মায়াপুরী । ঐরিক । জ্যোতি কৈরী । স্নেহ । জয়শ্রী । চন্দা । চিত্রালয়

উপরি উক্ত কথা বলা যায় না। আমাদের মনে হয় অনুপম বাবুর অভিনয় সম্পর্কে মন্তব্য করতে গিয়ে [illegible] তিনি [illegible] এবং মাঝের [illegible]

[illegible] ৬ টাইটেল অপেক্ষাকৃত ভালো প্রশংসা করি এবং উপভোগও করেছি, কিন্তু তবে দেখা দরকার, এই বাঁচিতে শিল্পীর উপর যে চাপ পড়ে, সে কথা নেওয়া উচিত হবে কি না।

সন্দিপ মেন পরিচালিত 'সাগর ছবিতে সৌমিত্র চট্টোপাধ্যায় ও সন্ধ্যারাণী

সংবাদ কণা

"ডিফেন্স কাউন্সেল ডিলয়ানভ" সোভিয়েতে অভিনয়

সোভিয়েত রাশিয়ার একটি স্বকপোলকল্পিত অবলম্বনে নিয়ে রচিত নাটক "ডিফেন্স কাউন্সেল ডিলয়ানভ" সম্প্রতি লেনিনগ্রাদের গর্কি থিয়েটারে সাফল্যের সঙ্গে অভিনয় হয়।

সাধারণ আদালতে লেনিন যখন সহকারী ব্যারিস্টার হিসেবে আইনজীবীর পেশা গ্রহণ করেন, তখনকার একটি ঘটনা নিয়ে এই নতুন নাটকটি রচিত। নাটকার এ. ভিনোগ্রাদভ ও এম. ইরোস্ট্রেটোমিন যুগ্মভাবে নাটকটি রচনা করেছেন।

